সহজ

তালীমুল মুতাআল্লিম বাংলা

মূল

শায়খ বুরহান উদ্দীন আয্যারনুজী

অনুবাদ ও বিশ্লেষণ

আবুল হুসাইন আলে গাজী

প্রধান সম্পাদক, মাসিক আন নফীর

প্রথম প্রকাশ ঃ শাওয়াল ১৪২৩ হিজরী

প্রকাশক

মুহাম্মদ নোমান

স্বত্বাধিকার

নদওয়া প্রকাশনী

শাহী জামে মসজিদ মার্কেট, আন্দরকিল্লা, চট্টগ্রাম।

অঙ্গসজ্জা ও গ্রাফিক্স

রিজওয়ান জমীরাবাদী

আল-জামিয়া মার্কেট, ১৬০ আন্দরকিল্লা, চট্টগ্রাম।

শুভেচ্ছা মূল্যঃ- ৭০ (সত্তর টাকা মাত্র)

উৎসর্গ

যারা না হলে সংসার অপুর্ন থেকে যায়; অসম্পুর্ণ
থেকে যায় প্রজন্মের চিরায়ত মায়া মমতা, প্রীতি ও স্নেহের
রাজ্য। যারা নাহলে এ ধরিত্রিতে সন্তানদের বুকের জগতে
করুণ হাহাকার বিরাজিত থাকে, সে জান্নাত বাসী
মাতা এবং পিতার
মাগফিরাতের জন্য।

প্রকাশক

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আরবী ও ইসলামিক ষ্টাডিজ বিভাগের অধ্যাপক
বিদগ্ধ লেখক জনাব **মাওলানা আহমদ আলী** সাহেবের

অভিমত

কওমী মাদ্রাসার নীতি নির্ধারকদের মাঝে অনেক দেরীতে হলেও সম্প্রতি মাতৃভাষা বাংলা শিক্ষার গুরুত্ব নিয়ে ভাবনার সৃষ্টি হয়েছে। এরই বহিঃপ্রকাশহিসেবে সম্প্রতি বাংলাদেশ ইত্তিহাদুল মাদ্রাসা তাদের পাঠ্যসূচীতে কিছুটা পরিবর্তনও পরিবর্ধন করেছে। এটা অবশ্যই প্রশংসনীয় উদ্যোগ। তবে আজো পর্যন্ত কওমী মাদ্রাসা সমূহের পাঠদান রীতিতে মাতৃভাষা সম্পূর্ণ রূপে প্রবেশ করতে পারেনি এবংতাদের পাঠ্যপুস্তক সমূহেরও বাংলা অনুবাদ ও ব্যাখ্যা বের হয়নি। ভবিষ্যতে এব্যাপারে কওমী মাদ্রাসা সমূহ কোন উদ্যোগ গ্রহণ করবে কিনা জানিনা।

কওমী মাদ্রাসার পাঠ্য সূচীর একটি গুরুত্বপূর্ণ কিতাব হচ্ছে তা'লীমুল মুতাআ'ল্লিম। হিদায়া প্রণেতার প্রখ্যাত শিষ্য শায়খ বুরহানুদ্দীন আজ-জারনুজীলিখিত এ কিতাবটি আরবী শেখার যেমন একটি সুন্দর মাধ্যম, তেমনি ইলম অর্জনের পদ্ধতি, তাকওয়া ও সুন্দর চরিত্রেরও একটি গুরুত্বপূর্ণ সংকলন। নদওয়া প্রকাশনী, আন্দরকিল্লা কর্তৃক অনুরোধ পেয়ে স্নেহের ছাত্র আবুল হুসাইন আলেগাজী কিতাবটির অনুবাদ ও শব্দ বিশ্লেষণ করেছে জেনে খুশি হলাম। তার অনূদিত এ কিতাবের বেশ কিছু অংশ আমি পাঠ করে দেখেছি। মাশাআল্লাহ সে এ কিতাবের অনুবাদ ও শব্দ বিশ্লেষণের ক্ষেত্রে তার মেধা ও শ্রমের যথার্থ স্বাক্ষর রেখেছে। দুআ করি, আল্লাহ তাআলা তার এ খেদমত কবুল করুক এবং তাকে আজীবন দ্বীনি কাজে সম্পৃক্ত রাখুক।

অধ্যাপক আহমদ আলী
১২-৫-২০০২

অনুবাদকের কথা

বিসমিল্লাহির রহমানির রাহিম

এ মুহূর্তে আমার হৃদয় ক্যাম্পাস ক্ষত-বিক্ষত করছে আমার নিরপরাধ ফিলিস্তিনী বোনদের মর্মস্পর্শী কান্নাচিত্র, আমার ফিলিস্তিনী মুসলমান ভাইদের নিষ্পাপ লাশ মানবতার শত্রুদের বুলডোজার দিয়ে পিষে ফেলার যন্ত্রণাদায়ক দুঃসংবাদ,ক'দিন পূর্বে বিশ্ব মোড়ল আমেরিকার নজিরবিহীন হিংস্রতার শিকার হয়ে শাহাদাত বরণ করা আমার আফগান মা' বোন ও ভাইদের হারানোর যন্ত্রণা, কিউবার ঘুয়ানতানামো দ্বীপে নির্বাসিত হয়ে মানবেতর জীবন যাপনের শিকার আমার আরব ও আফগান মুজাহিদ ভাইদের স্মৃতি ব্যথা এবং গুজরাট, কাশ্মীর, চেচেনিয়া, মিন্দানাও, দাগিস্তান ও আরাকানসহ পৃথিবীর দিকে দিকে নির্যাতিত হওয়া ভাগ্য পীড়িত মুসলমানদের দুঃসহ জীবনালেখ্য। অন্যদিকে স্বদেশে মানবতার চরম লংঘন, রাষ্ট্রীয় ভাবে কুরআন-সুন্নাহর পদদলন, নীতি- নৈতিকতা ও মানবিকতার দিক দিয়ে এদেশের শাসক শ্রেণীর জাহেলী যুগের খাঁটি কাফেরদেরও নীচে চলে যাওয়া, আলেম সমাজের অযোগ্যতা, বিভেদ ও সুবিধাবাদিতা, ইসলামী রাষ্ট্র ব্যবস্থা প্রতিষ্ঠার আন্দোলনের নামে কিছু মানুষের অরণ্যে রোদন, গোটা দেশকে কিছু নরপশুর বাপের সম্পত্তি ও লুটের মাল মনে করে যেভাবে ইচ্ছা সেভাবে ব্যবহার, ছোট-বড়, ভাল-মন্দ ও শিক্ষিত -অশিক্ষিত সহ সকল শ্রেণীর মানুষের চিন্তা চেতনা ও মনোভাব চরম স্বার্থপর এবং আত্ম ও পরিবার কেন্দ্রিক হওয়া, প্রগতি, আধুনিকতা ও মুক্তচিন্তার নামে বুদ্ধিজীবি নামের কিছু মানব শয়তান কর্তৃক জনসাধারণকে ইসলাম থেকে দূরে সরিয়ে রাখার অব্যাহত ষড়যন্ত্রসহ গোটা দেশ ছেঁয়ে যাওয়া যাবতীয় অসত্য, অসুন্দর, বিভেদ ও বৈষম্য চোখের নিদ্রা হ্রাস করে স্বীয় মস্তিষ্ককে দূর্বল করে রেখেছে। এ সময় মৃত্যু (শাহাদাত) পথের সন্ধানে না নেমে অন্য কোন কাজে আত্মানন্দে লিপ্ত হওয়াতে জান্নাতের পথের সন্ধানী অন্য কোন ইসলামের অনুসারীর বিবেক বাধা না দিলেও আমার বিবেক কিন্তু প্রতিনিয়ত আমাকে বাধাই দিয়ে যাচ্ছে। সুতরাং বাংলাদেশ নামক এ পাপকুন্ডের যাবতীয় পাপাচার, অনাচার ও দূরাচারের মূলোৎপাঠনে মৃত্যু পথে প্রত্যক্ষ অভিযাত্রা ছাড়া আমার বাকী সব কাজ আত্মানান্দে নয়, আত্মদুঃখ নিয়েই আমি করতে বাধ্য হচ্ছি। এটাই বর্তমান সময়ের একজন খাঁটি মুমিনের জীবনের অনিবার্য বাস্তবতা। কারণ, মানবতার মুক্তিদূত মুহাম্মদ (সাঃ) বলে গেছেন, "যখন তোমাদের ভালরা তোমাদের নেতা হবে, তোমাদের সম্পদশালীরা দানশীল হবে এবং তোমাদের কার্যাবলী পরিচালিত হবে তোমাদের পারস্পরিক পরামর্শের মাধ্যমে, তখন তোমাদের জন্য পৃথিবীর পিট (উপরিভাগ) পেটের (কবর) থেকে উত্তম হবে"। আর যখন তোমাদের দুষ্টরা তোমাদের নেতা হবে, তোমাদের সম্পদশালীরা কৃপন হবে এবং তোমাদের কার্যাবলী মহিলাদের দিকে অর্পিত হবে, তখন তোমাদের জন্য পৃথিবীর পেট (মৃত্যু) পিট (বেঁচে থাকা)) থেকে উত্তম হবে। (তিরমিযী)

তাই আইনা নাহনু, আন-নযীর ও এ কিতাবের অনুবাদসহ আমার অন্যান্য যাবতীয় কর্ম উক্ত বাধ্য হয়ে করা কাজেরই অন্তর্ভূক্ত।

আমি যেহেতু মানুষ এবং আমার জ্ঞান যেহেতু সীমিত, সেহেতু আমার কাজ সমূহে আমার ভুল হওয়াই স্বাভাবিক। যারা এ ক্ষেত্রে আমাকে আমার ভুলের প্রতি অবহিত করবেন, তাদের প্রতি থাকবে আমার আন্তরিক শুভেচ্ছা এবং ভুল শোদরিয়ে নেয়ার নিশ্চয়তা।

।২।

এ কিতাবটা যে সব ইলম ও আমল মানুষকে আল্লাহমুখী করতে সক্ষম, সে সবের প্রতিই পথ-নির্দেশনা করেছে। কিতাবটি পড়লেই বুঝা যায়, নিশ্চয় এর লেখক আল্লাহওয়ালা লোক ছিলেন। যে সব মাদ্রাসা সমূহে এ কিতাবটি পড়ানো হয়, সে সব মাদ্রাসা সমূহে আমার পাড়ার সৌভাগ্য হয়েছে। তাই ঐসব মাদ্রাসা সমূহের ছাত্র-শিক্ষকের ইলম ও আমল সম্পর্কে আমি যথেষ্ট জানি। এ কিতাবটা ঐ সব মাদ্রাসা সমূহের সপ্তম শ্রেণীর নীচের ছাত্ররা বাদে সকল ছাত্র-শিক্ষকের পঠিত কিতাব। কিন্তু ক'জন ছাত্র-শিক্ষক এ কিতাবের পথনির্দেশের অনুসরণ করে, তা নিয়ে কোন সচেতন আমলদ্বার বড় আলেমের কোন সময় চিন্তা-ভাবনা করার সুযোগ হয়েছে কিনা কে জানে।

ইলম ও আমলের দুর্ভিক্ষ ও প্রদর্শনী (রিয়া)র এ যুগে অনুরোধের চেয়ে সমালোচনার দিকেই কেন যেন কলম বেশী দৌঁড়াতে চায়। আমার এ কথাগুলোর প্রতি যাদের দৃষ্টি পড়বে, তাদের প্রতি তারপরও অনুরোধ থাকবে আমল জিনিসটার প্রতি বেশী গুরুত্ব দেওয়ার। দেখবেন ইলম আপনাকে আপনার অজান্তেই খুজে বেড়াচ্ছে। আল্লাহ তাআলা আমাদের সবাইকে জানার চেয়ে মানার বেশী তাওফীক দান করুক।

।৩।

{সম্প্রতি কিতাবাদী নকল করে ছাপানোর একটা ধারা সৃষ্টি হয়ে গেছে। হুবহু আরেকজনের লেখা নিজের নামে ছাপানো কতবড় অন্যায় এবং দুঃখ দায়ক তা প্রকৃত লেখক ছাড়া অন্যদের বুঝা দায়। আমার অনূদিত এ কিতাব প্রথম সংস্করণ ছাপে মে' ২০০২ইংরেজীতে। তার দুবছর পর প্রকাশিত এ কিতাবের আরেকটি অনুবাদ আমার নজরে পড়ে। নজর বুলিয়ে দেখি অনুবাদটি আমার এ অনুবাদের ফটোকপি মাত্র। সামান্য ব্যতিক্রম তো হবেই। অনুবাদক কোন অনবিজ্ঞ-বা আনপড় লোক নন। মাসিক আততাওহীদ সম্পাদক মাওলানা নূরুল কবীর আনসারী। যাকে আমি নিজেও কম ভক্তি করতাম না। কিন্তু কাজটাতে তাঁর মান সম্মান এবং আস্থার ক্ষেত্রে ব্যঘাত ঘটল, এটিতেই আমি দুঃখিত। প্রকাশকের অবস্থাও এর ব্যতিক্রম হওয়ার কথা নয়। শুনে আশ্চার্য হলাম লোকটি নাকি আমার জনৈক বন্ধুর কম্পিউটার থেকে তাঁর কৃত সকল কিতাবাদী চুরি করে সিডি করে ফেলেছে। এবং সেসব কিতাবাদীতে সামান্য ব্যতিক্রম করে বিভিন্ন লাইব্রেরীর সাথে কন্ট্রাক করছে। নিজে বড় লেখক, অনুবাদক ও সংকলক হিসেবে পরিচিতি লাভ করছে এবং অর্থ উপার্জন করছে। আল্লাহ আমাদের রক্ষা করুন। (দ্বিতীয় সংস্করণে সংযোজিত)}

পরিশেষে আমার শ্রদ্ধেয় শিক্ষক অধ্যাপক আহমদ আলী আমার এ অনুবাদ কর্মের ওপর একটি অভিমত দিয়ে আমার এ কর্মের মূল্য বাড়িয়ে দেয়ায় তাঁর প্রতি রইল আন্তরিক অভিনন্দন। সত্য, সুন্দর, ত্যাগ ও নির্ভীকতার জয় এবং অসত্য, অসুন্দর, বখিলী ও কাপুরুষতার ধ্বংস কামনা আমার সংক্ষিপ্ত কথা এখানেই শেষ করছি। পূর্ণতা ও প্রশংসার অধিকারী একমাত্র আল্লাহই।

ইতি,

আবুল হুসাইন আলে গাজী

গোল মুহাম্মদ পাড়া, পোঃ উজির ভিটা।

লোহাগাড়া, চট্টগ্রাম।

১৩-৪-২০০২

بسم الله الرحمن الرحيم

اَلْحَمْدُ لِلّٰهِ الَّذِىْ فَضَّلَ بَنِىْ آدَمَ بِالْعِلْمِ وَالْعَمَلِ عَلٰى جَمِيْعِ الْعَالَمِ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى مُحَمَّدٍ سَيِّدِ الْعَرَبِ وَالْعَجَمِ وَعَلٰى اٰلِهٖ وَاَصْحَابِهٖ يَنَابِيْعَ الْعُلُوْمِ وَالْحِكَمِ.

যাবতীয় প্রশংসা আল্লাহ তাআলার জন্য, যিনি আদম সন্তানদের সমগ্র সৃষ্টির ওপর মর্যাদাবান করেছেন ইলম ও আমল (জ্ঞান ও কর্ম) দ্বারা। রহমত ও শান্তি বর্ষিত হোক আরব-অনারবদের নেতা মুহাম্মদ ও তার সাহাবীগণের ওপর, যারা জ্ঞান ও প্রজ্ঞার উৎপত্তি স্থল।

শব্দ বিশ্লেষণ ঃ

الحمد — প্রশংসা করা। এটা বাবে س ـــ م ـــ ع এর মাছদার। এর الف ও لام হল استغراقى (ব্যাপ্তিসূচক) যা সকল প্রকার প্রশংসাকে বুঝায়।

فضل — ফযীলত দান করেছেন, মর্যাদাবান করেছেন। বাবে تفعيل থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تفضيل। মাদ্দা ف، ض، ل.

بنى آدم — আদমের সন্তানবর্গ। بنى শব্দটি ابن এর বহুবচন। এটা মূলতঃ بنين ছিল। آدم এর দিকে اضافت হওয়ায় শেষের নূন পড়ে গেছে। আল্লাহ বলেন ولقد كرمنا بنى آدم.

العلم — জ্ঞান, জানা। বাবে سمع এর মাছদার। বহুবচন علوم.

العمل — কর্ম, কাজ। বাবে سمع এর মাছদার। বহুবচন اعمال.

العالم — আল্লাহর সকল সৃষ্টি। তবে এর প্রয়োগ সৃষ্টির কোন শ্রেনী বা জাতির একক কোন সদস্যের ক্ষেত্রে হয়না। বরং এক বা একাধিক অথবা সকল জাতির ক্ষেত্রে ব্যবহৃত হয়। যেমন عالم الإنسان (মানব জগত), عالم البقر (গরু জগত) عالم الماء (পানির জগত), عالم الحيوان (প্রাণী জগত) ইত্যাদি। এর বিপরীত عالم زيد (জায়েদের জগত) বলা ঠিক নয়। তবে বর্তমানে عالم -শব্দের ব্যবহার প্রায়ই পৃথিবী বা বিশ্ব এর ক্ষেত্রে হতে দেখা যায়।

الصلوٰة শাব্দিক অর্থ, দুআ। শরীয়তের পরিভাষায় এক বিশেষ পদ্ধতির ইবাদতকে صلوٰة বলা হয়, যাকে আমরা নামায বলে অভিহিত করি। তবে صلوٰة শব্দটি অন্য শব্দের সাথে সম্পর্কিত হলে এর অর্থ হয় ভিন্ন ভিন্ন। আল্লাহর সাথে এ শব্দের সম্পর্ক হলে অর্থ হয় রহমত বা দয়া করা। যেমন صلى الله عليه (আল্লাহ তার ওপর রহমত বর্ষণ করুক)। আর যদি মানুষের সাথে সম্পর্কিত হয়, তখন অর্থ হয় দুআ ও নামায পড়া। যেমন صلى زيد الصبح - (যাইদ ফজরের নাময পড়েছে), صلى عمر على النبى (ওমর নবীর জন্য রহমতের দুআ করেছে বা তার ওপর দরূদ পড়েছে)- আর صلوٰة এর সম্পর্ক যদি ফেরেশতার সাথে হয়, তখন অর্থ হয়, ক্ষমা প্রার্থনা করা। আর যদি এর সম্পর্ক পক্ষীকুলের সাথে হয়, তখন অর্থ হয় পবিত্রতা বর্ণনা করা। صلوٰة এর বহুবচন صلوات .

السلام শান্তি, নিরাপত্তা। تسليم - শান্তি দেয়া, নিরাপত্তা দেয়া, সালাম দেয়া।

محمد সর্বশেষ ও সর্ব শ্রেষ্ঠ নবী (সঃ) এর পবিত্র নাম। অর্থঃ বহুল প্রশংসিত । এটা বাবে تفعيل থেকে اسم مفعول এর واحد مذكر এর ছীগাহ। মাছদার تحميد.

سيد নেতা, সরদার। বহুবচন أسياد، سادة । আল্লাহ বলেন, وقالوا ربنا انا اطعنا سادتنا وكبراء نا.

العرب اسم جنس (শ্রেণী বাচক বিশেষ্য) । অর্থ ঃ আরবের অধিবাসী। এটা বহুবচন। এর একবচন , عربى । এর বিপরীত শব্দ العجم .

آل বংশ , গোত্র, লোকজন, পরিবার। آل عمران - ইমরানের গোত্রীয় লোক জন। এর বহুবচন أهلون، آهال . এর আংশিক প্রতিশব্দ أهل . কারণ, آل - এর ব্যবহার মানুষের জন্য হয়। আর তাও কেবল সম্মানিত মানুষের জন্য। এর বিপরীতে أهل এর ব্যবহার মানুষ (সম্মানিত হোক বা অসম্মানিত) ও অন্যান্য বস্তুর জন্যেও হয়। যেমন , أهل محمد (মুহাম্মদের পরিবার) أهل الجزار (কসাইর পরিবার) أهل مكة (মক্কাবাসী) أهل الايمان (ঈমান ওয়ালা) ইত্যাদি।

أصحاب সাহাবী, সাথী, মালিক, কর্তা, ওয়ালা। এখানে উদ্দেশ্য প্রথম অর্থ। এর একবচন, صاحب، صحابى .

ينابيع - ينبوع -এর বহুবচন । অর্থঃ উৎস, নির্গমনস্থল, ঝরনা।

العلوم علم এর বহুবচন। অর্থঃ ইলম, জ্ঞান, বিজ্ঞান, জানা, জ্ঞাত হওয়া।

الحكم حكمة এর বহুবচন। অর্থঃ প্রজ্ঞা, বিজ্ঞতা, বিচক্ষণতা। আল্লাহ বলেন ادع إلى سبيل ربك بالحكمة والموعظة الحسنة [النحل:١٢٥] .

وَبَعْدُ فَلَمَّا رَأَيْتُ كَثِيرًا مِنْ طُلَّابِ الْعِلْمِ فِيْ زَمَانِنَا يَجِدُّوْنَ اِلَى الْعِلْمِ وَلَا يَصِلُوْنَ، وَمِنْ مَنَافِعِهٖ وَثَمَرَاتِهٖ يُحْرَمُوْنَ، لِمَا اَنَّهُمْ اَخْطَئُوا طَرَائِقَهٗ وَتَرَكُوْا شَرَائِطَهٗ.

পরকথা, আমি যখন দেখলাম, আমাদের যুগে জ্ঞানার্জনের চেষ্টা করা সত্ত্বেও অনেক জ্ঞান পিপাসু তাদের লক্ষ্যে পৌঁছতে পারছেনা এবং এর ফলে তারা জ্ঞানের কল্যাণ ও সুফল থেকে বঞ্চিত হচ্ছে। যেহেতু তারা জ্ঞানার্জনের পদ্ধতিসমূহকে ভুলে গেছে এবং এর পূর্বশর্তগুলোকে বর্জন করেছে।

শব্দ বিশ্লেষণ ঃ

رأيت - আমি দেখলাম, দেখেছি। বাবে فتح থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার رؤية ।

كثير - অনেক। বাবে كرم থেকে اسم فاعل এর ছীগাহ। মাছদার كثرة .

طلاب - طالب এর বহুবচন । অর্থঃ অনুসন্ধানকারী, তালাশকারী। طالب العلم - জ্ঞান অনুসন্ধানকারী, জ্ঞান পিপাসু।

زمان - সময়, কাল, যুগ, জামানা। বহুবচন أزمان، ازمنة । এর প্রতিশব্দ زمن .

يجدون - চেষ্টা করছে। বাবে ضرب থেকে مضارع معروف এর جمع مذكر غائب এর ছীগাহ। মাছদার جد، جِد.

لايصلون - পৌঁছতে পারছেনা। বাবে ضرب থেকে مضارع منفى معروف এর جمع مذكر غائب এর ছীগাহ। মাছদার وصول .

منافع - منفعة এর বহুবচন । অর্থ কল্যাণ, উপকার , লাভ, মুনাফা, সুবিধা। আল্লাহ বলেন ولهم فيها منافع ومشارب أفلا يشكرون .

ثمرات - ثمرة এর বহুবচন। অর্থঃ ফল, ফলাফল, পরিণাম, পরিনতি।

يحرمون - তারা বঞ্চিত হচ্ছে। বাবে سمع থেকে مضارع مجهول এর جمع مذكر غائب এর ছীগাহ। মাছদার حرمان এটি معروف হিসেবে আসলে অর্থ হয় বঞ্চিত করা।

أخطئوا - ভূল করেছে। বাবে افعال থেকে ماضى معروف এর جمع مذكر غائب এর ছীগাহ। মাছদার إخطاء । خطأ - ভুল।

طرائق - طريقة এর বহুবচন। অর্থঃ পন্থা, পদ্ধতি, উপায়, পথ, রীতি। আল্লাহ বলেন ولقد خلقنا فوقكم سبع طرائق وماكنا عن الخلق غافلين .

تركوا - ছেড়ে দিয়েছে, ত্যাগ করেছে। বাবে نصر থেকে ماضى معروف এর جمع مذكر غائب এর ছীগাহ। মাছদার ترك.

شرائط - شريطة এর বহুবচন। অর্থঃ শর্ত, টেপ, ফিতা। এখানে উদ্দেশ্য প্রথম অর্থ।

وَكُلُّ مَنْ اَخْطأَ الطَّرِيْقَ ضَلَّ فَلاَ يَنالُ الْمَقْصُوْدَ قَلَّ اَوْ جَلَّ. اَرَدْتُ وَاَحْبَبْتُ اَنْ اُبَيِّنَ لَهُمْ طَرِيْقَ التَّعَلُّمِ عَلٰى مَارَأَيْتُ فِي الْكُتُبِ، وَسَمِعْتُ مِنْ اَسَاتِيْذِىْ اُوْلِى الْعِلْمِ وَالْحِكَمِ

আর যে পদ্ধতিকে ভুলে যায়, সে পথভ্রষ্ট হয় এবং সে লক্ষ্য অর্জন করতে মোটেই সক্ষম হয়না।

তাই আমি ইচ্ছা করেছি এবং ভাল মনে করেছি যে, তাদের (জ্ঞান পিপাসু) জন্য জ্ঞানার্জনের পদ্ধতিকে বর্ণনা করতে, যেমনটা আমি বই পুস্তকে পেয়েছি এবং আমার জ্ঞান ও প্রজ্ঞা সম্পন্ন শিক্ষকদের নিকট শুনেছি।

শব্দ বিশ্লেষণ ঃ الطريق - পথ, পন্থা, পদ্ধতি। বহুবচন طرق، طرقات .

ضل - পথভ্রষ্ট হয়েছে। বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ضلال .

لا ينال - অর্জন করতে পারেনা, পাইনা। বাবে ضرب ও سمع থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার نيل । من সহকারে ব্যবহৃত হলে ক্ষতি করা অর্থ বুঝায়।

مقصود - বাবে ضرب থেকে اسم مفعول এর واحد مذكر এর ছীগাহ। অর্থঃ লক্ষ্য, উদ্দেশ্য, উদ্দিষ্ট, কাংক্ষিত, ইপ্সিত। বহুবচন مقاصد .

قل- কম হয়েছে। বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার قلة .

جل- বড় হয়েছে, বেশী হয়েছে। বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার جلال .

أردت - আমি ইচ্ছা করেছি। বাবে افعال থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার إرادة .

أحببت - পসন্দ করেছি, ভাল মনে করেছি। বাবে افعال থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার إحباب .

أبين - আমি বর্ণনা করব, প্রকাশ করব। বাবে تفعيل থেকে مضارع معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার تبيين.

التعلم - বাবে تفعل এর মাছদার। অর্থঃ ইলম অর্জন করা, শিক্ষা হাসিল করা।

الكتب - كتاب এর বহুবচন । অর্থঃ কিতাব, বই , পুস্তক, গ্রন্থ, চিঠি , পত্র।

أساتيذ - أستاذ এর বহুবচন । অর্থঃ শিক্ষক, শিক্ষাগুরু, অধ্যাপক।

اولى - ذى এর বহুবচন। অর্থঃ অধিকারী, ওয়ালা।

رِجَاءَ الدُّعَاءِ لِيْ مِنَ الرَّاغِبِيْنَ فِيْهِ الْمُخْلِصِيْنَ بِالْفَوْزِ وَالْخَلَاصِ فِيْ يَوْمِ الدِّيْنِ بَعْدَ مَا اسْتَخَرْتُ اللّٰهَ تَعَالٰى فِيْهِ.
وَسَمَّيْتُهُ تَعْلِيْمَ الْمُتَعَلِّمِ طَرِيْقَ التَّعَلُّمِ وَجَعَلْتُهُ فُصُوْلًا ،
فَصْلٌ فِيْ مَاهِيَةِ الْعِلْمِ وَالْفِقْهِ وَفَضْلِهِ،

তা এ আশায় যে, নিষ্ঠাবান জ্ঞান পিপাসুরা প্রতিদান দিবসে আমার সাফল্য ও মুক্তির জন্য দুআ করবে। আর তা করেছি আল্লাহর নিকট সে বিষয়ে ইস্তাখারা (কল্যাণ কামনা করা) করার পর।

আমি ওটার নাম রেখেছি , তা'লীমুল মুতাআল্লিমি তরীকাতুততাআল্লুমি (শিক্ষার্থীকে শিক্ষার পথ নির্দেশকরণ) । আর ওটাকে আমি কয়েক অধ্যায়ে ভাগ করেছি। প্রথম অধ্যায় ইলম ও ফিক্বাহের তাৎপর্য এবং এর ফযীলত সম্পর্কে।

শব্দ বিশ্লেষণ ঃ

رجاء - আশা, আশা করা, প্রত্যাশা করা। বাবে نصر এর মাছদার।

الدعاء - ডাকা, আহবান করা, দুআ। যে সব বাক্য দ্বারা আল্লাহকে ডাকা ও স্মরণ করা হয়, তাকেও দুআ বলা হয়। বহুবচন أدعية .

الراغبين - আগ্রহী, উৎসাহী, কামনাকারী। বাবে سمع -থেকে اسم فاعل এর جمع مذكر এর ছীগাহ। মাছদার رغبة .

المخلصين - مخلص এর বহুবচন। অর্থঃ নিষ্ঠাবান, আন্তরিক, নিবেদিত।

الفوز - সফলতা, সাফল্য। বাবে نصر এর মাছদার। কুরআনে আছে ذلك الفوز الكبير.

الخلاص - মুক্তি, রক্ষা, উদ্ধার, সমাপ্তি। تخليص -মুক্ত করা।

يوم الدين - প্রতিদান দিবস, কেয়ামত দিবস, যে দিন সকলের ভাল মন্দের বদলা দেয়া হবে। আল্লাহ বলেন- يؤمئذ يوفيهم الله دينهم الحق مالك يوم الدين .

استخرت - ইস্তাখারা করেছি, কল্যাণ কামনা করেছি। বাবে استفعال থেকে ماضى معروف এর واحد مذكر এর ছীগাহ। পারিভাষিক অর্থে ইস্তাখারা এক বিশেষ ধরনের দুআকে বলা হয়, যা দু রাকাত নামায পড়ে একটি বিশেষ দুআর মাধ্যমে করা হয়।

سميت - আমি নাম রেখেছি। বাবে تفعيل থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার تسمية ।

ماهية - হাকীকত, তাৎপর্য, সারবস্তু, বাস্তবতা। বহুবচন ماهيات .

فضل- ফযীলত, শ্রেষ্ঠত্ব, অনুগ্রহ, করুণা, অনুকম্পা। বহুবচন أفضال .

فَصْلٌ فِي النِّيَّةِ فِي حَالِ التَّعَلُّمِ ، فَصْلٌ فِي اخْتِيَارِ الْعِلْمِ وَالْأُسْتَاذِ وَالشَّرِيكِ وَالثَّبَاتِ ،فَصْلٌ فِي تَعْظِيمِ الْعِلْمِ وَاَهْلِهِ ، فَصْلٌ فِي الْجِدِّ وَالْمُوَاظَبَةِ وَالْهِمَّةِ ،فَصْلٌ فِي بَدَايَةِ السَّبَقِ وَقَدْرِهِ وَتَرْتِيبِهِ ، فَصْلٌ فِي التَّوَكُّلِ ، فَصْلٌ فِي وَقْتِ التَّحْصِيلِ

দ্বিতীয় অধ্যায় শিক্ষাকালে নিয়ত সম্পর্কে। তৃতীয় অধ্যায় ইলম, শিক্ষক ও সঙ্গী নির্বাচন এবং দৃঢ়তা সম্পর্কে। চতুর্থ অধ্যায় ইলম ও আলিমের মহত্ব সম্পর্কে। পঞ্চম অধ্যায় চেষ্টা, অধ্যবসায় ও ইচ্ছার দৃঢ়তা সম্পর্কে। ষষ্ঠ অধ্যায় পাঠদান আরম্ভ করণ এবং এর পরিমাণ ও নিয়ম সম্পর্কে। সপ্তম অধ্যায় তাওয়াক্কুল সম্পর্কে। অষ্টম অধ্যায় (ইলম) শেখার সময় সম্পর্কে।

শব্দ বিশ্লেষণ ঃ

نية - ইচ্ছা, অভিপ্রায়, নিয়্যত। বহুবচন نيات .

اختيار - পছন্দ করা, নির্বাচন করা। বাবে افتعال এর মাছদার।

الشريك - শরীক, সঙ্গী, অংশীদার।বহুবচন أشراك، شركاء .

الثبات - ছা'র পেশ সহকারে। অর্থঃ দৃঢ়তা, স্থায়িত্ব, স্থিরতা। বাবে نصر এর মাছদার।

تعظيم - মহত্ব, মার্যাদা, সম্মান প্রদর্শন। বাবে تفعيل এর মাছদার।

المواظبة অধ্যবসায়, নিরবচ্ছিন্নতা। বাবে مفاعلة এর মাছদার।

الهمة ইচ্ছা, অভিপ্রায়, আগ্রহ, সংকল্প, উচ্চাভিলাষ। বহুবচন همم .

بداية [illegible] , আরম্ভ। بدء - শুরু করা।কুরআনে আছে كما بدأنا اول خلق نعيده

السبق অগ্রগামিতা, অগ্রসর হওয়া, আগে যাওয়া ।

قدر পরিমাণ, ভাগ্য, মর্যাদা। বহুবচন أقدار .

ترتيب নিয়ম, বিন্যাস, বিন্যাসকরণ, ক্রম, ধারাবাহিকতা। বহুবচন ترتيبات .

التوكل তাওয়াক্কুল, ভরসা করা, নির্ভর করা। বাবে تفعل এর মাছদার।

التحصيل অর্জন করা, সংগ্রহ করা, লাভ করা, আদায় করা। বাবে تفعيل এর মাছদার।

فَصْلٌ فِى الشَّفَقَةِ وَالنَّصِيْحَةِ ، فَصْلٌ فِى الْاِسْتِفَادَةِ ، فَصْلٌ فِى الْوَرَعِ حَالَ التَّعَلُّمِ ، فَصْلٌ فِيْمَا يُوْرِثُ الْحِفْظَ وَالنِّسْيَانَ ، فَصْلٌ فِيْمَا يَجْلُبُ الرِّزْقَ وَمَا يَمْنَعُهُ ، وَمَا يَزِيْدُ فِى الْعُمْرِ وَ مَا يَنْقُصُ، وَمَا تَوْفِيْقِىْ اِلَّا بِاللّٰهِ عَلَيْهِ تَوَكَّلْتُ وَاِلَيْهِ اُنِيْبُ.

নবম অধ্যায় দয়া ও কল্যাণ কামনা সম্পর্কে। একাদশ অধ্যায় শিক্ষাকালে পরহেজগারী সম্পর্কে। দ্বাদশ অধ্যায় ঐসব বিষয় সম্পর্কে যা স্মরণ শক্তি বৃদ্ধি করে ও কমিয়ে ফেলে। ত্রয়োদশ অধ্যায় ঐ সব বিষয় সম্পর্কে যা জীবিকা বাড়িয়ে দেয় ও বন্ধ করে এবং যা বয়স বৃদ্ধি করে ও কমিয়ে ফেলে। আল্লাহর রহমত ছাড়া আমার কোন শক্তি নেই। তাঁর ওপর ভরসা করেছি ও তাঁর দিকে প্রত্যাবর্তন করছি।

শব্দ বিশ্লেষণ ঃ الشفقة - দয়া, করুণা, স্নেহ, সহানুভূতি। বাবে سمع এর মাছদার।

النصيحة - হিতাকাংখা, সদুপদেশ, সৎপরামর্শ। বহুবচন نصائح.

الاستفادة - উপকার লাভ করা, উপকৃত হওয়া। বাবে استفعال এর মাছদার।

الورع - তাকওয়া, পরহেজগারী, আল্লাহভীতি। বাবে حسب এর মাছদার।

يورث - অধিকারী করে, উত্তরাধিকারী করে। এখানে উদ্দেশ্য প্রথম অর্থ। বাবে افعال থেকে مضارع معروفএর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ايراث .

الحفظ - সংরক্ষণ করা, মনে রাখা, স্মরণ রাখা। বাবে سمع এর মাছদার।

النسيان - ভুলে যাওয়া, বিস্মৃত হওয়া। বাবে سمع এর মাছদার।

يجلب - টেনে আনে, বৃদ্ধি করে। বাবে نصر ও ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার جلب .

يمنع - রুখে দেয়, বন্ধ করে। বাবে فتح থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার منع.

الرزق - জীবিকা, সম্পদ, দান। বহুবচন أرزاق .

يزيد - বৃদ্ধি করে, বাড়িয়ে দেয়, বেড়ে যায়, বৃদ্ধি পায়। এখানে উদ্দেশ্য প্রথম অর্থ। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার زيادة । يزيد এর বিপরীত শব্দ ينقص .

فَصْلٌ فِى مَاهِيَةِ الْعِلْمِ وَ الْفِقْهِ وَ فَضْلِهِ

قَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ: طَلَبُ الْعِلْمِ فَرِيْضَةٌ عَلٰى كُلِّ مُسْلِمٍ وَ مُسْلِمَةٍ.

اِعْلَمْ اَنَّهُ لَا يَفْتَرِضُ عَلٰى كُلِّ مُسْلِمٍ وَمُسْلِمَةٍ طَلَبُ كُلِّ عِلْمٍ وَاِنَّمَا يَفْتَرِضُ طَلَبُ عَلْمِ الْحَالِ ، فَاِنَّهُ يُقَالُ: اَفْضَلُ الْعِلْمِ عِلْمُ الْحَالِ وَاَفْضَلُ الْعَمَلِ حِفْظُ الْحَالِ ، وَيَفْتَرِضُ عَلَى الْمُسْلِمِ طَلَبُ عِلْمِ مَا يَقَعُ لَهُ فِىْ حَالِهِ فِىْ اَىِّ حَالٍ كَانَ، فَاِنَّهُ لَا بُدَّ لَهُ مِنَ الصَّلٰوةِ فَيَفْتَرِضُ عَلَيْهِ عِلْمُ مَا يَقَعُ لَهُ فِىْ صَلٰوتِهِ بِقَدْرِ مَا يُؤَدِّى بِهِ فَرْضَ الصَّلٰوةِ

প্রথম অধ্যায় ইলম ও ফিক্বাহের তাৎপর্য এবং এর শ্রেষ্ঠত্ব সম্পর্কে

রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেছেন, " জ্ঞানার্জন করা সকল মুসলিম নর-নারীর ওপর ফরজ"। জেনে রেখো ! কোন মুসলিম নর-নারীর ওপর সকল জ্ঞান অর্জন করা ফরজ নয়। কেবল উপস্থিত জ্ঞান (দৈনন্দিন জীবনে যার প্রয়োজন হয়) অর্জন করাই ফরজ। কারণ, বলা হয়েছে " সর্ব শ্রেষ্ঠ জ্ঞান উপস্থিত জ্ঞান এবং সর্ব শ্রেষ্ঠ আমল উপস্থিত রক্ষা (দৈনন্দিন জীবনে সে সকল শরীয়ত অসম্মত বিষয়ের সম্মুখীন হতে হয় , তা থেকে আত্মরক্ষা করা)।
আর মুসলমান যখন যে বিষয়ের সে সম্মুখীন হয়, তাৎক্ষণিক সে বিষয়ের জ্ঞানার্জন করা তার জন্য ফরজ। যেমন নামায পড়া তার জন্য আবশ্যক। অতএব, নামায পড়তে গিয়ে যে সকল কাজ তার করতে হয় , সে সকল বিষয়ের এতটুকু জ্ঞানার্জন তার জন্য ফরজ, যতটুকু দ্বারা নামাযের ফরজ বিষয় গুলো (সঠিকভাবে) আদায় করা যায়।

শব্দ বিশ্লেষণ ঃ فريضة ফরজ, অবশ্যই পালনীয় বিষয়, সম্পত্তির অংশ। বহুবচন فرائض .

لايفترض - ফরজ হবেনা। বাবে افتعال থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার افتراض .

يقع- পতিত হয়, সামনে আসে। বাবে فتح থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার وقوع .

وَيَجِبُ عَلَيْهِ بِقَدْرِ مَا يُؤَدِّى بِهِ الْوَاجِبُ ، لِاَنَّ "مَا يَتَوَسَّلُ بِهِ اِلٰى اِقَامَةِ الْفَرْضِ يَكُوْنُ فَرْضًا وَمَا يَتَوَسَّلُ بِهِ اِلٰى اِقَامَةِ الْوَاجِبِ يَكُوْنُ وَاجِبًا". وَكَذٰلِكَ الصَّوْمُ وَالزَّكٰوةُ اِنْ كَانَ لَهٗ مَالٌ، وَالْحَجُّ اِنْ كَانَ وَجَبَ عَلَيْهِ ، وَكَذٰلِكَ فِى الْبُيُوْعِ اِنْ كَانَ يَتَّجِرُ.

আর এত টুকু জ্ঞানার্জন করা তার জন্য ওয়াজিব, যতুটুকু দ্বারা নামাযের ওয়াজিব বিষয় গুলো (সঠিকভাবে) আদায় করা যায়। কারণ, যে সকল বিষয় ফরজ আদায় করার উপায় বলে সাব্যস্ত হয়, সে সকল বিষয় অর্জন করা ফরজ। আর যে সকল বিষয় ওয়াজিব আদায়ের মাধ্যম হিসেবে সাব্যস্ত হয়, সে সকল বিষয় অর্জন করা ওয়াজিব। অনুরূপ রোজা এবং জাকাতের ক্ষেত্রেও একই বিধান, যদি তার সম্পদ থাকে। আর হজ্বেরও একই বিধান, যদি তা তার ওপর ওয়াজিব হয়। এভাবে লেনদেনের ক্ষেত্রেও সেই একই বিধান, যদি সে ব্যবসা করে।

শব্দ বিশ্লেষণ ঃ

يتوسل - মাধ্যম হয়, উপায় হয়, অসীলা হয়। বাবে تفعل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদা توسل .

إقامة - প্রতিষ্ঠা করা, আদায় করা। বাবে إفعال এর মাছদার ।আল্লাহ বলেন واقيموا الصلوٰة وآتو الزكوة

البيوع - بيع এর বহুবচন। অর্থ ঃ বিক্রয়, ক্রয়-বিক্রয় , লেনদেন।

يتجر - ব্যবসা করে, তেজারত করে। বাবে افتعال থেকে مضارع معروف এর واحد مذكر غائبএর ছীগাহ। মাছদার اتجار .

قِيلَ لِمُحَمَّدِ بْنِ الْحَسَنِ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى اَلَا تُصَنِّفُ كِتَابًا فِى الزُّهْدِ ، قَالَ صَنَّفْتُ كِتَابًا فِى الْبُيُوْعِ. يَعْنِىْ الزَّاهِدُ هُوَ مَنْ يَتَحَرَّزُ عَنِ الشُّبُهَاتِ وَالْمَكْرُوْهَاتِ فِى التِّجَارَاتِ، وَكَذٰلِكَ فِىْ سَائِرِ الْمُعَامِلَاتِ وَالْحِرَفِ، وَكُلُّ مَنِ اشْتَغَلَ بِشَيْءٍ مِنْهَا يَفْتَرِضُ عَلَيْهِ عِلْمُ التَّحَرُّزِ عَنِ الْحَرَامِ فِيْهِ.

ইমাম মুহাম্মদ বিন হাসান (রহিমাহুল্লাহ)কে বলা হলো, আপনি কেন জুহদ (দুনিয়া বিমুখতা) সম্পর্কে একিটি কিতাব রচনা করেছেন না। তিনি বললেন, আমি ক্রয় বিক্রয় সম্পর্কে একটি কিতাব রচনা করেছি। অর্থাৎ, (ইমামের কথার মর্মার্থ হলো), ঐ লোকই জাহেদ (আখেরাত মুখী) যে ব্যবসা-বাণিজ্যে এবং সন্দেহ যুক্ত ও মাকরূহ বিষয় সমূহ থেকে আত্মরক্ষা করে চলে। আর এ একই কথা যাবতীয় লেন-দেন, আচার-আচরণ ও পেশার ক্ষেত্রে । উপরোক্ত বিষয় সমূহের যে কোনটার সাথে কেউ জড়িত হলে তার ওপর সে ক্ষেত্রে হারাম থেকে বেঁচে থাকার পরিমাণ জ্ঞানার্জন করা ফরজ।

শব্দ বিশ্লেষণ ঃ

محمد بن الحسن - ইমাম আবুহানীফা (রাহঃ) এর প্রসিদ্ধ শিষ্য। জন্মঃ ১৩৫হিঃ। মৃত্যু ঃ ১৯০হিঃ।

الا تصنف - আপনি কি রচনা করবেননা। تصنف - বাবে تفعيل থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার تصنيف ।

كتاب - কিতাব, বাই পুস্তক, গ্রন্থ, চিঠি। বহুবচন كتب .

الزهد - বিমুখতা। এখানে উদ্দেশ্য দুনিয়া বিমুখতা। الزاهد - দুনিয়া বিমুখ, আখেরাত মুখী। বহুবচন زهاد .

يتحرز - বেঁচে থাকে। বাবে تفعل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تحرز .

وَكَذٰلِكَ يَفْتَرِضُ عَلَيْهِ عِلْمُ اَحْوَالِ الْقَلْبِ مِنَ التَّوَكُّلِ وَالْاِنَابَةِ وَالْخَشْيَةِ وَالرِّضَاءِ، فَاِنَّهُ وَاقِعٌ فِيْ جَمِيْعِ الْاَحْوَالِ.
وَشَرَفُ الْعِلْمِ لَا يَخْفٰى عَلٰى اَحَدٍ، اِذْهُوَ مُخْتَصٌّ

এভাবে তার ওপর তাওয়াক্কুল , ইনাবত, (আল্লাহর) ভয় ও (তার প্রতি) সন্তুষ্ট থাকা প্রভৃতি হৃদয়ের সাথে সম্পর্কিত বিষয় সমূহের জ্ঞানার্জন করাও ফরজ। কারণ, এসব বিষয় সর্বাবস্থায় অন্তরে থাকতে হয়।

আর ইলমের মর্যাদা কারো অজানা থাকার কথা নয়। কারণ, তা

শব্দ বিশ্লেষণ ঃالشبهات - شبهة এর বহুবচন । অর্থঃ সংশয়, সন্দেহ।

المكروهات - مكروه এর বহুবচন । অর্থঃ এমন সব বিষয় যা শরীয়ত হালাল ও করেনি হারামও করেনি।কিন্তু তা থেকে বেঁচে থাকতে উৎসাহিত করেছে।

التجارات - تجارة এর বহুবচন । অর্থ ঃ ব্যবসা, বানিজ্য, ট্রেড। আল্লাহ বলেন [الجمعة : ١١] واذارأتجارة أولهوا انفضوا اليها

المعاملات - معاملة এর বহুবচন । অর্থঃ পারস্পরিক সম্পর্ক, আচরণ , লেনদেন।

الحرف - حرفة এর বহুবচন। অর্থ ঃ পেশা , কর্ম, কাজ।

اشتغل -যুক্ত হয়েছে, সম্পৃক্ত হয়েছে, মশগুল হয়েছে। বাবে افتعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اشتغال.

الانابة - প্রত্যাবর্তন করা । এখানে উদ্দেশ্য আল্লাহর দিকে মন ফিরিয়ে আনা। বাবে افعال এর মাছদার। এর اسم فاعل - منيب । আল্লাহ বলেন

[ق : ٣٣] من خشي الرحمن وجاء بقلب منيب

الخشية - ভয়, ভীতি। এখানে উদ্দেশ্য আল্লাহকে ভয় করা। এটা বাবে سمع এর মাছদার। আল্লাহ বলেন

[الفاطر: ٢٨] انما يخشى الله من عباده العلماء

الرضاء - সন্তুষ্টি। এখানে উদ্দেশ্য আল্লাহর সুন্তুষ্টি। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে سمع থেকে।

شرف - সম্মান, মর্যাদা। বাবে كرم এর মাছদার। এর প্রতিশব্দ شرافة

لايخفى - গোপন থাকেনা, অজানা রয়না। বাবে سمع থেকে مضارع معروف এর واحد مزكر غائب এর ছীগাহ। মাছদার خفية، خفاء.

مختص - সম্পর্কিত, যুক্ত, বিশেষিত। বাবে افتعال থেকে اسم فاعلএর واحد مذكر এর ছীগাহ।মাছদার اختصاص .

بِالْاِنْسَانِيَةِ، لِاَنَّ جَمِيْعَ الْخِصَالِ سِوَى الْعِلْمِ يَشْتَرِكُ فِيْهَا الْاِنْسَانُ وَسَائِرُ الْحَيَوَانَاتِ كَالشُّجَاعَةِ وَالْجَرَاءَةِ وَالْقُوَّةِ وَالْجُوْدِ وَالشَّفَقَةِ وَغَيْرِهَا سِوَى الْعِلْمِ، وَبِهِ اَظْهَرَ اللّٰهُ تَعَالٰى فَضْلَ بَنِىْ آدَمَ عَلَيْهِ السَّلَامُ عَلَى الْمَلَائِكَةِ، وَاَمَرَهُمْ بِالسُّجُوْدِ لَهٗ.

وَاِنَّمَا شَرُفَ الْعِلْمِ لِكَوْنِهٖ وَسِيْلَةً اِلَى التَّقْوٰى الَّذِىْ

মানবিকতার বৈশিষ্ট্য। কেননা ইলম ছাড়া অন্য সকল বৈশিষ্ট্য যেমন বীরত্ব সাহসিকতা, শক্তি, দান ও দয়া ইত্যাদির ক্ষেত্রে মানুষ ও অন্যান্য প্রাণী সকলেই সমান। পার্থক্য কেবল ইলমের ক্ষেত্রে। আর এ ইলমের মাধ্যমেই আল্লাহ সুবহানাহু ওয়াতাআলা ফেরেশতাদের ওপর আদম সন্তানদের শ্রেষ্ঠত্ব প্রকাশ করেছেন এবং ফেরেশতাদেরকে তাকে (আদম) সিজদাহ করার আদেশ দিয়েছেন।

আর ইলম এর-এত মার্যাদা শুধু এ জন্যই যে, তা তাকওয়া অর্জনের

শব্দ বিশ্লেষণ ঃ

الانسانية- মানবিকতা, মানবতা, যে সব গুনের কারণে মানুষকে মানুষ বলা হয়, সে সব গুনসমূহ।

الخصال - خصلة এর বহুবচন। অর্থ ঃ গুণ, বৈশিষ্ট্য, অভ্যাস।

يشترك - অংশীদার হয়, শরীক হয়। বাবে افتعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদা اشتراك

الشجاعة - বীরত্ব, সাহস। বাবে كرم এর মাছদার। شجاع সাহসী।

الجراءة - সাহসিকতা, দুঃসাহস, স্পর্ধা। বাবে كرم এর মাছদার। جرئ দুঃসাহসী।

الجود - ج এর উপর পেশ সহকারে। অর্থঃ দান, দানশীলতা, বদান্যতা, উদারতা।

وسيلة - ওসিলা, মাধ্যম, উপায়, অবলম্বন, ব্যবস্থা। বহুবচন وسائل .

التقوى - اسم من الاتقاء । অর্থঃ তাকওয়া, আল্লাহর ভয়, পরহেজগারী, দ্বীনদারী, ধার্মিকতা। قال على رضى الله عنه : "التقوى هى الخوف من الجليل والعمل بالتنزيل والقناعة بالقليل والاستعداد ليوم الرحيل".

يَسْتَحِقُّ بِهِ الْمَرْءُ الْكَرَامَةَ عِنْدَ اللّٰهِ تَعَالٰى وَالسَّعَادَةَ الْاَبَدِيَّةَ، كَمَا قِيْلَ لِمُحَمَّدِ بْنِ الْحَسَنِ بْنِ عَبْدِ اللّٰهِ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى:

تَعَلَّمْ فَاِنَّ الْعِلْمَ زَيْنٌ لِاَهْلِهِ ۞ وَفَضْلٌ وَعُنْوَانٌ لِكُلِّ الْمَحَامِدِ

وَكُنْ مُسْتَفِيْدًا كُلَّ يَوْمٍ زِيَادَةً ۞ مِنَ الْعِلْمِ وَاسْبَحْ فِيْ بُحُوْرِ الْفَوَائِدِ

تَفَقَّهْ فَاِنَّ الْفِقْهَ اَفْضَلُ قَائِدٍ ۞ اِلَى الْبِرِّ وَالتَّقْوٰى وَاَعْدَلُ قَاصِدٍ

ওসিলা, যে তাক্ওয়া অর্জনের ফলে মানুষ আল্লাহর নিকট সম্মান ও স্থায়ী সৌভাগ্যের অধিকারী হয়। যেমন মুহাম্মদ বিন হাসান বিন আব্দুল্লাহ (রহঃ) কে উদ্দেশ্য করে বলা হয়েছেঃ

১। ইলম অর্জন কর। কারণ, ইলম তার অধিকারীর জন্য সৌন্দর্য স্বরূপ। আর তা সম্মানের বিষয় এবং যাবতীয় উত্তম গুণাবলীর প্রতীক। ২। সব সময় ইলম থেকে বেশী করে উপকার অর্জন কর এবং উপকারিতার সমুদ্র সমূহে সাঁতার কাট। ৩। ফিক্বাহ (শাস্ত্র) অধ্যায়ন কর। কারণ, ফিক্বাহ সততা ও তাকওয়ার দিকে সর্ব শ্রেষ্ঠ পরিচালনা কারী এবং সর্বত্তোম পথ প্রদর্শক।

শব্দ বিশ্লেষণ ঃ يستحق - অধিকারী হয়। বাবে استفعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার استحقاق .

المرء - মানুষ, পুরুষ। বহুবচন رجال । প্রতিশব্দ امرء .

السعادة - সৌভাগ্য, ভাগ্যবান হওয়া। বাবে سمع এর মাছদার।

زين - ز এর জবর সহকারে। অর্থঃ সৌন্দর্য, শোভা, সুন্দর করা। বাবে ضرب এর মাছদার। বহুবচন ازيان.

عنوان - ঠিকানা, প্রতীক, প্রতিচ্ছবি, শিরোনাম। বহুবচন عناوين .

المحامد- محمدة এর বহুবচন। অর্থঃ প্রশংসনীয় বিষয়, ভাল গুণ।

اسبح - সাঁতার কাট। বাবে فتح থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার سباحة، سبح । আল্লাহ বলেন وكل فى فلك يسبحون .

بحور - بحر এর বহুবচন। অর্থ ঃ সাগর, সমুদ্র, দরিয়া।

الفوائد - فائدة এর বহুবচন। অর্থঃ উপকার, উপকারিতা, লাভ, মুনাফা, স্বার্থ।

قائد - পরিচালক, নেতা, চালক, কমান্ডার, অধিনায়ক, দলপতি। বহুবচন قادة .

قاصد - দূত, বার্তাবাহক। বহুবচন قصاد .

هُوَ الْعِلْمُ الْهَادِىْ اِلٰى سُنَنِ الْهُدٰى هُوَ الْحِصْنُ يَنْجِىْ مِنْ جَمِيْعِ الشَّدَائِدِ
فَاِنَّ فَقِيْهًا وَاحِدًا مُتَوَرِّعًا اَشَدُّ عَلَى الشَّيْطَانِ مِنْ اَلْفِ عَابِدٍ

وَكَذٰلِكَ فِىْ سَائِرِ الْاَخْلَاقِ ، نَحْوُ الْجُوْدُ وَالْبُخْلُ، وَالْجُبْنُ، وَالْجَرَاءَةُ ، وَالتَّكَبُّرُ، وَالتَّوَاضُعُ، وَالْعِفَّةُ، وَالْاِسْرَافُ،

৪। তা (ফিক্বাহ) হিদায়াতের পথ সমূহের দিকে পথ প্রদর্শনকারী ঝান্ডা এবং তা এমন দূর্গ, যা সকল বিপদ আপদ থেকে রক্ষা করে।

৫। কারণ, একজন পরহেজগার ফকীহ শয়তানের বিরুদ্ধে এক হাজার (অফক্বীহ) আবেদ থেকে শক্তিশালী।

আর (জ্ঞানার্জন করা ফরজ হওয়ার) উক্ত বিধান সর্ব প্রকার চারিত্রের ক্ষেত্রেও সমান। (ঐ সব চরিত্র) যেমন দানশীলতা, কৃপনতা, কাপুরুষতা, সাহসিকতা, অহংকার, বিনয়, আত্মরক্ষা, অপচয় ও ন্যায্য খরচ না করা

শব্দ বিশ্লেষণ ঃ العلم - ع ও ل এর উপর জবর সহকারে। অর্থঃ পতাকা , ঝান্ডা, নিদর্শন, আলামত, বহুবচন أعلام .

الهادى - হেদায়াতকারী, পথ প্রদর্শক। বাবে ضرب থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। মাছদার هداية، هدى .

السنن - سنة এর বহুবচন। অর্থঃ পথ, পন্থা, নিয়ম, রীতি, স্বভাব, সুন্নাত, হাদীস।

حصن - দূর্গ, কেল্লা, সুরক্ষা, নিরাপত্তা। বহুবচন حصون .

ينجى - রক্ষা করে, মুক্তি দেয়। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার انجاء .

الشدائد - شدة এর বহুবচন। অর্থঃ বিপদ, কষ্ট, অসুবিধা, ভোগান্তি।

متورع - পরহেজগার, মুত্তাকী। বাবে تفعل থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। মাছদার تورع .

فقيه - ফকীহ, ধর্মীয় জ্ঞানে পন্ডিত ব্যক্তি। বহুবচন فقهاء .

الشيطان - শয়তান, ইবলীস।বহুবচন شياطين .

الف - একহাজার। বহুবচন ألوف، آلاف .

الجبن - কাপুরুষতা। বাবে كرم এর মাছদার। এর প্রতিশব্দ جبانة . جبان কাপুরুষ। বহুবচন جبناء

العفة - পবিত্রতা, নির্দোষিতা, সংযম, চারিত্রিক নিষ্কলুষতা। এর প্রতি শব্দ عفاف উভয়টা বাবে ضرب এর মাছদার।

الاسراف - অপচয়, অপব্যয়। বাবে افعال এর মাছদার। এর বিপরীত শব্দ التقتير .

وَالتَّقْتِيرُ، وَغَيْرُهَا. فَإِنَّ الْكِبْرَ وَالْبُخْلَ، وَالْجُبْنَ، وَالْإِسْرَافَ حَرَامٌ، وَلَا يُمْكِنُ التَّحَرُّزُ عَنْهَا إِلَّا بِعِلْمِهَا وَعِلْمِ مَا يُضَادُّهَا، فَيَفْتَرِضُ عَلَى كُلِّ إِنْسَانٍ عِلْمُهَا.

وَقَدْ صَنَّفَ السَّيِّدُ الْإِمَامُ الْأَجَلُّ الشَّهِيدُ نَاصِرُ الدِّيْنِ أَبُو الْقَاسِمِ كِتَابًا فِي الْأَخْلَاقِ، وَنِعْمَ مَا صَنَّفَ، فَيَجِبُ عَلَى كُلِّ مُسْلِمٍ حِفْظُهَا، وَأَمَّا حِفْظُ مَا يَقَعُ فِيْ بَعْضِ الْأَحَايِيْنَ، فَفَرْضٌ عَلَى سَبِيْلِ الْكِفَايَةِ

ইত্যাদি। কারণ, অহংকার, কৃপনতা, কাপুরুষতা ও অপচয় হারাম। আর ঐসব বিষয় থেকে আত্মরক্ষা করে চলা ঐ বিষয় এবং ঐ গুলির বিপরীত বিষয় সমূহ (যেমন দানশীলতা, বিনয় আত্মরক্ষা ইত্যাদি) সম্পর্কে জ্ঞান অর্জন করা ব্যতীত অসম্ভব। তাই প্রত্যেক লোকের ওপর সে সব বিষয় সমূহের জ্ঞান অর্জন করা ফরজ।

মহান ইমাম সায়্যিদ শহীদ নাসিরুদ্দীন আবুল কাসিম চরিত্র সম্পর্কে একটি পুস্তক রচনা করেছেন। কতইনা উত্তম তার রচিত সে পুস্তক। তাই প্রত্যেক মুসলমানের উচিত হবে সেটা মুখস্ত করা। আর যে সব বিষয়ের কোন কোন সময় সম্মুখীন হতে হয়, সে সব বিষয় শিক্ষা করা ফরজে কেফায়া।

শব্দ বিশ্লেষণ ঃ

يضاد - বিপরীত হয়, উল্টো হয়। বাবে مفاعلة থেকে واحد এর مضارع معروف এর مذكر غائب এর ছীগাহ। মাছদার مضاداة، ضادة .

الامام - ইমাম, নেতা, প্রধান, শাসক, গ্রন্থ। বহুবচন أئمة । আল্লাহ বলেন وجعلنا منهم أئمة يهدون بامرنا — وكل شئ أحصيناه فى إمام مبين

الأجل - সুমহান, মর্যাদাবান। বাবে ضرب থেকে اسم تفضيل এর واحد مذكر এর ছীগাহ। বহুবচন أجلاء । মাছদার جلالة، جلال .

نعم - সুন্দর, উত্তম, চমৎকার। এটা افعال مدح এর শব্দ। এর প্রতি শব্দ نعما আল্লাহ বলেন إن الله نعما يعظكم به .

الاحايين- حين এর বহুবচন। অর্থঃ সময়, ক্ষণ, লগ্ন। বহুবচনের সাথে ব্যবহৃত হলে অর্থ হয়, কোন কোন সময়।

وَإِذَاقَامَ بِهِ الْبَعْضُ فِيْ بَلْدَةٍ، سَقَطَ عَنِ الْبَاقِيْنَ، فَإِنْ لَمْ يَكُنْ فِي الْبَلْدَةِ مَنْ يَقُوْمُ بِهِ، اِشْتَرَكُوْا جَمِيْعًا فِي الْمَآثِمِ ، فَيَجِبُ عَلَى الْإِمَامِ اَنْ يَأْمُرَهُمْ بِذٰلِكَ، وَيُجْبِرَ اَهْلَ الْبَلْدَةِ عَلٰى ذٰلِكَ.

فَقِيْلَ بِاَنَّ عِلْمَ مَايَقَعُ عَلٰى نَفْسِهِ فِيْ جَمِيْعِ الْاَحْوَالِ بِمَنْزِلَةِ الطَّعَامِ لَابُدَّ لِكُلِّ وَاحِدٍ مِنْ ذٰلِكَ ، وَعِلْمُ مَايَقَعُ فِيْ بَعْضِ الْاَحَايِيْنِ بِمَنْزِلَةِ الدَّوَاءِ يَحْتَاجُ اِلَيْهِ فِيْ بَعْضِ الْاَوْقَاتِ .

কোন স্থানে কেউই তা পালন করলে অন্য লোকেরা তা থেকে দায় মুক্ত হয়ে যায়। কোন স্থানে যদি কেউই তা পালন না করে, তাহলে সকলেই গুনাহের ভাগী হবে। তাই শাসকের কর্তব্য,সে ব্যাপারে তাদের আদেশ করা এবং এ আদেশ পালনে এলাকার লোককে বাধ্য করবে।

তাই বলা হয়েছে, যে সকল বিষয়ের সর্বক্ষণ সম্মুখীন হতে হয়, সে সকল বিষয়ের জ্ঞানার্জন খাবারের সমতুল্য, যা (ভক্ষণ) ছাড়া কোন উপায় নেই। আর যে সব বিষয়ের কোন কোন সময় সম্মুখীন হতে হয়, তা ঔষধের ন্যায় যার দিকে মানুষ কোন কোন সময় মুখাপেক্ষী হয়ে পড়ে।

بلدة - শহর, নগর, গ্রাম, জনপদ, লোকালয়, এলাকা। বহুবচন بلدات কুরআনে আছে
انما امرت أن أعبد رب هذه البلدة التى حرمها وله كل شئ

سقط - পড়ে গেছে, (দায়িত্ব) শেষ হয়ে গেছে। বাবে نصر থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার سقوط.আল্লাহ বলেন وما تسقط من ورقة إلا يعلمها [الانعام: ٥٩]

المآثم - مأثم এর বহুবচন। অর্থঃ গোনাহ, পাপ।

يجبر - বাধ্য করবে। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اجبار .

منزل - স্থান, মান, পদমর্যাদা, অবস্থান। বহুবচন منازل ।

الطعام - খাবার , খাদ্য, ভোজ্য বস্তু। বহুবচন اطعمة ।
আল্লাহ বলেন, الا ان يؤذن لكم إلى طعام غير ناظرين إناه

الدواء - ঔষধ, প্রতিষেধক, চিকিৎসা। বহুবচন ادوية .

وَعِلْمُ النُّجُوْمِ بِمَنْزِلَةِ الْمَرَضِ ، فَتَعَلُّمُهُ حَرَامٌ، لِاَنَّهٗ يَضُرُّ وَلَا يَنْفَعُ، وَالْهَرَبُ مِنْ قَضَاءِ اللّٰهِ تَعَالٰى غَيْرُ مُمْكِنٍ، فَيَنْبَغِىْ لِكُلِّ مُسْلِمٍ اَنْ يَشْتَغِلَ فِىْ جَمِيْعِ اَوْقَاتِهٖ بِذِكْرِ اللّٰهِ تَعَالٰى وَالدُّعَاءِ وَالتَّضَرُّعِ. وَقِرَاءَةِ الْقُرْآنِ ، وَالصَّدَقَاتِ الدَّافِعَةِ لِلْبَلَاءِ، وَيَسْأَلُ اللّٰهُ تَعَالٰى الْعَفْوَ وَالْعَافِيَةَ فِى الدُّنْيَا وَالْاٰخِرَةِ ،لِيَصُوْنَهُ اللّٰهُ تَعَالٰى عَنِ الْبَلَاءِ وَالْآفَاتِ ، فَاِنَّ مَنْ رُزِقَ الدُّعَاءُ، لَمْ يُحْرَمِ الْاِجَابَةَ.

আর জ্যোতির্বিদ্যা রোগের তুল্য, যা শিক্ষা করা হারাম। কারণ, তা কেবল ক্ষতি করে, লাভ করেনা। আর আল্লাহর ফয়সালা ও সিদ্ধান্ত থেকে পলায়ন করা অসম্ভব। তাই প্রত্যেক মুসলমানের উচিত, সর্বক্ষণ আল্লাহর স্মরণ, দুআ ও অনুনয়-বিনয়ে লিপ্ত হওয়া। কুরআন তিলাওয়াত করা ও বিপদ দূরকারী সদকা দান করা। আর আল্লাহর নিকট দুনিয়া আখেরাত উভয় জাহানে ক্ষমা ও শান্তি প্রাপ্তির জন্য দুআ করবে। যাতে আল্লাহ তাকে সর্বপ্রকার বিপদ আপদ থেকে রক্ষা করেন। কারণ, যাকে দুআ করা তৌফীক দেয়া হয়েছে, তাকে কবুল থেকে বঞ্চিত করা হয়নি।

শব্দ বিশ্লেষণ ঃ

الهرب - পালানো, পলায়ন করা। বাবে نصر এর মাছদার। এর প্রতি শব্দ قضاء هروب

- ফয়সালা, বিচার, রায়, পালন, পূর্ণ করা। বাবে ضـــرب এর মাছদার। আল্লাহ বলেন, فاذا قضيتم مناسككم فاذكروا الله كذكركم آباء كم أوشد ذكرا .

قدر - নিয়তি, ভাগ্য, তকদীর, পরিমাণ, মর্যাদা, ক্ষমতা। বহুবচন أقدار . আল্লাহ বলেন انا كل شي خلقنه بقدر [القمر: ٤٩]

التضرع - কাকুতি-মিনতি করা, বিনয় করা। বাবে تفعل এর মাছদার।

العفو - ক্ষমা, মার্জনা, মাফ, সহজতা। বাবে نـصـر এর মাছদার। আল্লাহ বলেন, وان تعفوا و تصفحوا وتغفروا فان الله عفور رحيم [التغابن: ١٤]

العافية - সুস্থতা, সুস্বাস্থ্য।

يصون - রক্ষা করবে। বাবে نصر থেকে واحد مذكر غائب مضارع معروف এর ছীগাহ। মাছদা صيانة، صون .

فَإِنْ كَانَ الْبَلَاءُ مُقَدَّرًا يُصِيبُهُ لَا مَحَالَةَ. وَلٰكِنْ يُيَسِّرُهُ اللّٰهُ تَعَالٰى عَلَيْهِ وَيَرْزُقُهُ الصَّبْرَ بِبَرَكَةِ الدُّعَاءِ. اَللّٰهُمَّ إِلَّا إِذَا تَعَلَّمَ مِنَ النُّجُومِ قَدْرَ مَا يُعْرَفُ بِهِ الْقِبْلَةُ وَأَوْقَاتُ الصَّلٰوةِ فَيَجُوزُ لِأَنَّهُ سَبَبٌ مِنَ الْأَسْبَابِ فَيَجُوزُ تَعَلُّمُهُ كَسَائِرِ الْأَسْبَابِ، وَقَدْ تَدَاوَى النَّبِيُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ .

কিন্তু বিপদ যদি তাকদীরে থেকে থাকে, তাহলে অবশ্যই তাকে তা পেয়ে বসবে। তবে আল্লাহ তাআলা তা থেকে মুক্তি পাওয়ার পথ তার জন্য সহজ করে দেন এবং তাকে ধৈর্য ধারণ করার তৌফীক দান করেন। তবে জ্যোতির্বিদ্যা এতটুকু শিক্ষা করা জায়েয, যতটুকু দ্বারা ক্বিবলা ও নামাযের সময় নির্ণয় করা যায়। কারণ, তা (বৈধ লক্ষ্যে পৌঁছার) মাধ্যম সমূহের একটি মাধ্যম। তাই অন্যান্য মাধ্যম সমূহের জ্ঞানার্জনের ন্যায় ঐ বিষয়ের জ্ঞানার্জ করাও জায়েয। আর নবী (সঃ) তো চিকিৎসা করেছেন। (এদ্বারা জানা গেল চিকিৎসা বিজ্ঞান শিক্ষা করাও জায়েয। বরং জরুরী। কারণ, তাদ্বারা মানুষ সুস্থতা লাভ করে, যে সুস্থতা না থাকলে মানুষের পক্ষে সঠিক ভাবে আল্লাহর ইবাদত করা অসম্ভব)।

শব্দ বিশ্লেষণ ঃ

يصيب - পৌঁছাবে, পাবে। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اصابة । আল্লাহ বলেন نصيب برحمتنا من نشاء [يوسف: ٥٦]

ييسر - সহজ করবে করে দিবে। বাবে تفعيل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تيسير । আল্লাহ বলেন

. فسنيسره لليسرى [الليل: ٧]

تداوى - বাবে تفاعل থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার , تداوى । অর্থঃ চিকিৎসা করা, আরোগ্য লাভ করা।

وَقَدْ حُكِيَ عَنِ الشَّافِعِيِّ رَحْمَةُ اللّٰهِ عَلَيْهِ اِنَّهٗ قَالَ: اَلْعِلْمُ عِلْمَانِ عِلْمُ الْفِقْهِ لِلْاَدْيَانِ، وَعِلْمُ الطِّبِّ لِلْاَبْدَانِ، وَمَاوَرَاءَ ذٰلِكَ بُلْغَةُ مَجْلِسٍ . اَمَّا تَفْسِيْرُ الْعِلْمِ فَهُوَ صِفَةٌ يَتَجَلّٰى بِهَا لِمَنْ قَامَتْ هِيَ بِهِ الْمَذْكُوْرُ، وَالْفِقْهُ مَعْرِفَةُ دَقَائِقِ الْعِلْمِ.

ইমাম শাফেয়ী (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেছেন, ইলম দুপ্রকার। ১. ইলম ফিক্বাহ, যা দ্বারা ধর্মীয় বিষয় সমূহ জানা যায়। ২. চিকিৎসা বিদ্যা, যা দ্বারা শরীরের অসুস্থতা ও তার প্রতিকার জানা যায়। এছাড়া অন্যান্য ইলম জ্ঞান সভার সৌন্দর্য স্বরূপ। আর ইলম এর সংজ্ঞা হচ্ছে, এমন একটি গুণকে ইলম বলা হয়, যা কারো মধ্যে পাওয়া গলে তার নিকট উল্লেখ যোগ্য যাবতীয় বিষয় স্পষ্ট প্রতিভাত হয়ে উঠে। আর ফিকাহ হচ্ছে, ইলম এর সুক্ষ্ম বিষয় সমূহের পরিচয় লাভ করা ।

শব্দ বিশ্লেষণ ঃ

حكى - বর্ণনা করা হয়েছে, বর্ণিত আছে। বাবে ضرب থেকে ماضى مجهول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার حكاية .

بلغة - প্রাচুর্য, পর্যাপ্ত পরিমান। এখানে উদ্দেশ্য সৌন্দর্য।

تفسير - ব্যাখ্যা, পরিচয়, সংজ্ঞা। বাবে تفعيل এর মাছদার আল্লাহ বলেন. ولا يأتونك بمثل إلا جئناك بالحق واحسن تفسيرا .

صفة - গুণ, বৈশিষ্ট্য, বর্ণনা। বহুবচন صفات .

يتجلى - স্পষ্ট হয়, পরিস্কার হয়, প্রকাশ পায়। বাবে تفعل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছাগাহ। মাছদা تجلى.

المذكور - উল্লেখ কৃত, উল্লেখ যোগ্য, স্মরণকৃত, স্মরণ যোগ্য বিষয় বা বস্তু। বাবে نصر থেকে اسم مفعول এর واحد مذكر এর ছীগাহ। মাছদার ذكر । المذكور শব্দটি يتجلى - فعل এর فاعل .

معرفة - পরিচয়, জ্ঞান, শিক্ষা, জানা, চিনা। বহুবচন معارف । এর প্রতিশব্দ عرفان । উভয়টা বাবে ضرب এর মাছদার। আল্লাহ বলেন,

الذين آتيناهم الكتاب يعرفونه كما يعرفون أبناء هم .

دقائق - دقيقة এর বহুবচন। অর্থঃ সুক্ষ্ম, ক্ষুদ্র, মিনিট। এখানে উদ্দেশ্য প্রথম অর্থ।

قَالَ اَبُوْ حَنِيْفَةَ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى: اَلْفِقْهُ مَعْرِفَةُ النَّفْسِ مَالَهَا وَمَا عَلَيْهَا. وَقَالَ: مَاالْعِلْمُ اِلَّا لِلْعَمَلِ بِهٖ، وَالْعَمَلُ بِهٖ تَرْكُ الْعَاجِلِ لِلْاٰجِلِ. فَيَنْبَغِيْ لِلْاِنْسَانِ اَنْ لَا يَغْفُلَ عَنْ نَفْسِهٖ وَمَا يَنْفَعُهَا، وَمَا يَضُرُّهَا فِىْ اُوْلَاهَا وَاُخْرٰهَا. فَيَسْتَجْلِبُ مَا يَنْفَعُهَا وَيَجْتَنِبُ مَا يَضُرُّهَا، كَيْلَا يَكُوْنَ عَقْلُهٗ

ইমাম আবু হানিফা (রহঃ) বলেছেন, ফিক্বাহ হচ্ছে, ঐসব বিষয় সমূহকে জানা, যা নিজের জন্য উপকারী ও যা নিজের জন্য ক্ষতিকারক। তিনি আরো বলেছেন, ইলম তো কেবল আমলেরই জন্য। আর আমলের অর্থ হচ্ছে, আখেরাতের জন্য দুনিয়াবী স্বার্থ ত্যাগ করা। তাই প্রত্যেক মানুষের উচিত, নিজ সম্পর্কে এবং যে সব বিষয় তার দুনিয়া ও আখেরাত উভয়ের জন্য লাভজনক বা ক্ষতিকর সে সব বিষয় সম্পর্কে উদাসীন হয়ে না পড়া। বরং যা

শব্দ বিশ্লেষণ ঃ

مـالها- যা তার পক্ষে বা তার জন্য কল্যান কর, উপকারী, লাভজনক। مـاعليها যা তার বিপক্ষে বা তার জন্য ক্ষতিকর , অপকারী। আল্লাহ বলেন-

ولا يكلف الله نفسا الا وسعها لها ملكسبت وعليها ما اكتسبت [البقرة:٢٨٦]

الـعـاجل - ক্ষণস্থায়ী, যা দ্রুত চলে যায়। এখানে উদ্দেশ্য ইহজগত বা পার্থিব বিষয় । এর বিপরীত শব্দ الآجل.

اولـى - প্রথম, পূর্ব। এখানে উদ্দেশ্য দুনিয়া। শব্দটি اول এর مـؤنـث। আল্লাহ বলেন

. وللآخرة خير لك من الاولى [الضحى:٤]

اخـرى - শেষ, পর। এখানে উদ্দেশ্য আখেরাত। শব্দটি آخـر এর مـونـث । আল্লাহ বলেন-[الصف :١٣]- . واخرى تحبونها نصر من الله وفتح قريب

يستجلب - টেনে নিবে, অর্জন করবে। বাবে استـفعال থেকে مـضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার, استجلاب । মাদ্দাহ ج،ل،ب ।

يـجتنب - বেঁচে থাকবে। বাবে افتـعال থেকে مـضـارع معروف এর واحـد مذكر غائب এর ছীগাহ। মাছদার اجتناب । আল্লাহ বলেন

ان تجتنبوا كبائر ما تنهون عنكم نكفر عنكم سيئاتكم [النساء: ٣١]

يضر - ক্ষতি করে, লোকসান করে। বাবে نصر থেকে مـضارع معروف এর واحد

وَعِلْمُهُ حُجَّةً عَلَيْهِ، فَيَزْدَادُ عُقُوبَةً نَعُوذُ بِاللهِ مِنْ سَخَطِهِ وَعِقَابِهِ، وَقَدْ وَرَدَ فِيْ مَنَاقِبِ الْعِلْمِ وَفَضَائِلِهِ اٰيَاتٌ وَاَخْبَارٌ صَحِيْحَةٌ مَشْهُوْرَةٌ لَمْ نَشْتَغِلْ بِذِكْرِهَا كَيْلَا يَطُوْلَ الْكِتَابُ.

লাভজনক তা অর্জন করবে এবং যা ক্ষতিকর তা থেকে বেঁচে থাকবে। যাতে তার বুদ্ধি ও জ্ঞান তার বিরুদ্ধে সাক্ষী না হয়। যার ফলে (অন্যান্য লোকদের চেয়ে) তার শাস্তি বেড়ে যাবে। আল্লাহর অসন্তুষ্টি ও আযাব থেকে তার আশ্রয় গ্রহণ করছি। আর ইলম এর গুরুত্ব ও মার্যাদা সম্পর্কে অনেক আয়াত ও প্রসিদ্ধ সহীহ হাদীছ বর্ণিত হয়েছে। পুস্তকের কলেবর বৃদ্ধির আশংকায় আমরা ঐগুলো এখানে উল্লেখ করছিনা।

مذكر غائب এর ছীগাহ। মাছদার ضر । এর প্রতি শব্দ نفع । আল্লাহ বলেন ولا يملكون لانفسهم ضرا ولا نفعا [الفرقان: ٣]

حجة - হা' র পেশ সহকারে। অর্থ ঃ দলিল, প্রমাণ, সাক্ষী, প্রতিবাদ। বহুবচন حجج، حجات .

يزداد - বেড়ে যাবে। বাবে افعلال থেকে واحد مذكر مضارع معروف এর غائب এর ছীগাহ। মাছদার ازدياد । আল্লাহ বলেন

ان الذين آمنوا ثم كفروا ثم ازدادوا كفرا لن تقبل توبتهم .

سخط - অসন্তুষ্টি, অসন্তোষ, রাগ। বাবে سمع এর মাছদার । আল্লাহ বলেন فان اعطوا منها رضوا وان لم يعطوا منها اذا هم يسخطون [التوبة: ٥٨]

ورد - বর্ণিত হয়েছে, এসেছে। বাবে ضرب থেকে واحد ماضي معروف এর مذكر غائب এর ছীগাহ। মাছদার ورود । আল্লাহ বলেন

ولما ورد ماء مدين وجد عليه امة من الناس يسقون. [القصص: ٢٣]

اخبار - خبر এর বহুবচন। অর্থ ঃ খবর, সংবাদ, বার্তা, হাদীস। আল্লাহ বলেন قل لا تعتذروا لن نؤمن لكم قد نبأ الله من أخباركم . [التوبة: ٩٤]

يطول - লম্বা হবে। বাবে نصر থেকে واحد مذكر غائب مضارع معروف এর এর ছীগাহ। মাছদার طول । আল্লাহ বলেন

فطال عليهم الامد فقست قلوبهم . [الحديد: ١٦]

فَصْلٌ فِى النِّيَّةِ فِى حَالِ التَّعَلُّمِ

ثُمَّ لَابُدَّلَهُ مِنَ النِّيَّةِ فِى زَمَانِ تَعَلُّمِ الْعِلْمِ، اِذِ النِّيَّةُ هِىَ الْاَصْلُ فِى جَمِيعِ الْاَحْوَالِ لِقَوْلِهِ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ: اِنَّمَا الْاَعْمَالُ بِالنِّيَّاتِ [حَدِيْثٌ صَحِيْحٌ] وَعَنْ رَسُوْلِ اللّٰهِ ﷺ: كَمْ مِنْ عَمَلٍ يَتَصَوَّرُ بِصُوْرَةِ اَعْمَالِ الدُّنْيَا وَيَصِيْرُ بِحُسْنِ النِّيَّةِ مِنْ اَعْمَالِ الْاٰخِرَةِ، وَكَمْ مِنْ عَمَلٍ يَتَصَوَّرُ بِصُوْرَةِ اَعْمَالِ الْاٰخِرَةِ ثُمَّ تَصِيْرُ مِنْ اَعْمَالِ الدُّنْيَا بِسُوْءِ النِّيَّةِ.

দ্বিতীয় অধ্যায় শিক্ষাকালে নিয়ত সম্পর্কে

অতঃপর তালেব ইলম (শিক্ষার্থী) এর জন্য শিক্ষাকালে নিয়ত করা অপরিহার্য। কেননা সর্বাবস্থায় নিয়্যতই সার বিষয়। কারণ, রাসূলুল্লাহ (সাঃ) এর পবিত্র ইরশাদ ঃ নিশ্চয় কর্ম সমূহের ফলাফল নিয়তের ওপর নির্ভরশীল। এ হাদীছটা (সনদের দিক দিয়ে) সহীহ। আর রাসূলুল্লাহ (সাঃ) থেকে একথাও বর্ণিত আছে, 'অনেক কাজ দুনিয়াবী কাজের আকৃতি ধারণ করে। কিন্তু নিয়ত ঠিক থাকার কারণে তা আখেরাতের কাজে পরিণত হয়। আর অনেক কাজ রয়েছে, যা আখেরাতের কাজের আকৃতি ধারণ করে। কিন্তু নিয়ত ঠিক না থাকার কারণে তা দুনিয়ার কাজে পরিণত হয়''।

শব্দ বিশ্লেষণ ঃ

الأصل- আসল, মূল, শিকড়, উৎস, ভিত্তি, নীতি। বহুবচন أصول .

النيات - نية এর বহুবচন । অর্থঃ নিয়ত , ইচ্ছা। نية বাবে ضرب এর মাছদার।

يتصور - আকৃতি ধারণ করে। বাবে تفعل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تصور । কল্পনা করা অর্থেও ব্যবহৃত হয়।

صورة- আকৃতি, চিত্র, ছবি। বহুবচন صور .

يصير - হয়ে যায়, হয়। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার صيرورة .

وَيَنْبَغِى اَنْ يَنْوِىَ الْمُتَعَلِّمُ بِطَلَبِ الْعِلْمِ رِضَا اللّٰهِ تَعَالٰى وَالدَّارَ الْآخِرَةَ ، وَاِزَالَةَ الْجَهْلِ عَنْ نَفْسِهِ، وَعَنْ سَائِرِ الْجُهَّالِ، وَاِحْيَاءِ الدِّيْنِ، وَاِبْقَاءِ الْاِسْلَامِ، فَاِنَّ بَقَاءَ الْاِسْلَامِ بِالْعِلْمِ ، وَلَا يَصِحُّ الزُّهْدُ وَالتَّقْوٰى مَعَ الْجَهْلِ. اَنْشَدَنِىَ الْاُسْتَاذُ الشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ بُرْهَانُ الدِّيْنِ صَاحِبُ الْهِدَايَةِ شِعْرًا لِبَعْضِهِمْ:

আর শিক্ষার্থীর জন্য উচিত, আল্লাহর সন্তুষ্টি, আখেরাতের কল্যান লাভ, স্বীয় ও অন্যান্য মুর্খদের অজ্ঞতা দূর করা ও দ্বীন ইসলামের প্রতিষ্ঠা এবং একে টিকিয়ে রাখাকে ইলম অর্জনের লক্ষ্য হিসেবে গ্রহণ করা । কারণ, ইসলামের টিকে থাকা নির্ভর করে ইলমের ওপর। আর অজ্ঞতা দ্বারা দুনিয়া বিমুখতা ও পরহেজাগারী সঠিকত্ব লাভ করতে পারেনা। আমার উস্তাদ হিদায়া প্রণেতা শায়খ ইমাম বুরহানুদ্দীন কোন আলেমের এ কবিতাটি আমাকে আবৃত্তি করে শুনিয়েছেনঃ -

শব্দ বিশ্লেষণ ঃ

رضا - সন্তুষ্টি, সন্তোষ, আনন্দ। এর প্রতি শব্দ رضوان এর ক্রিয়া রূপান্তর হয় سمع থেকে।

إزالة - দূর করা, হটানো। বাবে افعال এর মাছদার।

الجهل - অজ্ঞতা, মূর্খতা, কুপমন্ডুকতা। এর প্রতিশব্দ جهالة । আল্লাহ বলেন:

يا ايها الذين آمنوا ان جاءكم فاسق بنبأ فتبينوا أن تصيبوا قوما بجهالة [الحجرات :٦]

احياء- জীবিত করণ, প্রতিষ্ঠা করা। বাবে افعال এর মাছদার। আল্লাহ বলেন

ويحى الارض بعد موتها [الروم :١٩] .

ابقاء - বাকী রাখা, টিকিয়ে রাখা। বাবে افعال এর মাছদার । আল্লাহ বলেন

لاتبقى ولا تذر [المدثر:٢٨]

بقاء - বাকী থাকা, টিকে থাকা। বাবে سمع এর মাছদার।

انشد - বাবে افعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার انشاد । অর্থ ঃ কবিতা বা সংগীত আবৃত্তি করা।

فَسَادٌ كَبِيْرٌ عَالِمٌ مُتَهَتِّكٌ   وَاَكْبَرُ مِنْهُ جَاهِلٌ مُتَنَسِّكٌ
هُمَا فِتْنَةٌ فِى الْعَالَمِيْنَ عَظِيْمَةٌ   لِمَنْ بِهِمَا فِىْ دِيْنِهٖ يَتَمَسَّكُ

وَيَنْوِى بِهٖ الشُّكْرَ عَلٰى نِعْمَةِ الْعَقْلِ وَصِحَّةِ الْبَدَنِ . وَلَا يَنْوِىْ بِهٖ اِقْبَالَ النَّاسِ اِلَيْهِ، وَاسْتِجْلَابَ حُطَامِ الدُّنْيَا، وَالْكَرَامَةِ عِنْدَ السُّلْطَانِ وَغَيْرِهٖ .

১. (শরীয়তের) সীমালংঘনকারী আলেম বড় অনর্থ সৃষ্টিকারী। আর তার চেয়ে বড় অনর্থ সৃষ্টিকারী হচ্ছে , মূর্খ ধার্মিক।

২. দুনিয়াতে তারা উভয়ে ঐ লোকের জন্য মহা ফিৎনা, যে তার ধর্মীয় বিষয়ে ওদের অনুসরণ করে।

আর শিক্ষার্থী ইলম অর্জনের ক্ষেত্রে বুদ্ধি ও শারীরিক সুস্থতার শোকর আদায়ের নিয়তও করবে। আর নিজের কাছে লোকজনের আগমন, দুনিয়া অর্জন ও রাজা-বাদশাহর নিকট সম্মান প্রাপ্তি ইত্যাদির নিয়্যতে ইলম শিখবেনা।

শব্দ বিশ্লেষণ ঃ

فساد - অনর্থ, দুস্কর্ম, দুর্নীতি, ফ্যাসাদ, গন্ডগোল, বিকৃতি, পচন। বাবে نصر এর মাছদার। افساد - ফ্যাসাদ সৃষ্টি করা। আল্লাহ বলেন:

. ولا تفسدوا فى الارض بعد اصلاحها وادعوه خوفا وطمعا[الاعراف :٥٦]

متهتك - লংঘনকারী , ছিন্নকারী, নষ্ট কারী। বাবে تفعل থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। মাছদার تهتك । هتك এরও একই অর্থ।

متنسك - ধার্মিক, তাপস। বাবে تفعل থেকে اسم فاعل এ واحدمذكر এর ছীগাহ। মাছদার تنسك .

فتنه - ফিৎনা, পরীক্ষা, গোলযোগ, বিপদ, আকর্ষণ। বহুবচন فتن । আল্লাহ তাআলা বলেন [الانفال: ٣٩] وقاتلوهم حتى لاتكون فتنة .

اقبال - আগমন, কাছে আসা, নিকটবর্তী হওয়া। বাবে افعال এর মাছদার।

حطام - তুচ্ছ বস্তু, ভাঙ্গা টুকরা। حطم، تحطيم - ভাঙ্গা, টুকরা টুকরা করা।

الكرامة - সম্মান, মার্যাদা। বাবে كرم এর মাছদার। اكرام- সম্মান করা।

. قَالَ مُحَمَّدُ بْنُ الْحَسَنِ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى: لَوْكَانَ النَّاسُ كُلُّهُمْ عَبِيْدِىْ لَاَ عْتَقْتُهُمْ وَتَبَرَّأْتُ عَنْ وَلَائِهِمْ، وَذٰلِكَ لِاَنَّ مَنْ وَجَدَ لَذَّةَ الْعِلْمِ وَالْعَمَلِ بِهٖ قَلَّمَا يَرْغَبُ فِيْمَا عِنْدَ النَّاسِ.

اَنْشَدَنَا الشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ الْاُسْتَاذُ قِوَامُ الدِّيْنِ حَمَّادُ بْنُ اِبْرَاهِيْمَ بْنِ اِسْمَاعِيْلَ الصَّفَّارِ الْاَنْصَارِىِّ اِمْلَاءً لِاَبِىْ حَنِيْفَةَ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى شِعْرًا:

ইমাম মুহাম্মদ বিন হাসান রাহিমাহুল্লাহু বলেছেন, দুনিয়ার সকল মানুষ যদি আমার গোলাম হয়ে যেত, তাহলে আমি অবশ্যই সকলকে আজাদ করে দিতাম এবং তাদের প্রভুত্ব থেকে মুক্ত হয়ে যেতাম। আর এটা এজন্য, যে ব্যক্তি ইলম ও তা অনুযায়ী আমল করার স্বাদ পেয়েছে, সে খুব কমই মানুষের সম্পদের প্রতি লোভ করে। আমাকে আমার উস্তাদ মহান ইমাম কিওয়ামুদ্দীন হাম্মাদ বিন ইব্রাহীম বিন ইসমাঈল আল সাফফার আল আনসারী ইমাম আবু হানিফার এ কবিতাটি লিখে পড়িয়েছেনঃ

শব্দ বিশ্লেষণ ঃ

لاعتقتهم - আমি তাদের অবশ্যই মুক্ত করে দিতাম। اعتقت বাবে افعال থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার اعتاق.

تبرأت - মুক্ত হয়েছি, হতাম। বাবে تفعل থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার تبرأ। আল্লাহ বলেন,

. اذ تبرأ الذين اتبعوا من الذين اتبعوا ورأوا العذاب [البقرة: ١٦٦]

ولاء - বন্ধুত্ব, মৈত্রী, দায়িত্ব, জিম্মা, অভিভাবকত্ব।

لذة - স্বাদ, মজা, আনন্দ। বহুবচন لذات। لذاذة، لذاذ - সুস্বাদু হওয়া, মজাদার হওয়া।

قلما- কমই, সামান্যই। قل বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার قلة। তবে قلة এর সাথে ما যুক্ত হওয়ায় তা আর فعل রয়নি।

املاء - পুর্ণ করা, অবকাশ দেয়া, শ্রুতি লিখন, বলে লেখানো। বাবে افعال এর মাছদার। আল্লাহ বলেন واملى لهم ان كيدى متين

مَنْ طَلَبَ الْعِلْمَ لِلْمَعَادِ   فَازَ بِفَضْلٍ مِنَ الرَّشَادِ

فَيَا لَخُسْرَانُ طَالِبِيْهِ   لِنَيْلِ فَضْلٍ مِنَ الْعِبَادِ

اَللّٰهُمَّ اِلَّا اِذَا طَلَبَ الْجَاهَ لِلْاَمْرِ بِالْمَعْرُوْفِ وَالنَّهْىِ عَنِ الْمُنْكَرِ وَ تَنْفِيْذِ الْحَقِّ وَاِعْزَازِ الدِّيْنِ، لَا لِنَفْسِهٖ وَهَوَاهُ، فَيَجُوْزُ ذٰلِكَ بِقَدْرِ مَايُقِيْمُ بِهِ الْاَمْرَ بِالْمَعْرُوْفِ وَالنَّهْىَ عَنِ الْمُنْكَرِ.

---

১. যে আখেরাতের উদ্দেশ্যে ইলম অর্জন করেছে, সে আল্লাহর অনুগ্রহ নিয়ে সফলকাম হয়েছে।

২. অতএব, দেখুন! তার ক্ষতির দিকে , যে ইলম অর্জন করেছে মানুষের কাছে সম্মান পাওয়ার উদ্দেশ্যে।

তবে প্রবৃত্তির চাহিদা পূরণ নয়, বরং ভাল কাজের আদেশ, ও মন্দ কাজে নিষেধ, সত্যের প্রতিষ্ঠা এবং দ্বীনকে বিজয়ী করার উদ্দেশ্যে খ্যাতি অর্জন করতে গেলে কোন অসুবিধা নেই। তবে তা কেবল এতটুকু অর্জন করা বৈধ, যতটুকু দ্বারা ভাল কাজের আদেশ ও মন্দ কাজে নিষেধ করতে সক্ষম হওয়া যায়।

শব্দ বিশ্লেষণ ঃ

معاد - প্রত্যাবর্তনস্থল, গন্তব্য, পরকাল। বাবে نصر থেকে اسم ظرف মাছদার عود .

الرشاد - সত্যতা, যথার্থতা, সঠিকতা, হিদয়াত। এখানে উদ্দেশ্য হিদায়াতকারী তথা আল্লাহ তাআলা।

الجاه -সম্মান, মর্যাদা, গৌরব, খ্যাতি।

تنفيذ - প্রতিষ্ঠা করণ, বাস্তবায়ন, কার্যকর করণ, সম্পাদন, নির্বাহ। বাবে تفعيل এর মাছদার।

اعزاز - শক্তি শালী করা, বিজয়ী করা, সম্মান করা, পছন্দ করা। বাবে افعال এর মাছদার। কুরআনে আছে:

. وتعز من تشاء وتذل من تشاء بيد ك الخير[ال عمران: ٢٦]

وَيَنْبَغِى لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَتَفَكَّرَ فِىْ ذٰلِكَ، فَاِنَّهٗ يَتَعَلَّمُ الْعِلْمَ بِجَهْدٍ كَثِيْرٍ فَلَا يَصْرِفُهٗ اِلَى الدُّنْيَا الْحَقِيْرَةِ الْقَلِيْلَةِ الْفَانِيَةِ.

هِىَ الدُّنْيَا اَقَلُّ مِنَ الْقَلِيْلِ   وَعَاشِقُهَا اَذَلُّ مِنَ الذَّلِيْلِ

تُصِمُّ بِسَحْرِهَا قَوْمًا وَتُعْمِىْ   فَهُمْ مُتَحَيِّرُوْنَ بِلَادَلِيْلِ

আর শিক্ষার্থীর কর্তব্য, এ ব্যাপারে চিন্তা ভাবনা করা। কারণ, সে ইলম শিখছে অনেক শ্রম দিয়ে। অতএব, একে নশ্বর ও অতিতুচ্ছ দুনিয়া অর্জনের উপলক্ষ্য বানাবেনা।

১. এ দুনিয়া (আখেরাতের মোকাবেলায়) অতি তুচ্ছ। আর তার প্রেমিক যার পর নেই লাঞ্ছিত।

২. এর সম্মোহণ দ্বারা একদল লোককে অন্ধ ও বধির করে। ফলে তারা কোন নির্দেশিকা ছাড়া দিশেহারা।

শব্দ বিশ্লেষণ ঃ

جهد - চেষ্টা , পরিশ্রম, কষ্ট করা। বাবে فتح এর মাছদার।

عاشق - প্রেমিক, অনুরাগী। বহুবচন عشاق । বাবে سمع থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। মাছদার عشق .

تصم- বধির বানায়। বাবে إفعال থেকে مضارع معروف এর واحد مؤنث غائب এর ছীগাহ। মাছদার إصمام। اصم -বধির। বহুবচন صم ।

تعمى- অন্ধ বানায়। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مؤنث غائب এর ছীগাহ। মাছদার إعماء। اعمى -অন্ধ। বহুবচন عمى । আল্লাহ বলেন صم بكم عمى فهم لا يعقلون [البقرة: ١٨]

متحيرون - متحير এর বহুবচন। বাবে تفعل থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। অর্থ ঃ দিশে হারা, হতবুদ্ধি, কিংকর্তব্য বিমূঢ়। মাছদার تحير।

دليل - দলিল, যুক্তি, প্রতীক, নির্দেশিকা, গাইড। বহুবচন ادلاء، دلائل

وَيَنْبَغِىْ لِاَهْلِ الْعِلْمِ اَلَّا يُذِلَّ نَفْسَهٗ بِالطَّمْعِ فِىْ غَيْرِ مُطْمَعٍ، وَيَتَحَرَّزَ عَمَّا فِيْهِ مَذَلَّةُ الْعِلْمِ وَاَهْلِهٖ، وَيَكُوْنُ مُتَوَاضِعًا ، وَالتَّوَاضُعُ بَيْنَ التَّكَبُّرِ وَالْمَذَلَّةِ وَالْعِفَّةِ ، كَذٰلِكَ يُعْرَفُ ذٰلِكَ فِىْ كِتَابِ الْاَخْلَاقِ، اَنْشَدَ الشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ الْاُسْتَاذُ رُكْنُ الْاِسْلَامِ الْمَعْرُوْفُ بِالْاَدِيْبِ الْمُخْتَارِ رَحِمَهُ اللّٰهُ شِعْرًا لِنَفْسِهٖ:

اِنَّ التَّوَاضُعَ مِنْ خِصَالِ الْمُتَّقِىْ ۞ وَبِهِ التَّقِىُّ اِلَى الْمَعَالِىْ يَرْتَقِىْ

وَمِنَ الْعَجَائِبِ عُجْبُ مَنْ هُوَ جَاهِلٌ ۞ فِىْ حَالِهٖ أَهُوَ السَّعِيْدُ اَمِ الشَّقِىُّ

আর ইলমের অধিকারী তথা আলেমের উচিত, অসঙ্গত লোভের পেছনে পড়ে নিজেকে লাঞ্ছিত না করা। আর এমন সব বিষয় থেকে দূরে থাকবে, যা ইলম ও আলেমের জন্য লাঞ্চনাদায়ক। আর বিনয়ী হবে। বিনয় হল, অহংকার ও হীনতার মধ্যবর্তী সংযমের পথ। " আল আখলাক" পুস্তকে এভাবেই রয়েছে এসব বিষয়। আদীবে মোখতার নামে খ্যাত মহান ইমাম ও শিক্ষক শায়খ রুকনুল ইসলাম রহিমাহুল্লাহু নিজের একটি কবিতা পড়ে শুনিয়েছেনঃ

১. নিঃসন্দেহে বিনয় মুত্তাকীর বৈশিষ্ট্য। আর তা দ্বারাই মুত্তাকী উচ্চস্থানে আরোহন করে।

২. ঐ লোকের অহমিকা আশ্চর্যজনক, যে নিজে সৌভাগ্যবান না দূর্ভাগা সে বিষয়ে অনবহিত।

الطمع - লোভ করা, কামনা করা, চাওয়া। বাবে سمع এর মাছদার।

مطمع - লোভনীয় বস্তু বা বিষয়। اسم ظرف এর واحد مذكر এরছীগাহ। غير مطمع আলোভনীয় বস্তু।

يذل - লাঞ্ছিত করে , অসম্মানিত করে। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اذلال । এর বিপরীত শব্দ اعزاز .

التقى - متقى এর প্রতি শব্দ। অর্থঃ মোত্তাকী, পরহেজগার, দ্বীনদার। বহুবচন اتقياء ।

আল্লাহ বলেন , [مريم: ٦٣] تلك الجنة التى نورث من عبادنا من كان تقيا

العجائب - عجيبة এর বহুবচন । অর্থঃ আশ্চর্য জনক বিষয়, বিস্ময়কর বস্তু।

عجب - অহমিকা, দম্ভ, অহংকার, বড়াই।

سعيد - সৌভাগ্যবান , সুখী। বাবে سمع থেকে اسم فاعل এর ছীগাহ। বহুবচন سعداء . মাছদার سعادة । এর বিপরীত শব্দ شقى .

اَمْ كَيْفَ يَخْتِمُ عُمْرَهُ اَوْرُوْحَهُ☆ يَوْمَ النَّوٰى مُتَسَفِّلٌ اَوْمُرْتَقِىْ
وَالْكِبْرِيَاءُ لِرَبِّنَا صِفَةٌ بِهٖ☆ مَخْصُوْصَةٌ فَتَجَنَّبْهَا وَاتَّقِىْ
قَالَ اَبُوْ حَنِيْفَةَ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى لِاَصْحَابِهٖ: عَظِّمُوْا عَمَائِمَكُمْ وَوَسِّعُوْا اَكْمَامَكُمْ. وَاِنَّمَا قَالَ ذٰلِكَ لِئَلَّا يَسْتَخِفَّ بِالْعِلْمِ وَاَهْلِهٖ.

৩. অথবা সে জানেনা, তার জীবনের কিভাবে অবসান হবে ও মৃত্যু দিবসে তার প্রাণ নীচের দিকে যাবে না ওপরের দিকে উঠবে।

৪. অহংকার আমাদের পালনকর্তার বিশেষ গুণ। অতএব, তা থেকে দূরে থেকো এবং আত্মরক্ষা করো।

ইমাম আবু হানীফা রাহিমাহুল্লাহ তার শিষ্যদের বলেছেন, তোমাদের পাগড়ী বড় করো এবং তোমাদের (জামার) আস্তিন প্রশস্ত করো। আর এটা এ জন্যই বলেছেন, যাতে কেউ ইলম ও আলেমকে অবজ্ঞা না করে।

يوم النوى - মৃত্যু দিবস, মারা যাওয়ার দিন।

متسفل -নিম্ন গামী, নীচে চলে যায় এমন। বাবে تفعل থেকে اسم فاعل এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تسفل .

مرتقى - উর্ধ্বগামী। বাবে افتعال থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। মাছদার ارتقاء ।

الكبرياء - كبر এর বহুবচন । অর্থঃ বড়ত্ব, অহংকার, মহিমা। আল্লাহ বলেন وله الكبرياء فى السماوات والارض [الجاثية :٣٧]

عمائم - عمامة এর বহুবচন। অর্থঃ পাগড়ী, দস্তার।

اكمام - كم এর বহুবচন । অর্থঃ আস্তীন, হাতা, কপ।

وسعوا - প্রশস্ত করো। বাবে تفعيل থেকে امر حاضر معروف এর جمع مذكر এর ছীগাহ। মাছদার توسيع ।

يستخف - অবজ্ঞা করা হয়, হালকা মনে করা হয়। বাবে استفعال থেকে مضارع مجهول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার استخفاف .

وَيَنْبَغِى لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَحْصُلَ عَلٰى كِتَابِ الْوَصِيَّةِ الَّتِى كَتَبَهَا اَبُوْ حَنِيفَةَ لِيُوْنُسَ بْنِ خَالِدِ السَّمْتِى عِنْدَ الرُّجُوْعِ اِلٰى اَهْلِهِ، يَجِدُهُ مَنْ يَّطْلُبُهُ . وَقَدْ كَانَ اِسْتَاذُنَا شَيْخُ الْاِسْلَامِ بُرْهَانُ الْاَئِمَّةِ عَلِىُّ بْنُ اَبِىْ بَكْرٍ قَدَّسَ اللّٰهُ رُوْحَهُ الْعَزِيْزَ اَمَرَنِى بِكِتَابَتِهِ عِنْدَ الرُّجُوْعِ إِلٰى بَلَدِىْ وَ كَتَبْتُهُ، وَلَا بُدَّ لِلْمُدَرِّسِ وَالْمُفْتِى فِىْ مُعَامَلَاتِ النَّاسِ مِنْهُ.

আর শিক্ষার্থীর উচিত, ইমাম আবু হানিফার " কিতাবুল ওয়াসিয়াহ" হস্তগত করা, যা তিনি ইউনুস বিন খালেদ আস সিমতীর জন্য তার পরিবারের নিকট ফিরে যাওয়ার সময় লিখেছেন। যে ওটার সন্ধান করবে, সে অবশ্যই পাবে।

আমাদের উস্তাদ শায়খুল ইসলাম বুরহানুল আ-ইম্মা আলী বিন আবুবকর (হিদায়া প্রণেতা) আমার এলাকায় ফিরে যাওয়া সময় সেটা লেখার জন্য আমাকে নির্দেশ দিয়েছিলেন এবং আমি লিখেছিও। শিক্ষক ও মুফতী সাহেবদের জন্য মানুষের সাথে সম্পর্ক বজায় রাখার ক্ষেত্রে সেটার খুব প্রয়োজন হবে।

فَصْلٌ فِيْ اِخْتِيَارِ الْعِلْمِ وَالْاُسْتَاذِ وَالشَّرِيْكِ وَالثَّبَاتِ عَلَيْهِ

يَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَخْتَارَ مِنْ كُلِّ عِلْمٍ اَحْسَنَهٗ، وَمَا يَحْتَاجُ اِلَيْهِ فِيْ اَمْرِ دِيْنِهٖ فِي الْحَالِ، ثُمَّ مَا يَحْتَاجُ اِلَيْهِ فِي الْمَآلِ، وَيُقَدِّمُ عِلْمَ التَّوْحِيْدِ وَيَعْرِفُ اللّٰهَ تَعَالٰى بِالدَّلِيْلِ، فَاِنَّ اِيْمَانَ الْمُقَلِّدِ وَاِنْ كَانَ صَحِيْحًا عِنْدَنَا لٰكِنْ يَكُوْنُ آثِمًا بِتَرْكِ الْاِسْتِدْلَالِ، وَيَخْتَارُ الْعَتِيْقَ دُوْنَ الْمُحْدَثَاتِ ،

তৃতীয় অধ্যায় শিক্ষক ও সঙ্গী নির্বাচন এবং এ ব্যাপারে দৃঢ়তা অবলম্বন সম্পর্কে

শিক্ষার্থীর উচিত, সর্বত্তোম এবং যে জ্ঞানের প্রতি ধর্মীয় বিষয়ে সে তাৎক্ষণিক মুখাপেক্ষী তা অর্জন করা। অতঃপর ভবিষ্যতে যে গুলোর প্রতি মুখাপেক্ষী হবে, পর্যায়ক্রমে সে গুলো (অর্জন করবে) । আর তাওহীদ বিষয়ক ইলমকে অগ্রে রাখবে এবং আল্লাহ তাআলার পরিচয় অর্জন করবে (কুরআন হাদীসের) দলীল প্রমাণের মাধ্যমে, কারো কাছ থেকে শোনে নয় । কারণ অন্ধ (যে দলিল প্রমাণ চিনেনা) অনুসরণকারীর ঈমান আমাদের (আহলেসুন্নাত ওয়াল জামাআত) দৃষ্টিতে শুদ্ধ হলেও দলীল অনুসন্ধান ছেড়ে দেওয়ার কারণে সে (অন্ধ অনুসারী) অপরাধী হবে। আর (শিক্ষার্থীরা) নব আবিস্কৃত বিষয় সমূহকে বাদ দিয়ে পুরাতনকে গ্রহণ করবে।

শব্দ বিশ্লেষণ ঃ

المآل - প্রত্যাবর্তনস্থল। বাবে نصر থেকে اسم ظرف এর ছীগাহ। মাছদার اول ।এখানে উদ্দেশ্য ভবিষ্যৎ।

المقلد - অন্ধ অনুসারী, অনুসারী। বাবে تفعيل থেকে اسم فاعل এর ছীগাহ। মাছদার تقليد ।

الاستدلال - দলীল অনুসন্ধান করা। বাবে استفعال এর মাছদার।

العتيق - পুরাতন। এখানে উদ্দেশ্য নবী, সাহাবী, তাবেয়ী ও তাবে তাবেয়ীগণের ইলম। আল্লাহ বলেন [الحج: ٢٩] وليطوفوا بالبيت العتيق

المحدثات - محدث এর বহুবচন। অর্থঃ নতুন জিনিস, নব আবিস্কৃত বস্তু। কুরআনে আছে [الانبياء: ٢] مايأتيهم من ذكرمن ربهم محدث الااستمعوه وهم يلعبون

وَإِيَّاكَ أَنْ تَشْتَغِلَ بِهٰذَا الْجَدَلِ الَّذِى ظَهَرَ بَعْدَ انْقِرَاضِ الْأَكَابِرِ مِنَ الْعُلَمَاءِ، فَإِنَّهُ يُبْعِدُ الطَّالِبَ عَنِ الْفِقْهِ، وَيُضِيعُ الْعُمُرَ وَيُوْرِثُ الْوَحْشَةَ وَالْعَدَاوَةَ ، وَهُوَ مِنْ أَشْرَاطِ السَّاعَةِ وَارْتِفَاعِ الْعِلْمِ وَالْفِقْهِ ، كَذَا وَرَدَ فِى الْحَدِيْثِ.

আর (হে শিক্ষার্থী) তোমাকে ঐ তর্ক-বিতর্কে জড়িয়ে পড়া থেকে বেঁচে থাকতে হবে , যা মহান আলেমগণের মৃত্যু বরণের পর প্রকাশ পেয়েছে। কারণ, তা শিক্ষার্থীকে ফিক্বাহ থেকে দূরে সরিয়ে রাখে, হায়াত নষ্ট করে এবং আতংক ও শত্রুতা সৃষ্টি করে। আর তা (তর্ক বিতর্ক) কেয়ামত এবং ইলম ও ফিক্বাহের উঠে যাওয়ার নিদর্শন। হাদীসে এমনটাই উল্লেখ আছে।

শব্দ বিশ্লেষণ ঃ

الجدل - ঝগড়া, বিবাদ, তর্ক , বিতর্ক। এর প্রতিশব্দ مجادلة، جدال . আল্লাহ বলেন, وجادلهم بالتى هى أحسن[النحل :١٢٥]

ظهر - প্রকাশ পেয়েছে, প্রকাশ হয়েছে। বাবে نصر থেকে واحد এর ماضى معروف مذكر غائب এর ছীগাহ। মাছদার ظهور .

انقراض - অতিক্রান্ত হওয়া, বিচ্ছিন্ন হওয়া। বাবে انفعال এর মাছদার। এখানে উদ্দেশ্য মৃত্যু বরণ করা।

اكابر - اكبر এর বহুবচন। অর্থঃ মহান , বড়।

يبعد - দূরে সরিয়ে রাখে। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ابعاد .

يضيع - নষ্ট করে দেয়। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اضاعة .

العمر - হায়াত, বয়স, জীবন। বহুবচন اعمار .

يورث - সৃষ্টি করে, অধিকারী বানায়। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ايراث .

الوحشة - আতংক, বিষাদ, নিঃসঙ্গতা। وحش -বন্য পশু, বন্য জন্তু। বহুবচন وحوش । কুরআনে আছে واذا الوحوش حشرت [التكوير: ٥] .

العداوة - শত্রুতা, দুশমনি। আল্লাহ বলেন, فاذا الذى بينك وبينه عداوة كانه ولى حميم [حم السجدة: ٣٤]

ارتفاع উঠে যাওয়া। বাবে افتعال এর মাছদার।মাদ্দাহ ر-ف-ع

وَاَمَّا اِخْتِيَارُ الْاُسْتَاذِ، فَيَنْبَغِى اَنْ يَخْتَارَ الْاَعْلَمَ وَالْاَوْرَعَ وَالْأَسَنَّ كَمَا اخْتَارَ اَبُوْ حَنِيْفَةَ حِيْنَئِذٍ حَمَّادَ بْنَ اَبِىْ سُلَيْمَانَ بَعْدَ التَّأَمُّلِ وَالتَّفَكُّرِ، وَقَالَ وَجَدْتُهُ شَيْخًا وَقُوْرًا حَلِيْمًا صَبُوْرًا وَقَالَ ثَبَتُّ عِنْدَ حَمَّادِ بْنِ سُلَيْمَانَ ، فَنَمَيْتُ، وَقَالَ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى سَمِعْتُ حَكِيْمًا مِنْ حُكَمَاءِ سَمَرْقَنْدَ يَقُوْلُ اِنَّ وَاحِدًا مِنْ طَلَبَةِ الْعِلْمِ شَاوَرَنِىْ فِىْ طَلَبِ الْعِلْمِ وَكَانَ عَازِمًا عَلَى الذِّهَابِ اِلٰى بُخَارٰى لِطَلَبِ الْعِلْمِ.

আর শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে অধিক ইলমাদার ও পরহেজগার এবং বয়োজ্যেষ্ঠকে গ্রহণ করা উচিত। যেমনটা ইমাম আবু হানীফা তাঁর যুগে চিন্তা ভাবনার পর হাম্মাদ বিন আবু সুলায়মানকে গ্রহণ করেছিলেন। আর তিনি বলেছেন, আমি তাঁকে একজন গম্ভীর, সহিষ্ণু ও ধৈর্যশীল শিক্ষক হিসেবে পেয়েছি। আর বলেছেন , আমি হাম্মাদ বিন আবু সুলায়মানের নিকট দৃঢ় ভাবে থেকেছি। ফলে (ইলমের দিক দিয়ে) আমি উন্নতি লাভ করেছি। তিনি আরো বলেছেন, আমি সমরকন্দের একজন বিজ্ঞ লোককে বলতে শুনেছি , একজন ছাত্র শিক্ষা অর্জনের ব্যাপারে আমার সাথে পরামর্শ করেছে। আর সে শিক্ষা অর্জনের জন্য বুখারা যাবার ইচ্ছা করেছিল।

শব্দ বিশ্লেষণ ঃ

اختيار - পছন্দ করা, গ্রহণ করা, নির্বাচন করা। বাবে افتعال এর মাছদার। আল্লাহ বলেন [القصص: ٦٨] وربك يخلق مايشاء ويختار

التأمل - চিন্তা, ধ্যান, ভাবনা, গবেষণা। বাবে تفعل এর মাছদার।

وقور - গম্ভীর, মর্যাদাবোধ সম্পন্ন। বাবে كرم থেকে اسم فاعل এর ছীগাহ। মাছদার وقار । কোরআনে আছে [نوح: ١٣] مالكم لاترجون لله وقارا

الذهاب - যাওয়া, গমন করা। বাবে فتح এর মাছদার।

وَهٰكَذَا يَنْبَغِيْ اَنْ يُشَاوِرَ فِيْ كُلِّ اَمْرٍ فَاِنَّ اللّٰهَ تَعَالٰى اَمَرَ رَسُوْلَ اللّٰهِ ﷺ بِالْمُشَاوَرَةِ فِيْ كُلِّ الْاُمُوْرِ وَ لم يَكُنْ اَحَدًا فَطَنَ مِنْهُ ، وَمَعَ ذٰلِكَ اُمِرَ بِالْمُشَاوَرَةِ وَ كَانَ يُشَاوِرُ اَصْحَابَهٗ فِيْ جَمِيْعِ الْاُمُوْرِ حَتّٰى فِيْ حَوَائِجِ الْبَيْتِ.

قَالَ عَلِيٌّ كَرَّمَ اللّٰهُ وَجْهَهٗ: مَاهَلَكَ اِمْرَءٌ عَنْ مَشْوَرَةٍ. وَقِيْلَ: اَلنَّاسُ رَجُلٌ، وَنِصْفُ رَجُلٍ، وَلَا شَيْءَ

আর এভাবে সকল বিষয়ে পরামর্শ করা উচিত। কারণ, আল্লাহ তাআলা তাঁর রাসূল (সঃ) কে প্রত্যেক বিষয়ে পরামর্শ করার নির্দেশ দিয়েছেন। আর তাঁর চেয়ে অধিক বুদ্ধিমান কেউ না থাকার পরও তাকে পরামর্শ করার নির্দেশ দেয়া হয়েছে। তাই তিনি তাঁর সাহাবীদের সকল ব্যাপারে পরামর্শ করতেন। এমন কি ঘরের প্রয়োজন সম্পর্কেও।

আলী (রাঃ) বলেন, পরামর্শ করে কোন মানুষ ধ্বংস হয়নি। বলা হয়েছে, মানুষ তিন প্রকার। ১. পরিপূর্ণ মানুষ । ২. অর্ধেক বা অসম্পূর্ণ মানুষ। ৩.

শব্দ বিশ্লেষণ ঃ

فطن - বিজ্ঞ, বিচক্ষণ, বুদ্ধিমান, মেধাবী। এর প্রতিশব্দ فطين । বহুবচন فطناء .

عن مشورة - পরামর্শের পর। এখানে عن হরফটি بعد এর অর্থে ব্যবহৃত। যেমন কুরআনে আছে

لتركبن طبقا عن طبق [الانشقاق :١٩]

هلك - ধ্বংস হয়েছে, মারা গেছে। বাবে نصر থেকে واحد ماضى معروف এর مذكر غائب এর ছীগাহ। কুরআনে আছে

ليهلك من هلك عن بينة[الانفال] .

فَالرَّجُلُ مَنْ لَهُ رَأْيٌ صَائِبٌ وَيُشَاوِرُ، وَنِصْفُ الرَّجُلِ مَنْ لَهُ رَأْيٌ صَائِبٌ وَلَا يُشَاوِرُ اَوْ يُشَاوِرُ وَلٰكِنْ لَارَأْيَ لَهُ، وَلَا شَيْءَ مَنْ لَارَأْيَ لَهُ وَلَا يُشَاوِرُ.

وَقَالَ جَعْفَرُنِ الصَّادِقُ لِسُفْيَانِ الثَّوْرِيْ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى: شَاوِرْ فِيْ اَمْرِكَ مَعَ الَّذِيْنَ يَخْشَوْنَ اللّٰهَ تَعَالٰى. وَطَلَبُ الْعِلْمِ مِنْ اَعْلَى الْاُمُوْرِ وَاَصْعَبِهَا، فَكَانَ الْمَشْوَرَةُ فِيْهِ اَهَمَّ وَاَوْجَبُ.

অকাজের মানুষ। পরিপূর্ণ সে মানুষ, যার সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতাও আছে, পরামর্শও করে। আর অর্ধেক বা অপূর্ণাঙ্গ সে মানুষ, যার সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা আছে, তবে পরামর্শ করেনা। অথবা পরামর্শ করে কিন্তু সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা নেই। আর অকাজের মানুষ সে , যার সঠিক সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতাও নেই, পরামর্শও করেনা।

হযরত জাফর সাদিক সুফিয়ান সাওরীকে বলেছেন, তোমার কাজে তুমি আল্লাহ ভীরুদের সাথে পরামর্শ কর। আর শিক্ষা অর্জন করাতো সর্বশ্রেষ্ঠ ও সবচেয়ে কঠিন কাজ সমূহের অন্যতম। অতএব , এব্যাপারে পরামর্শ করা অধিক গুরুত্বপূর্ণ ও বেশী প্রয়োজন।

শব্দ বিশ্লেষণ ঃ

رأى - রায়, সিদ্ধান্ত, মত। বহুবচন آراء .

صائب - সঠিক, যথার্থ। বাবে نصر থেকে اسم فاعل এর ছীগাহ। মাছদার صواب । কুরআনে আছে [النباء :٣٨] وقال صوابا .

اصعب- বেশী কঠিন। বাবে كرم থেকে اسم تفضيل এর ছীগাহ। মাছদার صعوبة .

قَالَ الْحَكِيْمُ اِذَا ذَهَبْتَ اِلٰى بُخَارٰى لَا تَعْجَلْ فِى الْاِخْتِلَافِ اِلَى الْاَئِمَّةِ وَامْكُثْ شَهْرَيْنِ حَتّٰى تَتَأَمَّلَ وَتَخْتَارُ اُسْتَاذًا ، فَاِنَّكَ اِنْ ذَهَبْتَ اِلٰى عَالِمٍ وَبَدَأْتَ بِالسَّبَقِ عِنْدَهٗ، رُبَمَا لَا يُعْجِبُكَ دَرْسِيَّتُهٗ فَتَتْرُكُهٗ وَتَذْهَبَ اِلٰى آخَرَ فَلَا يُبَارَكُ فِى التَّعَلُّمِ، فَتَأَمَّلْ شَهْرَيْنِ فِىْ اِخْتِيَارِ الْاُسْتَاذِ

বিজ্ঞ লোকটি (ছাত্রটিকে) বললেন, যখন তুমি বুখারা যাবে, তাহলে শিক্ষকদের কাছে আসা যাওয়ার ব্যাপারে তাড়াহুড়া করোনা । বরং দু'মাস অপেক্ষা কর, যাতে তুমি চিন্তা ভাবনা করে একজন শিক্ষক নির্বাচন করতে সক্ষম হও। কারণ, তুমি একজন আলেমের নিকট গেলে এবং তার কাছে সবক শুরু করলে। হতে পারে তার শিক্ষাদান তোমার নিকট পছন্দনীয় হবেনা। তাই তাকে ছেড়ে অন্য একজনের কাছে চলে গেলে । ফলে তোমার পড়া-শোনায় বরকত আসবেনা। তাই শিক্ষক নির্বাচনের জন্য তুমি দু'মাস চিন্তা ভাবনা কর

শব্দ বিশ্লেষণ ঃ

الاختلاف - বার বার আসা যাওয়া, ভিন্ন হওয়া, ভিন্ন মত হওয়া। বাবে افتعال এর মাছদার। আল্লহ বলেন,

ليحكم بين الناس فيما اختلفوا فيه [البقرة: ٢١٣]

وامكث - অবস্থান কর, অপেক্ষা কর। বাবে نصر থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার مكوث । কুরআনে আছে فمكث غير بعيد[النمل: ٢٢]

السبق -আগে যাওয়া, পূর্ববর্তিতা । বাবে ضرب এর মাছদার। আল্লাহ বলেন - ولا تحسبن الذين كفروا انهم سبقوا

درسية - পাঠদান ক্ষমতা, পাঠদান পদ্ধতি। কোন কোন নুসখাতে এর স্থলে درس রয়েছে। এর অর্থ ঃপড়া, শিক্ষা। বহুবচন دروس । কুরআনে আছে

وان كنا عن دراستهم لغافلين [الانعام: ١٠٧]

لايعجب - বাবে افعال থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ । মাছদার اعجاب । অর্থঃ সন্তুষ্ট করা, আনন্দিত করা, পছন্দ হওয়া। আল্লাহ বলেন - [المنافقون:٤] وإذا رأيتهم تعجبك اجسامهم

لايبارك -বরকত দেয়া হবে না, কল্যাণ করা হবেনা, প্রাচুর্য দান করা হবেনা। বাবে مفاعلة থেকে مضارع منفى مجهول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার مباركة । আল্লাহ বলেন, [الاسراء:١] الذى باركنا حوله لنريه من آياتنا .

وَشَاوِرْ حَتّٰى لَا تَحْتَاجُ اِلٰى تَرْكِهٖ وَالْاِعْرَاضِ عَنْهُ، فَتَثَبَّتْ عِنْدَهٗ حَتّٰى يَكُوْنَ تَعَلُّمُكَ مُبَارَكًا،وَ تَنْتَفِعُ بِعِلْمِكَ كَثِيْرًا.

وَاعْلَمْ اَنَّ الصَّبْرَ وَالثَّبَاتَ اَصْلٌ كَبِيْرٌ فِىْ جَمِيْعِ الْاُمُوْرِ، وَلٰكِنَّهٗ عَزِيْزٌ كَمَا قِيْلَ شِعْرٌ:

لِكُلٍّ اِلٰى شَاْءِ الْعُلٰى حَرَكَاتٌ ☆ وَلٰكِنْ عَزِيْزٌ فِى الرِّجَالِ ثُبَاتٌ

এবং পরামর্শ কর, যাতে তাকে বাদ ও তার থেকে বিমুখ হতে না হয়। আর (শিক্ষক নির্বাচন করার পর) তার নিকট দৃঢ়ভাবে অবস্থান কর, যাতে তোমার পড়া-শোনা বরকতময় হয় এবং তোমার জ্ঞান দ্বারা (মানুষের) বেশী উপকার করতে পার। আর জেনে রেখো , ধৈর্য ও দৃঢ়তা যাবতীয় বিষয়ে একটি বড় ভিত্তি। তবে তা কঠিন কাজ। যেমন একটি কবিতা বলা হয়েছেঃ

☆ প্রত্যেকে উদ্দেশ্য ও শ্রেষ্ঠত্ব অর্জনের জন্য চেষ্টা করে। কিন্তু মানুষের জন্য কঠিন ব্যাপার হচ্ছে দৃঢ়তা।

শব্দ বিশ্লেষণ ঃ

الاعــراض - মুখ ফিরানো, উপেক্ষা করা, পরিত্যাগ করা। বাবে افــعـــال এর মাছদার। আল্লাহ বলেন [السجده : ٣٠] فاعرض عنهم وانتظر انهم منتظرون

تثبت - দৃঢ়পদ থেকো। বাবে تفعل থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার تثبت । تثبيت -দৃঢ় পদ রাখা। আল্লাহ বলেন

[ابراهيم :٢٧] يثبت الله الذين بالقول الثابت فى الحياةالدنيا وفى الاخرة .

اصل - মূল, শিকড়, ভিত্তি, নীতি। বহুবচন أصول .

عزيز - শক্তিশালী, প্রিয়জন, প্রভাবশালী, কঠিন, কষ্টকর। বাবে ضرب থেকে اسم فاعل এর ছীগাহ। মাছদার عزة، عز । আল্লাহ বলেন,

[الملك:٢] وهو العزيز الغفور

شاء - লক্ষ্য, উদ্দেশ্য, শীর্ষ, চূড়া।

العلى - উচ্চ, সর্বোচ্চ, উচ্চতর, মহত্তর। أعلى এর বহুবচন।

حركات - নড়ন, চলন, আন্দোলন, প্রচেষ্টা। حركة এর বহুবচন।

قِيْلَ: اَلشَّجَاعَةُ صَبْرٌ سَاعَةً، فَيَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَثْبُتَ وَيَصْبِرَ عَلٰى اُسْتَاذٍ وَعَلٰى كِتَابٍ حَتّٰى لَا يَتْرُكَهُ اَبْتَرَ وَعَلٰى فَنٍّ حَتّٰى لَا يَشْتَغِلَ بِفَنٍّ آخَرَ قَبْلَ اَنْ يُتْقِنَ الْاَوَّلَ وَعَلٰى بَلَدٍ حَتّٰى لَا يَنْتَقِلَ اِلٰى بَلَدٍ آخَرَ مِنْ غَيْرِ ضَرُوْرَةٍ، فَاِنَّ ذٰلِكَ كُلَّهُ يُفَرِّقُ

বলা হয়েছে, সাহসিকতা হচ্ছে কিছু সময় (বিপদের সময়) ধৈর্য ধারণ করা (শারীরিক ও আর্থিক শ্রেষ্ঠত্বের নাম নয়)। অতএব শিক্ষার্থীর উচিত, এক শিক্ষক ও এক কিতাবের ওপর ধৈর্য ধারণ ও দৃঢ়পদ থাকা, যাতে কিতাব অসম্পূর্ণ রূপে বাদ দিতে না হয়। আরো উচিত, এক বিষয়ের ওপর ধৈর্য ধারণ ও দৃঢ় পদ থাকা এবং প্রথমটা পূর্ণরূপে আয়ত্ব না করে অন্য একটা নিয়ে ব্যস্ত হয়ে না পড়া। আরা উচিত, এক স্থানে ধৈর্য ধারণ ও দৃঢ়পদ থাকা এবং বিনা প্রয়োজনে (শিক্ষার জন্য) অন্য স্থানে না যাওয়া। কারণ, এসবকিছু কাজ

শব্দ বিশ্লেষণ ঃ

ابتر - ত্রুটি পূর্ণ, অসম্পূর্ণ, লেজ কাটা, নির্বংশ। কুরআনে আছে

إن شانئك هو الابتر

فن - বিষয় , বিদ্যা, শিল্প, কলা, প্রযুক্তি, প্রকার। বহুবচন فنون، افنان .

يتقن - বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اتقان । অর্থঃ সুদৃঢ় করা, সুদক্ষ হওয়া, সঠিক করা, সঠিক হওয়া, ভালভাবে আয়ত্ত করা। আল্লাহ বলেন, صنع الله الذى اتقن كل شئ [النمل: ٨٨] .

لاينتقل - স্থানান্তর হবেনা, অবস্থানন্তর করবেনা। বাবে انفعال থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার انتقال .

ضرورة - প্রয়োজন, দরকার। বহুবচন ضروريات .

يفرق - বাবে تفعيل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تفريق অর্থ ঃ পৃথক করা , আলাদা করা, এলো মেলো করা, বিভেদ সৃষ্টি করা। আল্লাহ বলেন

وتفريقا بين المومنين وارصادا لمن حارب الله ورسوله [التوبة: ١٠٧].

الْأُمُوْرَ، وَيَشْتَغِلُ الْقَلْبَ وَيُضِيْعُ الْأَوْقَاتَ وَيُؤْذِي الْمُعَلِّمَ.

وَيَنْبَغِيْ أَنْ يَصْبِرَ عَمَّا تُرِيْدُ نَفْسَهُ وَهَوَاهُ، قَالَ الشَّاعِرُ:

إِنَّ الْهَوٰى لَهُوَ الْهَوَانُ بِعَيْنِهِ ☆ وَصَرِيْعُ كُلِّ هَوًى صَرِيْعُ هَوَانِ

وَيَصْبِرُ عَلَى الْمِحَنِ وَالْبَلِيَّاتِ، فَقَدْ قِيْلَ: خَزَائِنُ الْمِنَنِ عَلٰى قَنَاطِيْرِ الْمِحَنِ، وَانْشَدَّتْ وَقِيْلَ إِنَّهُ لِعَلِيِّ بْنِ

সমূহকে অবিন্যস্ত করে ফেলে, অন্তরকে (বিভিন্ন চিন্তায়) ব্যস্ত করে রাখে, সময়কে নষ্ট করে এবং শিক্ষককে কষ্ট দেয়।

আরো উচিত, মন ও প্রবৃত্তি যা চায়, তা থেকে (বেঁচে থাকতে) ধৈর্য অবলম্বন করা। কবি বলেন,

☆নিশ্চয় খারাপ প্রবৃত্তিই লাঞ্ছনা। আর খারাপ প্রবৃত্তির কাছে পরাজিত ব্যক্তি লাঞ্ছনার কাছেই পরাজিত।

আর (শিক্ষার্থী) কষ্ট ও বিপদ সমূহে ধৈর্য ধারণ করবে। বলা হয়েছে, কল্যাণের কোষাগার সমূহ রয়েছে কষ্টের সেতু সমূহে। আমাকে কবিতা পড়ে

শব্দ বিশ্লেষণ ঃ

يـضيع - নষ্ট করে, বরবাদ করে। বাবে افـعـال থেকে مـضـارع معروف এর واحد مذكر غائب এ র ছীগাহ। মাছদার اضاعة .

يؤذي - কষ্ট দেয়। বাবে افعال থেকে مضارع معروف এর واحـد مذكر غائب এর ছীগাহ। মাছদার ايـذاء । আল্লাহ বলেন,

. ولا تكونوا كالذين آذوا موسى [الاحزاب: ٦٩]

الهوان - লাঞ্ছনা। বাবে نـصر এর মাছদার। اهانة -লাঞ্ছিত করা। আল্লাহ বলেন ومن يهن الله فماله من مكرم [الحج: ١٨]

صـريع - ধরাশায়ী, পরাজিত। বাবে فتح থেকে اسـم فـاعل এর واحـد مـذكر এর ছীগাহ। এখানে اسم فاعل — اسم مفعول এর অর্থে ব্যবহৃত । মাছদার صرع، مصرع .

المحن - محـنة এর বহুবচন । অর্থ ঃ বিপদ, দুর্যোগ, কষ্ট, পরীক্ষা।

خزائن - خـزينة এর বহুবচন। অর্থঃ কোষাগার, ভান্ডার, তোশা খানা , সঞ্চিত ধন।

الـمـنن - منة এর বহু বচন। অর্থ ঃ অনুগ্রহ, দয়া। কোন কোন নুসখায় مـنن এর স্থলে منى রয়েছে, যা منـية এর বহুবচন। অর্থঃ আকাংক্ষা, প্রত্যাশা।

اَبِیْ طَالِبٍ رَضِیَ اللّٰهُ عَنْهُ :

اَلَا لَا تَنَالُ الْعِلْمَ اِلَّا بِسِتَّةٍ☆سَأُنَبِّئُکَ عَنْ مَجْمُوْعِهَا بِبَيَانٍ

ذَکَاءٌ وَحِرْصٌ، وَاصْطِبَارٌ وَبُلْغَةٌ ☆وَاِرْشَادُ اُسْتَاذٍ وَطُوْلِ زَمَانٍ

وَاَمَّا اِخْتِيَارُ الشَّرِيْکِ فَيَنْبَغِیْ اَنْ يَخْتَارَ الْمُجِدَّ

وَالْوَرِعَ وَصَاحِبُ الطَّبْعِ الْمُسْتَقِيْمِ وَيَفِرُّ مِنَ الْکَسْلَانِ

শোনানো হয়েছে। কেউ বলেছেন, তা হযরত আলী বিন আবু তালেব (রাঃ) এর,

১. জেনে রেখো! ছায়টি গুণ ব্যতীত ইলম অর্জন করতে পারবেনা। এর বিস্তারিত বর্ণনা আমি তোমাকে দিচ্ছি।

২. তাহল এই, মেধা, (ইলমের) লোভ, ধৈর্য, পর্যাপ্ত পরিমাণ (অর্থ), শিক্ষকের নির্দেশনা ও দীর্ঘ সময়।

আর সহপাঠি নির্বাচনের ক্ষেত্রে উচিত, পরিশ্রমী, পরহেযগার ও সরল প্রকৃতির (লোককে) গ্রহণ করা এবং অলস, বেকার, বাচাল, ঝগড়াটে এবং

শব্দ বিশ্লেষণ ঃ

لاتنال - তুমি পাবেনা। বাবে سمع থেকে مضارع منفى معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার نيل । نيل এর صله যদি من আসে তাহলে অর্থ হয়, আঘাত করা, সম্মানের ক্ষতি করা। কুরআনে আছে

. ولا يناولون من عدو نيلا إلا كتب لهم به عمل صالح[التوبة: ١٢]

انبئك - আমি তোমাকে সংবাদ দিব, জানিয়ে দিব। বাবে افعال থেকে مضارع معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার انباء । কুরআনে আছে قالت من انبأك عن هذا[التحريم:٣]

بيان -বর্ণনা, বিবরণ, ব্যাখ্যা, প্রতিবেদন। কুরআনে আছে [الرحمن :٣] علمه البيان .

ارشاد - নির্দেশনা, হিদায়ত, পথ প্রদর্শন। বাবে افعال এর মাছদার। আল্লাহ বলেন ومن يضلل فلن تجد له وليا مرشدا[الكهف: ١٧]

الطبع المستقيم - সরল প্রকৃতি, ভাল মেযাজ।

يفر - পালাবে, দূরে থাকবে। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার فرار । কুরআনে আছে [المدثر: ٥١] فرت من قسورة

كسلان অলস। صفت مشبه এর ছীগাহ। كسل، تكاسل - অলস হওয়া।

وَالْمُعَطِّلِ وَالْمِكْثَارِ وَالْمُفْسِدِ وَالْفَتَّانِ، قَالَ الشَّاعِرُ :

عَنِ الْمَرْءِ لَا تَسْئَلْ وَابْصِرْ قَرِيْنَهُ ☆ فَكُلُّ قَرِيْنٍ بِالْمُقَارِنِ يَقْتَدِى

فَإِنْ كَانَ ذَا شَرٍّ فَجَانِبْهُ سُرْعَةً☆وَإِنْ كَانَ ذَا خَيْرٍ فَقَارِنْهُ تَهْتَدِى

ফিৎনাবাজ থেকে দুরে থাকবে। কবি বলেন,

১. মানুষ থেকে জিজ্ঞেস না করে তার সঙ্গীকে দেখ। কারণ, প্রত্যেক সঙ্গীই তার সঙ্গীর অনুসরণ করে।

২. যদি তার সঙ্গী দুষ্ট হয়, তবে তার কাছ থেকে তাড়াতাড়ি দুরে সরে পড়। আর যদি তার সঙ্গী ভাল হয়, তাহলে তার সাথে মেলা মেশা করো, পথ প্রাপ্ত হবে।

শব্দ বিশ্লেষণ ঃ

المعطل - বেকার, অকর্মা, নিস্কর্মা। বাবে تفعيل থেকে اسم مفعول । মাছদার تعطيل

المكثار - বাচাল, প্রগলভ, যে বেশী কথা বলে। مبالغه এর ছীগাহ।

ابصر - দেখ। বাবে افعال থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। কুরআনে আছে[৮০:ونحن اقرب اليه منكم ولكن لا تبصرون [الواقعة

قرين، المقارن - সঙ্গী, সাথী, সহচর, দোসর। বহুবচন قرناء । আল্লাহ বলেন ومن يعش عن ذكر الرحمان نقيض له شيطانا فهو له قرين [الزخرف: ٨]

يقتدى - অনুসরণ করে। বাবে افتعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اقتداء । কুরআনে আছে وانا على آثارهم مقتدرون [الزخرف: ٢٣]

الفتان - ফিৎনাবাজ, বড় ফিৎনা সৃষ্টিকারী। مبالغه এর ছীগাহ।

جانب- দূরে থেকো। বাবে مفاعلة থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ।মাছদার مجانبة .

تهتدى - হিদায়াত লাভ করবে, পথ প্রাপ্ত হবে। বাবে افتعال থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার اهتداء. কুরআনে আছে وقالوا الحمد لله الذى هدانا لهذا وماكنا لنهتدى لو لا ان هدانا الله [الاعراف:٤٣]

وَأُنْشِدْتُ:

لَا تَصْحَبِ الْكَسْلَانَ فِيْ حَالَاتِهِ   كَمْ صَالِحٍ بِفَسَادِ اٰخَرَ يُفْسِدُ

عَدْوَى الْبَلِيْدِ اِلَى الْجَلِيْدِ سَرِيْعَةٌ   كَالْجَمْرِ يُوْضَعُ عَلَى الرَّمَادِ فَيَخْمُدُ

وَقَالَ عَلَيْهِ السَّلَامُ: كُلُّ مَوْلُوْدٍ يُوْلَدُ عَلٰى فِطْرَةِ الْاِسْلَامِ اِلَّا

আমাকে আরও কবিতা শোনানো হয়েছেঃ

১. কোন সময় অলসের সঙ্গী হবেনা। অনেক ভাল লোক অপরের দুস্কর্মের কারণে নষ্ট হয়ে যায়।

২. নির্বোধের নির্বুদ্ধিতার প্রভাব বুদ্ধিমানের ওপর তাড়াতাড়ি পড়ে। যেমন জ্বলন্ত অঙ্গার ছাইয়ের ওপর রাখা হলে নিভে যায়।

রাসুলুল্লাহ (সাঃ) ইরশাদ করেছেন, প্রত্যেক সন্তান ইসলামী মেযাজের

শব্দ বিশ্লেষণ ঃ

صالح- সৎ, ভাল, যোগ্য, উপযুক্ত। বহুবচন صلحاء، صالحون । কুরআনে আছে توفني مسلما والحقني بالصالحين [يوسف: ١٠].

عدوى - সংক্রমণ, সংক্রামক ব্যধি, শত্রুতা।

البليد - নির্বোধ, বেকুব, বোকা। بلادة মাছদার থেকে صفت এর ছীগাহ।

الجليد - চতুর, চালাক, শক্তিবান, অবিচল। বহুবচন جلداء.

الجمر - জলন্ত অঙ্গার। বহুবচন , جمار । এর প্রতি শব্দ جمرة । বহুবচন جمرات .

يوضع - রাখা হয়। বাবে فتح থেকে مضارع مجهول এর واحد مذكرغائب এর ছীগাহ। মাছদার وضع । আল্লাহ বলেনঃ ووضعنا عنك وزرك [الانشراح :٢]

الرماد - ছাই, খাক, ভস্ম। বহুবচন ارمدة । আল্লাহ বলেন مثل الذين كفروا اعمالهم كرماد اشتدت به الريح فى يوم عاصف [ابراهيم: ١٨]

يخمد- নিভে যায়, প্রশমিত হয়। বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার خمود .

مولود - শিশু, নবজাতক, সন্তান। বহুবচন مواليد । কুরআনে আছে ولا مولود هو جاز عن والده شيئا [لقمان: ٣٣] .

فطرة - স্বভাব, মেযাজ, প্রকৃতি, সৃষ্টি। বহুবচন , فطر، فطرات । আল্লাহ বলেন فطرة الله التى فطر الناس عليها لا تبديل لخلق الله

اَنَّ اَبَوَيْهِ يُهَوِّدَانِهِ اَوْ يُنَصِّرَانِهِ اَوْ يُمَجِّسَانِهِ. اَلْحَدِيْثِ.

وَيُقَالُ فِى الْحِكْمَةِ بِالْفَارْسِيَّةِ:

یار بد بد تربود از مار بد حق ذات پاک اللہ الصمد

یار بد آرد تراسوئے جحیم یار نیکو گیر تا یابی نعیم

قِيْلَ:

اِنْ كُنْتَ تَبْغِى الْعِلْمَ مِنْ اَهْلِهِ ☆ اَوْ شَاهِدًا يُخْبِرُ عَنْ غَائِبٍ

فَاعْتَبِرِ الْاَرْضَ بِاَسْمَائِهَا ☆ وَاعْتَبِرِ الصَّاحِبَ بِالصَّاحِبِ

ওপর জন্ম লাভ করে। কিন্তু তার পিতা মাতা তাকে ইহুদী বানায় বা খ্রীষ্টান বানায় অথবা অগ্নিপূজারী বানায়। ফার্সী ভাষায় বলা হয়েছেঃ

১.অমুখাপেক্ষী আল্লাহর পবিত্র সত্তার শপৎ! দুষ্ট বন্ধু দুষ্ট (বিষাক্ত) সাপ থেকে মারাত্মক।

২. দুষ্ট বন্ধু তোমাকে জাহান্নামে নিয়ে যাবে। ভাল বন্ধু ধরো তা হলে তুমি বেহেস্ত পাবে।

আরো বলা হয়েছেঃ

১. যদি তুমি ইলমদারের কাছে ইলম অনুসন্ধান কর বা এমন সাক্ষ্যদাতা খুজছ, যে তোমাকে অদৃশ্যের সাংবাদ দিবে,

২. তাহলে জমিনকে গ্রহণ করো নাম দেখে আর সঙ্গীকে গ্রহণ করো সঙ্গী দেখে। (অর্থাৎ, কোন কিছু গ্রহণ করার পূর্বে তার আগাগোড়া পরীক্ষা করে দেখবে)

يهودان - ইহুদী বানায়। বাবে تفعيل থেকে مضارع معروف এর تثنية مذكر غائب এর ছীগাহ। মাছদার تهويد । هود -ইহুদী হওয়া। আল্লাহ বলেন قل يا ايها الذين هادوا [الجمعة: ٦]

يمجسان - অগ্নিপূজক বানায়। বাবে تفعيل থেকে مضارع معروف এর ছীগাহ। মাছদার تمجيس ।

تبغى - তুমি তালাশ কর, করছ। বাবে - ضرب - থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার بغية ، بغاء । এর প্রতিশব্দ ابتغاء । কুরআনে আছে [يبتغون فضلا من الله ورضوانا [الفتح: ٢٩

اعتبر - বাবে افتعال থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার اعتبار । অর্থঃ বিবেচনা, গণনা করা, মান নিরূপন করা, শিক্ষা নেওয়া, হিসাব , দৃষ্টি কোণ। আল্লাহ বলেন فاعتبروا يا اولى الابصار

اسماء - اسم এর বহুবচন । অর্থঃ নাম, আখ্যা।

فَصْلٌ فِىْ تَعْظِيْمِ الْعِلْمِ وَاَهْلِهٖ

اِعْلَمْ اَنَّ طَالِبَ الْعِلْمِ لَا يَنَالُ الْعِلْمَ وَلَا يَنْتَفِعُ بِهٖ اِلَّا بِتَعْظِيْمِ الْعِلْمِ وَاَهْلِهٖ، وَتَعْظِيْمِ الْاُسْتَاذِ وَتَوْقِيْرِهٖ ، فَقَدْ قِيْلَ مَا وَصَلَ مَنْ وَصَلَ اِلَّا بِالْحُرْمَةِ وَمَا سَقَطَ مَنْ سَقَطَ اَلَّا بِتَرْكِ الْحُرْمَةِ. وَقِيْلَ: اَلْحُرْمَةُ خَيْرٌ مِنَ الطَّاعَةِ، اَلَا تَرٰى اَنَّ الْاِنْسَانَ لَا يُكَفَّرُ بِالْمَعْصِيَةِ وَاِنَّمَا يُكَفَّرُ بِاِسْتِخْفَافِهَا وَبِتَرْكِ الْحُرْمَةِ.

চতুর্থ অধ্যায় ইলম ও ইলমদারদের সম্মান সম্পর্কে

জেনে রেখো! শিক্ষার্থী, ইলম, আলেম ও শিক্ষককে সম্মান ও শ্রদ্ধা না করে ইলম অর্জন করতে পারবেনা। এবং তা দ্বারা উপকৃতও হতে পারবেনা। তাই বলা হয়েছে, যে ব্যক্তি (উঁচু স্তরে) পৌঁছেছে সে কেবল সম্মান করে পৌঁছেছে। আর যে (নিম্নস্তরে) পতিত হয়েছে, সে অসম্মান করার কারণেই পতিত হয়েছে। সম্মান করা আনুগত্যের চেয়ে উত্তম। তুমি দেখতে পাওনা যে, গুনাহের কারণে মানুষ কাফের হয়না। বরং গুনাহকে হালকা মনে করা এবং (সম্মানিত বিষয়কে) অসম্মান করার কারণেই কাফের হয়।

শব্দ বিশ্লেষণ ঃ

وصل - পৌঁছেছে। বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার وصول । এটা بصلةٔ الى ব্যবহৃত হয়।

سقط - পড়ে গেছে, পতিত হয়েছে। বাবে نصر থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ । মাছদার سقوط ।

الحرمة - সম্মান, মর্যাদা, পবিত্রতা, নিষিদ্ধতা। বহুবচন حرمات । কুরআনে আছে ومن يعظم حرمات الله فهو خير له عند ربه [الحج: ٣٠]

الطاعة - আনুগত্য, বশ্যতা, ইবাদত। বহুবচন طاعات । কুরআনে আছে ويقولون طاعة [النساء: ٨١]

المعصية - গুনাহ, অবাধ্যতা, অমান্যতা। বহুবচন معاصى । এর প্রতি শব্দ عصيان । কুরআনে আছে وكره اليكم الكفر والفسوق والعصيان [الحجرات: ٧]

وَمِنْ تَعْظِيمِ الْعِلْمِ تَعْظِيمُ الْمُعَلِّمِ . قَالَ عَلِيٌّ كَرَّمَ اللّٰهُ وَجْهَهٗ: اَنَا عَبْدُ مَنْ عَلَّمَنِیْ حَرْفًا وَاحِدًا ، اِنْ شَاءَ بَاعَ وَاِنْ شَاءَ اَعْتَقَ وَاِنْ شَاءَ اِسْتَرَقَ. وَاَنْشَدْتُ فِیْ ذٰلِكَ شِعْرًا:

رَأَيْتُ اَحَقَّ الْحَقِّ حَقَّ الْمُعَلِّمِ ... وَاَوْجَبَهٗ حِفْظًا عَلٰى كُلِّ مُسْلِمٍ

لَقَدْ حَقَّ اَنْ يُهْدٰى اِلَيْهِ كَرَامَةً ... لِتَعْلِيْمِ حَرْفٍ وَاحِدٍ اَلْفُ دِرْهَمٍ

আর শিক্ষাগুরুকে সম্মান করা ইলমকে সম্মান করার অন্তর্ভুক্ত। আলী (রাঃ) বলেছেন, যিনি আমাকে একটি অক্ষর শিক্ষা দিয়েছেন, আমি তার গোলাম। তিনি চাইলে আমাকে বিক্রি করতে পারেন এবং মুক্তও করতে পারেন। আবার চাইলে গোলাম ও বানাতে পারেন। এব্যাপারে আমি একটি কাবিতা শুনেছিঃ

১. আমি প্রত্যেক মুসলমানের জন্য সংরক্ষন যোগ্য সবচেয়ে বড় ও অপরিহার্য অধিকার মনে করি , শিক্ষকের অধিকার।

২. একটি অক্ষর শিক্ষা দেওয়ার বিনিময়ে তাকে সম্মান স্বরূপ এক হাজার দিরহাম হাদিয়া দেওয়া কর্তব্য।

শব্দ বিশ্লেষণ ঃ

اعتق - বাবে افعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اعتاق । অর্থ ঃ মুক্ত করা, মুক্তি দেওয়া।

استرق - বাবে افتعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার استراق । অর্থঃ দাস বানানো, চুরি করা।

يهدى - বাবে افعال থেকে مضارع مجهول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اهداء । অর্থঃ হাদিয়া দেওয়া, উপহার প্রদান করা। بصلة الى ব্যবহৃত হয়।

درهم - রৌপ্য মুদ্রা। বহুবচন دراهم । বর্তমানে মধ্যপ্রাচ্যের কয়েকটি দেশের মুদ্রাকেও درهم বলা হয়। কুরআনে আছে

دراهم معدودة وكانوا فيه من الزاهدين . |يوسف: ٢٠|

فَإِنَّ مَنْ عَلَّمَكَ حَرْفًا مِمَّا يَحْتَاجُ إِلَيْهِ فِي الدِّيْنِ فَهُوَ أَبُوْكَ فِي الدِّيْنِ. وَكَانَ أُسْتَاذُنَا الشَّيْخُ الْإِمَامُ سَدِيْدُ الدِّيْنِ الشِّيْرَازِيُّ رَحِمَهُ اللّٰهُ يَقُوْلُ: قَالَ مَشَائِخُنَا : مَنْ أَرَادَ أَنْ يَكُوْنَ ابْنُهُ عَالِمًا، فَيَنْبَغِي أَنْ يُرَاعِيَ الْغُرَبَاءَ مِنَ الْفُقَهَاءِ وَيُكْرِمَهُمْ وَيُطْعِمَهُمْ وَيُعَظِّمَهُمْ وَيُعْطِيَهُمْ شَيْئًا، فَإِنْ لَمْ يَكُنْ ابْنُهُ عَالِمًا يَكُوْنُ حَافِدُهُ عَالِمًا.

কারণ, দ্বীন বোঝার জন্য তুমি যে বিষয়ের দিকে মুখাপেক্ষী, সে বিষয়ে তোমাকে যিনি একটি অক্ষর শিক্ষা দিয়েছেন, তিনি তোমার ধর্মীয় পিতা।

আমাদের উস্তাদ শায়খ ইমাম সদীদুদ্দীন আশ শীরাজী বলতেন, আমাদের গুরুরা বলেছেন, যে তার সন্তানের আলেম হওয়া কামনা করে, তার উচিত, অখ্যাত ফকীহগণের প্রতি লক্ষ্য রাখা, তাদের সম্মান করা, তাঁদের খাদ্য দান করা। এর ফলে তার ছেলে আলেম না হলেও তার নাতি আলেম হবে। আর নিম্নোল্লিখিত বিষয় সমূহও শিক্ষকের সম্মানের অন্তর্ভুক্তঃ

শব্দ বিশ্লেষণ ঃ

يراعى - বাবে مفاعلة থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার مراعاة । অর্থ ঃ লক্ষ্য রাখা, মানোযোগ দেওয়া, যত্ন করা।

الغربا - غريب এর বহুবচন। অর্থঃ অপরিচিত লোক, মুসাফির, প্রবাসী, অখ্যাত ব্যক্তি। হাদীছে আছে بدأ الاسلام غريبا وسيعود غريبا [رواه الترمذى]

يكرم - বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اكرام । অর্থঃ সম্মান করা।

يطعم - বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اطعام । অর্থ ঃ অন্নদান করা, খানা খাওয়ানো। কুরআনে আছে انطعم من لو يشاء الله اطعمه [يس:٤٧]

حافد - নাতি, পৌত্র। এর প্রতিশব্দ حفيد । বহুবচন حفدة، احفاد । কুরআনে আছে وجعل لكم من ازواجكم بنين وحفدة ورزقكم من الطيبات [النحل:٧٢]

وَمِنْ تَوْقِيْرِ الْمُعَلِّمِ اَنْ لَا يَمْشِيَ اَمَامَهُ وَلَا يَجْلِسَ مَكَانَهُ وَلَا يَبْتَدِئَ الْكَلَامَ عِنْدَهُ اِلَّا بِإِذْنِهِ وَلَا يُكْثِرَ الْكَلَامَ عِنْدَهُ وَلَا يَسْئَلَ شَيْئًا عِنْدَ مَلَالَتِهِ وَيُرَاعِيَ الْوَقْتَ وَلَا يَدُقَّ الْبَابَ بَلْ يَصْبِرُ حَتّٰى يَخْرُجَ ، وَفِي الْجُمْلَةِ يَطْلُبُ رِضَاهُ وَيَجْتَنِبُ سَخَطَهُ وَيَمْتَثِلُ اَمْرَهُ فِيْ غَيْرِ مَعْصِيَةِ اللّٰهِ تَعَالٰى ، فَاِنَّهُ لَا طَاعَةَ لِمَخْلُوْقٍ فِيْ مَعْصِيَةِ الْخَالِقِ . كَمَا قَالَ النَّبِيُّ

শিক্ষকের সামনে (অতি নিকট দিয়ে) চলাচল না করা, তাঁর স্থানে না বসা, তাঁর অনুমতি ছাড়া তাঁর সামনে কথা শুরু না করা, তাঁর সামনে বেশী কথা না বলা, তাঁর বিরক্তির সময় তাঁকে কিছু জিজ্ঞেস না করা, (তাঁর নির্ধারণ কৃত) সময়ের প্রতি লক্ষ্য রাখা, তাঁর দরজায় করাঘাত না করা। বরং তাঁর বের হওয়ার অপেক্ষা করবে। মোট কথা, যে কোন ভাবেই হোক তাঁর সন্তুষ্টি কামনা করবে ও তাঁর অসন্তোষ থেকে বেঁচে থাকবে এবং আল্লাহর অবাধ্যতা হয়না এমন সব ক্ষেত্রে তার নির্দেশ পালন করবে। কারণ, সৃষ্টি কর্তার অবাধ্যতা করে সৃষ্টির আনুগত্য করতে নেই। যেমন নবী (সাঃ) ইরশাদ করেছেন, "সর্বনিকৃষ্ট

শব্দ বিশ্লেষণ ঃ

مكان - স্থান, জায়গা। বহুবচন اماكن .

لايبتدى - বাবে افتعال থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ابتداء। অর্থ ঃ শুরু করা, সূচনা করা, আরম্ভ করা।

لا يكثر - বেশী করবেনা। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার إكثار। অর্থ ঃ বেশী করা , বৃদ্ধি করা। কুরআনে আছে, فاكثروا فيها الفساد[الفجر ١٢]

ملالة - বিরক্তি, কষ্ট , পরিশ্রম। এর প্রতি শব্দ ملل ।

لايدق - বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার دق । অর্থ ঃ কড়া নাড়া, (দরজায়) আঘাত করা, চূর্ণ করা, (ঘন্টা) বাজানো।

يمتثل - পালন করবে, কার্যকর করবে। বাবে افتعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার امتثال .

صلى الله عليه وسلم: "اِنَّ شَرَّ النَّاسِ مَنْ يَذْهَبُ دِيْنَهُ لِدُنْيَا غَيْرِهِ".
وَمِنْ تَوْقِيْرِهِ تَوْقِيْرُ اَوْلَادِهِ وَمَنْ يَتَعَلَّقُ بِهِ، وَكَانَ اُسْتَاذُنَا شَيْخُ الْاِسْلَامِ بُرْهَانُ الدِّيْنِ صَاحِبُ الْهِدَايَةِ رَحِمَهُ اللّٰهُ يَحْكِىْ اَنَّ وَاحِدًا مِنْ كِبَارِ اَئِمَّةِ بُخَارٰى كَانَ يَجْلِسُ مَجْلِسَ الدَّرْسِ وَكَانَ يَقُوْمُ فِىْ خِلَالِ الدَّرْسِ اَحْيَانًا، فَسَألُوْهُ عَنْ ذٰلِكَ فَقَالَ اِبْنُ اُسْتَاذِىْ يَلْعَبُ مَعَ الصِّبْيَانِ فِى السِّكَّةِ وَيَجِئُ اَحْيَانًا اِلٰى بَابِ الْمَسْجِدِ، فَاِذَا رَأَيْتُهُ اَقُوْمُ لَهُ تَعْظِيْمًا لِاُسْتَاذِىْ.

লোক ঐ ব্যক্তি , যে পরের পার্থিব স্বার্থের জন্য নিজের দ্বীন বরবাদ করে"। আর শিক্ষকের সন্তান ও তাঁর সাথে সম্পর্ক রাখেন এমন ব্যক্তিদের সম্মান করাও শিক্ষকের সম্মানের অন্তর্ভুক্ত। আমাদের উস্তাদ হিদায়া প্রণেতা শায়খুল ইসলাম বুরহানুদ্দীন রাহিমাহুল্লাহু বর্ণনা করতেন, যে বুখারার একজন বড় ইমাম দরসের মজলিসে (পাঠদানের আসর) বসতেন এবং পাঠদানের সময় কখনো কখনো দাঁড়িয়ে যেতেন। (ছাত্ররা) তার কারণ জিজ্ঞেস করলে তিনি বলেন , আমার উস্তাদের পুত্র ছেলেদের সাথে পথে খেলা করছে। মাঝে মধ্যে সে মসজিদের দরজার দিকে চলে আসে। তাই তাকে দেখলে আমি আমার উস্তাদের সম্মানার্থে দাঁড়িয়ে যাই।

يذهب - বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اذهـــاب । অর্থঃ অপসারণ করা, দূর করা, নিয়ে যাওয়া। এখানে উদ্দেশ্য নষ্ট করা। কুরআনে আছে, وقالو الحمد لله الذى اذهب عنا الحزن [الفاطر:٣٤]

يتعلق - সংশিষ্ট হয়, সম্পর্ক যুক্ত হয়, সম্পর্ক রাখে। বাবে تفعل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এরছীগাহ। মাছদার تعلق ।

يحكى - বর্ণনা করতেন, বলতেন। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب । মাছদার حكاية । কিসসা কাহিনী অর্থেও আসে।

خلال - মধ্যে, সময়, সময়ে, বন্ধুত্ব, হৃদ্যতা। কুরআনে আছে لابيع فيه ولا خلال [ابراهيم: ٣١]

الصبيان- صبى এর বহুবচন। অর্থঃ বালক, ছেলে, শিশু।

السكة রাস্তা, সারি, মুদ্রাতৈরির ছাঁচ, মুদ্রা। سكة الحديد - রেলপথ। বহুবচন سكك .

يجيء - আসে। বাবে ضرب তেকে مضارع معروف এর واحد مذكر غائب । মাছদার مجيء । এটা ب بصلة ব্যবহৃত হলে অর্থ হয় নিয়ে আসা, আনা, আনয়ন করা।

وَكَانَ الْقَاضِى الْاِمَامُ فَخْرُ الدِّيْنِ الْاَرْسَابَنْدِىُّ رَئِيْسُ الْاَئِمَّةِ فِى مَرْوَ وَكَانَ السُّلْطَانُ يَحْتَرِمُهٗ غَايَةَ الْاِحْتِرَامِ وَيَقُوْلُ: اِنَّمَا وَجَدْتُ هٰذَ الْمَنْصَبَ بِخِدْمَةِ الْاُسْتَاذِ، فَاِنِّى كُنْتُ اَخْدِمُ الْاُسْتَاذَ الْقَاضِى الْاِمَامَ اَبَايَزِيْدَ الدَّبُوْسِىَّ وَكُنْتُ اَخْدِمُهٗ وَاَطْبَخُ طَعَامَهٗ ثَلَاثِيْنَ سَنَةً وَلَا اٰكُلُ مِنْهُ شَيْئًا. وَكَانَ الشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ شَمْسُ الْاَئِمَّةِ الْحَلْوَانِىُّ قَدْ خَرَجَ مِنْ بُخَارٰى وَسَكَنَ فِىْ بَعْضِ الْقُرٰى اَيَّامًا لِحَادِثَةٍ وَقَعَتْ لَهٗ، وَقَدْ زَارَهٗ تِلْمِيْذُهٗ غَيْرُ الشَّيْخِ الْاِمَامِ الْقَاضِى اَبِىْ بَكْرٍ الزَّرَنْجِىْ

আর কাজী ইমাম ফখরুদ্দীন আরসাবন্দী মরু শহরের ইমামদের প্রধান ছিলেন। বাদশা তাকে সীমাহীন শ্রদ্ধা করতেন। তিনি (আরসাবন্দী) বলতেন আমি এ অবস্থান ও সম্মান লাভ করেছি উস্তাদের খেদমত করে। কারণ, আমি আমার উস্তাদ কাজী ইমাম আবু ইয়াজীদ আদদাববূসীর খেদমত করতাম এবং ত্রিশ বছর তাঁর খাবার রান্না করেছি। আর এসময় তার খাবার থেকে আমি কিছুই খেতামনা।

মহান ইমাম শায়খ শামছুল আ-ইম্মাহ আল হালওয়ানী এক সময় কোন এক দূর্ঘটনার সম্মুখীন হয়ে বুখারা থেকে বাইরে কোন একটি এলাকায় গিয়ে অবস্থান করেছিলেন। এসময় শায়খ কাজী ইমাম আবুবকর আযযারনজী ছাড়া

শব্দ বিশ্লেষণ ঃ

الاحترام - সম্মান করা, শ্রদ্ধা করা। বাবে افتعال এর মাছদার।

المنصب - পদ, পদ মর্যাদা। বহুবচন مناصب ।

خدمة - খেদমত, সেবা, পরিচর্যা। বাবে ضرب এর মাছদার।

اطبخ - আমি রান্না করি/ করতাম। বাবে فتح থেকে مضارع معروف এর واحد متكلم । মাছদার طبخ، طباخة ।

حادثة - ঘটনা, দূর্ঘটনা। বহুবচন حوادث ।

زار - সাক্ষাৎ করেছে, মোলাকাত করেছে। বাবে نصر থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার زيارة । কুরআনে আছে ألهاكم التكاثر حتى زرتم المقابر

رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى، فَقَالَ لَهُ حِيْنَ لَقِيَهُ لِمَ لَمْ تَزُرْنِيْ؟ فَقَالَ لَهُ كُنْتُ مَشْغُوْلًا بِخِدْمَةِ الْوَالِدَةِ، فَقَالَ تُرْزَقُ الْعُمُرُ وَلَا تُرْزَقُ رَوْنَقُ الدَّرْسِ. وَكَانَ ذٰلِكَ فَإِنَّهُ كَانَ يَسْكُنُ فِيْ اَكْثَرِ اَوْقَاتِهِ الْقُرٰى وَلَمْ يَنْتَظِمْ لَهُ الدَّرْسُ، فَمَنْ تَأَذّٰى مِنْهُ اُسْتَاذُهُ يُحْرَمُ بَرَكَةَ الْعِلْمِ وَلَمْ يَنْتَفِعْ بِهِ اِلَّا قَلِيْلًا.

তাঁর অন্যান্য ছাত্ররা তার সাথে সাক্ষাৎ করে। পরে তার সাথে দেখা হলে তিনি (আল হালওয়ানী) বললেন , তুমি আমার সাথে সাক্ষাৎ করলেনা কেন? তিনি বললেন, আমি মায়ের খেদমতে লিপ্ত ছিলাম। তখন তিনি তাকে (আয যারনজীকে) বললেন, (মায়ের খেদমতের ফলে) তোমার হায়াত বৃদ্ধি করে দেয়া হবে ঠিক, কিন্তু ইলমের সৌন্দর্য তোমাকে দান করা হবেনা। আর তার অবস্থা ঐ রকমই হয়েছিল। কেননা, তিনি অধিকাংশ সময় গ্রামেই থাকতেন। ফলে তার দরস দেওয়ার ব্যবস্থা আর হয়নি।

অতএব (বুঝা গেল), যার পক্ষ থেকে উস্তাদ কষ্ট পাবেন, সে ইলমের বরকত থেকে বঞ্চিত হবে এবং ইলম দ্বারা সে খুব কমই উপকৃত হবে।

শব্দ বিশ্লেষণ ঃ

لقى - সাক্ষাৎ করেছে, দেখা করেছে। বাবে سمع থেকে واحد এর ماضى معروف مذكر غائب । মাছদার لقاء ।

رونق- সৌন্দর্য, শোভা, উজ্জলতা।

لم ينتظم - ব্যবস্থা হয়নি। বাবে افتعال থেকে نفى جحد بلم এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার انتظام ।

يسكن - বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার سكنى، سكن، سكون । অর্থঃ বাস করা, অবস্থান করা, শন্তি পাওয়া, আরামে, থাকা। কুরআনে আছে من الله غير الله يأتيكم بليل تسكنون فيه [القصص: ٧٢]

تأذى - কষ্ট পেয়েছে। বাবে تفعل থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تأذى ।

يحرم বঞ্চিত করা হয়। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার حرم، حرمان । কুরআনে আছে,

وفى اموالهم حق معلوم للسائل والمحروم [الذاريات: ١٩]

إِنَّ الْمُعَلِّمَ وَالطَّبِيبَ كِلَاهُمَا لَا يَنْصَحَانِ إِذَا هُمَا لَمْ يُكْرَمَا

فَاصْبِرْ لِدَائِكَ إِنْ جَفَوْتَ طَبِيبَهُ وَاقْنَعْ بِجَهْلِكَ إِنْ جَفَوْتَ مُعَلِّمَا

وَحُكِيَ اَنَّ الْخَلِيفَةَ هَارُوْنَ الرَّشِيْدَ بَعَثَ اِبْنَهُ إِلَى الْاَصْمَعِيِّ لِيُعَلِّمَهُ الْعِلْمَ وَالْاَدَبَ فَرَآهُ يَوْمًا يَتَوَضَّأُ وَيَغْتَسِلُ رِجْلَهُ وَابْنُ الْخَلِيفَةِ يَصُبُّ الْمَاءَ عَلَى رِجْلِهِ،

১. নিঃসন্দেহে শিক্ষক ও চিকিৎসক উভয়ে কল্যান কামনা করবেননা, যদি না তাদের সম্মান করা হয়।

২.অতএব, তুমি তোমার রোগ নিয়ে ধৈর্য ধারণ কর, যদি তার চিকিৎসাকারীর সাথে দূর্ব্যবহার করে থাকো। আর তোমার অজ্ঞতা নিয়ে তুমি সুন্তুষ্ট থেকো, যদি শিক্ষকের সাথে দূর্ব্যবহার করেছো।

বর্ণিত আছে, খলীফা হারুনুর রশীদ ইমাম আছমায়ীর নিকট ছেলেকে পাঠিয়েছিলেন ইলম ও আদব শিক্ষা দেয়ার জন্য। অতঃপর এক দিন তিনি তাঁকে ওজু করতে দেখলেন এবং দেখতে পেলেন যে, তিনি তাঁর পা ধুচ্ছেন এবং খলীফার ছেলে পানি ঢালছে।

শব্দ বিশ্লেষণ ঃ

الطبيب - চিকিৎসক, ডাক্তার। বহুবচন أطباء ।

لا ينصحان - কল্যাণ কামনা করেনা। বাবে فتح থেকে مضارع منفى معروف এর تثنيه مذكر غائب এর ছীগাহ। মাছদার نصح । কুরআনে আছে

اذا نصحوا لله ورسوله [التوبة: ٩١]

داء -রোগ, ব্যাধি, পীড়া, অসুখ। বহুবচন ادواء ।

جفوت - বাবে نصر থেকে ماضى معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার جفاء، جفو । অর্থ ঃ দুর্ব্যবহার করা, কঠোর হওয়া, নির্দয় হওয়া, অত্যাচার করা।

اقنع - ববে سمع থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার قناعة । অর্থ ঃতুষ্ট হওয়া, তৃপ্ত হওয়া, সন্তুষ্ট হওয়া।

فَعَاتَبَ الْخَلِيفَةُ الْاَصْمَعِيَّ فِيْ ذٰلِكَ بِقَوْلِهٖ اِنَّمَا بَعَثْتُهٗ اِلَيْكَ لِتُعَلِّمَهٗ وَتُؤَدِّبَهٗ فَلِمَاذَا لَمْ تَأْمُرْهُ بِاَنْ يَصُبَّ الْمَاءَ بِاِحْدٰى يَدَيْهِ وَيَغْتَسِلَ بِالْاُخْرٰى رِجْلَكَ.

وَمِنْ تَعْظِيْمِ الْعِلْمِ تَعْظِيْمُ الْكِتَابِ، فَيَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ لَايَأْخُذَ الْكِتَابَ اِلَّابِالطَّهَارَةِ ، وَحُكِيَ عَنِ الشَّيْخِ الْاِمَامِ شَمْسِ الْاَئِمَّةِ الْحَلْوَانِيْ اَنَّهٗ قَالَ: اِنَّمَا نِلْتُ هٰذَا الْعِلْمَ بِالتَّعْظِيْمِ. فَاِنِّيْ مَااَخَذْتُ الْكَاغَذَ اِلَّا بِالطَّهَارَةِ .

তখন খলীফা আছমায়ীকে এই বলে তিরস্কার করলেন যে, আমি তাকে আপনার নিকট পাঠিয়েছি ইলম ও আদব শিক্ষা দেয়ার জন্য। অতএব আপনি কেন তাকে এক হাতে পানি ঢালতে এবং আরেক হাতে আপনার পা ধুয়ে দিতে নির্দেশ দিলেন না?

আর কিতাবের প্রতি সম্মান প্রদর্শন করাও ইলমের প্রতি সম্মান প্রদর্শন করার অন্তর্ভুক্ত। তাই শিক্ষার্থীর উচিত, পবিত্রতা ছাড়া কিতাব স্পর্শ না করা। শায়খ ইমাম সমছুল আই-ম্মাহ আল হালওয়ানী সম্পর্কে বণিত আছে, তিনি বলেছেন, আমি সম্মান প্রদর্শন করেই এই ইলম অর্জন করেছি। কারণ, আমি পবিত্রতা ছাড়া (কিতাবের) কাগজ স্পর্শ করিনি।

শব্দ বিশ্লেষণ ঃ

يصب - ঢালছে। বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার صب । কুরআনে আছে

ثم صبوا فوق رأسه من عذاب الجحيم [الدخان: ٤٨]

رجل - ب এর জের সহকারে। অর্থঃ পা, পদ, চরণ। বহুবচন أرجل । কুরআনে আছে

وامسحو برؤوسكم وارجلكم الى الكعبين

عاتب - তিরস্কার করেছেন, ভর্ৎসনা করেছেন। বাবে مفاعلة থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার معاتبة ، عتاب ।

الطهارة - পবিত্রতা। এখানে উদ্দেশ্য حدث اصغر থেকে পবিত্র হওয়া।

وَإِنَّ الشَّيْخَ الْإِمَامَ شَمْسُ الْأَئِمَّةِ السَّرْخَسِيَّ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى كَانَ مَبْطُوْنًا وَكَانَ يُكَرِّرُ فِيْ لَيْلَةٍ فَتَوَضَّأَ فِيْ تِلْكَ اللَّيْلَةِ سَبْعَ عَشَرَةَ مَرَّةً لِأَنَّهُ لَا يُكَرِّرُ إِلَّا بِالطَّهَارَةِ، وَهٰذَا لِأَنَّ الْعِلْمَ نُوْرٌ وَالْوُضُوْءَ نُوْرٌ فَيَزْدَادُ الْعِلْمُ بِهِ.

وَمِنَ التَّعْظِيْمِ الْوَاجِبِ أَنْ لَا يَمُدَّ الرِّجْلَ إِلَى الْكِتَابِ وَيَضَعُ كُتُبَ التَّفْسِيْرِ فَوْقَ سَائِرِ الْكُتُبِ تَعْظِيْمًا وَلَا يَضَعُ عَلَى الْكُتُبِ شَيْئًا آخَرَ.

তিনি আরো বলেন, যে শায়খ ইমাম শামছুল আইম্মাহ আসসুরাখসী রাহিমাহুল্লাহু পেটের রোগী ছিলেন। তিনি এক রাত বার বার পড়ছিলেন। সেই রাতে তিনি সতের বার ওজু করেন। কারণ, তিনি পবিত্র হওয়া ছাড়া তাকরার করতেন না। এটা এজন্য যে, ইলম হচ্ছে নূর এবং ওজুও নূর । ফলে এর দ্বারা ইলম বৃদ্ধি পাবে।

আর কিতাবের দিকে পা লম্বা না করাও ইলমের প্রতি সম্মান প্রদর্শনের অন্তর্ভূক্ত। আর তাফসীরের কিতাবকে সম্মান প্রদর্শনপূর্বক সকল কিতাবের ওপর রাখবে এবং কিতাবের ওপর অন্য কোন জিনিস রাখবেনা।

শব্দ বিশ্লেষণ ঃ

يكرر - বার বার পড়তেন, পুনরাবৃত্তি করতেন। বাবে تفعيل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تكرير.

لا يمد - লম্বা করবেনা, প্রসারিত করবেনা। বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার مد । কুরআনে আছে, الم تر الى ربك كيف مد الظل

وَكَانَ اُسْتَاذُنَا شَيْخُ الْاِسْلَامِ بُرْهَانُ الدِّيْنِ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى يَحْكِيْ عَنْ شَيْخٍ مِنَ الْمَشَائِخِ اَنَّ فَقِيْهًا كَانَ وَضَعَ الْمِحْبَرَةَ عَلَى الْكِتَابِ فَقَالَ بِالْفَارِسِيَّةِ برنيابى. وَكَانَ اُسْتَاذُنَا الْقَاضِيُ الْاِمَامُ الْاَجَلُّ فَخْرُ الْاِسْلَامِ اَلْمَعْرُوْفُ بِقَاضِيْ خَانْ يَقُوْلُ: اِنْ لَمْ يُرِدْ بِذٰلِكَ الْاِسْتِخْفَافَ فَلَا بَأْسَ بِهٖ وَالْاَوْلٰى اَنْ يَحْتَرِزَ عَنْهُ.

وَمِنَ التَّعْظِيْمِ الْوَاجِبِ اَنْ يُجَوِّدَ كِتَابَةَ الْكِتَابِ

আমাদের উস্তাদ শায়খুল ইসলাম বুরহানুদ্দীন রাহিমাহুল্লাহু মাশায়েখদের একজন শায়খের কাছ থেকে বর্ণনা করেছেন, যে একজন ফকীহ কিতাবের ওপর দোয়াত রেখেছিলেন। তখন তিনি (শায়খ) ফার্সী ভাষায় কললেন, তুমি ফল পাবেনা। আর আমাদের উস্তাদ মহান ইমাম কাজী ফখরুল ইসলাম, যিনি কাজীখান নামে পরিচিত বলতেন, যদি তা (কিতাবের ওপর কিছু রাখা) অবজ্ঞাবশতঃ রাখা না হয় , তাহলে অসুবিধা নেই। তবে উত্তম হচ্ছে , তা থেকেও বেঁচে থাকা।

আর কিতাবের লেখাকে সুন্দর করা এবং ছোট ছোট ও ঘন করে না লেখা

শব্দ বিশ্লেষণ ঃ

المحبرة - দোয়াত, কালি রাখার পাত্র। বহুবচন محابر .

بأس - দুঃখ, বেদনা, কষ্ট, অসুবিধা, দারিদ্র, ক্ষতি, শক্তি, সাহস। এর প্রতি শব্দ بؤس । কুরআনে আছে لتحصنكم من بأسكم

الاستخفاف - অবজ্ঞা করা, হালকা মনে করা। বাবে استفعال এর মাছদার। কুরআনে আছে [الروم:٦٠] ولا يستخفنك الذين لا يوقنون .

يحترز - বাবে افتعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب । মাছদার احتراز । অর্থ ঃ দূরে থাকা, বিরত থাকা, সতর্ক থাকা, সংরক্ষণ করা।

يجود - সুন্দর করবে। বাবে تفعيل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تجويد । جيد -সুন্দর, ভাল , উন্নত,। বহুবচন جياد । কুরআনে আছে [ص:٣١] اذعرض عليه بالعشى الصافنات الجياد

كتابة - লেখা, লিখন, রচনা, লিপি, লিখিত বিষয়। বাবে نصر এর মাছদার । কুরআনে আছে [الاعراف:١٥٤] واكتب لنا فى هذه الدنيا حسنة وفى الآخرة

وَلَا يُقَرْمِطَ وَيَتْرُكَ الْحَاشِيَةَ الَّتِي يُقَرْمَطُ فِيهَا إِلَّا عِنْدَ الضَّرُورَةِ، وَرَأى أبُو حَنِيفَةَ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى كَاتِبًا يُقَرْمِطُ فِي الْكِتَابَةِ، فَقَالَ: لِمَ تُقَرْمِطُ خَطَّكَ إِنْ عِشْتَ تَنْدَمْ وَإِنْ مِتَّ تُشْتَمْ، يَعْنِي إِذَا شَخْتَ وَضَعُفَ بَصَرُكَ نَدِمْتَ عَلٰى ذٰلِكَ،

এবং ছোট ছোট ও ঘন করে যে পার্শ্বটিকা লেখা হয় , প্রয়োজন ছাড়া তা বাদ দেয়াও ইলমের প্রতি সম্মান প্রদর্শনের অন্তর্ভূক্ত। ইমাম আবু হানীফা (রহঃ) একজন কাতেবকে ছোট ছোট ও ঘন করে লিখতে দেখলেন। তখন তিনি বললেন, তুমি তোমার লেখা কেন ছোট ছোট ও ঘন করছ? যদি তুমি জীবিত থাকো তাহলে লজ্জিত হবে। আর যদি মারা যাও তা হলে তিরস্কৃত হবে। অর্থাৎ , যখন তুমি বৃদ্ধ হবে এবং তোমার দৃষ্টি শক্তি দূর্বল হয়ে পড়বে, তখন তুমি সে কাজের ওপর লজ্জা অনুভব করবে।

শব্দ বিশ্লেষণ ঃ

لا يقرمط - বাবে فعلل থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার قرمطة । অর্থঃ ছিকন ও ঘন করে লেখা।

الحاشية - পার্শ্ব টীকা,পার্শ্ব, পাড়, সাঙ্গ-পাঙ্গ। বহুবচন حواشى .

خط - লেখা , লিপি, সারি, লাইন, খাত। বাবে نصر এর মাছদার। বহুবচন خطوط ।

কুরআনে আছে [العنكبوت :٤٨] ولا تخطه بيمينك اذالارتاب المبطلون

عشت - তুমি বেঁচে থেকেছো, জীবন যাপন করেছো। বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার عيش । معاش - জীবিকা। বহুবচন معاشات، معائش । কুরআনে আছে- وجعلنا النهار معاشا

تندم - তুমি লজ্জিত হবে। বাবে سمع থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার ندامة، ندم । কুরআনে আছে

فاصبح من النادمين [المائده :٣١]

تشتم- তোমাকে গালি দেয়া হবে। বাবে ضرب ও نصر থেকে مضارع مجهول এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার شتم .

بصر - দৃষ্টি শক্তি, চোখ। বহুবচন ابصار । কুরআনে আছে

ان السمع والبصر والفؤاد كل اولئك كان عنه مسئولا [الاسراء: ٣٦] .

وَحكى عَنِ الشَّيخِ الإمَامِ مَجدِ الدِّينِ السُّرجُكِي أنَّهُ قَالَ: مَا قَرمَطنَا إلَّا نَدِمنَا وَمَا انتَخبنَا إلَّا نَدِمنَا وَلَم نُقَابِل إلَّا نَدِمنَا.

وَينبَغِي أن يَكُونَ تَقطِيعُ الكِتَابِ مُربَّعًا، فَإنَّهُ تَقطِيعُ أبُو حَنِيفَةَ وَأنَّهُ أيسَرُ إلَى الرَّفعِ وَالوَضعِ وَالمُطَالَعَةِ. وَينبَغِي ألَّا يَكُونَ فِي الكِتَابِ شَيءٌ مِنَ الحُمرَةِ فَإنَّهَا صَنِيعُ الفَلَاسِفَةِ لَا صَنِيعُ السَّلَفِ،

শায়খ ইমাম মাজদুদ্দীন আস সুরজুকী থেকে বর্ণিত হয়েছে, তিনি বলেন, আমরা ছোট ও ঘন করে লেখে ও কোন কিতাবকে সংক্ষিপ্ত করে এবং (আমাদের লিখিত কিতাব অন্য কোন পুরাতন কিতাবের শুদ্ধ কপির সাথে) মিলিয়ে দেখে কেবল লজ্জিতই হয়েছি।

আর কিতাবের সাইজ চতুস্কোনী হওয়া উচিত। কারণ, এটা আবু হানিফা (রহঃ) এর সাইজ এবং তা তুলতে, রাখতে ও অধ্যয়ণের জন্য সহজতর। আর কিতাবে লাল রংয়ের কিছু না থাকা উচিত। কারণ, তা ফালসাফীদের কাজ, সালাফের কাজ নয়।

শব্দ বিশ্লেষণ ঃ

انتخبنا - বাবে انفعال থেকে ماضى معروف এর جمع متكم। মাছদার انتخاب। অর্থ বাছাই করা, নির্বাচন করা। এখানে উদ্দেশ্য বাছাই করে সংক্ষিপ্ত করা।

لم نقابل - বাবে مفاعلة থেকে نفى جحد بلم এর جمع متكلم এর ছীগাহ। মাছদার مقابلة। অর্থঃ মুখোমুখি হওয়া, সাক্ষাৎ দেওয়া/ করা, তুলনা করা, মিলিয়ে দেখা।

تقطيع - খন্ড খন্ড করা, সাইজ করা। বাবে تفعيل এর মাছদার।

مربع - চুতুস্কোনী, চোকা, চতুস্পদী, বর্গ। مربع كيلومتر - বর্গ কিঃমিঃ।

المطالعة - অধ্যয়ন, পাঠ করা। বাবে مفاعلة এর মাছদার।

الحمرة - লাল রঙ, রক্তিম বর্ণ, রক্তিমতা।

صنيع - কাজ, কৃতকর্ম, সৃষ্টি।

الفلاسفة - فيلسوف এর বহুবচন। অর্থঃ দার্শনিক, কুরআন হাদীছ বাদ দিয়ে যারা যুক্তি - বুদ্ধি ভিত্তিক বিশ্বাস ও কাজ করে।

السلف - পূর্বপুরুষ, পূর্ব সূতি। বহুবচন اسلاف। সাহাবা, তাবেয়ী ও তবেতাবেয়ীন কে سلف صالح বলা হয়। এখানে سلف থেকে سلف صالح উদ্দেশ্য। কুরআনে ফেরআউনদের সম্পর্কে আছে فجعلناهم سلفا ومثلا للآخرين

وَمِنْ مَشَائِخِنَا مَنْ كَرِهَ اِسْتِعْمَالَ الْمُرَكَّبِ الْاَحْمَرِ.

وَمِنْ تَعْظِيْمِ الْعِلْمِ تَعْظِيْمُ الشُّرَكَاءِ فِيْ طَلَبِ الْعِلْمِ وَالدَّرْسِ وَمَنْ يَتَعَلَّمُ، وَالتَّمَلُّقُ مَذْمُوْمٌ اِلَّا فِيْ طَلَبِ الْعِلْمِ، فَاِنَّهُ يَنْبَغِيْ اَنْ يَتَمَلَّقَ لِاُسْتَاذِهِ وَشُرَكَائِهِ لِيَسْتَفِيْدَ مِنْهُمْ، وَيَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَسْتَمِعَ الْعِلْمَ وَالْحِكْمَةَ بِالتَّعْظِيْمِ وَالْحُرْمَةِ وَاِنْ سَمِعَ مَسْئَلَةً وَاحِدَةً اَوْكَلِمَةً وَاحِدَةً اَلْفَ مَرَّةٍ، قِيْلَ: مَنْ لَمْ يَكُنْ تَعْظِيْمُهُ بَعْدَ اَلْفِ مَرَّةٍ كَتَعْظِيْمِهِ فِيْ اَوَّلِ مَرَّةٍ فَلَيْسَ بِأَهْلِ الْعِلْمِ،

আর আমাদের মশায়েখদের কেউ কেউ লাল কালির ব্যবহার অপছন্দ করেছেন।

আর জ্ঞান অর্জনের সময় ও পাঠ্যকালে সহপাঠীদের ও শিক্ষকের প্রতি সম্মান প্রদর্শন করাও ইলমের সম্মানের অন্তর্ভূক্ত। আর শিক্ষা কাল ছাড়া বাকী সব ক্ষেত্রে তোষামোদ নিন্দনীয়। কারণ, উপকৃত হওয়ার জন্য শিক্ষক ও সহপাঠীদের কাছে তোষামোদ করা দরকার। শিক্ষার্থীর আরো উচিত, ইলম ও হিকমত সম্মান ও শ্রদ্ধার সাথে ভাল করে শোনা, যদিও (পূর্বে) একটি মাসআলা ও একটি শব্দ হাজার বার শোনে। বলা হয়েছে, এক হাজার বার শোনার পরও যদি কেউ (কোন মাসআলা ও শব্দ কে) প্রথমবারের মত সম্মানের সাথে না শোনে, তাহলে সে ইলমের যোগ্য নয়।

শব্দ বিশ্লেষণ ঃ

المركب - মিশ্র বস্তু, যৌগিক পদার্থ, গঠিত বিষয়। এখানে উদ্দেশ্য কালি। এটা বাবে تفعيل থেকে اسم مفعول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تركيب.

استعمال - ব্যাবহার করা, কাজে লাগানো, নিয়োগ করা, কাজ দেওয়া। বাবে استفعال এর মাছদার।

الشركاء - شريك এর বহুবচন। অর্থঃ অংশীদার, সাথী, সহপাঠী।

التملق - তোষামোদ করা, খোশামোদ করা, চাটুকারিতা করা।

مسئلة - মাসআলা, সমস্যা, প্রশ্ন, চাহিদা, দাবি, ভিক্ষা। বহুবচন مسائل।

وَيَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَلَّا يَخْتَارَ نَوْعَ عِلْمٍ بِنَفْسِهٖ بَلْ يُفَوِّضُ اَمْرَهٗ اِلَى الْاُسْتَاذِ، فَاِنَّ الْاُسْتَاذَ قَدْ حَصَلَ لَهٗ التَّجَارُبُ فِيْ ذٰلِكَ ، فَكَانَ اَعْرَفَ بِمَا يَنْبَغِيْ لِكُلِّ وَاحِدٍ وَيَلِيْقُ بِطَبِيْعَتِهٖ.

وَكَانَ الشَّيْخُ الْاُسْتَاذُ الْاِمَامُ الْاَجَلُّ بُرْهَانُ الدِّيْنِ رَحْمَةُ اللّٰهِ عَلَيْهِ يَقُوْلُ : كَانَ طَلَبَةُ الْعِلْمِ فِي الزَّمَانِ الْاَوَّلِ يُفَوِّضُوْنَ اُمُوْرَهُمْ فِي التَّعَلُّمِ اِلٰى اُسْتَاذِهِمْ وَكَانُوْا يَصِلُوْنَ اِلٰى مَقَاصِدِهِمْ وَمُرَادِهِمْ. وَالْاٰنَ يَخْتَارُوْنَ بِاَنْفُسِهِمْ فَلَا يَحْصُلُ مَقْصُوْدُهُمْ مِنَ الْعِلْمِ وَالْفِقْهِ،

শিক্ষার্থীর আরো উচিত, কোন প্রকার ইলম নিজে নিজে (অর্জনের জন্য) নির্বাচন না করা। বরং তার ব্যাপার উস্তাদের কাছে সমর্পন করবে। কারণ, ঐ ব্যাপারে উস্তাদের বহু অভিজ্ঞতা অর্জিত হয়েছে। তাই তিনি কার জন্য কি উচিত ও কার মেযাজের সাথে কোনটা মানানসই, সে বিষয়ে অধিক জ্ঞান রাখেন।

আমাদের উস্তাদ মহান ইমাম শায়খ বুরহানুদ্দীন রাহিমাহুল্লাহ বলতেন , আগের যুগে শিক্ষার ক্ষেত্রে ছাত্ররা তাদের ব্যাপার সমূহ তাদের উস্তাদের কাছে সমর্পন করত এবং তারা তাদের উদ্দেশ্য সমূহ অর্জন করত। এখন তাদের ব্যাপারে তারা নিজেদের মতামতকেই গ্রহণ করে। ফলে তারা ইলম ও ফিক্বাহের ক্ষেত্রে নিজেদের লক্ষ্য অর্জন করতে পারেনা।

শব্দ বিশ্লেষণ ঃ

نوع- প্রকার, রকম, শ্রেণী, ধরণ। বহুবচন انواع ।

يفوض - সমর্পন করে, ন্যস্ত করে, সোপর্দ করবে। বাবে تفعيل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تفويض . কুরআনে আছে وأفوض امرى إلى الله [المؤمن:٤٤]

التجارب - تجربة এর বহুবচন। অর্থঃ অভিজ্ঞতা, পরীক্ষা, অনুশীলন।

يليق - বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার لياقة । অর্থ ঃ যোগ্য হওয়া, উপযোগী হওয়া, মানানসই হওয়া, উপযুক্ততা, দক্ষতা।

طبيعة - স্বভাব, প্রকৃতি, মেযাজ। বহুবচন, طبائع । فوق الطبيعة - অলৌকিক, অতি প্রাকৃতিক।

وَكَانَ يَحْكِي اَنَّ مُحَمَّدَ بْنَ اِسْمَاعِيلَ الْبُخَارِيَ رَحْمَةُ اللّٰهِ بَدَأَ بِكِتَابِ الصَّلٰوةِ عَلٰى مُحَمَّدِ بْنِ الْحَسَنِ، فَقَالَ لَهُ اِذْهَبْ وَتَعَلَّمْ عِلْمَ الْحَدِيْثِ، لِمَا رَأٰى اَنَّ ذٰلِكَ اَلْيَقُ بِطَبْعِهِ. وَطَلَبَ عِلْمَ الْحَدِيْثِ، فَصَارَ فِيْهِ مُقَدَّمًا عَلٰى جَمِيْعِ اَئِمَّةِ الْحَدِيْثِ.

وَيَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَلَّا يَجْلِسَ قَرِيْبًا مِنَ الْاُسْتَاذِ عِنْدَ السَّبَقِ بِغَيْرِ ضَرُوْرَةٍ، بَلْ يَنْبَغِيْ اَنْ يَكُوْنَ بَيْنَهُ وَبَيْنَ الْاُسْتَاذِ قَدْرَ الْقَوْسِ فَاِنَّهُ اَقْرَبُ اِلَى التَّعْظِيْمِ.

وَيَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَحْتَرِزَ عَنِ الْاَخْلَاقِ الذَّمِيْمَةِ، فَاِنَّهَا كِلَابٌ مَعْنَوِيَّةٌ، وَقَالَ رَسُوْلُ اللّٰهِ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ: لَاتَدْخُلُ

তিনি (শায়খ বুরহানুদ্দীন) বর্ণনা করতেন, যে মুহাম্মদ বিন ইসমাঈল আল বুখারী রাহিমাহুল্লাহু ইমাম মুহাম্মদ রহিমাহুল্লাহুর নিকট কিতাবুস সালাত (যা ফিক্বাহ শাস্ত্রের সাথে সম্পর্কিত) পড়া শুরু করেছিলেন। তখন ইমাম মুহাম্মদ তাঁকে বললেন, যাও ইলমে হাদীছ শিক্ষা করো। কারণ, তিনি তাঁর মেযাজের জন্য ওটাকে (ইলমে হাদীস) অধিক উপযোগী মনে করেছিলেন। (তাঁর কথা মত) তিনি ইলমে হাদীস শিক্ষা করলেন। ফলে তিনি সকল হাদীসের ইমামগণের ওপর প্রাধান্য অর্জন করেছেন।

শিক্ষার্থীর আরো উচিত, পাঠ দান কালে কোন প্রয়োজন ছাড়া ওস্তাদের খুব কাছে না বসা। বরং তার এবং ওস্তাদের মাঝখানে (কমপক্ষে) এক ধনুক পরিমাণ দূরত্ব থাকা উচিত। কারণ, তা সম্মানের অধিক নিকটবর্তী।

শিক্ষার্থীর আরো উচিত, খারাপ চরিত্র পরিত্যাগ করা। কারণ, তা আভ্যান্তরীন কুকুরের ন্যায়। আর রাসূলুল্লাহ (সাঃ) বলেছেন, "যে ঘরে কুকুর

শব্দ বিশ্লেষণ ঃ

مقاصد - مقصود এর বহুবচন। অর্থ ঃ লক্ষ্য, উদ্দেশ্য, গন্তব্য।

القوس - ধনুক, বেহালার ছড়, পাঁজরের হাড়, রাশিচক্রের নবম রাশি। বহুবচন اقواس

كلاب -বহুবচন ,কুকুর। এক বচন كلب । এখানে কুকুর থেকে কুকুরের স্বভাবই উদ্দেশ্য।

الْمَلَائِكَةُ بَيْتًا فِيْ كَلْبٌ اَوْصُوْرَةٌ . وَاِنَّمَا يَتَعَلَّمُ الْاِنْسَانُ بِوَاسِطَةِ الْمَلَكِ، وَالْاَخْلَاقُ الذَّمِيْمَةُ تُعْرَفُ فِيْ كِتَابِ الْاَخْلَاقِ وَكِتَابُنَا هٰذَا لَا يَحْتَمِلُ بَيَانَهَا، وَالتَّحَرُّزُ خُصُوْصًا عَنِ التَّكَبُّرِ وَلَا يَحْصُلُ الْعِلْمُ بِهٖ. قِيْلَ شِعْرٌ:

اَلْعِلْمُ حَرْبٌ لِلْفَتَى الْمُتَعَالِيْ   كَالسَّيْلِ حَرْبٌ لِلْمَكَانِ الْعَالِيْ

ও ছবি রয়েছে, সে ঘরে (রহমতের) ফেরেশতা প্রবেশ করেনা"। আর মানুষ ইলম অর্জন করে ফেরেশতার মাধ্যমেই। আর খারাপ চরিত্রের বিবরণ (শহীদ নাসিরুদ্দীন আবুল কাসিমের) কিতাবুল আখলাকে পাওয়া যাবে। আমাদের এ কিতাবে তার বর্ণনা দেওয়া সম্ভব নয়। আর অহংকার থেকে শিক্ষার্থীকে বিশেষভাবে আত্ম রক্ষা করা উচিত। কারণ, অহংকার নিয়ে ইলম অর্জন করা যায়না। একটি কবিতা বলা হয়েছেঃ

☆ ইলম দাম্ভিক যুবকের শত্রু, যেমন পানির স্রোত শত্রু উঁচু ভূমির। (অর্থাৎ , স্রোত যেমন উচু ভূমি ডিঙ্গিয়ে চলতে পারেনা, তেমনি ইলমও অহংকার ডিঙ্গিয়ে কোন যুবকের অন্তরে প্রবেশ করতে পারেনা)

শব্দ বিশ্লেষণ ঃ

صورة - ছবি, চিত্র, অঙ্কন, আকৃতি। বহুবচন صور । تصوير - ছবি আঁকা/বানানো।

কুরআনে আছে [الحشر:٢٤] هو الله الخالق البارئ المصور

لايحتمل - বাবে افتعال থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائبএর ছীগাহ। মাছদার احتمال । অর্থঃ সহ্য করা, সম্ভাবনা থাকা, ধারণ করা, বহন করা।

حرب - যুদ্ধ, লড়াই, রণ, সমর। এখানে উদ্দেশ্য যার সাথে লড়াই করা হয় সে তথা শত্রু। বহুবচন حروب । محاربة -যুদ্ধ করা।

المتعالى - বাবে تفاعل থেকে اسم فاعل এর واحد مذكر । অর্থঃ অহংকারী, দাম্ভিক, বড়াইকারী। মাছদার تعالى ।

السيل (পানির) স্রোত, প্রবাহ, প্রবাহিত হওয়া, গলে যাওয়া। বাবে ضرب এর মাছদার سيول । ।৭৫৭৮০।

وَقِيْلَ:

بِجَدٍّ لَابِجِدٍّ كُلُّ مَجْدٍ فَهَلْ جَدٌّ بِلَا جِدٍّ بِمَجْدِىْ
فَكَمْ عَبْدٍ يَقُوْمُ مَقَامَ حُرٍّ وَكَمْ حُرٍّ يَقُوْمُ مَقَامَ عَبْدٍ

আরো বলা হয়েছেঃ

১. চেষ্টা করে সকল প্রকারের সম্মান অর্জন করা যায়না। আর কোন সম্মানও কি চেষ্টা ব্যতীত পাওয়া সম্ভব? (অর্থাৎ, কিছু পাওয়ার জন্য চেষ্টা যেমন অপরিহার্য, তেমনি তাকদীরে থাকাও আবশ্যক । আর তাকদীর থাকলেও চেষ্টা ছাড়া পাওয়া অসম্ভব)

২। কত গোলাম (তকদীর ও চেষ্টার ফলে) স্বাধীন মানুষে পরিণত হয়। আর কত স্বাধীন মানুষ গোলামে পরিণত হয়।

শব্দ বিশ্লেষণ ঃ

جد - চেষ্টা, চেষ্টা করা, প্রয়াস চালানো। এটা জীমের জের ও জবর উভয় সহকারে পড়া যায়। আর জীমে শুধু জবর হলে সম্মান, মর্যাদা, মহত্ব, সম্পদ ইত্যাদিঅর্থও বুঝায়। তখন বহুবচন হয় جدود .

مجد - মর্যাদা, গৌরব, মহিমা, সম্মান, মহত্ব। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে كرم থেকে। এ থেকে مجيد শব্দটি বাবে كرم এর اسم فاعل এর واحد مذكر ।
কুরআনে আছে ذو العرش المجيد [البروج: ٥] .

عبد - বান্দা, দাস, ক্রীতদাস, গোলাম। বহুবচন عبيد، عباد .

حر - স্বাধীন, মুক্ত। বহুবচন احرار । حرية -স্বাধীনতা। تحرير -স্বাধীন করা।

مقام - জীমে জবর ও পেশ উভয় দিয়ে পড়া যায়। অর্থ ঃ স্থান, অস্থানস্থল, দাড়ানোর জায়গা। বহুবচন مقامات .

فَصْلٌ فِى الْجِدِّ وَالْمُوَاظِبَةِ وَالْهِمَّةِ

ثُمَّ لَا بُدَّ مِنَ الْجِدِّ وَالْمُلَازَمَةِ لِطَالِبِ الْعِلْمِ وَإِلَيْهِ الْإِشَارَةُ فِى الْقُرْآنِ بِقَوْلِهِ تَعَالَى ﴿وَالَّذِيْنَ جَاهَدُوْا فِيْنَا لَنَهْدِيَنَّهُمْ سُبُلَنَا﴾ وَقَوْلُهُ تَعَالَى ﴿يَا يَحْيَى خُذِ الْكِتَابَ بِقُوَّةٍ﴾ وَقَدْ قِيْلَ: مَنْ طَلَبَ شَيْئًا وَجَدَّ وَجَدَ، وَمَنْ قَرَعَ الْبَابَ وَلَجَّ وَلَجَ، وَقِيْلَ بِقَدْرِ مَا تَتَعَنَّى تَنَالُ مَا تَتَمَنَّى.

পঞ্চম অধ্যায় চেষ্টা, অধ্যবসায় ও দৃঢ় সংকল্প সম্পর্কে

অতঃপর (পূর্বে বর্ণিত গুণাবলী অর্জন করার পর) শিক্ষার্থীর জন্য (ইলম পেতে হলে) চেষ্টা ও অধ্যাবসায়ের বিকল্প নেই। কুরআনে মজীদে আল্লাহর একথা সেদিকেই ইঙ্গিত করে, "যারা আমাকে পাওয়ার চেষ্টা করেছে, আমি তাদেরকে আমাকে পাওয়ার যাবতীয় পথ অবশ্যই দেখাব" (আনকাবুতঃ ৬৯) "হে ইয়াহয়া! কিতাবকে দৃঢ়ভাবে ধারণ করো" (মরিয়ামঃ ১২)।

বলা হয়েছে যে, ব্যক্তি কোন কিছু অর্জন করতে চেয়েছে এবং সাথে সাথে চেষ্টা করেছে, তাহলে সে অবশ্যই তা পাবে। আর যে দরজার কড়া নেড়েছে এবং অনড় থেকেছে, সে প্রবেশ করেছে। আরো বলা হয়েছে , যে পরিমাণ তুমি কষ্ট করবে, সে পরিমাণ তোমার আকাংক্ষা অর্জন করবে।

শব্দ বিশ্লেষণ ঃ

المواظبة - অধ্যবসায়, নিরবচ্ছিন্নতা। বাবে مفاعلة এর মাছদার।

الملازمة - সার্বক্ষনিক সঙ্গ/সম্পর্ক, অবিচ্ছিন্নতা, অধ্যবসায়। বাবে مفاعلة এর মাছদার।

جاهدوا - সাধনা করেছে, প্রচেষ্টা চালিয়েছে। বাবে مفاعلة থেকে ماضى معروف এর جمع مذكرغائب এর ছীগাহ। মাছদার مجاهدة .

سبل - سبيل এর বহুবচন। অর্থঃ পথ, পন্থা।

لج - বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার لجاجة، لجاج، لجج । অর্থঃ অনড়তা, অনড় থাকা, জেদ ধরা, অটল থাকা, অনমনীয়তা। কুরআনে আছে [الملك :٦١] بل لجوفى عتو ونفور *পরের পৃ: দ্র:*

قِيلَ: يَحْتَاجُ فِى التَّعَلُّمِ وَالتَّفَقُّهِ اِلٰى جِدِّ الثَّلَاثَةِ، اَلْمُتَعَلِّمِ وَالْاُسْتَاذِ وَالْاَبِ اِنْ كَانَ فِى الْاَحْيَاءِ. اَنْشَدَنِىْ الشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ الْاُسْتَاذُ سَدِيْدُ الدِّيْنِ الشِّيْرَازِىْ رَحْمَةُ اللّٰهِ عَلَيْهِ لِلْإِمَامِ الشَّافِعِيِّ :

اَلْجِدُّ يُدْنِىْ كُلَّ اَمْرٍ شَاسِعٍ   وَالْجِدُّ يفتح كُلَّ بَابٍ مُغْلَقٍ

বলা হয়েছে, ইলম ও ফিক্বাহ অর্জনের জন্য তিন ব্যক্তির চেষ্টা প্রয়োজন। যথা ঃ শিক্ষার্থী , শিক্ষক ও পিতা, যদি জীবিত থাকেন। মহান ইমাম শায়খ সদীদ উদ্দীন আস-সীরাজী রাহিমাহুল্লাহু আমাকে ইমাম শাফেয়ী রাহিমাহুল্লাহুর কবিতা পড়ে শুনিয়েছেনঃ

১. চেষ্টা প্রত্যেক দূরবর্তী বস্তুকে নিকটে এনে দেয়। এবং চেষ্টা সকল বন্ধ দরজা খুলে দেয়।

আগের প্রষ্ঠার বাকী অংশ ঃ ولج - প্রবেশ করেছে, ঢুকেছে। বাবে ضرب থেকে واحد مذكر غائب ماضى معروف এর ছীগাহ। মাছদার ولوج । কুরআনে আছে

حتى يلج الجمل فى سم الخياط [الاعراف: ٤٠].

تتعنى - তুমি কষ্ট করছো। বাবে تفعل থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার تعنى । عناء -কষ্ট।

تتمنى - তুমি আশা/আকাঙ্খা করছো। বাবে تفعل থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تمنى । কুরআনে আছে

الا اذا تمنى القى الشيطان فى امنيته

শব্দ বিশ্লেষণ ঃ

يدنى - নিকটবর্তী কাছে করে দেয়। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب । মাছদার ادناء । دنو -কাছে হওয়া, নিকটবর্তী হওয়া। منه الادنى । কুরআনে আছে [الروم: ٢] غلبت الروم فى ادنى الارض .

شاسع - দূরবর্তী, দূরের। বাবে فتح থেকে اسم فاعل এর ছীগাহ। মাছদার شسوع، شسع ।

مغلق - বন্ধকৃত। বাবে افعال থেকে اسم مفعول এর واحد مذكر । মাছদার اغلاق ।

وَاَحَقُّ خَلْقِ اللّٰهِ بِالْهَمِّ اِمْرَاءُ ۞ ذُوْهِمَّةٍ يُبْلٰى بِعَيْشٍ ضَيِّقٍ
وَمِنَ الدَّلِيْلِ عَلَى الْقَضَاءِ وَحُكْمِهِ ۞ بُؤْسُ اللَّبِيْبِ وَطِيْبُ عَيْشِ الْاَحْمَقِ.
وَلٰكِنْ مَنْ رُزِقَ الْحَجٰى حُرِمَ الْغِنٰى ۞ ضِدَّانِ يَفْتَرِقَانِ اَىَّ تَفَرُّقٍ

২. আল্লাহ্‌র সৃষ্টির মাঝে সে ব্যক্তিই সবচেয়ে বেশী দুঃখবোধ করার যোগ্য, যার উচ্চ আকাংক্ষা রয়েছে বটে, কিন্তু তাকে অভাবপূর্ণ জীবন দ্বারা পরীক্ষায় ফেলা হয়েছে।

৩. এটা আল্লাহ্‌র ফয়সালা ও তকদীরের প্রমাণ, যে বুদ্ধিমানরা রয়েছে অভাব অসুবিধায় এবং নির্বোধরা রয়েছে স্বচ্ছলতায়।

৪. কিন্তু (আসল কথা হচ্ছে) যাকে বুদ্ধিমত্তা দান করা হয়েছে, তাকে বঞ্চিত করা হয়েছে সম্পদ থেকে। (বুদ্ধিমত্তাও সম্পদ) উভয়টা পরস্পর বিপরীত মুখী বস্তু এবং উভয়টার মধ্যে রয়েছে সমূহ পার্থক্য।

শব্দ বিশ্লেষণ ঃ

الهم- দুঃখ , বিষণ্ণতা, দুশ্চিন্তা। হাদীছে আছে اللهم انى اعوذ بك من الهم والحزن [راه البخارى]

يبلى - পরীক্ষা করা হয়, হচ্ছে। বাবে نصر থেকে مضارع مجهول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার بلاء । কুরআনে আছে
ليبلوكم ايكم احسن عملا [الملك: ٢]

عيش - জীবিকা, জীবন, জীবন যাত্রা, খাদ্য, রুজি। عيش ضيق - সংকীর্ণ তথা অভাবগ্রস্থ জীবন।

اللبيب - বুদ্ধিমান, প্রজ্ঞাবান। বাবে سمع থেকে اسم فاعل । মাছদার لبب । বহুবচন الباء .

طيب - ط এর জের ও ى এর জযম সহকারে । অর্থঃ সুন্তুষ্টি, আরাম, খুশি, আনন্দ, সুবাস। طيب عيش -আনন্দের তথা স্বচ্ছলতার জীবন। طيب এর ক্রিয়া রূপান্তর হয় বাবে ضرب থেকে।

الحجى - বুদ্ধিমত্তা, বিচক্ষনতা, প্রজ্ঞা। বহুবচন احجاء .

الغنى - غ এর জের সহকারে । অর্থঃ ধনাঢ্যতা, স্বচ্ছলতা, ধনশীলতা।

ضدان - উভয়টা প্রতিদ্বন্দ্বি বা পরস্পর বিপরীত। ضدان শব্দটি ضد এর দ্বিবচন । বহুবচন اضداد । تضاد বৈপরীত্য।

يفترقان - পৃথক হয়, আলাদা হয়, ভিন্ন হয়। বাবে افتعال থেকে مضارع معروف এর تثنيه مذكر غائب এর ছীগাহ। মাছদার افتراق । এর প্রতিশব্দ تفرق ।

وَاُنْشِدْتُّ لِغَيْرِهٖ:

تَـمَنَّيْتَ اَنْ تُمْسِىْ فَقِيهًا مُنَاظِرًا ۔ بِـغَيْـرِ عَـنَـاءٍ وَالْـجُـنُوْنُ فُنُوْنٌ

وَلَيْـسَ اِكْتِسَابُ الْمَالِ دُوْنَ مَشَقَّةٍ ۔ تَـحَـمَّـلُهَـا فَـالْعِلْمُ كَيْفَ يَكُوْنُ

আমাকে আরো কবিতা শোনানো হয়েছেঃ

১. তুমি কষ্ট ছাড়া বিতর্ককারী ফক্বীহ হওয়ার আশা করেছো। জেনে রেখো! পাগলামীর অনেক প্রকার (থেকে এটা একটি প্রকার)।

২. কষ্ট করা ছাড়া তোমার সম্পদ অর্জন করা যায়না। তাহলে কিভাবে (কষ্ট ছাড়া) ইলম (অর্জিত) হবে।

শব্দ বিশ্লেষণ ঃ

تمسى - বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার মাছদারامساء। অর্থ ঃ হওয়া, পরিণত হয়, সন্ধ্যা করা, সন্ধ্যায় উপনীত হওয়া।

مـنـاظـر- বিতর্ককারী, সমকক্ষ, অনুরূপ, প্রতিযোগী, তদারককারী, প্রতিপক্ষ। বাবে مفاعلة থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। মাছদার مناظرة ।

الجنون - পাগলামী, উম্মত্ততা। এর ক্রিয়া রূপান্তর- تصريف -হয় বাবে نصر থেকে।

فنون - فن এর বহুবচন। অর্থ ঃ প্রকার, রকম, বিষয়, বিদ্যা, শিল্প, কলা। الجنون فنون - পাগলামী অনেক প্রকার।

فتمنى كون الفقيه المناظر بغير عناء فن من فنون الجنون

اكتساب - উপার্জন করা, অর্জন করা, কামাই করা। বাবে افتعال এর মাছদার।

مشقة - কষ্ট, ক্লেশ, জটিলতা। বহুবচন مشقات। بصلةٔ على এর ক্রিয়া রুপন্তার হয় বাবে نصر থেকে। যেমন شق عليه هذ الامر এ বিষয়টা তার জন্য কষ্টকর হয়েছে।

تحملها - তুমি তা উঠাও। ববে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার حمل। ها এর مرجع হল مشقة। কুরআনে আছে

وان تدع مثقلة الى حملها لا يحمل [الفاطر: ١٨]

قَالَ اَبُوْ الطَّيِّبِ:

وَلَمْ أَرَفِىْ عُيُوْبِ النَّاسِ عَيْبًا ۞ كَنُقْصِ الْقَادِرِيْنَ عَلَى التَّمَامِ

وَلاَ بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنْ سَهْرِ اللَّيَالِىْ كَمَا قَالَ الشَّاعِرُ:

بِقَدْرِ الْكَدِّ تُكْتَسَبُ الْمَعَالِىْ ۞ وَمَنْ طَلَبَ الْعُلٰى سَهِرَ اللَّيَالِىْ

تَرُوْمُ الْعِزَّ ثُمَّ تَنَامُ لَيْلاً ۞ يَغُوْصُ الْبَحْرَ مَنْ طَلَبَ اللَّآلِىْ

আবুত্বায়্যিব (মুতানব্বী) বলেনঃ

☆ কাজ সম্পন্ন করতে সক্ষম লোকদের অলসতার ন্যায় কোন মারাত্মক দোষ মানুষের মাঝে আমি আর দেখিনি।

আর শিক্ষার্থীর (কিছুটা) রাত জেগে থেকে পড়া আবশ্যক। যেমন কবি বলেছেনঃ

১. কষ্ট অনুপাতে উন্নতি অর্জিত হয়। যে উন্নতি কামনা করে, তার উচিত, রাত্রি জাগরণ করা। ২. তুমি সম্মান কামনা করছো, অতঃপর রাত্রে ঘুমিয়ে থাকো। তুমি কি জাননা যে মনি মুক্তার সন্ধান করে, সে সাগরে ডুব দেয়?

শব্দ বিশ্লেষণ ঃ عيوب - عيب এর বহুবচন। অর্থঃ দোষ, ত্রুটি, খুঁত, অপরাধ।

نقص - অসম্পূর্ণতা, অসম্পূর্ণ করা, কম হওয়া, কম করা। এর প্রতি শব্দ نقصان।উভয়টা বাবে نصر এর মাছদার।

القادرين - বাবে ضرب থেকে اسم فاعل এর جمع مذكر এর ছীগাহ। মাছাদার قدرة، مقدرة । بصلة على ব্যবহার হয়।

التمام - সম্পূর্ণ, সম্পূর্ণ হওয়া, সম্পন্ন হওয়া। বাবে ضرب থেকে এর ক্রিয়া রূপান্তর হয়। কুরআনে আছে فتم ميقات ربهأربيعن ليلة

سهر- রাত্রি জাগরণ করা, সজাগ থাকা। বাবে سمع এর মাছদার।

الكد - কষ্ট, কষ্টকরা, পরিশ্রম , পরিশ্রম করা। বাবে نصر এর মাছদার।

العلى - ع এর পেশ ও ل এর জবর সহকারে। অর্থঃ উচ্চতা, উচ্চমর্যাদা, মহত্ব।

الليالى - ليل এর বহুবচন। অর্থ ঃ রাত, রাত্রি, রজনী।

تروم- তুমি কামনা করছো। বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكرحاضر এর ছীগাহ। মাছদার مرام، روم ।

يغوص - ডুব দেয়, অবগাহণ করে। ববে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার غياصة، غوص ।

البحر- সাগর, সমুদ্র, দারিয়া। বহুবচন أبحر، بحار । কুরআনে আছে, ولو أن مافى الارض من شجرة اقلام والبحر يمده من بعده سبعةأ بحر مانفدت كلمات الله [لقمان :٢٧]

اللآلى - لؤلؤة ও لؤلؤ এর বহুবচন। অর্থঃ মুক্তা, মুক্তাদানা, মোতি। কুরআনে আছে يخرج منهما اللؤلؤ والمرجان [الرحمن: ٢٢]

عُلُوُّ الْكَعْبِ بِالْهِمَمِ الْعَوَالِىْ ۞ وَعِزُّ الْمَرْءِ فِى سَهْرِ اللَّيَالِىْ

وَمَنْ رَامَ الْعُلٰى مِنْ غَيْرِ كَدٍّ ۞ اَضَاعَ الْعُمْرَ فِىْ طَلَبِ الْمُحَالِ

تَرَكْتُ النَّوْمَ رَبِّىْ فِى اللَّيَالِىْ ۞ لِاَجْلِ رِضَاكَ يَا مَوْلٰى الْمَوَالِىْ

فَوَفِّقْنِىْ اِلٰى تَحْصِيْلِ عِلْمٍ ۞ وَبَلِّغْنِىْ اِلٰى اَقْصَى الْمَعَالِىْ

৩. উন্নত সংকল্পের (বাস্তবায়নের) মাধ্যমেই উচ্চ সম্মান পাওয়া যায়। মানুষের সম্মানতো রাত্রি জাগরণের মধ্যে।

৪. কষ্ট ছাড়া যে উন্নতির আশা করছে, সে অসম্ভবের সন্ধানে জীবন নষ্ট করছে।

৫. হে আমার পালনকর্তা! হে অভিভাবকদের অভিভাবক! তোমার সন্তুষ্টির উদ্দেশ্যেই রাতের ঘুম ছেড়ে দিয়েছি।

৬. অতএব, আমাকে ইলম অর্জন করার তাওফীক দান করুন এবং আমাকে উন্নতির শেষ প্রান্তে পৌছিয়ে দিন।

শব্দ বিশ্লেষণ ঃ

علو- উচ্চতা, উচ্চ মর্যাদা, মহত্ত্ব, বড়াই, অবাধ্যতা। কুরআনে আছে تلك الدار الاخـرة نجعلها للذين لايريدون علوا فى الارض ولا فسادا [القصص: ৮৩].

الكعب - গিঁঠী, গ্রন্থি, পায়ের গোছ। বহুবচন كعوب، اكعب। علو الكعب - উচ্চ মর্যাদা।

العوالى - عالية এর বহুবচন। অর্থ ঃ উচ্চ, উচুঁ, মহান ও বড় বস্তু।

اضاع - নষ্ট করেছে। বাবে افعال থেকে واحد مذكر ماضى معروف এর غائب এর ছীগাহ। মাছদার اضاعة।

المحال - অসম্ভব, অসাধ্য, অপ্রাপ্তব্য।

مولى - মনিব, প্রভু, অভিবাবক, বন্ধ, মুক্তদাস, চাচাতো ভাই। বহুবচন موالى।

اقصى - সর্বশেষ প্রান্ত, সর্বোচ্চ, চরম, দূরতম। বাবে نصر থেকে اسم تفضيل এর واحد مذكر। মাছদার قصو।

وَقِيْلَ: اِتَّخِذِ اللَّيْلَ جَمَلًا تُدْرِكُ بِهٖ اَمَلًا، قَالَ الْمُصَنِّفُ وَقَدْ اِتَّفَقَ لِيْ نَظْمٌ فِيْ هٰذَا الْمَعْنٰى:

مَنْ شَاءَ اَنْ يَحْتَوِىَ اٰمَالَهٗ جُمَلًا ... فَلْيَتَّخِذْ لَيْلَهٗ فِيْ دَرْكِهَا جَمَلًا

اَقْلِلْ طَعَامَكَ كَيْ تَحْظٰى بِهٖ سَهَرًا ... اِنْ شِئْتَ يَا صَاحِبِيْ اَنْ تَبْلُغَ الْكَمَلًا

আরো বলা হয়েছে, রাতকে উট বানিয়ে নাও, তাহলে তুমি তোমার প্রত্যাশিত বস্তু পাবে। (অর্থাৎ, উটে আরোহণের মাধ্যমে যেমন মানুষ গন্তব্যে পৌছে, তেমনি রাতকেও লক্ষ্যে পৌঁছার জন্য মাধ্যম বানানো উচিত)।

গ্রন্থকার বলেছেন, ঘটনাক্রমে একটি পদ্য এ বিষয়ে (রাত লক্ষ্যে পৌঁছাতে মাধ্যম হাওয়ার ব্যাপারে) আমার মনে পড়েছেঃ

১. যে তার সমুদয় আকাংক্ষা পূরণ করতে চায়, তার উচিত, তা পাওয়ার জন্য রাতকে উট বানিয়ে নেওয়া।

২. বন্ধু, যদি পুর্ণতায় পৌঁছতে চাও, তাহলে আহার কম কর, যাতে এর দ্বারা রাত্রে জাগরণে সমর্থ হও।

শব্দ বিশ্লেষণ ঃ

اتخذ - বানাও, ধরো। বাবে افتعال থেকে امر حاضر এর واحد مذكر। মাছদার اتخاذ। কুরআনে আছে ولا تتخذوا آيات الله هزوا

تدرك - তুমি পাবে। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر حاضر। মাছদার ادراك। কুরআনে আছে حتى اذا ادركه الغرق قال آمنت [يونس: ٩]

امل - আশা, আকাংক্ষা, প্রত্যাশা, কামনা। বহুবচন آمال।

نظم- পদ্য, কবিতা, রচনা করা, ছন্দোবদ্ধ করা, বিন্যস্ত করা, গাঁথা। বাবে ضرب এর মাছদার।

اقلل- কম করো। বাবে افعال থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছাদার اقلال।

تحظى- পাবে, অর্জন করবে। বাবে سمع থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার حظوة। بصلة ب ব্যবহার হয়।

وَقِيلَ: مَنْ اَسْهَرَ نَفْسَهٗ بِاللَّيْلِ فَقَدْ فَرِحَ قَلْبُهٗ بِالنَّهَارِ. وَلَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنَ الْمُوَاظَبَةِ عَلَى الدَّرْسِ وَالتَّكْرَارِ فِي اَوَّلِ اللَّيْلِ وَاٰخِرِهٖ ، فَاِنَّ مَا بَيْنَ الْعِشَائَيْنِ وَ وَقْتَ السَّحَرِ وَقْتٌ مُبَارَكٌ. قِيلَ فِي الْمَعْنٰى شِعْرٌ:

يَاطَالِبَ الْعِلْمِ بَاشِرِ الْوَرَعَا ☆ وَجَنِّبِ النَّوْمَ وَاتْرُكِ الشَّبَعَا
دَاوِمْ عَلَى الدَّرْسِ لَاتُفَارِقْ ☆ فَالْعِلْمُ بِالدَّرْسِ قَامَ وَارْتَفَعَا

আরো বলা হয়েছে , যে নিজেকে রাত্রে জাগ্রত রেখেছে, দিনে তার অন্তর আনন্দিত হয়েছে। শিক্ষার্থীর আরো উচিত, রাতের শুরু ও শেষ ভাগে তকরার ও পড়ার প্রতি অবিরাম গুরুত্ব দেওয়া । কারণ, মাগরিব ও এশার মধ্যবর্তী এবং সেহেরীর সময়টা হচ্ছে বরকতময় সময়। এ ব্যাপারে একটি কবিতা বলা হয়েছেঃ

১. হে শিক্ষার্থী! তাক্বওয়ার সংস্পর্শে এসো এবং অধিক নিদ্রা ছেড়ে দাও ও পেট ভরে খাওয়া থেকে বিরত থেকো।

২. পড়ার ওপর লেগে থেকো , তা থেকে বিচ্ছিন্ন হয়োনা। কারণ, পড়ার মাধ্যমেই ইলম অর্জিত ও উন্নত হয়েছে।

العشائين- দু'সন্ধ্যা। এখানে উদ্দেশ্য মাগরিব ও এশা।

باشر - বাবে مفاعلة থেকে امر حاضر معروف এর ছীগাহ। মাছদার مباشرة। অর্থ ঃ সংস্পর্শে থাকা, কাছে থাকা। কুরআনে আছে
ولا تباشروهن وانتم عاكفون فى المساجد

جنب - বাবে تفعيل থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার تجنيب । অর্থ ঃ দূর করা, পরিত্যাগ করা।

الشبع - তৃপ্ত হওয়া, পেট ভরে খাওয়া। বাবে سمع এর মাছদার। কবিতার আন্ত্যমিলের জন্য الشبع এর স্থলে الشبعا হয়েছে।

داوم- বাবে مفاعلة থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার مداومة । অর্থঃ লেগে থাকা, অব্যাহত ভাবে করা।

لاتفارق - বাবে مفاعلة থেকে نهى حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার مفارقة । অর্থ ঃ পৃথক হওয়া, বিচ্ছিন্ন হওয়া।

ارتفع- উচ্চ হয়েছে, দামী হয়েছে, উপরে উঠেছে। বাবে افتعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ارتفاع । কবিতার আন্ত্যমিলের জন্য ارتفع এর স্থলে ارتفعا হয়েছে।

وَيَغْتَنِمُ اَيَّامَ الْحَدَاثَةِ وَعُنْفُوَانِ الشَّبَابِ كَمَا قِيلَ:

بِقَدْرِ الْكَدِّ تُعْطَى مَاتَرُوْمُ ☆ فَمَنْ رَامَ الْمُنٰى لَيْلًا يَقُوْمُ

وَاَيَّامَ الْحَدَاثَةِ فَاغْتَنِمْهَا ☆ اَلَا اَنَّ الْحَدَاثَةَ لَا تَدُوْمُ

وَلَا يُجْهِدُ نَفْسَهُ جَهْدًا وَلَا يُضْعِفُ النَّفْسَ حَتّٰى يَنْقَطِعَ عَنِ الْعَمَلِ ، بَلْ يَسْتَعْمِلُ الرِّفْقَ فِيْ ذٰلِكَ ، وَالرِّفْقُ اَصْلٌ عَظِيْمٌ فِيْ جَمِيْعِ الْاَشْيَاءِ.

আর শিক্ষার্থীর উচিত, তারুণ্য ও যৌবনের সূচনাকালকে গনীমত মনে করা। যেমন বলা হয়েছেঃ

১. কষ্ট অনুপাতে তোমার আকাংক্ষিত বস্তু দান করা হবে। যে প্রত্যাশা প্রাপ্তির ইচ্ছা করে , সে রাত্রে উঠে।

২. আর তারুণ্যকে গনীমত (বিনাকষ্টে অর্জিত সম্পদ) মনে কর। জেনে রেখো! তারুণ্য চিরকাল থাকবেনা।

আর নিজেকে বেশী ক্লান্ত এবং দুর্বলও করবেনা, যাতে (লেখা পড়ার) কাজ একেবারে ছেড়ে দিতে হয়। বরং এব্যাপারে সহজ মধ্যপন্থা অবলম্বন করবে। আর মধ্যপন্থা বা কোমলতা সর্বক্ষেত্রে একটি মৌলিক বিষয় বা বড় ভিত্তি।

ايام- يوم এর বহুবচন। অর্থ ঃ দিন , দিবস, সময়, কাল।

الحداثة - তারুণ্য, নবীনত্ব, নতুনত্ব।

عنفوان - শুরু, সূচনা, আরম্ভ।

المنى - منية এর বহুবচন। অর্থ ঃ কামনা, বাসনা, আশার বস্তু, আকাংক্ষার বস্তু।

لاتدوم - সবসময় থাকবেনা। বাবে نصر থেকে منفي معروف مضارع واحد এর مؤنث غائبএর ছীগাহ। মাছদার دوام ।

لايجهد -অতিরিক্ত কষ্টে ফেলবেনা, বেশী কষ্ট দিবেনা। বাবে افعال থেকে مضارع منفي معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اجهاد ।

لا يضعف - দুর্বল করবেনা। বাবে افعال থেকে مضارع منفي معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اضعاف ।

ينقطع বাবে انفعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার انقطاع । অর্থ ঃ বিচ্ছিন্ন হওয়া, সমাপ্ত হওয়া, কর্তিত হওয়া।

الرفق কোমলতা, সহানুভূতি, দয়া, সহজতা। এখানে উদ্দেশ্য মধ্যপন্থা। এর ক্রিয়া ব্যবহার হয় বাবে نصر ও سمع থেকে।

قَالَ رَسُوْلُ اللهِ ﷺ: اَلَا اِنَّ هٰذَا الدِّيْنَ مَتِيْنٌ فَاَوْغِلُوْا فِيْهِ بِرِفْقٍ وَلَا تُبَغِّضْ عَلٰى نَفْسِكَ عِبَادَةَ اللّٰهِ تَعَالٰى فَاِنَّ الْمُنْبَتَّ لَا اَرْضًا قَطَعَ وَلَا ظَهْرًا اَبْقٰى. وَقَالَ ﷺ: "نَفْسُكَ مَطِيَّتُكَ فَارْفُقْ بِهَا".

রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেছেন, "জেনে রেখো ! এই দ্বীন সুদৃঢ়। অতএব এতে সহজ ভাবে প্রবেশ কর। আর আল্লাহর ইবাদতকে তোমার নিকট ঘৃণার বিষয় বানিওনা"। রাসূলুল্লাহ (সাঃ) আরো ইরশাদ করেছেন, "তোমার মন হচ্ছে তোমার বাহন। তাই তার সাথে কোমল আচরণ করো"।

শব্দ বিশ্লেষণ ঃ متين - সুদৃঢ়, শক্ত, মজবুত। বাবে كرم থেকে اسم فاعل এর ছীগাহ। মাছদার, متانة । কুরআনে আছে إن الله هو الرزاق ذو القوة المتين

اوغلوا - বাবে افعال থেকে امر حاضر معروف এর جمع مذكر এর ছীগাহ। মাছদার ايغال । অর্থঃ প্রবেশ করা।

لاتبغض - বাবে تفعيل থেকে نهي حاضر معروف এর واحد مذكر । মাছদার تبغيض । অর্থঃ ঘৃণিত করা, অপছন্দ করানো।

المنبت - م এর পেশ ও ت এর তাশদীদ সহকারে। বাবে انفعال থেকে اسم فاعل এর واحد مذكر ।মাছদার انبتات । অর্থ ঃ অচল হওয়া, কেটে যাওয়া। এখানে উদ্দেশ্য অক্ষম হওয়া।

قطع - বাবে فتح থেকে ماضي معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার قطع । অর্থ ঃ কাটা, অতিক্রম করা। এখানে শেষোক্ত অর্থই উদ্দেশ্য। কুরআনে আছে [الحشر:٥] ماقطعتم من لينة او تركتموها .

ظهر - পিঠ, পৃষ্ঠ, উপরিভাগ। বহুবচন ظهور । কুরআনে আছে
[الزخرف:١٣] لتستؤوا على ظهوره ثم تذكروا نعمة ربكم .

ابقى - বাবে افعال থেকে ماضي معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ابقاء । অর্থ ঃ বাকী রাখা, অবশিষ্ট রাখা।

مطيتك - বাহন, আরোহণের পশু। বহুবচন مطايا ।

وَلَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنَ الْهِمَّةِ الْعَالِيَةِ فِى الْعِلْمِ فَإِنَّ الْمَرْءَ يَطِيرُ بِهِمَّتِهِ كَالطَّيْرِ يَطِيرُ بِجَنَاحَيْهِ. قَالَ اَبُو الطَّيِّبِ:

عَلٰى قَدْرِ اَهْلِ الْعَزْمِ تَأْتِى الْعَزَائِمُ   وَتَأْتِىْ عَلٰى قَدْرِ الْكِرَامِ الْمَكَارِمُ
تَعْظُمُ فِىْ عَيْنِ الصَّغِيْرِ صِغَارُهَا   وَتَصْغُرُ فِىْ عَيْنِ الْعَظِيْمِ الْعَظَائِمُ

আর শিক্ষার্থীর জন্য ইলম অর্জনের ক্ষেত্রে উচ্চ সংকল্প লালন করা অপরিহার্য। কারণ, মানুষ তার সংকল্প দ্বারা উড়ে বেড়ায়। যেমন ডানা দ্বারা উড়ে বেড়ায় পাখী। আবুতত্তৈয়্যিব (মুতানাব্বি) বলেন ঃ

১. সংকল্পকারীদের সংকল্প অনুপাতেই তাদের লক্ষ্যসমূহ অর্জিত হয় এবং উদারদের উদারতা অনুযায়ীই তারা উদারতা লাভ করে।

২. ছোটদের দৃষ্টিতে ছোট বস্তু বড় মনে হয়। আর বড়দের দৃষ্টিতে বড় জিনিসও ছোট মনে হয়।

শব্দ বিশ্লেষণ ঃ

يطير - উড়ে, উড্ডয়ন করে। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার طيران، طير .

طير - পাখী, পক্ষী। বহুবচন طيور । কুরআনে আছে

اولم الى الطير فوقهم صافات ويقبضن [الملك: ١٩]

جناح - ডানা, পাখা, বাহু। বহুবচন اجنحة، اجنح । جناحى শব্দটি جناح এর দ্বিবচন। এটা جناحين ছিল। ه এর দিকে اضافت হওয়া ن পড়ে গেছে। কুরআনে আছে [الاسراء:٢٤] واخفض لهما جناح الذل من الرحمة العزائم- عزيمة এর বহুবচন। অর্থ ঃ সংকল্পকৃত বস্তু সমূহ, (শরীয়তের) বাধ্যতামূলক বিধান।

الكرام - كريم এর বহুবচন। অর্থ ঃ সম্মানিত, উদার।

المكارم - مكرمة এর বহুবচন। অর্থ ঃ উদারতা, মহৎগুণ, উৎকৃষ্ট কাজ।

عين - চোখ, চক্ষু, নেত্র, নয়ন, আখি, ঝরণা। বহুবচন أعين، عيون .

الصغير - ছোট, ক্ষুদ্র। বাবে كرم থেকে اسم فاعل । মাছদার صغر । বহুবচন صغار

العظائم - عظيمة এর বহুবচন। অর্থঃ বড় কাণ্ড, বিরাট ব্যাপার, মহাবিপদ।

وَالرَّأسُ فِي تَحْصِيلِ الْاَشْيَاءِ الْجِدُّ وَالْهِمَّةُ الْعَالِيَةُ، فَمَنْ كَانَتْ هِمَّتُهُ حِفْظَ جَمِيعِ كُتُبِ مُحَمَّدِ بْنِ الْحَسَنِ وَاقْتَرَنَ بِذٰلِكَ الْجِدَّ وَالْمُوَاظَبَةَ، فَالظَّاهِرُ اَنَّهُ يَحْفَظُ اَكْثَرَهَا اَوْنِصْفَهَا، فَاَمَّا اِذَا كَانَتْ لَهُ هِمَّةٌ عَالِيَةٌ وَلَمْ يَكُنْ لَهُ جِدٌّ اَوْكَانَ لَهُ جِدٌّ وَلَمْ يَكُنْ لَهُ هِمَّةٌ عَالِيَةٌ فَلَا يَحْصُلُ لَهُ عِلْمٌ اِلَّا قَلِيْلٌ.

وَذَكَرَ الشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ الْاُسْتَاذُ رَضِيُ الدِّيْنِ النِّيْسَابُوْرِيُّ فِي كِتَابِ مَكَارِمِ الْاَخْلَاقِ اَنَّ ذُوالْقَرْنَيْنِ لَمَّا اَرَادَ اَنْ يُسَافِرَ لِيَسْتَوْلِيَ عَلَى الْمَشْرِقِ الْمَغْرِبِ شَاوَرَ

কোন কিছু অর্জনের ক্ষেত্রে মূল (মাধ্যম) হচ্ছে, চেষ্টা ও উচ্চ সংকল্প। অতএব যদি কারো দৃঢ় সংকল্প হয়, ইমাম মুহাম্মদ ইবনুল হাসানের সকল কিতাব মুখস্ত করা। আর সাথে সাথে তার জন্য সে লাগাতার চেষ্টা করেছে। তাহলে সে ঐ গুলির অধিকাংশ অথবা অর্ধেক মুখস্ত করতে পারবে, এতে সন্দেহ নেই। তবে যদি তার উচ্চ সংকল্প থাকে, কিন্তু চেষ্টা না থাকে। অথবা চেষ্টা আছে কিন্তু উচ্চ সংকল্প নেই, তাহলে তার খুব কম ইলমই অর্জিত হবে।

আর মহান ইমাম শায়খ উস্তাদ রজীয়ুদ্দীন আন নিসাপূরী তাঁর কিতাব ''মাকারিমুল আখলাক '' এ উল্লেখ করেছেন, যে যুলকারনাইন যখন পূর্ব থেকে পশ্চিম পর্যন্ত সারা পৃথিবীতে নিজের আধিপত্য বিস্তার করার জন্য

শব্দ বিশ্লেষণ ঃ

الرأس - মাথা, শির, চূড়া, শৃঙ্গ, মূল, প্রথম। বহুবচন رؤوس ।

اقترن - বাবে افتعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اقتران । অর্থঃ মিলিত হওয়া, যুক্ত হওয়া, সম্পৃক্ত হওয়া।

يستولى - বাবে استفعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার استيلاء । অর্থঃ নিয়ন্ত্রণ করা, আধিপত্য বিস্তার করা, দখল করা, জবর দখল করা।

المشرق - পূর্ব , প্রাচ্য, উদয়স্থল। বহুবচন مشارق । এর বিপরীত শব্দ مغرب । বহুবচন مغارب ।

الْحُكَمَاءَ فِيْ ذٰلِكَ، وَقَالَ : كَيْفَ أُسَافِرُ لِهٰذَ الْقَدْرِ مِنَ الْمُلْكِ؟ فَإِنَّ الدُّنْيَا قَلِيْلَةٌ فَانِيَةٌ وَمُلْكُ الدُّنْيَا أَمْرٌ حَقِيْرٌ فَلَيْسَ هٰذَا مِنْ عُلُوِّ الْهِمَّةِ، فَقَالَ الْحُكَمَاءُ سَافِرْ لِيَحْصُلَ لَكَ مُلْكُ الدُّنْيَا وَالآخِرَةِ، فَقَالَ هٰذَا أَحْسَنُ. قَالَ رَسُوْلُ اللّٰهِ صلى الله عليه وسلم: إِنَّ اللّٰهَ يُحِبُّ مَعَالِي الأُمُوْرِ وَيَكْرَهُ سَفْسَافَهَا.

সফরের ইচ্ছা করলেন, তখন এ ব্যাপারে বিজ্ঞ লোকদের সাথে পরামর্শ করলেন এবং বললেন, "এই টুকু রাজত্বের জন্য আমি কিভাবে সফর করি"? কারণ, দুনিয়াটা ছোট এবং ধ্বংসশীল। আর দুনিয়ার রাজত্ব একটি তুচ্ছ বিষয়। অতএব এটা (সফর করা) কোন উচ্চ সংকল্প নয়। তখন বিজ্ঞ লোকেরা বললেন, সফর করুন, যাতে আখেরাতের সাথে সাথে দুনিয়ার রাজত্বও আপনার অর্জিত হয়। তিনি বললেন, (তাহলে) এটাতো ভাল।

রাসূল(সঃ) ইরশাদ করেছেন, " নিঃসন্দেহে আল্লাহ উচু বিষয় সমূহকে পছন্দ করেন এবং নীচু বিষয় সমূহকে ঘৃণা করেন"।

শব্দ বিশ্লেষণ ঃ

الـــمـــلك - م এর পেশ ও ل এর জযম সহকারে। অর্থঃ কর্তৃত্ব, রাজত্ব, শাসণ ক্ষমতা। বাবে ضرب থেকে এর ক্রিয়া রূপান্তর হয়। কুরআনে আছে
. انى وجدت امرءة تملكهم ...ولها عرش عظيم [النمل:٢٣]

فـانيه - فان এর مونث । বাবে سمع থেকে اسـم فاعل । মাছদার فناء । অর্থ ধ্বংস হওয়া, নিঃশেষ হওয়া। কুরআনে আছে[كل من عليها فان [الرحمن:٢٦

حقير - তুচ্ছ, নগন্য , গুরুত্বহীন। বাবে كرمথেকে اسم فاعل এর واحد مذكر । মাছদার حـقـارة । বাবে ضرب থেকে হলে অর্থ হয় তুচ্ছ করা, হেয় করা, ছোট মনে করা ইত্যাদি । তখন মাছদার হবে حـقـرة । হাদীছে আছে لا تـحـقـرن من المعروف شيئا ولو ان تلقى اخاك بوجه طلق

معالى - معلاة এর বহুবচন। অর্থ ঃ মর্যাদা, উন্নতি, উন্নত।

سفساف - হীন, নীচু।

وَقِيْلَ :

فَلَا تَعْجَلْ بِأَمْرِكَ وَاسْتَدِمْهُ ☆ فَمَا صَلّٰى عَصَاكَ كَمُسْتَدِيْمِ

قَالَ أَبُوْ حَنِيْفَةَ لِأَبِيْ يُوْسُفَ رَحِمَهُمَا اللّٰهُ تَعَالٰى:

كُنْتَ بَلِيْدًا فَأَخْرَجَتْكَ الْمُوَاظَبَةُ فِى الدَّرْسِ، وَإِيَّاكَ وَالْكَسَلَ فَإِنَّهُ شُؤْمٌ وَآفَةٌ عَظِيْمَةٌ.

قَالَ الشَّيْخُ الْإِمَامُ أَبُوْ نَصْرٍ الصَّفَّارُ الْأَنْصَارِيُّ رَحِمَهُ اللّٰهُ:

আরো বলা হয়েছেঃ

☆ তুমি তোমার কাজ নিয়ে তাড়া তাড়ি করোনা। বরং লেগে থেকো। কারণ, তোমার লাটি যে লেগে থেকে কাজ করেছে, তারটার মত সোজা হবেনা (অর্থাৎ, লক্ষ্যে পৌঁছতে হলে তোমাকে অবিরাম চেষ্ট চালাতে হবে)।

ইমাম আবু হানিফা রাহিমাহুল্লাহু আবু ইউসুফ (রহঃ) কে বললেন, তুমি নির্বোধ ছিলে। নিয়মিত পড়াই তোমার নির্বোধতা দূর করে দিয়েছে। আর (হে শিক্ষার্থী) তোমাকে অলসতা থেকে দূরে থাকতে হবে। কারণ, তা অশুভ ও বড় বিপজ্জনক। শায়খ ইমাম আবু নসর আল সফফার আল-আনসারী রাহিমাহুল্লাহু বলেছেনঃ

শব্দ বিশ্লেষণ ঃ

استدم - লেগে থেকো, সময় দাও। বাবে استفعال থেকে امر حاضر معروف এর واحد مذكر। মাছদার استدامة.

عصا - লাটি, ছড়ি, ডান্ডা। বহুবচন عصى। কুরআনে আছে

قال هى عصاى [طه:١٨]

بليد - নির্বোধ, বোকা। বাবে كرم থেকে اسم فاعل। মাছদার بلادة।

شؤم - অশুভ লক্ষন, দুর্ভাগ্য। شآمة - অশুভ হওয়া। বাবে كرم থেকে এর ক্রিয়া রূপান্তর হয়।

آفة - বিপদ, আপদ, মুসীবত। বহুবচন آفات।

يَانَفْسُ يَانَفْسُ لَا تَرْخِى عَنِ الْعَمَلِ   فِى الْبِرِّ وَالْعَدْلِ وَالْاِحْسَانِ فِىْ مَهْلٍ
وَكُلُّ ذِىْ عَمَلٍ فِى الْخَيْرِ مُغْتَبَطٌ   وَفِىْ بَلَاءٍ وَشُؤْمٍ كُلُّ ذِىْ كَسَلٍ

قَالَ الْمُصَنِّفُ وَقَدْ اِتَّفَقَ لِىْ فِىْ هٰذَا الْمَعْنٰى:

دَعِىْ نَفْسِى التَّكَاسُلَ وَالتَّوَانِىْ   وَاِلَّا فَاثْبُتِىْ فِىْ ذِى الْهَوَانِ
فَلَمْ اَرَ لِلْكُسَالٰى حَظًّا يُعْطٰى   سِوٰى نَدَمٍ وَحِرْمَانِ الْاَمَانِ

১. হে মন ! হে মন ! কাজ নিয়ে শিথিলতা করোনা।

২. প্রত্যেক ভাল কাজকারীর প্রতি ঈর্ষা পোষণ করা হয়। আর প্রত্যেক অলস বিপদ ও অকল্যাণে থাকে।

লেখক বলেন, এ বিষয়ে আমি কয়েকটি কবিতা বলতে চাইঃ

১. অলসতা ও গাফলতি ছেড়ে দাও মন! নতুবা লাঞ্ছিতদের মাঝে থেকে যাও।

২. অলসের কোন প্রাপ্য অংশ আমি দেখিনা। দেখি কেবল লজ্জা ও নিরাপত্তাহীনতা।

শব্দ বিশ্লেষণ ঃ

لاترخى - বাবে سمع থেকে نهى حاضر معروف এর واحد مذكر। মাছদার رخاء। অর্থঃ অলসতা, করা, ঢিল দেওয়া, শৈতিল্য প্রদর্শন করা।

مهل- মীমের জবর ও হায়ের জযম সহকারে। অর্থঃ অবকাশ, সময়, সুযোগ, ঢিলেমী। এর প্রতি শব্দ مهلة । امهال ، تمهيل -সুযোগ বা অবকাশ দেওয়া। কুরআনে আছে فمهل الكافرين امهلهم رويدا.

مغتبط - বাবে افتعال থেকে اسم مفعول এর واحد مذكر। মাছদার اغتباط। অর্থঃ ঈর্ষাপরায়ণ হওয়া, খুশী হওয়া।

التوانى - অলসতা, ধীরতা। বাবে تفاعل এর মাছদার।

ذالهوان - লাঞ্ছনা ওয়ালা, লাঞ্ছিত।

فاثبتى - বাবে نصر থেকে امر حاضر معروف এর واحد مؤنث। মাছদার ثبوت، ثبات।অর্থ ঃ দৃঢ় হওয়া, স্থায়ী হওয়া, অটল থাকা, স্থির থাকা, প্রমাণিত হওয়া।

الكسالى - كسلان - এর বহুবচন। অর্থ ঃ অলস।

حظ - অংশ, ভাগ, ভাগ্য। বহুবচন حظوظ। কুরআনে আছে
وما يلقاها الا ذو حظ عظيم [حم السجدة: ٣٥] . বাকি অংশ অপর পৃষ্ঠায়

وَقِيْلَ:

كَمْ مِنْ حَيَاءٍ وَكَمْ عَجْزٍ وَكَمْ نَدَمٍ　　جَمٍّ تَوَلَّدَ لِلْإِنْسَانِ مِنْ كَسَلٍ

إِيَّاكَ عَنْ كَسَلٍ فِي الْبَحْثِ عَنْ شُبَهٍ　　فَمَا عَلِمْتَ وَمَا قَدْ شَكَّ مِنْكَ سَلْ

আরো বলা হয়েছেঃ

১. অনেক লজ্জা, অনেক অক্ষমতা ও অনেক অনুশোচনার সম্মুখীন হতে হয়েছে মানুষকে অলসতার কারণে।

২. সন্দেহ যুক্ত বিষয় সম্পর্কে গবেষণা করতে যেন তুমি অলসতা পরিত্যাগ কর। অতঃপর তুমি যা জানলে তো জানলে। আর যা তোমার বুঝে আসেনা, সে সম্পর্কে জিজ্ঞেস করো।

পূর্বের পৃষ্ঠার পর ঃ

يعطى - দেওয়া হয়। বাবে افعال তেকে مضارع مجهول এর واحد مذكر غائب । মাছদার اعطاء । কোন কোন নুসখায় يعطى এর স্থলে يحظى রয়েছে। তখন অর্থ হবে, লাভ করে, অর্জন করে। এটা বাবে سمع থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার حظوة । এটা ب সহকারে ব্যবহৃত হয়।

حرمان - বঞ্চনা, বঞ্চিত করা। বাবে ضرب এর মাছদার।

শব্দ বিশ্লেষণ ঃ

عجز- অক্ষমতা, অপারগতা। বাবে ضرب ও سمع থেকে এর ক্রিয়া রূপান্তর হয়। اعجاز -অক্ষম বা অপারগ করা।

جم - প্রচুর, বিপুল, বহুবিধ। جم غفير -বিপুল সংখ্যক মানুষ। কুরআনে আছে وتحبون المال حبا جما .

تولد - বাবে تفعل থেকে ماضى معروف এর واحد مذكر غائبএর ছীগাহ। মাছদার تولد । অর্থঃ উৎপন্ন হওয়া, জন্ম গ্রহণ করা, সৃষ্টি হওয়া।

شبه - সীন ও বায়ের পেশ সহকারে। شبهة এর বহুবচন। অর্থ ঃ সন্দেহ, সংশয়। এখানে উদ্দেশ্য সন্দেহ যুক্ত বিষয়। شبهات ও এর বহুবচন আসে।

شذ -বাবে نصر থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার شذوذ । অর্থ ঃ একাকী হওয়া, কিয়াসের উল্টো হওয়া, ব্যতিক্রম ওহয়া।

سل - জিজ্ঞেস কর। বাবে فتح থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার سؤال । কুরআনে আছে سل بنى اسرائيل كم آتينا هم من آية بينة .

وَقَدْ قِيلَ : اَلْكَسَلُ مِنْ قِلَّةِ التَّأَمُّلِ فِيْ مَنَاقِبِ الْعِلْمِ وَفَضَائِلِهِ. فَيَنْبَغِيْ اَنْ يَتْعَبَ نَفْسَهُ عَلَى التَّحْصِيلِ وَالْجِدِّ وَالْمَوَاظَبَةِ بِالتَّأَمُّلِ فِيْ فَضَائِلِ الْعِلْمِ، فَاِنَّ الْعِلْمَ يَبْقٰى وَالْمَالَ يَفْنٰى. كَمَاقَالَ اَمِيْرُ الْمُؤْمِنِيْنَ عَلِيُّ بْنُ اَبِىْ طَالِبٍ كَرَّمَ اللّٰهُ وَجْهَهُ:

رَضِيْنَا قِسْمَةُ الْجَبَّارِ فِيْنَا — لَنَا عِلْمٌ وَلِلْاَعْدَاءِ مَالُ

فَاِنَّ الْمَالَ يَفْنٰى عَنْ قَرِيْبٍ — وَاِنَّ الْعِلْمَ يَبْقٰى لَا يَزَالُ

বলা হয়েছে, অলসতা সৃষ্টি হয়, ইলমের ফযীলত ও মর্যাদা সম্পর্কে চিন্তা - ভাবনা না করার কারণে। তাই শিক্ষার্থীর উচিত ইলমের ফযীলত সম্পর্কে চিন্তা ভাবনা করতঃ ইলম অর্জন, চেষ্টা ও অধ্যবসায়ে আত্মনিয়োগ করা। কারণ, ইলম শেষ হয়না, সম্পদই শেষ হয়ে যায়। যেমন আমীরুল মুমিনীন আলী বিন আবু তালেব (রাঃ) বলেছেনঃ

১. আমাদের ব্যাপারে মহা পরাক্রমশালী আল্লাহর বন্টন প্রক্রিয়া নিয়ে আমরা সন্তুষ্ট। আমাদের জন্য ইলম এবং শত্রুদের জন্য সম্পদ।

২. কারণ, সম্পদ তাড়াতাড়ি ধ্বংস হয়ে যায়। আর ইলম তো বিদ্যমান থাকবে, শেষ হবেনা।

শব্দ বিশ্লেষণ ঃ

مناقب - منقبة এর বহুবচন। অর্থ ঃ মহৎ কাজ, গুণ, কৃতিত্ব।

قسمة - ভাগ, বন্টন, ভাগ্য। বহুবচন قسم।

وَالْعِلْمُ النَّافِعُ يَحْصُلُ بِهِ حُسْنُ الذِّكْرِ وَيَبْقَى ذٰلِكَ بَعْدَ وَفَاتِهِ فَإِنَّهُ حَيَاةٌ اَبَدِيَّةٌ، وَاَنْشَدَنَا الشَّيْخُ الْاَجَلُّ ظَهِيْرُ الدِّيْنِ مُفْتِي الْاَئِمَّةِ الْحَسَنُ بْنُ عَلِيِّ الْمَعْرُوْفُ بِالْمَرْغِيْنَانِيْ شِعْرًا:

اَلْجَاهِلُوْنَ فَمَوْتٰى قَبْلَ مَوْتِهِمْ ☆ وَالْعَالِمُوْنَ وَاِنْ مَاتُوْا فَاَحْيَاءٌ

وَاَنْشَدَنَا شَيْخُ الْاِسْلَامِ بُرْهَانُ الدِّيْنِ:

وَفِي الْجَهْلِ قَبْلَ الْمَوْتِ مَوْتٌ لِاَهْلِهِ ... فَاَجْسَامُهُمْ قَبْلَ الْقُبُوْرِ قُبُوْرُ

وَاِنَّ امْرَءًا لَمْ يَحْيَ بِالْعِلْمِ مَيِّتٌ ... وَلَيْسَ لَهُ حِيْنَ النُّشُوْرِ نُشُوْرُ

আর উপকারী ইলম দ্বারা সুনাম অর্জিত হয় এবং তা মৃত্যুর পরও স্থায়ী থাকে। কারণ, তা (সুনাম) তো স্থায়ী জীবন (অর্থাৎ, চিরকাল থেকে যায়)।

মূরগিনানী নামে খ্যাত মহান শায়খ মুফতিয়ুলআ-ইম্মাহ জহীরুদ্দীন আল হাসান বিন আলী আমাকে একটি কবিতা পড়ে শুনিয়েছেনঃ

☆ মুর্খরা জীবিত থেকেও মৃত। আর আলেমগণ মারা গিয়েও জীবিত।

আর আমাকে শায়খুল ইসলাম বুরহানুদ্দীন (রহঃ) কবিতা পড়ে শুনিয়েছেনঃ

১. মূর্খতা মূর্খদের জন্য মৃত্যুর পূর্বেই মৃত্যু। তাদের শরীর কবরে যাওয়ার পূর্বেই কবর।

২. আর যে ইলম নিয়ে জীবিত নয়, সে মৃত। পুনরুত্থান দিবসে তার উত্থান নেই (অর্থাৎ, আলেমদের ন্যায় সম্মানজনক অবস্থায় উঠতে পারবে না)

শব্দ বিশ্লেষণ ঃ

اجسام - جسم এর বহুবচন। অর্থ ঃ শরীর, দেহ, কায়া। جسامة মোটা হওয়া।

ميت- মৃত, মৃত্যু বরণকারী। বহুবচন اموات। কুরআনে আছে

ولا تحسبن الذين قتلوا فى سبيل الله اموات [البقرة:١٥٤]

نشور - পুরুত্থান, পুনর্জীবন। কুরআনে আছে[الفاطر: ٩] كذلك النشور

وَقَالَ غَيرُهُ:

اَخُو الْعِلْمِ حَيٌّ خَالِدٌ بَعْدَ مَوْتِهِ ... وَاَوْصَالُهُ تَحْتَ التُّرَابِ رَمِيمُ

وَذُوالْجَهْلِ مَيِّتٌ وَهُوَ يَمْشِيْ عَلَى الثَّرٰى ... يُظَنُّ مِنَ الْاَحْيَاءِ وَهُوَ عَدِيمُ

وَقَالَ آخَرُ:

حَيَاةُ الْقَلْبِ عِلْمٌ فَاغْتَنِمْهُ ... وَمَوْتُ الْقَلْبِ جَهْلٌ فَاجْتَنِبْهُ

অন্য কেউ বলেছেনঃ

১. ইলম ওয়ালা মৃত্যুর পরও চিরজীবি। যদিও তার দেহের টুকরো গুলো মাটির নীচে ক্ষয় প্রাপ্ত।

২. আর মুর্খ মাটির ওপর হাঁটলেও মৃত। তাকে জীবিত মনে করা হলেও সে তো অস্তিত্ব হীন।

অন্য একজন বলেছেনঃ

☆ অন্তরের প্রাণ হচ্ছে, ইল্‌ম। অতএব, তাকে গনীমত মনে করো। আর অন্তরের মৃত্যু হচ্ছে, মূর্খতা। অতএব, তা থেকে দূরে থেকো।

শব্দ বিশ্লেষণ ঃ

اخـوا الـعـلـم- ইলমের ভাই। এখানে উদ্দেশ্য ইলম ওয়ালা। اخ এর বহুবচন إخـوة، إخوان। কুরআনে আছে

انما المؤمنون اخوة[الحجرات:١٠].

خـالـد- স্থায়ী, চিরকাল যে থাকে। বাবে نـصر থেকে اسـم فـاعل। মাছদার خـلـود। কুরআনে আছে خالدين فيها ابدا.

اوصال- وصل এর বহুবচন। অর্থ ঃ গ্রন্থি, (শরীরের) জোড়া, সংযোগ, সম্পর্ক।

رميم - ক্ষয়প্রাপ্ত, পচা, জীর্ণ। কুরআনে আছে

قال من يحى العظام وهى رميم [يس:٧٨]

يـمشي- চলে, হাটে, চলাচল করে। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছাদর مشى। কুরআনে আছে

امن يمشي سويا على صراط مستقيم [الملك:٢٢]

الثرى - মাটি, কাদামাটি, ভিজা মাটি। বহুবচন اثراء।

عديم- অস্থিত্বহীন, বিলুপ্ত, অবিদ্যমান। عديم الحياء- লজ্জাহীন।

وَاَنْشَدَنَا شَيْخُ الْاِسْلَامِ بُرْهَانُ الدِّيْنِ رَحْمَةُ اللّٰهِ عَلَيْهِ:

اِذَا الْعِلْمُ اَعْلٰى رُتْبَةً فِى الْمَرَاتِبِ   وَمِنْ دُوْنِهٖ عِزُّ الْعُلٰى فِى الْمَوَاكِبِ
فَذُو الْعِلْمِ يَبْقٰى عِزُّهٗ مُتَضَاعِفًا   وَذُوا الْجَهْلِ بَعْدَ الْمَوْتِ تَحْتَ التَّيَارُبِ
فَهَيْهَاتَ لَا يَرْجُوْ مَدَاهُ مَنِ ارْتَقٰى   رُقِىَّ وَلِىَّ الْمُلْكِ وَالِى الْكَتَائِبِ

আর আমাকে শায়খুল ইসলাম বুরহানুদ্দীন রাহমাতুল্লাহি আলাইহি কবিতা পড়ে শুনিয়েছেনঃ

১. মর্যাদার স্তর সমূহের মধ্যে ইলমের স্তর সর্বোচ্চ। দলের নেতৃত্বের মর্যাদা এর পরে।

২. ইলমদারের সম্মান (মৃত্যুর পরও) বাকী থাকবে এবং বাড়বে। আর মুর্খতো মৃত্যুর পরে মাটির নীচেই পড়ে থাকবে। তার কিছুই অবশিষ্ট থাকবেনা।

৩. (উপরোক্ত সম্মান অর্জন) তার জন্য অসম্ভব, যে রাজত্ব ও বাহীনির নেতৃত্বের মর্যাদায় পৌঁছায় ইলমের মর্যাদা ভুলে গেছে।

اعلى - সর্বশ্রেষ্ঠ, সর্বোন্নত। বাবে نصر থেকে اسم تفضيل এর ছীগাহ। মাছদার علو ।
رتبة - পদ, মর্যাদা, সম্মান। বহুবচন رتب ।
المراتب- مرتبة এর বহুবচন। অর্থ ঃ স্তর , মান , মর্যাদা, পদ।
دون - নিচে, নিম্নে, ব্যতীত, বাদে, নিম্নতর। কুরআনে আছে ঃ
ولنذيقنهم من العذاب الا دنى دون العذاب الاكبر [السجدة: ٢١]
العلى - উচ্চতা, মহত্ত্ব। এখানে উদ্দেশ্য প্রাধান্য বা নেতৃত্ব।
المواكب - موكب এর বহুবচন। অর্থঃ মিছিল বা শোভা যাত্রা কারী বাহীনি। এখানে উদ্দেশ্য শুধু বাহীনি।
متضاعف - যা দ্বিগুণ বৃদ্ধি পায় বা বহুগুণ বৃদ্ধি পায়। বাবে تفاعل থেকে اسم فاعل । মাছদার تضاعف । مضاعفة - দ্বিগুন বা বহুবগুণ করা। কুরআনে আছে والله يضاعف لمن يشاء .
التيارب - تيرب এর বহুবচন। অর্থ ঃ মাটি।
هيهات - অনেক দুরে, অসম্ভব। কুরআনে আছে
هيهات هيهات لما توعدوون [المؤمنون:٣٦] .
مدى- দুরত্ব, আওতা, পরিধি, সময়কাল প্রসার।
ارتقى - বাবে افتعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ارتقاء . অর্থ আরোহণ করা, উন্নতি করা, ওপরে ওঠা।
الكتائب - كتيبة এর বহুবচন। অর্থঃ বাহীনি, রেজিমেন্ট, ব্যাটিলিয়ান।

سَأُمْلِي عَلَيْكَ بَعْضَ مَافِيْهِ فَاسْمَعُوْا	فَبِي حَصْرٌ عَنْ ذِكْرِ كُلِّ الْمَنَاقِبِ
هُوَالنُّوْرُ كُلُّ النُّوْرِ يَهْدِي عَنِ الْعَمٰى	وَذُوْى الْجَهْلِ مَرَّ الدَّهْرِ بَيْنَ الْغَيَاهِبِ
هُوَ الذُّرْوَةُ الشَّمَّاءُ تَحْمِيْ مَنِ الْتَجَأَ	إِلَيْهَا وَيَمْشِيْ آمِنًا فِي النَّوَائِبِ
بِهٖ يَنْجُوْ وَالنَّاسُ فِيْ غَفْلَاتِهِمْ	بِهٖ يُرْتَجٰى وَالرُّوْحُ بَيْنَ التَّرَائِبِ

৪. আমি শিঘ্র তোমাদেরকে ইলমের কিছু ফযীলত সম্পর্কে বলছি। আসল ফযীলত বর্ণনা করা আমার পক্ষে সম্ভব নয়। অতএব, তা ভাল করে শোন। ৫. ইলম হচ্ছে পরিপূর্ণ আলো, যা অন্ধকারে পথ দেখায়। আর মূর্খরা যুগ যুগ ধরে অন্ধকারের মধ্যে থাকে। ৬. আর তা (ইল্ম) হচ্ছে সুউচ্চ চূড়া। যে তার কাছে আশ্রয় চায়, তাকে সে রক্ষা করে এবং বিপদে নিরাপদ অবস্থায় চলে। ৭. তার দ্বারাই (মানুষ) মুক্তি পায়। কিন্তু লোকেরা তাদের গাফলতিতে বিভোর। তার মাধ্যমেই (মুক্তির) আশা করা যায়, যখন প্রাণ বুকে চলে আসে (অর্থাৎ, মৃত্যুক্ষনে)।

حصر - ح এর যবর ص এর জযম সহকারে। অর্থ ঃ সীমাবদ্ধতা, আবদ্ধ করণ, বেষ্টন করা, অবরোধ করা। এর ক্রিয়া রূপান্তর তথা تصريف হয় বাবে نصر ও ضربথেকে।

مرالدهر - সকল কাল, যুগ যুগ ধরে। এর প্রতি শব্দ مر العصور ।

الغياهب - غيهبة এর বহুবচন। অর্থ ঃ অন্ধকার, আধার, তিমির, তমসা।

الذروة - চুড়া, শৃঙ্গ, শিখর, উচ্চতম স্থান। বহুবচন ذرى ।

الشماء- উচ্চ, সুউচ্চ, অভিজাত, উদ্ধত, গর্বিত। اشم এরمؤنث ।

تحمى - রক্ষা করে, সাহায্য করে। বাবে ضرب থেকে واحد مضارع معروف এর مؤنث غائب । মাছদার حماية ।

التجأ - আশ্রয় চেয়েছে/ গ্রহণ করেছে। বাবে افتعالথেকে واحد ماضى معروف এর مذكر غائب এর ছীগাহ। মাছদার التجاء ।

النوائب - نائبة এর বহুবচন । অর্থ ঃ বিপদ, দুর্যোগ, দূর্বিপাক।

غفلات - غفلة এর বহুবচন। অর্থ ঃ গাফলতি, উদাসীনতা।

يرتجى - আশা করা যায়। বাবে افتعال থেকে واحد مذكر مضارع مجهول এর غائب । মাছদার ارتجاء ।

الروح -প্রাণ, আত্মা, জান। বহুবচন أرواح ।

الترائب - تريبة এর বহুবচন। অর্থ ঃ বুক, বক্ষ, পাঁজরের হাড়। কুরআনে আছে

يخرج من بين الصلب والترائب

بِهٖ يَشْفَعُ الْإِنْسَانُ مَنْ رَاحَ عَاصِيًا ، إِلٰى دَرْكِ النِّيْرَانِ شَرِّ الْعَوَاقِبِ
فَمَنْ رَامَهٗ رَامَ الْمَآرِبَ كُلَّهَا ، وَمَنْ حَازَهٗ قَدْ حَازَ كُلَّ الْمَطَالِبِ
هُوَ الْمَنْصَبُ الْعَالِيْ فَيَا صَاحِبَ الْحِجٰى ، إِذَا نِلْتَهٗ هَوِّنْ بِفَوْتِ الْمَنَاصِبِ

৮. তা নিয়েই মানুষ ঐ ব্যক্তির জন্য সুপারিশ করতে পারে, যে অপরাধ করে জাহান্নামের কাছে পৌঁছে গেছে , যা সবচেয়ে খারাপ পরিণাম। ৯. যে তা অর্জনের ইচ্ছা করেছে, সে সর্ব প্রকার কামনা পাওয়ারই ইচ্ছা করেছে। আর যে তাকে সংগ্রহ করেছে, সে সর্ব প্রকার বাসনাই সংগ্রহ করেছে। ১০. ওটাই হচ্ছে উচ্চ পদ হে বুদ্ধিমান! যদি তাকে পাও, তাহলে অন্যান্য পদ হারানোকে তুচ্ছ মনে করো।

يشفع - সুপারিশ করে। বাবে فتح থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার شفاعة । কুরআনে আছে
من ذا الذى يشفع عنده الا بإذنه.
راح - বাবে نصر থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার رواح । অর্থ ঃ সন্ধ্যায় যাওয়া, গমণ করা।
عاصى - গুনাহগার, পাপী। عاصيا পাপী হয়ে। বাবে ضرب থেকে اسم فاعل । বহুবচন عصاة ।
درك - তলদেশ, গহবর, ধরণ, নাগাল, প্রাপ্তি। বহুবচন ادراك ।
النيران - نار এর বহুবচন। অর্থ ঃ আগুণ, জাহান্নাম, দোজখ।
العواقب - عاقبة এর বহুবচন। অর্থ ঃ পরিণাম, পরিণতি। কুরআনে আছে فكان عاقبتهما انهما فى النار خالدين فيها [الحشر:١٧] .
المآرب - مأربة এর বহুবচন। অর্থ ঃ উদ্দেশ্য , লক্ষ্য , প্রয়োজন। কুরআনে আছে ولى فيها مآرب اخرى [طه:١٨]
حاز - বাবে نصر থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার حوز । অর্থ ঃ সংগ্রহ করা, অর্জন করা, লাভ করা।
المطالب - مطلب এর বহুবচন। অর্থ ঃ চাহিদা, ইচ্ছা, দাবী।
الحجى - বুদ্ধি মত্তা, বিচক্ষনতা, প্রজ্ঞা। বহুবচন احجاء ।
هون - বাবে تفعيل থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার تهوين । অর্থ ঃ তুচ্ছ মনে করা, হীন মনে করা, সহজ করা।
فوت - হারিয়ে যাওয়া। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে نصر থেকে।

فَإِنْ فَاتَكَ الدُّنْيَا وَطِيبُ نَعِيمِهَا ۔ فَغَمِّضْ فَإِنَّ الْعِلْمَ خَيْرُ الْمَوَاهِبِ

وَأُنْشِدْتُ لِبَعْضِهِمْ:

إِذَا اعْتَزَّ ذُوْ عِلْمٍ بِعِلْمٍ ۔ فَعِلْمُ الْفِقْهِ أَوْلَى بِاعْتِزَازِ

فَكَمْ طِيبٍ يَفُوحُ وَلَا كَمِسْكٍ ۔ وَكَمْ طَيْرٍ يَطِيرُ وَلَا كَبَازِ

১১. যদি তোমার দুনিয়া ও দুনিয়ার আনন্দদায়ক নেয়ামতও হারিয়ে যায়, তবু ঐ দিকে আর তাকাবেনা। কারণ ইলমই হচ্ছে সবচেয়ে বড় নেয়ামত।

আমাকে অন্য শায়খের কবিতা পড়ে শোনানো হয়েছেঃ

১. যখন ইলমদার ইলমের কারণে সম্মানিত হয়েছেন, তাহলে ইলমে ফিক্বাহ অর্জন করেই সম্মানিত হওয়া উচিত।

২. অনেক সুগন্ধি সুগন্ধ ছাড়ায়। তবে তা মৃগনাভির (সুগন্ধির) মত নয়। আর অনেক পাখীই উড়ে। কিন্তু তা বাজ পাখীর মত নয়।

শব্দ বিশ্লেষণ ঃ

نعيم - নেয়ামত, দান, অনুগ্রহ। কুরআনে আছে ان الابرار لفى نعيم

غمض - বাবে تفعيل থেকে امر حاضر معروف এর واحد مذكر । মাছদার تغميض । অর্থ ঃ বন্ধ করা, দুর্বোধ্য করা।

المواهب - موهبة এর বহুবচন। অর্থ ঃ দান, দক্ষিণা।

اعتز - সম্মান ওয়ালা হয়েছে। বাবে افتعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اعتزاز ।

يفوح - সুরভি ছড়ায়, সুবাসিত করে,সুগন্ধ ছড়ায়। বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার فوحان، فوح ।

مسك - মেশক, মৃগনাভী, কস্তুরী। কুরআনে আছে ختامه مسك

باز - ঈগল পাখী, শ্যেন, বাজ পাখী। বহুবচন ابواز، بيزان.

وَأَنْشِدْتُ لِبَعْضِهِمْ:

اَلْفِقْهُ أَنْفَسُ شَيْءٍ أَنْتَ ذَاخِرُهُ ۞ مَنْ يَدْرُسِ الْعِلْمَ لَمْ يَدْرُسْ مَفَاخِرُهُ

فَاجْهَدْ لِنَفْسِكَ مَا أَصْبَحْتَ تَجْهَلُهُ ۞ فَأَوَّلُ الْعِلْمِ إِقْبَالٌ وَآخِرُهُ

وَكَفَى بِلَذَّةِ الْعِلْمِ وَالْفِقْهِ وَالْفَهْمِ دَاعِيًا وَبَاعِثًا لِلْعَاقِلِ عَلَى تَحْصِيلِ الْعِلْمِ . وَقَدْ يَتَوَلَّدُ الْكَسَلُ مِنْ كَثْرَةِ الْبَلْغَمِ وَالرُّطُوبَاتِ، وَطَرِيقُ تَقْلِيلِهِ تَقْلِيلُ الطَّعَامِ.

আমাকে অন্য শায়খের আরো কবিতা পড়ে শোনানো হয়েছেঃ

১. ইলমে ফিক্বাহ হচ্ছে সবচেয়ে উন্নত বিষয়, যা তুমি সংগ্রহ করছো। যে ইলম অর্জন করে তার গৌরব শেষ হয়না।

২. অতএব, তুমি যা জাননা , তা নিজের জন্য অর্জনের চেষ্টা কর। কারণ, ইলমের শুরু থেকে শেষ পর্যন্ত সবই কল্যাণ।

আর বুদ্ধিমানের জন্য ইলম , ফিক্বাহ ও উপলব্ধির স্বাদই ইলম অর্জনের ক্ষেত্রে কারণ ও উদ্দীপক হওয়ার জন্য যথেষ্ট। আর অলসতা সৃষ্টি হয় কফ ও আর্দ্রতার আধিক্যের কারণে। আর তা কমানোর উপায় হল, খাবার কমিয়ে ফেলা।

শব্দ বিশ্লেষণ ঃ

انفس- সবচেয়ে উন্নত , দামী। বাবে كرم থেকে اسم تفضيل । মাছদার نفاسة ।

ذاخر - সংগ্রহকারী, সংরক্ষণকারী, ভান্ডার জাতকারী। বাবে فتح থেকে اسم فاعل এর واحد مذكر । মাছদার ذخر ।

لم يدرس - বাবে نصر থেকে نفى جحد بلم এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার درس । অর্থঃ পড়া, পাঠকরা, মুছে যাওয়া, নিশ্চিহ্ন হওয়া।

اقبال - অগ্রগমন, সামনে বাড়া, উপস্থিতি, সৌভাগ্য, সমৃদ্ধি , কল্যাণ।

داعى - কারণ, হেতু, উদ্দেশ্য, উপলক্ষ। বহুবচন دواعى ।

باعث - কারণ, হেতু, উদ্দেশ্য, উদ্দীপক। বহুবচন بواعث ।

بلغم - কফ, শ্লেষ্মা। বহুবচন بلاغم ।

الرطوبات - رطوبة এর বহুবচন। অর্থঃ আর্দ্রতা, সিক্ততা।

تقليل - কম করা, হ্রাস করা। বাবে تفعيل এর মাছদার।

قِيلَ: اِتَّفَقَ سَبْعُوْنَ نَبِيًّا عَلَيْهِمُ الصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى اَنَّ كَثْرَةَ النِّسْيَانِ مِنْ كَثْرَةِ الْبَلْغَمِ، وَكَثْرَةُ الْبَلْغَمِ مِنْ كَثْرَةِ شُرْبِ الْمَاءِ وَكَثْرَةُ شُرْبِ الْمَاءِ مِنْ كَثْرَةِ الْاَكْلِ.

وَالْخُبْزُ الْيَابِسُ يَقْطَعُ الْبَلْغَمَ وَكَذَا الزَّبِيْبُ عَلَى الرِّيْقِ يَقْطَعُ الْبَلْغَمَ، وَلَا يُكْثِرُ مِنْهُ حَتّٰى لَا يَحْتَاجُ اِلٰى شُرْبِ الْمَاءِ فَيَزِيْدُ الْبَلْغَمُ.

وَالسِّوَاكُ يُقَلِّلُ الْبَلْغَمَ وَيَزِيْدُ فِي الْحِفْظِ وَالْفَصَاحَةِ فَاِنَّهٗ سُنَّةٌ سَنِيَّةٌ وَيَزِيْدُ فِيْ ثَوَابِ الصَّلٰوةِ وَقِرَاءَةِ الْقُرْآنِ، وَكَذٰلِكَ الْقَيْءُ يُقَلِّلُ الْبَلْغَمَ وَالرُّطُوْبَاتِ.

বলা হয়েছে, যে সত্তরজন নবী (আঃ) একথার ওপর একমত হয়েছে যে, অধিক ভুলের কারণ হল অধিক কফ। আর অধিক কফ সৃষ্টি হয় পানি বেশী পান করার কারণে।

আর শুকনো রুটি কফ দূর করে। এমনি ভাবে থুথুর ওপর (অর্থাৎ , সকালে খালি পেটে) কিশমিশও কফ দূর করতে সহায়ক। তবে তা বেশী খাবেনা, যাতে পানি পান করার প্রয়োজন না হয়। কারণ, পানি পানের দরুন কফ বেড়ে যায়। আর মিসওয়াকও কফ দূর করে এবং স্মরণ শক্তি ও বাক শক্তি বৃদ্ধি করে। কারণ, তা গুরুত্বপূর্ণ সুন্নাত এবং নামায ও কুরআন তিলাওয়াতে সওয়াব বৃদ্ধি করে। এভাবে বমিও কফ ও আর্দ্রতা দূরীকরণে সহায়ক।

শব্দ বিশ্লেষণ ঃ

خبز - রুটি, পাউরুটি। বহুবচন اخباز । الخبز اليابس -শুকনো রুটি।

الفصاحة- বাক শক্তি। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে كرم থেকে।

سنية - সীনের জবর সহকারে। سنى এর স্ত্রী লিঙ্গ। অর্থ ঃ উচ্চ, গুরুত্ব পূর্ণ।

وَطَرِيقُ تَقْلِيلِ الْاَكْلِ التَّأَمُّلُ فِىْ مَنَافِعِ قِلَّةِ الْاَكْلِ، وَهِىَ الصِّحَّةِ، وَالْعِفَّةِ، وَالْاِيْثَارِ، وَقِيلَ فِيهِ:

فَعَارٌ ثُمَّ عَارٌ ثُمَّ عَارٌ　　شَقَاءُ الْمَرْءِ مِنْ اَجَلِ الطَّعَامِ

وَعَنِ النَّبِىِّ صلى الله عليه وسلم اَنَّهُ قَالَ: ثَلٰثَةٌ يُبْغِضُهُمُ اللّٰهُ تَعَالٰى مِنْ غَيْرِ جُرْمٍ: اَلْاَكُوْلُ، وَالْبَخِيلُ، وَالْمُتَكَبِّرُ.

وَالتَّأَمُّلُ فِىْ مَضَارِّ كَثْرَةِ الْاَكْلِ وَهِىَ الْاَمْرَاضُ، وَكَلَالَةُ الطَّبْعِ، وَقِيلَ: اَلْبِطْنَةُ تَذْهِبُ الْفِطْنَةَ.

আর খাবার কমানোর উপায় হল, কম আহারের উপকার নিয়ে ভাবা। আর তা (উপকার) হল স্বাস্থ্য,পবিত্রতা ও নিজের স্বার্থের ওপর অন্যের স্বার্থকে প্রাধান্য দেয়া। (অর্থাৎ, কম খেলে পেট সুস্থ থাকে, যৌন শক্তি কমে এবং কম খাওয়ার ফলে যা বেঁচে যায়, তা অন্যকে দান করা যায়।) এব্যাপারে বলা হয়েছে ঃ

☆ এটা লজ্জার ওপর লজ্জার বিষয় যে, খাওনের কারণে মানুষ হতভাগা হয়।

নবী (সঃ) থেকে বর্ণিত আছে, আল্লাহ তাআলা তিন প্রকার মানুষকে কোন গুণাহ না করলেও ঘৃণা করেন। এক. অধিক ভক্ষনকারী। দুই. কৃপন। তিন. অহংকারী। আর বেশী খাওনের অপকারিতা নিয়ে ভাবা উচিৎ। আর তা (অপকারিতা) হচ্ছে, বিভিন্ন প্রকার রোগ ও মস্তিস্কের দূর্বলতা। আর বলা হয়েছে, অতিভোজন বুদিদ্ধমত্তা নিঃশেষ করেদেয়।

عار - লজ্জা, অসম্মান, অপমান। বহুবচন اعيار ।

شقاء - দুর্ভাগ্য, দুঃখ, কষ্ট। এর প্রতিশব্দ شقاوة । উভয়টির ক্রিয়া রূপান্তর হয় বাবে سمع থেকে।

الأكول - অতি ভোজী, যে বেশী খায়। مبالغة এর ছীগাহ।

مضار- مضرة এর বহুবচন। অর্থঃ ক্ষতি , অপকারিতা।

كلالة- ক্লান্তি, দূর্বলতা, অবসাদ। এর প্রতিশব্দ كلال ।

البطنة- ب এর জের সহকারে। অর্থঃ অতি ভোজন , বদহজম।

الفطنة - ف এর জের সহকারে । অর্থঃ বুদ্ধি, মেধা, বিচক্ষনতা।

حكى عن جالينوس انه قال الرمان نفع كله، والسمك ضرر كله وقليل السمك خير من كثرة الرمان. وفيه ايضا اتلاف المال، والاكل فوق الشبع ضرر محض، ويستحق به العقاب فى الدار الآخرة والاكول بغيض فى القلوب.

জলীনুস থেকে বর্ণিত আছে যে, আনারের সবকিছুই উপকারী এবং মাছের সবকিছুই ক্ষতিকারক। তবে মাছ, কম খাওয়া আনার বেশী খাওয়া থেকে উত্তম। কারণ, এতে সম্পদ নষ্ট হয়। আর তৃপ্তির অধিক ভক্ষণ তো শুধু ক্ষতিকরই এবং এর ফলে পরকালে শাস্তির উপযোগী হতে হয়। আর বেশী ভক্ষণকারী তো মানুষের কাছে ঘৃণিত।

শব্দ বিশ্লেষণ ঃ

الرمان - আনার, ডালিম। কুরআনে আছে فيهما فاكهة ونخل ورمان

السمك - মাছ, মৎস্য। বহুবচন اسماك، سماك ।

اتلاف- নষ্ট করা, ধ্বংস করা। বাবে افعال এর মাছদার।

الشبع - সীন ও বায়ের জবর সহকারে। অর্থঃ তৃপ্তি, পরিতৃপ্তি, তৃপ্ত হওয়া। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে سمع থেকে।

محض - শুধু, কেবল, স্পষ্ট, নির্ভেজাল , খাঁটি হওয়া। এর ক্রিয়া রূপান্তর হয় বাব فتح থেকে।

بغيض - ঘৃণিত। বাবে كرم থেকে اسم فاعل । মাছদার بغاضة، بغض ।

وَطَرِيْقُ تَقْلِيْلِ الْأَكْلِ اَنْ يَأْكُلَ الْاَطْعِمَةَ الدَّسِمَةَ وَيُقَدِّمَ فِي الْاَكْلِ الْاَلْطَفَ وَالْاَشْهٰى ، وَلَا يَأْكُلَ مَعَ الْجِيَاعِ اِلَّا اِذَا كَانَ لَهٗ غَرَضٌ صَحِيْحٌ فِيْ كَثْرَةِ الْاَكْلِ بِاَنْ يَتَقَوّٰى بِهٖ عَلَى الصِّيَامِ وَالصَّلٰوةِ وَالْاَعْمَالِ الشَّاقَّةِ فَلَهٗ ذٰلِكَ.

আর খাবার কমানোর উপায় হল, চর্বি যুক্ত খাদ্য গ্রহণ করা, মজাদার ও প্রিয় খাবার প্রথমে খাওয়া এবং ক্ষুধার্তদের সাথে না খাওয়া। হ্যাঁ ! যদি বেশী খাওয়ার কোন সঠিক উদ্দেশ্য থাকে, যেমন রোযা ও নামায এবং কষ্টকর কাজের জন্য শক্তি সঞ্চয় করা, তাহলে বেশ খাওয়ার মধ্যে কোন অসুবিধা নেই।

শব্দ বিশ্লেষণ ঃ

الاطعمة الدسمة - চর্বিযুক্ত খাদ্য। طعام এর বহুবচন اطعمة । دسمة শব্দটি دسم এর স্ত্রীলিঙ্গ।

الالطف - বেশী কমনীয়, মজাদার। বাবে كرم থেকে اسم تفضيل এর واحد مذكر । মাছদার لطافة ।

الاشهى - বেশী প্রিয় বা চাহিদা সম্মত। বাবে سمع থেকে اسم تفضيل এর واحد مذكر । মাছদার شهوة ।

الجياع - جائع এর বহুবচন। অর্থ ঃ ক্ষুধার্ত, অভুক্ত।

غرض - উদ্দেশ্য, লক্ষ্য। বহুবচন اغراض ।

يتقوى - শক্তি সঞ্চয় করবে। বাবে تفعل থেকে مضارع معروف এর واحد مذكر غائب । মাছদার تقوى ।

الشاقة - কষ্টকর, কঠিন। شاق এর স্ত্রীলিঙ্গ।

فَصْلٌ فِىْ بِدَايَةِ السَّبَقِ وَقَدْرِهٖ وَتَرْتِيْبِهٖ

كَانَ اُسْتَاذُنَا شَيْخُ الْاِسْلَامِ بُرْهَانُ الدِّيْنِ يُوَقِّفُ بِدَايَةَ السَّبَقِ عَلٰى يَوْمِ الْاَرْبَعَاءِ وَكَانَ يَرْوِىْ فِىْ ذٰلِكَ حَدِيْثًا فَيَسْتَدِلُّ بِهٖ وَيَقُوْلُ قَالَ رَسُوْلُ اللّٰهِ ﷺ : مَا مِنْ شَيْءٍ بُدِئَ فِىْ يَوْمِ الْاَرْبَعَاءِ اِلَّا وَقَدْ تَمَّ. هٰكَذَا كَانَ يَفْعَلُ اَبُوْ حَنِيْفَةَ وَكَانَ يَرْوِىْ هٰذَا الْحَدِيْثَ عَنْ اُسْتَاذِهِ الشَّيْخِ الْاِمَامِ الْاَجَلِّ قِوَامِ الدِّيْنِ اَحْمَدَ بْنِ عَبْدِ الرَّشِيْدِ.

ষষ্ঠ অধ্যায় সবক আরম্ভকরণ এবং এর পরিমাণ ও নিয়ম সম্পর্কে

আমাদের উস্তাদ শায়খুল ইসলাম বুরহানুদ্দীন (রহঃ) সবকের আরম্ভ বুধবার আসার জন্য স্থগিত রাখতেন। (অর্থাৎ , বুধবারে সবক দান আরম্ভ করতেন)। তিনি এব্যাপারে একটি হাদীস বর্ণনা করতেন এবং সেটি দ্বারা (তার কাজের ওপর) দলীল পেশ করতেন। তিনি বলতেন, রাসূলুল্লাহ (সঃ) ইরশাদ করেছেন, যে কাজ বুধবারে শুরু করা হয়, নিঃসন্দেহে সে কাজ পরিপূর্ণ হয়। ইমাম আবু হানিফা (রহঃ)ও এভাবে করতেন (অর্থাৎ, সবক বুধবারে শুরু করতেন)। আর তিনি (শায়খ বুরহানুদ্দীন) এ হাদীছ তাঁর উস্তাদ মহান ইমাম শায়খ ক্বিওয়ামুদ্দীন আহমদ বিন আব্দুর রশীদ থেকে রেওয়ায়েত করতেন।

শব্দ বিশ্লেষণ ঃ

ترتيب - নিয়ম, ধারাবাহিকতা, ক্রম, বিন্যস্ত করণ। বহুবচন ترتيبات । এর ক্রিয়া রূপান্তর তথা تصريف হয় বাবে تفعيل থেকে।

يوقف - বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ايقاف । অর্থ ঃ স্থগিত করা, থামানো।

يروى - বর্ণনা করতেন, রেওয়ায়েত করতেন। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার رواية । উপন্যাসকেও رواية বলা হয়।

وَسَمِعْتُ مِمَّنْ اَثِقُ بِهِ اَنَّ الشَّيْخَ اَبَا يُوْسُفَ الْهَمْدَانِىَ كَانَ يُوَقِّفُ كُلَّ عَمَلٍ مِنْ أَعْمَالِ الْخَيْرِ عَلٰى يَوْمِ الْأَرْبَعَاءِ، وَهٰذَا لِأَنَّ يَوْمَ الْأَرْبَعَاءِ خَلَقَ فِيْهِ النُّوْرَ وَهُوَ يَوْمُ نَحْسٍ فِىْ حَقِّ الْكُفَّارِ فَيَكُوْنُ مُبَارَكًا لِلْمُؤْمِنِيْنَ.

وَاَمَّا قَدْرُ السَّبَقِ فِى الْاِبْتِدَاءِ فَقَدْ كَانَ اَبُوْ حَنِيْفَةَ يَحْكِىْ عَنِ الشَّيْخِ الْقَاضِىْ الْاِمَامِ عُمَرَبْنِ اَبِىْ بَكْرِ الزَّرْنَجِىْ اَنَّهُ قَالَ: قَالَ مَشَائِخُنَا يَنْبَغِىْ اَنْ يَكُوْنَ قَدْرَ السَّبَقِ لِلْمُبْتَدِئْ قَدْرَمَا يُمْكِنُ ضَبْطُهُ بِالْاِعَادَةِ مَرَّتَيْنِ، وَيَزِيْدُ كُلَّ يَوْمٍ كَلِمَةً حَتّٰى اَنَّهُ وَاِنْ طَالَ وَكَثُرَ يُمْكِنُ ضَبْطُهُ بِالْاِعَادَةِ مَرَّتَيْنِ وَيَزِيْدُ بِالرِّفْقِ وَالتَّدْرِيْجِ.

আর আমি বিশ্বাসযোগ্য লোকদের নিকট শুনেছি, যে শায়খ আবু ইউসুফ আল হামদানী সকল ভাল কাজ বুধবারের জন্য স্থগিত রাখতেন। আর তা এজন্য যে, বুধবার হচ্ছে নূর সৃষ্টির দিন এবং কাফেরদের জন্য তা দুর্ভাগ্যের দিন। ফলে এই দিনটি মুমিনদের জন্য বরকতময়ই হবে।

শুরুতে সবকের ব্যাপারে এ কথা বর্ণিত আছে যে, ইমাম আবু হানিফা শায়খ কাজী ইমাম উমর বিন আবু বকর আযযারনজী থেকে বর্ণনা করতেন, তিনি বলেছেন, আমাদের মশায়েখগণ বলেছেন, সূচনাকারী (ছাত্রের) জন্য সবক এতটুকু হওয়া উচিত , যতটুকু দু'বার পড়লে তার আয়ত্তে চলে আসে। আর প্রতিদিন এক শব্দ করে বৃদ্ধি করবে। ফলে সবক দীর্ঘ ও বেশী হলেও দুবার পড়ে আয়ত্বে আনতে সক্ষম হবে। আর সবক বৃদ্ধি করবে আস্তে আস্তে ও পর্যায়ক্রমে।

শব্দ বিশ্লেষণ ঃ

نحس - অশুভ, অমঙ্গল, দুর্ভাগ্য। এর প্রতিশব্দ نحوسة। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে كرم থেকে।

ضبط - আয়ত্বকরণ, নিয়ন্ত্রণ করা, দখল করা, বিন্যস্ত করা, সাজানো। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে نصر ও ضرب থেকে।

اعادة - পুনরায় করা, পুনরাবৃত্তি করা, ফেরত আনা, ফেরত দেওয়া। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে افعال থেকে।

التدريج - ক্রম, পর্যায়ক্রম, ক্রমান্বয়, ক্রমান্বয়ে করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে تفعيل থেকে।

فَاَمَّا اِذَا طَالَ السَّبَقُ فِى الْاِبْتِدَاءِ وَاحْتَاجَ الْمُتَعَلِّمُ اِلٰى اِعَادَةِ عَشَرَ مَرَّاتٍ فَهُوَ فِى الْاِنْتِهَاءِ اَيْضًا يَكُوْنُ كَذٰلِكَ، لِاَنَّهُ يَعْتَادُ ذٰلِكَ وَلَا يَتْرُكُ تِلْكَ الْعَادَةَ اِلَّا بِجَهْدٍ كَثِيْرٍ . وَقِيْلَ: اَلسَّبَقُ حَرْفٌ وَالتَّكْرَارُ اَلْفٌ.

وَيَنْبَغِىْ اَنْ يَبْتَدِئَ بِشَيْءٍ يَكُوْنُ اَقْرَبَ اِلٰى فَهْمِهٖ وَكَانَ الشَّيْخُ الْاِمَامُ الْاُسْتَاذُ شَرَفُ الدِّيْنِ الْعُقَيْلِىْ يَقُوْلُ الصَّوَابُ عِنْدِىْ فِى هٰذَا مَا فَعَلَهُ مَشَائِخُنَا.

আর সবক যদি শুরুতেই লম্বা হয়ে যায়, তাহলে শিক্ষার্থীর জন্য তা দশবার পুনরাবৃত্তি করার প্রয়োজন পড়বে। ফলে সে শেষে গিয়েও এরকম থেকে যাবে। কারণ, তাতে সে অভ্যস্ত হয়ে পড়বে । আর সে অভ্যাস অনেক চেষ্টা ও পরিশ্রম ছাড়া ত্যাগ করতে পারবেনা। বলা হয়েছে, সবক দেয়া হবে এক অক্ষর। আর তার পুনরাবৃত্তি হবে এক হাজার বার।

আর এমন বিষয় বলে সবক শুরু করা দরকার ,যা তার বোধ শক্তির অতি নিকটবর্তী(অর্থাৎ, তাড়াতাড়ি বুঝে)। শায়খ ইমাম উস্তাদ শারফুদ্দীন আল-উক্বাইলী বলতেন, এ ব্যাপারে আমাদের মাশায়েখগণ যা করেছেন, তাই সঠিক।

শব্দ বিশ্লেষণ ঃ

الانتهاء - শেষ, সমাপ্তি। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে انفعال থেকে। الى সহকারে আসলে অর্থ হয় এসে পৌঁছা বা উপনীত হওয়া। আর عن সহকারে আসলে অর্থ হয় বিরত হওয়া ক্ষান্ত হওয়া বন্ধ করা ইত্যাদি।

يعتاد - অভ্যস্ত হয়ে পড়ে, অভ্যাস করে। বাবে افتعال থেকে مضارع এর واحد مذكر غائب । মাছদার, اعتياد । এর প্রতিশব্দ تعود ।

فَإِنَّهُمْ كَانُوا يَخْتَارُوْنَ لِلْمُبْتَدِئِ صِغَارَاتِ الْمَبْسُوطَةِ لِأَنَّهُ أَقْرَبُ إِلَى الْفَهْمِ وَالضَّبْطِ وَأَبْعَدُ مِنَ الْمَلَالَةِ وَأَكْثَرُ وُقُوْعًا.

وَيَنْبَغِي أَنْ يُعَلِّقَ السَّبَقَ بَعْدَ الضَّبْطِ وَالْإِعَادَةِ كَثِيْرًا فَإِنَّهُ نَافِعٌ جِدًّا وَلَا يَكْتُبُ الْمُتَعَلِّمُ شَيْئًا لَا يَفْهَمُهُ فَإِنَّهُ يُوْرِثُ كَلَالَةَ الطَّبْعِ وَيُذْهِبُ الْفِطْنَةَ وَيُضِيْعُ أَوْقَاتَهُ.

وَيَنْبَغِي أَنْ يَجْتَهِدَ فِي الْفَهْمِ مِنَ الْأُسْتَاذِ أَوْ بِالتَّأَمُّلِ وَالتَّفَكُّرِ وَكَثْرَةِ التَّكْرَارِ فَإِنَّهُ إِذَا قَلَّ السَّبَقُ وَكَثُرَ التَّكْرَارُ وَالتَّأَمُّلُ يُدْرِكُ وَيَفْهَمُ.

তারা নতুন (শিক্ষার্থী)দের জন্য বড় বড় কিতাবের নির্যাস ছোট ছোট পুস্তিকা পছন্দ করতেন। কারণ, লম্বা ও বড় কিতাবের তুলনায় তা বুঝা ও আয়ত্ব করা সহজ এবং তা বিরক্তিকরও নয়। আর (ঐ গুলোতে বর্ণিত মাসায়েল মানুষের মাঝে) বেশী পাওয়া যায়।

আর সবক ভালভাবে পুনরাবৃত্তি ও আযত্ব করার পর তা লিখে নিবে। কারণ, তা খুব উপকারী। আর শিক্ষার্থী এমন কোন বিষয় লিখবে না, যা সে বুঝেনি। কারণ, তা মেযাজ ক্লান্ত করে, মেধা শেষ করে এবং সময় নষ্ট করে।

আর শিক্ষার্থীর উচিত, উস্তাদের কাছ থেকে অথবা চিন্তা ভাবনা ও বেশী তকরার করে সবক বুঝে নেয়ার জন্য চেষ্টা করা। কারণ, সবক যদি কম হয় এবং তকরার ও চিন্তা ভাবনা যদি বেশী হয়, তাহলে (সবকের অর্থ) টের পাবে ও বুঝবে।

শব্দ বিশ্লেষণ ঃ

صغارات - صغيرة এর বহুবচন। অর্থঃ ছোট/ ক্ষুদ্র (পুস্তিকা)

المبسوطة - বড়, বিস্তারিত, প্রশস্ত। مبسوط -এর স্ত্রীলিঙ্গ। এট বাবে نصر থেকে اسم مفعول । মাছদার بسط । কুরআনে আছে

ولا تبسطها كل البسط [الاسراء:٢٩]

قِيلَ: حِفْظُ حَرْفَيْنِ خَيْرٌ مِنْ سِمَاعِ وِقْرَيْنِ وَفَهْمُ حَرْفَيْنِ خَيْرٌ مِنْ حِفْظِ وِقْرَيْنِ. وَإِذَا تَهَاوَنَ فِى الْفَهْمِ وَلَمْ يَجْتَهِدْ مَرَّةً أَوْ مَرَّتَيْنِ يَعْتَادُ ذٰلِكَ، فَلَا يَفْهَمُ الْكَلَامَ الْيَسِيْرَ.

فَيَنْبَغِى أَنْ يَجْتَهِدَ وَيَدْعُوَ اللّٰهُ تَعَالٰى وَ يَتَضَرَّعَ إِلَيْهِ فَإِنَّهُ يُجِيبُ مَنْ دَعَاهُ وَلَا يُخَيِّبُ مَنْ رَجَاهُ.

أَنْشَدَنَا الشَّيْخُ الْإِمَامُ الْأَجَلُّ قِوَامُ الدِّيْنِ حَمَّادُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ إِسْمَاعِيلَ الصَّفَارُ إِمْلَاءً لِلْقَاضِى الْخَلِيْلِ بْنِ أَحْمَدَ السَّنْجَزِى:

বলা হয়েছে, দুটি অক্ষর মুখস্ত করা দু'ভার (কিতাব) শোনা থেকে উত্তম। আর দুটি অক্ষর বুঝা দু'ভার (কিতাব) মুখস্ত করা থেকে উত্তম। আর যদি (কিতাব) বুঝার ক্ষেত্রে (শিক্ষার্থী) অলসতা করে এবং এক-দু'বার থেকে বেশী চেষ্টা না করে, তাহলে সেটা (আস্তে আস্তে) অভ্যাসে পরিণত হয়ে যাবে। ফলে (পরবর্তীতে) সহজ কথাও বুঝতে সক্ষম হবেনা। তাই (শিক্ষার্থীর) উচিত, চেষ্টা এবং আল্লাহ তাআলার কাছে দুআ ও কাকুতি- মিনতি করা। কারণ, তিনি যে ডাকেন তাকে সাড়া দেন। এবং যে তার নিকট আশা করেন, তাকে নিরাশ করেননা। আমাকে মহান ইমাম শায়খ ক্বিওয়ামুদ্দীন হাম্মাদ বিন ইব্রাহীম বিন ইসমাঈল আল সাফফার কাজী খলীল বিন আহমদ আসসাজযারীর এই কবিতা পড়ে শুনিয়েছেনঃ

শব্দ বিশ্লেষণ ঃ

وقر - واو এর জের সহকারে। অর্থ ঃ বোঝা, ভার, ভারি বোঝা। বহুবচন اوقار।
কুরআনে আছে والحاملات وقرا

تهاون - বাবে تفاعل থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাগাহ। মাছদার تهاون। অর্থ ঃ অবহেলা করা, অমনোযোগী হওয়া, তুচ্ছজ্ঞান করা।

لايخيب - বাবে تفعيل থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائب। মাছদার تخييب। অর্থঃ নিরাশ করা, হতাশ করা, ব্যর্থ করা।

اَخْدِمِ الْعِلْمَ خِدْمَةَ الْمُسْتَفِيْدِ وَادِمْ دَرْسَهٗ بِفِعْلٍ حَمِيْدٍ

وَاِذَا حَفِظْتَ شَيْئًا اَعِدْهُ ثُمَّ اَكِّدْهُ غَايَةَ التَّأكِيْدِ

ثُمَّ عَلِّقْهُ كَيْ تَعُوْدَ اِلَيْهِ وَاِلٰى دَرْسِهٖ عَلَى التَّأبِيْدِ

فَاِذَا مَا اَمِنْتَ مِنْهُ فَوَاتًا فَانْتَدِبْ بَعْدَهٗ لِشَيْءٍ جَدِيْدٍ

১. তুমি উপকৃত হতে ইচ্ছুক ব্যক্তির ন্যায় ইলমের সেবা করো এবং ভাল ও উত্তম পন্থায় তাকে সবসময় পড়ো।

২. যখন তুমি কোন কিছুকে মুখস্ত করবে, তবে সেটাকে পুনরাবৃত্তি করবে। অতঃপর ওটাকে যারপর নেই গুরুত্ব দান করবে।

৩. এর পর ওটাকে লিখে নিবে, যাতে তুমি যে কোন সময় তাকে (যদি অস্পষ্ট হয়ে যায় বা ভুলে যাও) পুনরায় দেখতে ও পড়তে পারো।

৪. এরপর যখন তুমি তা ভুলে যাবেনা বলে নিশ্চিত হবে, তখন নতুন একটি বিষয় মুখস্তকরণে আত্মনিয়োগ করবে।

শব্দ বিশ্লেষণ ঃ

فعل حميد - প্রশংসিত তথা উন্নত ও ভাল কাজ। فعل এর বহুবচন افعال ।

ادم- বাবে افعال থেকে امرحاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার ادامة । অর্থ ঃ লাগাতার করা, সবসময় করা।।

التأكيد - জোর দেওয়া, গুরুত্ব দেওয়া, তাগিদ দেওয়া, নিশ্চিত করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে تفعيل থেকে।

علق - বাবে تفعيل থেকে امر حاضر معروف এর واحد مذكر । মাছদার تعليق । অর্থ ঃ ঝুলিয়ে রাখা, মন্তব্য করা, পর্যালোচনা করা, টীকা লেখা। এখনে উদ্দেশ্য লিখে রাখা।

التأبيد - স্থায়ী করা, চিরস্থায়ী করা। على التأبيد - স্থায়ীভাবে, যে কোন সময়। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে تفعيل থেকে।

امنت - বাবে سمع থেকে ماضى معروف এর واحد مذكر حاضر । মাছদার أمن । অর্থঃ নিরাপদ হওয়া, নিশ্চিত হওয়া।

انتدب - বাবে انفعال থেকে امر حاضر معروف এর واحد مذكر ছীগাহ। মাছদার انتداب । অর্থঃ দায়িত্ব দেওয়া, প্রতিনিধি নিয়োগ করা, নিয়োগ করা। এখানে উদ্দেশ্য আত্ম নিয়োগ করা।

مَعَ تَكْرَارِ مَا تَقَدَّمَ مِنْهُ وَاقْتِنَاءٍ لِشَأْنِ هٰذَا الْمَزِيْدِ
ذَاكِرِ النَّاسَ بِالْعُلُوْمِ لِتَحْيَا لَا تَكُنْ مِنْ اُوْلِي النُّهٰى بِبَعِيْدِ
اِنْ كَتَمْتَ الْعُلُوْمَ اُنْسِيْتَ حَتّٰى لَا تَرٰى غَيْرَ جَاهِلٍ وَبَلِيْدِ
ثُمَّ اُلْجِمْتَ يَوْمَ الْقِيَامَةِ نَارًا وَتُلَهَّبْتَ فِي الْعَذَابِ الشَّدِيْدِ

৫. এই বর্ধিত (অর্থাৎ, নতুন গুলো) অর্জন করায় সাথে সাথে পূর্বের গুলোও পুনরায় পড়বে। ৬. ইলম নিয়ে মানুষের সাথে আলোচনা করো, যাতে তা (ইলম) জীবিত তথা সংরক্ষিত থাকে। আর বুদ্ধিমানদের কাছ থেকে দূরে থাকবেনা। ৭. ইলম যদি লুকিয়ে রাখ, তবে ভুলে যাবে। অতঃপর এমন এক সময় আসবে যখন মুর্খ ও নির্বোধ ছাড় কিছুই দেখবেনা। ৮. অতঃপর তোমাকে কেয়ামত দিবসে আগুনের লাগাম পরানো হবে এবং তুমি কঠিন আযাবে প্রজ্বলিত হবে।

اقتناء - অর্জন করা, লাভ করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে افتعال থেকে।

شأن - বিষয়, ব্যাপার, কাজ, অবস্থা, গুরুত্ব, মর্যাদা, প্রভাব। বহুবচন شؤون । وزارة الشؤون الدينية - ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।

ذاكر - পরস্পর আলোচনা করো। বাবে مفاعلة থেকে امر حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার مذاكرة ।

لتحى - যাতে (ইলম) জীবিত তথা সংরক্ষিত থাকে। বাবে فتح থেকে ~~معروف~~ مضارع এর واحد مؤنث غائب এর ছীগাহ। মাছদার حياة ।

النهى - বুদ্ধি, বুদ্ধিমত্তা, বিচক্ষনতা। কুরআনে আছে
ان فى ذلك لآيات لاولى النهى [طه:١٢٨]

ألجمت - তোমাকে লাগাম পরানো হবে। বাবে افعال থেকে ماضى معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদা إلجام । لجام -লাগাম, বল্গা।

تلهبت - তুমি প্রজ্জ্বলিত হবে। বাবে تفعل থেকে ماضى معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার تلهب ।

উপর্যুক্ত দুটি فعل (الجمت ، تلهبت) যদিওবা فعل ماضى তথাপি এখানে فعل مضارع এর অর্থ হবে। কোন বিষয়ের সংঘটন নিশ্চিত হওয়া বোঝানোর জন্য فعل مضارع এর স্থলে فعل ماضى ব্যাবহার করা হয়। যেমন বেহেস্তবাসী সম্পর্কে কুরআনে আছে [الاعراف:٤٣] وقالوا الحمد لله الذى هدانا لهذا

وَلَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنَ الْمُذَاكَرَةِ وَالْمُنَاظَرَةِ وَالْمُطَارَحَةِ فَيَنْبَغِى اَنْ يَكُوْنَ بِالْاِنْصَافِ وَالتَّأَنِّيْ وَالتَّأَمُّلِ وَيَتَحَرَّزُ عَنِ الشَّغْفِ وَالْغَضَبِ، فَاِنَّ الْمُنَاظَرَةَ وَالْمُذَاكَرَةَ مُشَاوَرَةٌ وَالْمُشَاوَرَةُ اِنَّمَا تَكُوْنُ لِاِسْتِخْرَاجِ الصَّوَابِ، وَذٰلِكَ اِنَّمَا يَحْصُلُ بِالتَّأَمُّلِ وَالتَّأَنِّيْ وَالْاِنْصَافِ وَلَا يَحْصُلُ ذٰلِكَ بِالْغَضَبِ وَالشَّغْفِ. فَاِنْ كَانَتْ نِيَّتُهُ مِنَ الْمُبَاحَثَةِ اِلْزَامَ الْخَصْمِ وَقَهْرِهٖ لَا يَحِلُّ ذٰلِكَ وَاِنَّمَا يَحِلُّ ذٰلِكَ لِاِظْهَارِ الْحَقِّ، وَالتَّمْوِيَةُ وَالْحِيْلَةُ لَا تَجُوْزُ فِيْهَا اِلَّا اِذَا كَانَ الْخَصْمُ مُتَعَنِّتًا لَا طَالِبًا لِلْحَقِّ.

আর শিক্ষার্থীর জন্য পরস্পর আলোচনা ও প্রশ্ন করা অপরিহার্য। আর তা হওয়া উচিত , ইনসাফ, ধীরতা ও চিন্তা-ভাবনার মধ্য দিয়ে। আর এ ক্ষেত্রে গোলযোগ সৃষ্টি ও রাগারাগি থেকে দূরে থাকবে। কারণ, পরস্পর তর্ক-বিতর্কও আলোচনা হচ্ছে পরামর্শ। আর পরামর্শ হয়ে থাকে কেবল সত্যকে বের করার জন্য। আর তা অর্জন করা যায়, কেবল চিন্তা-ভাবনা, স্থিরতা ও ইনসাফের মাধ্যমে। রাগারাগি ও গোলযোগ সৃষ্টি করে তা অর্জন করা যায়না।বিতর্কের ক্ষেত্রে যদিকারো উদ্দেশ্য অপর পক্ষকে বাধ্য ও পরাজিত করা হয়, তাহলে তা (বিতর্ক) অবৈধ। বিতর্ক বৈধ কেবল সত্যকে প্রকাশ করার জন্য। প্রতারণা ও ছলনা এতে অবৈধ। হ্যাঁ !যদি প্রতিপক্ষ সত্যের অনুসন্ধানী নয় বরং একগুয়েমীকারী , তাহলে বৈধ।

الشغف - হাঙ্গামা, গোলযোগ, দাঙ্গা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে سمع থেকে।

استخراج - বের করা, আবিস্কার করা, বের হওয়া কামনা করা। বাবে استفعال এর মাছদার।

الزام - বাবে افعال এর মাছদার । অর্থঃ আরোপ করা, চাপিয়ে দেওয়া, প্রয়োজনীয় করা, বাধ্যতামূলক করা। এখানে উদ্দেশ্য কোন বিষয় জানা থাকার পরও অপরকে পরীক্ষা করা বা বিপদে ফেলার জন্য প্রশ্ন বা জিজ্ঞেস করা।

الخصم - خ এর জবর ও ص এর জযম সহকারে। অর্থঃ প্রতিপক্ষ, শত্রু, বিরোধী, ঝগড়াটে। এখানে উদ্দেশ্য প্রথম অর্থ। বহুবচন, خصوم ।

التموية - ধোঁকা দেওয়া, ছলনা করা, প্রতারণা করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে تفعيل থেকে।

الحيلة - কৌশল, ফন্দি, উপায়, ছল চাতুরী, প্রতারণা। বহুবচন حيل ।

متعنت - একগুয়েমি কারী, একগুঁয়ে, জেদী, জিদকারী। বহুবচন متعنتون ।

وَكَانَ مُحَمَّدُ بْنُ يَحْيٰ اِذَا تَوَجَّهَ عَلَيْهِ الْاِشْكَالُ وَلَمْ يَحْضُرْهُ الْجَوَابُ يَقُوْلُ لَهٗ مَا اَلْزَمْتَهٗ لَازِمٌ وَاَنَا فِيْهِ نَاظِرٌ وَفَوْقَ كُلِّ ذِىْ عِلْمٍ عَلِيْمٍ.

وَفَائِدَةُ الْمُطَارَحَةِ وَالْمُنَاظَرَةِ اَقْوٰى مِنْ فَائِدَةِ مُجَرَّدِ التَّكْرَارِ، لِاَنَّ فِيْهِ تَكْرَارً وَزِيَادَةً، وَقِيْلَ مُطَارَحَةُ سَاعَةٍ خَيْرٌ مِنْ تَكْرَارِ شَهْرٍ، لٰكِنْ اِذَا كَانَ مَعَ مُنْصِفٍ سَلِيْمِ الطَّبْعِ،

আর মুহাম্মদ বিন ইয়াহয়া যখন কারো পক্ষ থেকে কোন জটিল প্রশ্নের সম্মুখীন হতেন এবং তার সমাধান তার জানা থাকতনা, তখন তিনি বলতেন, তুমি যেটার অবতারনা করেছো, সেটা ঠিক। আমি এ বিষয়ে চিন্তা ভাবনা করছি। আর প্রত্যেক জ্ঞানীর ওপর তো একজন জ্ঞানী আছেন।

আর পরস্পর প্রশ্ন ও তর্ক -বিতর্কের উপকার শুধু তকরার (পুনরাবৃত্তি) এর চেয়ে অনেক বেশী। কারণ, এতে তকরারের সাথে সাথে আরো অনেক কিছু রয়েছে। (অর্থাৎ, তর্ক-বিতর্কের মাধ্যমে এমন কিছু সুক্ষ্ম বিষয় জানা যায়, যা তকরার করে অর্জিত হয়না)। বলা হয়েছে, পরস্পর এক ঘন্টা প্রশ্নোত্তর করা এক মাস তকরার করার চেয়ে উত্তম। তবে একথা প্রযোজ্য কেবল ইনসাফকারী সুস্থ মেযাজের লোকের সাথে তর্ক-বিতর্ক করার ক্ষেত্রে।

শব্দ বিশ্লেষণ ঃ

الاشكال - সমস্যা, জটিলতা, অসুবিধা, জটিল হওয়া। বহুবচন اشكالات।

توجه - বাবে تفعل থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার توجه। অর্থঃ ফেরা, সুম্মুখে আসা।

لازم - প্রয়োজনীয়, জরুরী, অপরিহার্য।

مجرد - শুধু, কেবল, খালি, মুক্ত, একক। এটা আসলে বাবে تفعيل থেকে اسم مفعول এর واحد مذكر। মাছদার تجريد।

وَإِيَّاكَ وَالْمُذَاكَرَةَ مَعَ مُتَعَنِّتٍ غَيْرِ مُسْتَقِيْمِ الطَّبْعِ، فَإِنَّ الطَّبِيْعَةَ مُسْرِقَةٌ وَالْاَخْلَاقَ مُتَعَدِّيَةٌ وَالْمُجَاوَرَةَ مُؤَثِّرَةٌ وَفِىْ الشِّعْرِ الَّذِىْ ذَكَرَهُ خَلِيْلُ بْنُ اَحْمَدَ فَوَائِدُ كَثِيْرَةٌ.

قِيْلَ :

اَلْعِلْمُ مِنْ شَرْطِهٖ لِمَنْ خَدِمَهٗ   اَنْ يَجْعَلَ النَّاسَ كُلَّهُمْ خَدَمَهٗ

আর (হে শিক্ষার্থীগণ!) তোমাদের কর্তব্য , এক গুঁয়েমীকারী ও অসরল মেযাজের লোকের সাথে তর্ক-বিতর্ক করা থেকে বিরত থাকা। কারণ, প্রকৃতি কুচরিত্রকে অজান্তে গ্রহণকারী, চরিত্র সংক্রামক এবং সান্নিধ্য প্রভাবিতকারী। আর যে কবিতাটি খলীল বিন আহমদ উল্লেখ করেছেন, সেটাতে অনেক উপকারী বিষয় রয়েছে। আরো বলা হয়েছেঃ

☆ এটা ইলমের উপকার সমূহের অন্যতম উপকার যে, যে ব্যক্তি ইলমের সেবা করবে (অর্থৎ, শিক্ষা করবে ও শিক্ষা দিবে), সকল লোককে সে (ইলম) তার সেবক বানিয়ে দিবে।

শব্দ বিশ্লেষণ ঃ

مسرقة - চুরি করে যে, অজান্তে যে নিয়ে নেয়। বাবে تفعيل থেকে اسم فاعل এর واحد مؤنث। মাছদার تسريق ।

متعدية - সংক্রামক, অতিক্রমকারী। বাবে تفعل থেকে اسم فاعل এর واحد مؤنث । মাছদার تعدى ।

المجاورة - সান্নিধ্য, নৈকট্য, প্রতিবেশী হওয়া। বাবে مفاعلة এর মাছদার।

مؤثرة - প্রভাব বিস্তার কারী, প্রভাবিত কারী। বাবে تفعيل থেকে اسم فاعل এর واحد مؤنث । মাছদার تأثير ।

شرط - ش ও ر এর জবর সহকারে। অর্থঃ চিহ্ন, আলামত, লক্ষণ। বহুবচন اشراط । এখানে উদ্দেশ্য উপকারিতা।

خدم - خ ও د এর জবর সহকারে। অর্থঃ সেবক, চাকর, পরিচারক।

وَيَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَكُوْنَ مُتَأَمِّلاً فِيْ جَمِيْعِ الْاَوْقَاتِ فِيْ دَقَائِقِ الْعُلُوْمِ وَيَعْتَادُ ذٰلِكَ فَاِنَّمَا يُدْرَكُ الدَّقَائِقُ بِالتَّأَمُّلِ، وَلِهٰذَا قِيْلَ: "تَأَمَّلْ تُدْرِكْ".

وَلَا بُدَّ مِنَ التَّأَمُّلِ قَبْلَ الْكَلَامِ حَتّٰى يَكُوْنَ صَوَابًا فَاِنَّ الْكَلَامَ كَالسَّهْمِ فَلَا بُدَّ مِنْ تَقْوِيْمِهٖ بِالتَّأَمُّلِ قَبْلَ الْكَلَامِ حَتّٰى يَكُوْنَ مُصِيْبًا، وَقَالَ فِيْ اُصُوْلِ الْفِقْهِ: هٰذَا اَصْلٌ كَبِيْرٌ وَهُوَ اَنْ يَكُوْنَ كَلَامُ الْفَقِيْهِ الْمُنَاظِرِ بِالتَّأَمُّلِ، قِيْلَ: "رَأْسُ الْعَقْلِ اَنْ يَكُوْنَ الْكَلَامُ بِالتَّثَبُّتِ وَالتَّأَمُّلِ". قَالَ قَائِلٌ:

আর শিক্ষর্থীর উচিত, সবসময় ইলমের সক্ষ্ম সুক্ষ্ম বিষয় গুলোকে নিয়ে চিন্তা-ভাবনা করা এবং একে নিজের অভ্যাস বানিয়ে ফেলা। কারণ, সুক্ষ্ম বিষয় সমূহ বুঝা যায় চিন্তা ভাবনার মাধ্যমে। তাই বলা হয়েছে, "চিন্তা ভাবনা করো, বুঝতে পারবে"।

আর কথা বলার পূর্বে চিন্তা ভাবনা করা খুব প্রয়োজন, যাতে তা (কথা) সঠিক হয়। কারণ কথা হচ্ছে, তীরের ন্যায়। তাই কথা বলার পূর্বে চিন্তা ভাবনা করে তাকে ঠিক করে নেয়া দরকার। যাতে তা সঠিক ভাবে গিয়ে লাগে। উসূলে ফিক্বাহতে আছে , এটা একটা বড় মূলনীতি যে, তর্ককারী ফকীহর কথা হবে চিন্তা ভাবনার মাধ্যমে। আরো বলা হয়েছে, বুদ্ধির মূল হচ্ছে, ধীর-স্থির ও চিন্তা ভাবনা করে কথা বলা। কবি বলেছেনঃ

শব্দ বিশ্লেষণ ঃ

دقـائـق - دقيـقة এর বহুবচন। অর্থ ঃ সুক্ষ্ম বিষয়, মিনিট। এখানে উদ্দেশ্য প্রথম অর্থ।

تـقـويـم- ঠিক করা, সুবিন্যস্ত করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে تـفـعيـل থেকে। ক্যালেন্ডার অর্থেও এ শব্দ ব্যবহৃত হয়।

السهم - তীর, বর্শা, অংশ, ভাগ, শেয়ার। বহুবচন اسهم ، اسهام ।

التثبت- ধীরতা, যাচাই-বাছাই করা। বাবে تفعل এর মাছদার।

اُوْصِيْكَ فِيْ نَظْمِ الْكَلَامِ بِخَمْسَةٍ إِنْ كُنْتَ لِلْمُوْصِىْ الشَّفِيْقِ مُطِيْعًا

لَاتَغْفَلَنَّ سَبَبَ الْكَلَامِ وَوَقْتَهٗ وَالْكَيْفَ وَالْكَمَّ وَالْمَكَانَ جَمِيْعًا

وَيَكُوْنُ مُسْتَفِيْدًا فِيْ جَمِيْعِ الْاَوْقَاتِ وَالْاَحْوَالِ مِنْ جَمِيْعِ الْاَشْخَاصِ. قَالَ رَسُوْلُ اللّٰهِ ﷺ : "اَلْحِكْمَةُ ضَالَّةُ الْمُؤْمِنِ اَيْنَمَا وَجَدَهَا اَخَذَهَا" . وَقِيْلَ: 'خُذْ مَا صَفَاوَدَعْ مَا كَدِرَ'.

---

১. আমি তোমাকে কথা বলার ক্ষেত্রে পাঁচটি ওসিয়ত করছি, যদি তুমি দয়ালু ওসিয়ত কারীর আনুগত্যকারী হও। ২. (১) কখনো কথার কারণ এবং (২) সময় নিয়ে উদাসীন থাকবেনা। (৩) সাথে সাথে কথার ধরণ (৪) পরিমাণ ও (৫) স্থানের প্রতিও খেয়াল রাখবে।

আর সব সময় ও সর্বাবস্থায় সব লোক থেকে উপকার লাভ করার চেষ্টা করবে। রাসুলুল্লাহ (সঃ) ইরশাদ করেছেন, "হিকমাত হচ্ছে মুমিনের হারানো সম্পদ। সে তা যেখানে পায়, সেখান থেকে নিয়ে নেয়"। আরো বলা হয়েছে , যা পরিচ্ছন্ন তা নাও এবং যা অপরিচ্ছন্ন তা ছেড়ে দাও।

শব্দ বিশ্লেষণ ঃ

نظم - বিন্যস্ত করা, ছন্দোবদ্ধ করা, কবিতা রচনা করা, গাঁথা। এখানে উদ্দেশ্য (কথা) বলা।

الموصى- অসিয়তকারী, কল্যাণ কামনাকারী। বাবে افعال থেকে اسم فاعل এর واحد مذكر । মাছদার ايصاء ।

الكيف - অবস্থা, মেজাজ, মনোভাব, প্রকৃতি।

ضالّة - হারানো বস্তু, কাংক্ষিত বস্তু, উদ্দেশ্য, কামনা, দীর্ঘ অন্বেষণের পর প্রপ্ত বস্তু।

سهم الدور ساقط - গোলাম-বাদী সম্পর্কিত একটি জটিল ফিক্বহী মাসআলার সামাধানিক উক্তি।

وَسَمِعْتُ الشَّيْخَ الْإِمَامَ الْاَجَلَّ الْاُسْتَاذُ فَخْرُ الدِّيْنِ اَلْكَاشَانِيْ يَقُوْلُ: كَانَتْ جَارِيَةُ اَبِيْ يُوْسُفَ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى اَمَانَةً عِنْدَ مُحَمَّدٍ، فَقَالَ لَهَا هَلْ تَحْفِظِيْنَ فِيْ هٰذَ الْوَقْتِ مِنْ اَبِيْ يُوْسُفَ فِي الْفِقْهِ شَيْئًا؟ قَالَتْ لَا، اِلَّا اَنَّهُ كَانَ يُكَرِّرُ وَيَقُوْلُ "سَهْمُ الدَّوْرِ سَاقِطٌ"، فَحَفَظَ ذٰلِكَ مِنْهَا وَكَانَتْ مُشْكِلَةً عَلٰى مُحَمَّدٍ، فَارْتَفَعَ اِشْكَالُهُ بِهٰذِهِ الْكَلِمَةِ.

فَعُلِمَ اَنَّ الْاِسْتِفَادَةَ مُمْكِنَةٌ مِنْ كُلِّ اَحَدٍ. وَلِهٰذَا قَالَ اَبُوْيُوْسُفَ حِيْنَ قِيْلَ لَهُ بِمَ اَدْرَكْتَ الْعِلْمَ؟ قَالَ مَا اسْتَنْكَفْتُ مِنَ الْاِسْتِفَادَةِ وَمَا بَخِلْتُ مِنَ الْاِفَادَةِ.

আমি শায়খ ইমাম উস্তাদ ফখরুদ্দীন আল কাসানী রাহিমাহুল্লাহুকে বলতে শুনেছি, যে ইমাম আবু ইউসুফ রাহিমাহুল্লাহ এর ক্রিতদাসী ইমাম মুহাম্মদ (রাহঃ) এর কাছে আমানত হিসেবে ছিল। একবার ইমাম মুহাম্মদ (রহঃ) তাকে বললেন, ফিকাহ বিষয়ে ইমাম আবু ইউসুফ থেকে অর্জন করা কোন কিছু তোমার এখন মুখস্ত আছে? সে বলল, না । তবে তিনি (ইমাম আবু ইউসুফ) একথা বার বার বলতেন যে,"সাহমুদ্দৌরি সাক্বিতুন" । তিনি (ইমাম মুহাম্মদ) তার কাছ থেকে এটা মুখস্ত করে নেন। আর উক্ত মসাআলাটা ইমাম মুহাম্মদের নিকট জটিল ছিল। (বাঁদীর) একথা দ্বারা তার সমস্যা দূর হল।

ফলে তিনি জানতে পারলেন যে, সবার কাছ থেকে উপকৃত হওয়া সম্ভব। এ কারণেই ইমাম আবু ইউসুফ (রহঃ) কে যখন বলা হল, আপনি কিসের মাধ্যমে ইলম পেয়েছেন, তখন তিনি বললেন, যে কারো কাছ থেকে উপকৃত হওয়ার ক্ষেত্রে আমি লজ্জাবোধ করিনি এবং (অপরকে) উপকৃত করার ক্ষেত্রে কৃপনতা করিনি।

শব্দ বিশ্লেষণ ঃ

استنكفت - বাবে استفعال থেকে معروف ماضى এর واحد متكلم ।

কুরআনে আছে [المائدة:١٧٣] ومن يستنكف عن عبادته ويستكبر ।

وَقِيلَ لِابْنِ عَبَّاسٍ رض بِمَ اَدْرَكْتَ الْعِلْمَ؟ قَالَ اِبْنُ عَبَّاسٍ بِلِسَانٍ سُؤُوْلٍ وَقَلْبٍ عَقُوْلٍ. وَاِنَّمَا سُمِّيَ طَالِبُ الْعِلْمِ "مَا تَقُوْلُ" لِكَثْرَةِ مَا يَقُوْلُوْنَ فِي الزَّمَانِ الْاَوَّلِ "مَا تَقُوْلُ فِيْ هٰذِهِ الْمَسْئَلَةِ."

وَاِنَّمَا تَفَقَّهَ اَبُوْ حَنِيْفَةَ بِكَثْرَةِ الْمُطَارَحَةِ وَالْمُذَاكَرَةِ فِيْ دُكَّانِهِ حِيْنَ كَانَ بَزَّازًا . فَبِهٰذَا يُعْلَمُ اَنْ تَحْصِيْلَ الْعِلْمِ وَالْفِقْهِ يَجْتَمِعُ مَعَ الْكَسْبِ. كَانَ اَبُوْ حَفْصٍ الْكَبِيْرُ يَكْتَسِبُ وَيُكَرِّرُ الْعُلُوْمَ. فَاِنْ كَانَ لَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنَ الْكَسْبِ لِنَفَقَةِ عِيَالِهٖ وَغَيْرِهٖ فَلْيَكْتَسِبْ وَلْيُكَرِّرْ وَلَا يَكْسِلْ.

আবদুল্লাহ বিন আব্বাস (রাঃ) কে বলা হয়েছিল, আপনি কিসের মাধ্যমে ইলম পেয়েছেন? তিনি বললেন, বেশী প্রশ্নকারী জবান ও অধিক বোধ সম্পন্ন হৃদয়ের মাধ্যমে। আর শিক্ষার্থীকে 'তুমি কি বল' বলে আখ্যায়িত করার একমাত্র কারণ হল, তারা আগের যুগে 'তুমি এ মাসআলা সম্পর্কে কি বল' বেশী বলতেন।

আর ইমাম আবু হানিফা রাহিমাহুল্লাহ কাপড়ের ব্যবসায়ী থাকাকালে তার দোকানে পরস্পর বেশী আলোচনা ও প্রশ্ন-উত্তর করার কারণেই ফক্বীহ হতে পেরেছেন। আর এ দ্বারা এটাও বোঝা গেল যে, ইলম ও ফিক্বাহ অর্জন করার সাথে সাথে অর্থও উপার্জন করা সম্ভব। আর শায়খ আবু হাফস কাবীর উপার্জন করার সাথে সাথে তকরারও করতেন। যদি পরিবারের খরচ সামলানো কোন শিক্ষার্থীর জন্য অপরিহার্য হয়ে পড়ে, তাহলে উপার্জন করবে এবং এর সাথে সাথে তকরার ও পারস্পরিক আলোচনা করবে। আর এ ক্ষেত্রে মোটেই অলসতা করবেনা।

শব্দ বিশ্লেষণ ঃ سئول - বেশী জিজ্ঞেসকারী। مبالغة এর ছীগাহ।

دكان দোকান, বিপনি। বহুবচন دكاكين।

بزاز - বস্ত্র ব্যবসায়ী, পোশাক বিক্রেতা। বহুবচন بزازون। بزازة -কাপড়ের ব্যবসা।

وَلَيْسَ لِصَحِيحِ الْبَدَنِ وَالْعَقْلِ عُذْرٌ فِي تَرْكِ التَّعَلُّمِ وَالتَّفَقُّهِ، فَإِنَّهُ لَا يَكُونُ أَفْقَرَ مِنْ أَبِي يُوسُفَ وَلَمْ يَمْنَعْهُ ذٰلِكَ مِنَ التَّفَقُّهِ.

فَمَنْ كَانَ لَهُ مَالٌ كَثِيرٌ فَنِعْمَ الْمَالُ الصَّالِحُ لِلرَّجُلِ الصَّالِحِ. وَقِيلَ لِعَالِمٍ بِمَ أَدْرَكْتَ الْعِلْمَ؟ قَالَ بِأَبٍ غَنِيٍّ. لِأَنَّهُ كَانَ يَصْطَنِعُ بِهِ أَهْلَ الْعِلْمِ وَالْفَضْلِ، فَإِنَّهُ سَبَبُ زِيَادَةِ الْعِلْمِ، لِأَنَّهُ شُكْرٌ عَلَى نِعْمَةِ الْعَقْلِ وَالْعِلْمِ وَأَنَّهُ سَبَبُ الزِّيَادَةِ.

যার শরীর ও ব্রেইন (বোধশক্তি) সুস্থ আছে , ইলম ও ফিক্বাহ অর্জন না করার ক্ষেত্রে তার কোন ওযর থাকিতে পারেনা। কারণ, কেউ ইমাম আবু ইউসুফ থেকে বেশী অভাবগ্রস্ত হবেনা। তিনি এত অভাবগ্রস্ত হওয়ার পরও ফিক্বাহ অর্জন করার পথে কোন কিছুই তাকে বাধাগ্রস্ত করতে পারেনি। আর যার বিপুল সম্পদ থাকবে, তো সে উপকারী সম্পদ কতইনা উত্তম সৎলোকের জন্য, যে তা ব্যয় করে ইলম অর্জন ও প্রসার করার পথে। একজন আলেমকে বলা হল, আপনি কিসের মাধ্যমে ইলম অর্জন করেছেন? তিনি বললেন, সম্পদশালী পিতার মাধ্যমে। কারণ, তিনি তার সম্পদ দ্বারা জ্ঞানী-গুনীদের প্রতি অনুগ্রহ করতেন। আর এটাই আমার ইলম বৃদ্ধি পাওয়ার কারণ। আর তা (অনুগ্রহ) ইলম ও বুদ্ধির জন্য কৃতজ্ঞতা প্রকাশ। আর এটা (কৃতজ্ঞতা) ইলম বৃদ্ধি পাওয়ার কারণ।

قِيْلَ: قَالَ اَبُوْ حَنِيْفَةَ اِنَّمَا اَدْرَكْتُ الْعِلْمَ بِالْحَمْدِ لِلّٰهِ تَعَالٰى وَالشُّكْرِ، فَكُلَّمَا فَهِمْتُ وَوَقَفْتُ عَلٰى فِقْهٍ وَحِكْمَةٍ فَقُلْتُ اَلْحَمْدُ لِلّٰهِ تَعَالٰى، فَازْدَادَ عِلْمِيْ.

وَهٰكَذَا يَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَشْتَغِلَ بِالشُّكْرِ بِاللِّسَانِ وَالْجَنَانِ وَالْاَرْكَانِ وَالْمَالِ، وَيَرَى الْفَهْمَ وَالْعِلْمَ وَالتَّوْفِيْقَ مِنَ اللّٰهِ تَعَالٰى، وَ يَطْلُبَ الْهِدَايَةَ مِنَ اللّٰهِ تَعَالٰى بِالدُّعَاءِ لَهٗ وَالتَّضَرُّعِ اِلَيْهِ فَاِنَّ اللّٰهَ هَادٍ مَنِ اسْتَهْدَاهُ.

ইমাম আবু হানিফা রহিমাহুল্লাহু বলেছেন, আমি ইলম পেয়েছি (আল্লাহর) প্রশংসা ও কৃতজ্ঞতার মাধ্যমে। আমি যখনই ইলমের কোন একটি বিষয় বুঝেছি এবং কোন ফিক্বাহ ও হিকমত সম্পর্কে অবগত হয়েছি, তখন বলেছি যাবতীয় প্রশংসা আল্লাহ তাআলার জন্য। ফলে আমার ইলম বেড়ে যায়। আর এভাবে শিক্ষার্থীরও উচিত, জবান, অন্তর, অঙ্গ-প্রত্যঙ্গ ও সম্পদ দ্বারা (আল্লাহর) কৃতজ্ঞতা প্রকাশ করতে থাকা। আর মনে করবে, বুঝা, জানা ও (যে কোন কিছু করার) সামর্থ এক মাত্র আল্লাহ তাআলারই অনুগ্রহ। আর আল্লাহর কাছে দুআ ও কাকুতি মিনতি করে হিদায়াত প্রার্থনা করবে। কারণ, যে হিদায়াত কামনা করে , আল্লাহ তাকে হিদায়াত করেন।

শব্দ বিশ্লেষণ ঃ

وقفت- বাবে ضرب থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার وقوف। অর্থঃ দাঁড়ানো, থামা, স্থির হওয়া। على সহকারে ব্যবহৃত হলে অর্থ হবে, অবগত হওয়া, জানা, অবহিত হওয়া।

فَاَهْلُ الْحَقِّ وَهُمْ اَهْلُ السُّنَّةِ وَالْجَمَاعَةِ طَلَبُوا الْحَقَّ مِنَ اللّٰهِ تَعَالٰى الْحَقِّ الْهَادِىْ الْمُبِيْنِ الْعَاصِمِ، فَهَدَاهُمُ اللّٰهُ تَعَالٰى وَعَصَمَهُمْ عَنِ الضَّلَالَةِ. وَاَهْلُ الضَّلَالَةِ اَعْجَبُوْا بِرَأْيِهِمْ وَعَقْلِهِمْ وَطَلَبُوا الْحَقَّ مِنَ الْمَخْلُوْقِ الْعَاجِزِ وَهُوَ الْعَقْلُ، لِاَنَّ الْعَقْلَ لَا يُدْرِكُ جَمِيْعَ الْاَشْيَاءِ كَالْبَصَرِ لَا يُبْصِرُ جَمِيْعَ الْاَشْيَاءِ، فَحُجِبُوْا وَعَجَزُوْا وَضَلُّوْا وَ اَضَلُّوْا.

قَالَ رَسُوْلُ اللّٰهِ ﷺ: "مَنْ عَرَفَ نَفْسَهٗ فَقَدْ عَرَفَ رَبَّهٗ".

فَاِذَا عَرَفَ عَجْزَ نَفْسِهٖ عَرَفَ قُدْرَةَ اللّٰهِ. وَلَا يَعْتَمِدُ عَلٰى نَفْسِهٖ

আর সত্যের অনুসারীগণ (আহলুসসুন্নাহ ওয়াল জমাআত) আল্লাহ তআলার নিকট হিদায়াত কামনা করেছেন, যিনি সত্য, সুস্পষ্টকারী, হিদায়াতকারী ও রক্ষাকারী। ফলে আল্লাহ তাদের হিদায়াত করেন এবং তাদেরকে পথভ্রষ্টতা থেকে রক্ষা করেন। আর পথভ্রষ্ট দল সমূহ নিজেদের মত ও বুদ্ধি নিয়ে গর্বিত হয়েছে এবং সত্য অনুসন্ধান করেছে দুর্বল সৃষ্টির কাছে। আর তা (দুর্বল সৃষ্টি) হচ্ছে আকল তথা নিজের বুদ্ধি। কারণ, বুদ্ধি সবকিছু বুঝতে পারেনা, যেমন চোখ দেখতে পায়না সব কিছু। ফলে (বুদ্ধি দ্বারা সত্য অনুসন্ধান করার কারণে) তাদের সামনে (বিভ্রান্তির)আবরণ পড়ে গেছে এবং তারা সত্য উপলব্ধি করতে অক্ষম রয়ে গেছে। তাই তারা নিজেরাও পথভ্রষ্ট হয়েছে এবং অন্যাদেরকেও পথভ্রষ্ট করেছে।

রাসুলুল্লাহ (সঃ) ইরশাদ করেছেন, যে নিজেকে চিনতে পেরেছে, সে তার

শব্দ বিশ্লেষণ ঃ اهل السنة والجماعة - সুন্নাহ ও জামায়াত পন্থী দল। এখানে সুন্নাহ থেকে রসুলুল্লাহ (সাঃ) এর সুন্নাহ এবং জামায়াত থেকে ছাহাবায়ে কেরামের জামায়াতই উদ্দেশ্য। অর্থাৎঃ যারা রাসূল (সঃ) এর সুন্নাত ও সাহাবায়ে কেরামের পথে চলে, তারাই আহলুসসুন্নাহ ওয়াল জামায়াত।

لا يعتمد - বাবে افتعال থেকে منفى معروف مضارع এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اعتماد। অর্থ ঃ নির্ভর করা, ভরসা করা, আস্থা রাখা।

وَعَقْلِهِ بَلْ يَتَوَكَّلُ عَلَى اللّٰهِ وَيَطْلُبُ مِنْهُ الْحَقَّ، وَمَنْ يَتَوَكَّلْ عَلَى اللّٰهِ فَهُوَ حَسْبُهُ وَيَهْدِيهِ اِلَى الصِّرَاطِ الْمُسْتَقِيْمِ.

وَمَنْ كَانَ لَهُ مَالٌ فَلَا يَبْخَلُ، وَيَنْبَغِيْ ان يَتَعَوَّذَ بِاللّٰهِ تَعَالٰى مِنَ الْبُخْلِ قَالَ النَّبِيُّ صَلَّى اللّٰهُ عَلَيْهِ وَسَلَّمَ: "اَيُّ دَاءٍ اَدْوَأُ مِنَ الْبُخْلِ."

وَكَانَ الشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ شَمْسُ الْاَئِمَّةِ الْحَلْوَانِيُّ فَقِيْرًا يَبِيْعُ الْحَلْوَاءَ وَكَانَ يُعْطِي الْفُقَهَاءَ مِنَ الْحَلْوَاءِ وَيَقُوْلُ اُدْعُوْا لِابْنِيْ فَبِبَرَكَةِ جُوْدِهِ وَاِعْتِقَادِهِ وَشَفْقَتِهِ وَتَضَرُّعِهِ نَالَ اِبْنُهُ مَا نَالَ.

পালন কর্তা (আল্লাহ)কেও চিনতে পেরেছে। তাই মানুষ যখন নিজের অক্ষমতা উপলব্ধি করে, তখন আল্লাহর সক্ষমতা টের পায়। ফলে সে নিজের সত্ত্বা ও বুদ্ধির ওপর আর নির্ভর করেনা। বরং আল্লাহর ওপর ভরসা করে এবং তার কাছে সত্য তথা হিদায়াত কামনা করে । আর যে আল্লাহর ওপর ভরসা করে, আল্লাহ তাঁর জন্য যথেষ্ট হন এবং তাকে সরল পথে পরিচালিত করেন।

আর যার সম্পদ রয়েছে, সে কৃপনতা করবেনা। আর তার উচিত, আল্লাহর কাছে কৃপণতা থেকে রক্ষা কামনা করা। নবী (সঃ) বলেছেন, কৃপণতা থেকে বড় রোগ আর কি আছে।

মহান ইমাম শায়খ শামছুল আ-ইম্মাহ আল হালাওয়ানী অভাবী ছিলেন। তিনি মিষ্টান্ন দ্রব্য বিক্রি করতেন। তিনি ফক্বীহগণকে মিষ্টি হাদিয়া দিতেন এবং বলতেন, আমার ছেলের জন্য দুআ করবেন। তার দান, আস্থা ও বিনয়ের কারণে তার ছেলে বড় আলেম ও ফক্বীহ হয়েছিলেন।

শব্দ বিশ্লেষণ ঃ

داء - রোগ, ব্যাধি, পীড়া। বহুবচন ادوية । ادوأ -বেশী বড় রোগ।

الحلواء - মিষ্টান্ন, মিটাই, হালুয়া। الحلوانى - মিষ্টান্ন বিক্রেতা।

وَيَشْتَرِىْ بِالْمَالِ الْكُتُبَ وَيَسْتَكْتِبُ فَيَكُوْنُ عَوْنًا عَلَى التَّعَلُّمِ وَالتَّفَقُّهِ ، وَلَقَدْ كَانَ لِمُحَمَّدِ بْنِ الْحَسَنِ مَالٌ كَثِيْرٌ حَتّٰى كَانَ لَهُ ثَلَاثُ مِأَةٍ مِنَ الْوُكَلَاءِ عَلٰى مَالِهِ. فَأَنْفَقَهُ كُلَّهُ فِى الْعِلْمِ وَلَمْ يَبْقَ لَهُ ثَوْبٌ نَفِيْسٌ فَرَآهُ أَبُوْ يُوْسُفَ فِىْ ثَوْبٍ خَلِقٍ فَأَرْسَلَ إِلَيْهِ ثِيَابًا نَفِيْسَةً فَلَمْ يَقْبَلْهَا. وَقَالَ "عُجِّلَ لَكُمْ وَأُجِّلَ لَنَا."

আর শিক্ষার্থীর উচিত, সম্পদ দ্বারা কিতাব খরিদ করা এবং কিতাব লেখানো। যাতে তা ইলম ও ফিক্বাহ অর্জনের ক্ষেত্রে সহায়ক হয়।

ইমাম মুহাম্মদ রহিমাহুল্লাহু এর অনেক সম্পদ ছিল। এমনকি তার সম্পদের রক্ষনাবেক্ষনে তিনশজন কার্যনির্বাহী ছিল। তিনি তার এসব সম্পদ ইলম ও ফিক্বাহ অর্জন ও এর প্রসারের পথে ব্যয় করেছেন। ফলে তাঁর এমন অবস্থা হয়েছিল যে, তার কোন উন্নত কাপড় ছিলনা। ইমাম আবু ইউসুফ রহিমাহুল্লাহু তাঁকে পুরাতন কাপড় পরা অবস্থায় দেখলে তাঁর নিকট কিছু উন্নত কাপড় পাঠিয়ে দেন। কিন্তু তিনি তা গ্রহণ করলেননা এবং বললেন , "ধন সম্পদ তোমাদেরকে দুনিয়াতে দেয়া হয়েছে। আর আমাদের দেয়া হবে আখেরাতে।"

শব্দ বিশ্লেষণ ঃ

يستكتب - (কিতাব) লেখাবে। বাবে استفعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب । মাছদার استكتاب ।

عون - সাহায্য, সহায়তা, সাহায্যকারী, সহায়তাকারী। বহুবচন اعوان । হাদীস শরীফে আছে [رواه مسلم] والله فى عون العبد ماكان العبد فى عون أخيه

الوكلاء - وكيل এর বহুবচন । অর্থ ঃ প্রতিনিধি, এজেন্ট, কার্যনির্বাহী।

خلق - পুরাতন, জীর্ন। صفت এর ছীগাহ। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে سمع থেকে।

عجل - তাড়াতাড়ি তথা দুনিয়াতে দেয়া হয়েছে। বাবে تفعيل থেকে ماضى مجهول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تعجيل ।

اجل - বিলম্বিত করা হয়েছে তথা আখেরাতে দেয়া হবে। বাবে تفعيل থেকে مضارع مجهول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার تأجيل ।

وَلَعَلَّهُ إِنَّمَا لَمْ يَقْبَلْهُ وَإِنْ كَانَ قَبُوْلُ الْهَدْيَةِ سُنَّةً لَمَّا رَأَى فِيْ ذٰلِكَ مُذَلَّةً لِنَفْسِهِ. قَالَ رَسُوْلُ اللّٰهِ صلى الله عليه وسلم : "لَيْسَ لِلْمُؤْمِنِ اَنْ يَذِلَّ نَفْسَهُ".

وَحُكِيَ أَنَّ فَخْرَ الْإِسْلَامِ الْاَرْسَابَنْدِيْ جَمَعَ قُشُوْرَ الْبِطِّيْخِ الْمُلْقَاةِ فِيْ مَكَانٍ خَالٍ فَاَكَلَهَا، فَرَأَتْهُ جَارِيَةٌ، فَاَخْبَرَتْ بِذٰلِكَ مَوْلَاهَا فَاتَّخَذَ لَهُ دَعْوَةً، فَدَعَاهُ اِلَيْهَا فَلَمْ يَقْبَلْ لِهٰذَا.

وَهٰكَذَا يَنْبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَكُوْنَ ذَا هِمَّةٍ عَالِيَةٍ لَا يَطْمَعُ فِيْ اَمْوَالِ النَّاسِ. قَالَ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ: اِيَّاكَ وَالطَّمَعَ، فَاِنَّهُ فَقْرٌ حَاضِرٌ.

আর তিনি হাদিয়া গ্রহণ করা সুন্নাত হওয়া সত্ত্বেও তা গ্রহণ না করার কারণ সম্ভবত এতে নিজের অপমান দেখতে পাওয়া। রাসুলুল্লাহ (সাঃ) ইরশাদ করেছেন, নিজেকে অপমান করা মুমিনের জন্য শোভনীয় নয়।

বর্ণিত আছে যে, ফখরুল ইসলাম আল আরসাবন্দী একবার একটি নির্জন স্থানে ফেলে দেওয়া তরমুজের কিছু ছাল নিয়ে ধুয়ে খেয়ে ফেলেন। এক ক্রীতদাসী তা দেখে তার মালিককে সে ব্যাপারে অবহিত করে। ফলে তিনি (মালিক) তাঁর জন্য আপ্যায়নের ব্যবস্থা করেন এবং তাকে নিমন্ত্রণ জানান। কিন্তু তিনি (আত্ম অপমানের কারণে) তার নিমন্ত্রণে সাড়া দিলেন না।

শিক্ষার্থীর উচিত, এরকম উন্নত সাহস সম্পন্ন হওয়া। মানুষের সম্পদে মোটেই লোভ করবেনা। (বরং মানুষকে দেয়ার চেষ্টা করবে) । রসুলুল্লাহ (সঃ) ইরশাদ করেছেন, "তোমার উচিত , লোভ থেকে বেচেঁ থাকা। কারণ, তা হচ্ছে উপস্থিত অভাব"।

শব্দ বিশ্লেষণ ঃ الهدية - হাদিয়া, উপহার, উপঢৌকন। বহুবচন هدايا । اهداء - হাদিয়া।

قشور - قشر এর বহুবচন। অর্থঃ ছাল, চামড়া, খোসা, খোলস, আবরণ।

البطيخ - তরমুজ, খরমুজ, খরবুজা। বহুবচন بطاطخ ।

الملقاة - পরিত্যক্ত, নিক্ষেপিত। বাবে افعال থেকে اسم مفعول এর واحد مؤنث এর ছীগাহ। মাছদার إلقاء ।

جارية - বাদী, ক্রীতদাসী, নৌকা, জাহাজ। বহুবচন جواری، جاريات ।

وَلَا يَبْخَلُ بِمَا عِنْدَهُ مِنَ الْمَالِ، بَلْ يُنْفِقُ عَلٰى نَفْسِهِ وَعَلٰى غَيْرِهِ، وَقَالَ النَّبِيُّ صلى الله عليه وسلم: "اَلنَّاسُ كُلُّهُمْ فِي الْفَقْرِ مَخَافَةَ الْفَقْرِ" وَكَانُوْا فِي الزَّمَانِ الْاَوَّلِ يَتَعَلَّمُوْنَ الْحِرْفَةَ ثُمَّ يَتَعَلَّمُوْنَ الْعِلْمَ حَتّٰى لَا يَطْمَعُوْا فِيْ اَمْوَالِ النَّاسِ. وَفِي الْحِكْمَةِ "مَنِ اسْتَغْنٰى بِمَالِ النَّاسِ اِفْتَقَرَ."

وَالْعَالِمُ اِذَا كَانَ طَمَّاعًا لَا يَبْقٰى لَهُ حُرْمَةُ الْعِلْمِ وَلَا يَقُوْلُ بِالْحَقِّ، وَلِهٰذَا كَانَ يَتَعَوَّذُ صَاحِبُ الشَّرْعِ عَلَيْهِ السَّلَامُ وَيَقُوْلُ: اَعُوْذُ بِاللّٰهِ مِنْ طَمَعٍ يُدْنِيْ اِلٰى طَبْعٍ.

আর শিক্ষার্থী তার সম্পদ নিয়ে কৃপনতা করবেনা। বরং নিজের ও অপরের জন্য খরচ করবে। নবী (সঃ) আরো ইরশাদ করেছেন, "অভাবের ভয়ে মানুষ অভাবে থাকে"।

আর আগের যুগে শিক্ষার্থীরা প্রথমে কোন পেশা শিক্ষা করত। অতঃপর ইলম শিক্ষা করত। তারা মানুষের সম্পদে লোভ করতনা। আর এটা একটা প্রজ্ঞাসুলভ কথা যে, "যে লোক অপরের সম্পদ দ্বারা সম্পদশালী হতে চায়, সে দরিদ্রই হয়"।

আর আলেম যখন অতিলোভী হয়, তখন ইলমের প্রতি তার কোন শ্রদ্ধা থাকেনা এবং সে হক কথাও বলেনা (বা বলতে পারেনা)। এজন্যই নবী (সঃ) লোভ থেকে আল্লাহর নিকট আশ্রয় চাইতেন এবং বলতেন "আমি আল্লাহর আশ্রয় গ্রহণ করছি এমন লোভ থেকে, যা খারাপের কাছে নিয়ে যায়"।

শব্দ বিশ্লেষণ ঃ

الحرفة - পেশা, শিল্প, বৃত্তি, কাজ। বহুবচন حرف ।

استغنى - ধনী হতে চায়/ চেয়েছে। বাবে استفعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার استغناء ।

طماع - বড় লোভী। مبالغه এর ছীগাহ। طمع -লোভ করা।

طبع - ط এর জের ও ب এর জবর সহকারে। অর্থঃ দোষ,খারাপি, দুস্কৃতি।

وَيَنْبَغِي لِلْمُؤْمِنِ اَنْ لَا يَرْجُوَ اِلَّا مِنَ اللّٰهِ تَعَالٰى وَلَا يَخَافَ اِلَّا مِنْهُ وَيَظْهُرُ ذٰلِكَ بِمُجَاوَزَةِ حَدِّ الشَّرْعِ وَعَدَمِهَا، فَمَنْ عَصَى اللّٰهَ تَعَالٰى خَوْفًا مِنَ الْمَخْلُوْقِ فَقَدْ خَافَ غَيْرَ اللّٰهِ تَعَالٰى، فَاِذَا لَمْ يَعْصِ اللّٰهَ تَعَالٰى لِخَوْفِ الْمَخْلُوْقِ وَرَاقَبَ حُدُوْدَ الشَّرْعِ فَلَمْ يَخَفْ غَيْرِ اللّٰهِ تَعَالٰى بَلْ خَافَ اللّٰهَ تَعَالٰى، وَكَذَا فِيْ جَانِبِ الرَّجَاءِ.

وَيَنْبَغِي لِطَالِبِ الْعِلْمِ اَنْ يَعُدَّ وَيُقَدِّرَ لِنَفْسِهٖ تَقْدِيْرًا فِي التَّكْرَارِ، فَاِنَّهٗ لَا يَسْتَقِرُّ قَلْبُهٗ حَتّٰى يَبْلُغَ ذٰلِكَ الْمَبْلَغَ.

আর মু'মিনের উচিত, একমাত্র আল্লাহর কাছে আশা রাখা এবং তাকে ভয় করা। আর এটা প্রকাশ পায় শরীয়তের সীমা লংঘন করা আর না করার মধ্য দিয়ে। যে মানুষের ভয়ে আল্লহর নাফরমানী করল, সে গাইরুল্লাহকেই ভয় করল। আর যদি মানুষের ভয়ে আল্লহর নাফরমানী না করে এবং শরীয়তের সীমা লংঘন না করে , তাহলে সে গাইরুল্লাহকে ভয় করলনা। বরং আল্লাহকেই ভয় করল। এভবে আশা-ভরসার ক্ষেত্রেও একই কথা।

আর শিক্ষার্থীর উচিত, নিজের জন্য তকরার (পুনারাবৃত্তি) এর সংখ্যা ও পরিমাণ নির্ধারণ করা। কারণ, যতক্ষণ পর্যন্ত নির্দিষ্ট একটি সীমা পর্যন্ত পৌঁছা যাবেনা, ততক্ষণ পর্যন্ত তার অন্তর স্থির হবেনা।

শব্দ বিশ্লেষণ ঃ

مجاوزة - লংঘন করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে مفاعلة থেকে।

جانب - দিক, ক্ষেত্র, বিষয়। বহুবচন جوانب ।

المبلغ- সীমা, পৌঁছার স্থান। বাবে نصر থেকে اسم ظرف এর ছীগাহ। মাছদার بلوغ ।

وَيَنْبَغِى اَنْ يُكَرِّرَ سَبَقَ الْاَمْسِ خَمْسَ مَرَّاتٍ وَسَبَقَ الْيَوْمِ الَّذِى قَبْلَ الْاَمْسِ اَرْبَعَ مَرَّاتٍ وَالسَّبَقَ الَّذِى قَبْلَهُ ثَلٰثًا وَالَّذِى قَبْلَهُ اِثْنَيْنِ وَالَّذِى قَبْلَهُ وَاحِدًا، فَهٰذَا اَدْعٰى اِلَى الْحِفْظِ.

وَيَنْبَغِى اَنْ لَا يَعْتَادَ الْمُخَافَتَةَ فِى التَّكْرَارِ، لِاَنَّ الدَّرْسَ يَنْبَغِى اَنْ يَكُوْنَ بِقُوَّةٍ وَنَشَاطٍ، وَلَا يَجْهَرَ جِهْرًا وَلَا يَجْهَدَ نَفْسَهُ كَيْلَا يَنْقَطِعَ عَنِ التَّكْرَارِ، فَخَيْرُ الْاُمُوْرِ اَوْسَطُهَا.

আর শিক্ষার্থীর আরো উচিত, গতকালের সবক পাঁচবার, দুদিন আগের সবক চারবার, তিন দিন আগের সবক তিনবার , চার দিন আগের সবক দু'বার ও পাঁচ দিন আগের সবক একবার তকরার করা। আর এ ব্যবস্থা (সবক) মুখস্তের জন্য শ্রেষ্ট উপায়।

শিক্ষার্থীর আরো উচিত, চুপে চুপে (অর্থাৎ, আওয়াজ বিহীন) তকরার করার অভ্যাস না করা। কারণ পড়া ও তকরার জোরে এবং তৎপরতার সাথে হওয়া উচিত। আর এমন বড় আওয়াজ করেও পড়বেনা , যদ্বারা নিজেকে ক্লান্ত হতে হয়। আর তা (বড় আওয়াজে না পড়া) এজন্য, যাতে তকরার একেবারে বন্ধ করে দিতে না হয়। প্রত্যেক ক্ষেত্রে মধ্য পন্থা অবলম্বন করাই উত্তম।

শব্দ বিশ্লেষণ ঃ

المخافتة - চুপে তথা আওয়াজ বিহীন করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে مفاعلة থেকে। কুরআনে আছে ولا تجهر بصلاتك ولا تخافت بها وابتغ بين ذلك سبيلا [الاسراء:١١٠]

نشاط - তৎপরতা, উৎসাহ, আনন্দ। বহুবচন انشطة، نشاطات ।

حُكِيَ اَنَّ اَبَا يُوْسُفَ كَانَ يُذَاكِرُ الْفِقْهَ مَعَ الْفُقَهَاءِ بِقُوَّةٍ وَنَشَاطٍ، وَكَانَ صِهْرُهُ يَتَعَجَّبُ فِيْ اَمْرِهِ وَيَقُوْلُ: اَنَا اَعْلَمُ اَنَّهُ جَائِعٌ مُنْذُ خَمْسَةِ اَيَّامٍ وَمَعَ ذٰلِكَ اَنَّهُ يُنَاظِرُ مَعَ الْقُوَّةِ وَالنَّشَاطِ.

وَيَنْبَغِيْ اَنْ لَا يَكُوْنَ لِطَالِبِ الْعِلْمِ فَتْرَةٌ وَتَحَيُّرٌ، فَاِنَّهَا آفَةٌ. وَكَانَ اُسْتَاذُنَا شَيْخُ الْاِسْلَامِ بُرْهَانُ الدِّيْنِ يَقُوْلُ: اِنَّمَا غَلَبْتُ عَلٰى شُرَكَائِيْ بِاَنِّيْ لَمْ يَقَعْ لِيَ الْفَتْرَةُ وَالْاِضْطِرَابُ فِي التَّحْصِيْلِ.

বর্ণিত আছে যে, ইমাম আবু ইউসুফ ফকীহদের সাথে জোরে ও তৎপরতার সাথে আলোচনা করতেন। আর তার জামাতা (বা ভগ্নিপতি) তার কান্ড দেখে আশ্চর্যবোধ করতেন এবং বলতেন, আমি জানি তিনি (ইমাম আবু ইউসুফ) পাঁচ দিন ধরে অভুক্ত। তার পরও তিনি জোরে ও তৎপরতার সহিত তর্ক-বিতর্ক করছেন।

আর শিক্ষার্থীর জন্য দীর্ঘ কোন বিরতি এবং অস্থিরতা না থাকা উচিত। কারণ, তা (ইলম অর্জনের পথে) একটি বিপদ। আমাদের উস্তাদ শায়খুল ইসলাম বুরহানুদ্দীন বলতেন, আমার সঙ্গীদের ওপর আমি বিজয়ী হওয়ার কারণ হচ্ছে, শিক্ষাকালে আমার কোন দীর্ঘ বিরতির সুযোগ এবং অস্থিরতার সম্মুখীন হতে হয়নি।

শব্দ বিশ্লেষণ ঃ

صهر - জামাতা, জামাই, ভগ্নিপতি, আত্মীয়তার সম্পর্ক। বহুবচন اصهار ।

فترة - বিরতি, বিরাম, সময়ের অংশ, অবসাদ। বহুবচন فترات ।

اضطراب - অস্থিরতা, অশান্তি। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে افتعال থেকে।

وَكَانَ يَحْكِيْ عَنْ شَيْخِ الْإِسْلَامِ الْاِسْبِيْجَانِيْ اَنَّهٗ وَقَعَ فِيْ تَحْصِيْلِهٖ وَتَعَلُّمِهٖ فَتْرَةٌ اِثْنَتَيْ عَشَرَةَ سَنَةً بِانْقِلَابِ الْمُلْكِ وَخَرَجَ مَعَ شَرِيْكِهٖ فِي الْمُنَاظَرَةِ وَلَمْ يَتْرُكَا الْمُنَاظَرَةَ وَكَانَا يَجْلِسَانِ فِي الْمُنَاظَرَةِ كُلَّ يَوْمٍ وَلَمْ يَتْرُكَا الْجُلُوْسَ لِلْمُنَاظِرَةِ اِثْنَتَيْ عَشَرَةَ سَنَةً . فَصَارَ شَرِيْكُهٗ شَيْخَ الْاِسْلَامِ لِلشَّافِعِيْنَ وَهُوَ كَانَ شَافِعِيًّا .

وَكَانَ اُسْتَاذُنَا الشَّيْخُ قَاضِي الْإِمَامُ فَخْرُ الْإِسْلَامِ قَاضِيْ خَانْ يَقُوْلُ: يَنْبَغِيْ لِلْمُتَفَقِّهِ اَنْ يَحْفَظَ نُسْخَةً وَاحِدَةً مِنْ نُسَخِ الْفِقْهِ دَائِمًا، فَيَتَيَسَّرُ لَهٗ بَعْدَ ذٰلِكَ حِفْظُ مَا سَمِعَ مِنَ الْفِقْهِ.

তিনি শায়খুল ইসলাম আল ইসবীজাবী থেকে বর্ণনা করতেন যে তার শিক্ষা কালে রাজনৈতিক পট পরিবর্তনের কারণে দীর্ঘ বার বাছরের বিরতি সংঘটিত হয়েছিল। এর পরও তর্ক করার জন্য তিনি তার সঙ্গীর সাথে বের হয়ে যান। এবং তারা উভয়ে (দীর্ঘ বিরতিকালে) তর্ক-বিতর্ক অব্যহত রাখেন। তারা উভয়ে প্রত্যহ তর্ক-বিতর্কের জন্য বসতেন এবং তারা দীর্ঘ বার বছরে কোন সময় তর্ক-বিতর্কের বৈঠক ছেড়ে দেননি (অর্থাৎ, তর্ক-বিতর্ক করার জন্য নিয়মিত বসতেন)। ফলে তার সঙ্গী শাফেয়ী মযহাবের অনুসারীদের জন্য শাইখুল ইসলাম তথা অনুসরণীয় বরেণ্য ফকীহতে পরিণত হন। কারণ, তিনি শাফেয়ী মযহাবের অনুসারী ছিলেন।

আমাদের উস্তাদ শায়খ ইমাম কাজী ফখরুল ইসলাম খাজী খান বলতেন, ফিক্বাহ শিক্ষাকারীর উচিত, ফিক্বাহর এক কপি (কিতাব/পুস্তক) সব সময় মুখস্ত রাখা, যাতে পরে ফিক্বাহর যে সব বিষয় শুনবে , সে সব বিষয় মুখস্ত করা সহজ হয়।

فَصَلٌ فِى التَّوَكُّلِ

ثُمَّ لَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنَ التَّوَكُّلِ فِىْ طَلَبِ الْعِلْمِ وَلَا يَهْتَمُّ لِاَمْرِ الرِّزْقِ وَلَا يَشْتَغِلُ قَلْبُهُ بِذٰلِكَ. رَوٰى اَبُوْ حَنِيْفَةَ رَحْمَةُ اللّٰهِ عَلَيْهِ عَنْ عَبْدُ اللّٰهِ بْنِ الْحَسَنِ الزُّبَيْدِىْ صَاحِبِ رَسُوْلِ اللّٰهِ "مَنْ تَفَقَّهَ فِىْ دِيْنِ اللّٰهِ كَفَاهُ اللّٰهُ هَمَّهُ وَرِزْقَهُ مِنْ حَيْثُ لَا يَحْتَسِبُ". فَاِنَّ مَنْ شَغَلَ قَلْبُهُ بِالرِّزْقِ مِنَ الْقُوْتِ وَالْكِسْوَةِ قَلَّمَا يَتَفَرَّغُ لِتَحْصِيْلِ مَكَارِمِ الْاَخْلَاقِ وَمَعَالِى الْاُمُوْرِ .قِيْلَ :

সপ্তম অধ্যায় তাওয়াক্কুল সম্পর্কে

অতঃপর (পূর্বোল্লিখিত গুণাবলী অর্জন করার পর) শিক্ষার্থীর জন্য শিক্ষা করা কালে তাওয়াক্কুল করা অপরিহার্য। জীবিকা নিয়ে আহেতুক চিন্তা করবেনা এবং অন্তরকে এ নিয়ে (চিন্তায়) ব্যস্ত রাখবেনা। ইমাম আবু হানিফা (রহঃ) হযরত আব্দুল্লাহ বিন হাসান আজ জুবাইদী নামক সাহাবী থেকে বর্ণনা করেন, যে ব্যক্তি দ্বীনি ইলম অর্জন করবে, আল্লাহ তার দুশ্চিন্তা দুরীকরণ (বা ইচ্ছাপূরণ) এর জন্য যথেষ্ট হয়ে যান এবং তাকে এমন ভাবে রিযিক দান করেন, যা সে কল্পনা করেনা। কারণ , যে ব্যক্তির অন্তর খাদ্য ও পোষাকের চিন্তায় মগ্ন থাকে, সে ব্যক্তি খুব কমই উত্তম চরিত্র অর্জন ও উন্নত কর্ম সম্পাদনের জন্য মনোযোগ দিতে পারে। বলা হয়েছেঃ

শব্দ বিশ্লেষণ ঃلا يحتسب - ধারণা করেনা, আশা করেনা। বাবে افتعال থেকে احتساب মাছদার। واحد مذكر غائب এর مضارع منفى معروف এর ছীগাহ। আল্লাহ বলেন ومن يتق الله يجعل له مخرجا ويرزقه من حيث لا يحتسب ।

القوت - খাদ্য, খোরাক, পুষ্টি। বহুবচন اقوات ।

الكسوة - পোশাক, পরিচ্ছদ, বস্ত্র। বহুবচন كسى ।

يتفرغ - মনোযোগী হয়। বাবে تفعل থেকে واحد غائب এর مضارع معروف এর ছীগাহ। মাছদার تفرغ । এটা ل সহকারে ব্যবহৃত হয়।

دَعِ الْمَكَارِمَ لَا تَرْحَلْ لِبُغْيَتِهَا ‏ ‏ وَاقْعُدْ فَإِنَّكَ اَنْتَ الطَّاعِمُ الْكَاسِيْ

قَالَ رَجُلٌ لِمَنْصُوْرِ الْحَلَّاجِ: اَوْصِنِيْ. فَقَالَ: هِيَ نَفْسُكَ اِنْ لَمْ تَشْغَلْهَا شَغَلَتْكَ ، فَيَنْبَغِيْ لِكُلِّ اَحَدٍ اَنْ يَشْغَلَ نَفْسَهُ بِاَعْمَالِ الْخَيْرِ حَتّٰى لَا تَشْتَغِلَ نَفْسُهُ بِهَوَاهَا.

وَلَا يَهْتَمُّ الْعَاقِلُ لِاَمْرِ الدُّنْيَا لِاَنَّ الْهَمَّ وَالْحُزْنَ لَا يَرُدُّ مُصِيْبَتَهُ وَلَا يَنْفَعُ ، بَلْ يَضُرُّ الْقَلْبَ وَالْعَقْلَ وَالْبَدَنَ وَيُخِلُّ بِاَعْمَالِ الْخَيْرِ. وَيَهْتَمُّ لِاَمْرِ الْآخِرَةِ لِاَنَّهُ يَنْفَعُ.

☆ তুমি উন্নত গুণাবলী ছেড়ে দাও এবং তা অর্জনের জন্য সফর করোনা। বরং তোমার কাজ বসে থাকা। কারণ, খাওয়া পরা ব্যতীত তো তোমার কোন কাজ নেই। (খাওয়া-পরাই যাদের জীবনের একমাত্র ব্রত তাদেরকে বিদ্রুপ করেই এটা বলা হয়েছে)।

একজন লোক মানছুর আল হাল্লাজকে বলল, আমাকে অসিয়ত করুন। তিনি বললেন, অসিয়ত হচ্ছে তোমার মন। যদি একে কোন (ভাল) কাজে লিপ্ত না করো, তবে তোমাকে সে (মন্দ কাজে) লিপ্ত করবে। অতএব, প্রত্যেকের উচিত, নিজেকে ভাল কর্মে জড়িত রাখা, যাতে মন প্রবৃত্তি চর্চায় লিপ্ত হতে না পারে।

বুদ্ধিমানরা দুনিয়াবী কাজের জন্য দুশ্চিন্তাগ্রস্ত হয়না। কারণ, দুশ্চিন্তা ও মর্মবেদনা কোন বিপদ দূর করতে পারেনা এবং কোন কল্যাণও বয়ে আনতে পারেনা। বরং অন্তর, বোধশক্তি ও শরীরের ক্ষতি করে এবং ভাল কাজে ফাটল সৃষ্টি করে। আর (শিক্ষার্থীর) উচিত, আখেরাতের কাজের জন্যই চিন্তিত হওয়া।

শব্দ বিশ্লেষণ ঃ لا ترحل - তুমি সফর করোনা, যেয়োনা। বাবে فتح থেকে نهى حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার رحيل। بغية - পেতে চাওয়া, কামনা করা। এর প্রতিশব্দ بغاء। উভয়টার ক্রিয়া রূপান্তর হয় বাবে ضرب থেকে। الكاسى - পরিধানকারী। বাবে سمع থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। মাছদার كسى। منصور الحلاج - আব্বাসী আমলের আলেমদের সর্ব সম্মতিক্রমে ফাঁসির দন্ড প্রাপ্ত বিতর্কিত সূফী।

وَاَمَّا قَوْلُهُ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ "إِنَّ مِنَ الذُّنُوبِ ذُنُوبًا لَا يُكَفِّرُهَا اِلَّا هَمُّ الْمَعِيشَةِ". فَالْمُرَادُ مِنْهُ قَدْرُ هَمٍّ لَا يُخِلُّ بِالْاَعْمَالِ الْخَيْرِ وَلَا يَشْغَلُ الْقَلْبَ شُغْلًا يُخِلُّ بِاِحْضَارِ الْقَلْبِ فِي الصَّلٰوةِ. فَاِنَّ ذٰلِكَ الْقَدْرَ مِنَ الْهَمِّ وَالْقَصْدِ مِنْ اَعْمَالِ الْاٰخِرَةِ. وَلَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنْ تَقْلِيلِ الْعَلَائِقِ الدُّنْيَوِيَّةِ بِقَدْرِ الْوُسْعِ، وَلِهٰذَا اِخْتَارُوا الْغُرْبَةَ.

আর রাসূলুল্লাহ (সঃ) এর বাণী "এমন কতক গুনাহও রয়েছে, জীবিকা সন্ধানের চিন্তাই যার এক মাত্র মার্জনাকারী" এর উদ্দেশ্য হচ্ছে, জীবিকা অর্জনের এতটুকু চিন্তা, যতটুকু দ্বারা ভাল কাজে ফাটল সৃষ্টি হয়না এবং যতটুকু অন্তরকে এমন ভাবে ব্যস্ত করেনা, যদ্বারা নামাযে আন্তরিক উপস্থিতির ক্ষেত্রে বাধার সৃষ্টি হয়। আর (জীবিকার জন্য) এতটুক চিন্তা ও অভিপ্রায় তো আখেরাতের কাজ হিসেবে গণ্য।

আর পার্থিব সম্পৃক্ততা ও সংশ্রব কমিয়ে ফলা শিক্ষার্থীর জন্য অপরিহার্য। আগের যুগের শিক্ষার্থীরা সে জন্য প্রবাস জীবন বেঁছে নিতেন।

শব্দ বিশ্লেষণ ঃ

الذنوب - ذنب এর বহুবচন। অর্থ ঃ গুনাহ, পাপ, অপরাধ। কুরআনে আছে ان الله يغفر الذنوب جميعا .

لا يخل - বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اخلال । অর্থঃ ক্ষতিকরা, ফাটল সৃষ্টি করা, ভঙ্গ করা।

العلائق - علاقة এর বহুবচন। অর্থঃ সম্পর্ক , সম্পৃক্ততা, সংশ্রব।

الوسع - সমর্থ, শক্তি, সাধ্য, প্রশস্ত। কুরআনে আছে

لا يكلف الله نفسا الا وسعها۔[من آخر الآية من البقرة]

وَلَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنْ تَحَمُّلِ الْمُشَقَّةِ وَالنَّصَبِ فِيْ سَفَرِ التَّعَلُّمِ كَمَا قَالَ مُوْسٰى عَلَيْهِ السَّلَامُ فِيْ سَفَرِ التَّعَلُّمِ وَلَمْ يُنْقَلْ عَنْهُ ذٰلِكَ فِيْ غَيْرِهٖ مِنَ الْاَسْفَارِ "لَقَدْ لَقِيْنَا مِنْ سَفَرِنَا هٰذَا نَصَبًا" لِيُعَلَّمَ اَنَّ سَفَرَ الْعِلْمِ لَا يَخْلُوْ عَنِ التَّعَبِ، لِاَنَّ طَلَبَ الْعِلْمِ اَمْرٌ عَظِيْمٌ وَهُوَ اَفْضَلُ مِنَ الْغَزَوَاتِ عِنْدَ اَكْثَرِ الْعُلَمَاءِ.

وَالْأَجْرُ عَلٰى قَدْرِ التَّعَبِ وَالنَّصَبِ ، فَمَنْ صَبَرَ عَلٰى ذٰلِكَ وَجَدَ لَذَّةَ الْعِلْمِ الَّتِيْ تَفُوْقُ سَائِرَ لَذَّاتِ الدُّنْيَا، وَلِهٰذَا كَانَ مُحَمَّدُ بْنُ الْحَسَنِ اِذَا سَهِرَ اللَّيَالِيَ اَنْحَلَّ لَهُ الْمُشْكِلَاتُ يَقُوْلُ اَيْنَ اَبْنَاءُ الْمُلُوْكِ مِنْ هٰذِهِ اللَّذَّاتِ ؟

শিক্ষা কালে সফরের কষ্ট ও দুঃখ সহ্য করাও শিক্ষার্থীর জন্য অপরিহার্য। যেমন মূসা (আঃ) তাঁর শিক্ষা সফরে বলেছিলেন, "আমাদের এ সফরে আমরা কষ্টের সম্মুখীন হয়েছি"। আর তার এ ধরণের কথা কেবল শিক্ষা সফর সম্পর্কেই বর্ণিত হয়েছে, অন্য সফর সম্পর্কে নয়। (শুধু শিক্ষা সফরেই এরকম উক্তি করা) এটা শিক্ষা দেয়ার জন্য যে, শিক্ষার সফর কখনো কষ্টমুক্ত হয়না। কারণ, শিক্ষা অর্জন একটি বিশাল কর্ম। অধিকাংশ আলেমের মতে তা জিহাদ থেকে উত্তম।

আর (শিক্ষার্জনের) সওয়াব চেষ্টা ও কষ্ট অনুপাতেই পাওয়া যায়। যে এতে ধৈর্য ধারণ করবে, সে ইলমের স্বাদ পাবে, যা পার্থিব যাবতীয় স্বাদ থেকে শ্রেষ্ট। এজন্য ইমাম মুহাম্মদ (রাহঃ) রাত্রি জাগরণ করে যখন ফিক্বাহর জটিল মাসআলা সমূহের সমাধান পেয়ে যেতেন, তখন বলতেন, কোথায় পাবে রাজপুত্ররা এ স্বাদ?

শব্দ বিশ্লেষণ ঃ

نصب - কষ্ট, ক্লান্তি, চেষ্ট, শ্রম। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে سمع থেকে। কুরআনে আছে فاذا فرغت فانصب .

الغزوات - غزوة এর বহুবচন। অর্থ ঃ যুদ্ধ, অভিযান, জিহাদ।

وَيَنۡبَغِيْ لِطَالِبِ الْعِلْمِ اَنْ لَا يَشْتَغِلَ بِشَيْءٍ آخَرَ غَيْرِ الْعِلْمِ وَلَا يَعْرِضُ عَنِ الْفِقْهِ. قَالَ مُحَمَّدٌ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى: اِنَّ صَنَاعَتَنَا هٰذِهٖ مِنَ الْمَهْدِ اِلَى اللَّحْدِ، فَمَنْ اَرَادَ اَنْ يَّتْرُكَ عِلْمَنَا هٰذَا سَاعَةً فَلْيَتْرُكْهُ السَّاعَةَ. وَدَخَلَ فَقِيْهٌ وَهُوَ اِبْرَاهِيْمُ بْنُ الْجَرَّاحِ عَلٰى اَبِيْ يُوْسُفَ يَعُوْدُهٗ فِيْ مَرَضِ مَوْتِهٖ، وَهُوَ يَجُوْدُ بِنَفْسِهٖ، فَقَالَ اَبُوْ يُوْسُفَ لَهٗ رَمْيُ الْجِمَارِ رَاكِبًا اَفْضَلُ اَمْ رَاجِلًا؟ فَلَمْ يَعْرِفِ الْجَوَابَ. فَاَجَابَ بِنَفْسِهٖ .وَهُوَ اَنَّ الرَّمْيَ مَاشِيًا

আর শিক্ষার্থীর উচিত, ইলম ছাড়া অন্য কোন বিষয় নিয়ে ব্যস্ত হয়ে না পড়া এবং কখনো ফিক্বাহ থেকে বিমুখ না হওয়া। ইমাম মুহাম্মদ (রাহঃ) বলেছেন, আমাদের একাজের পরিধি (ইলম ও ফিক্বাহ নিয়ে ব্যস্ত থাকা) দোলনা থেকে কবর পর্যন্ত বিস্তৃত। যে আমাদের এ ইলম কিছু সময়ের জন্য ছেড়ে দিতে চায়, সময় তাকেই ছেড়ে দিক (অর্থাৎ, তার মৃত্যু হওয়া উচিত) । ইব্রাহীম ইবনুল জাররাহ নামক একজন ফকীহ ইমাম আবু ইউসুফ (রহঃ) কে তার মৃত্যু শয্যায় দেখার জন্য আসেন। সে সময় তার প্রাণ বের হয়ে যাওয়ার নিকটবর্তী। তখন ইমাম আবু ইউসুফ তাকে বললেন, (হজের সময় শয়তানকে) মাটিতে দাঁড়িয়ে পাথর মারা উত্তম নাকি (কোন কিছুতে) সওয়ার হয়ে । তিনি (ইবনুল জররাহ) উত্তর দিতে সক্ষম হননি। তখন ইমাম আবু ইউসুফ নিজেই উত্তর দিলেন যে, প্রথম দুস্থানে দাঁড়িয়ে পাথর ছোড়া উত্তম

শব্দ বিশ্লেষণ ঃ

صناعة - কাজ, কারিগরী, পেশা, দক্ষতা, শিল্পকর্ম। বহুবচন صناعات ।

المهد - দোলনা , শয্যা, বিছানা, মায়ের কোল। বহুবচন مهود ।

اللحد - কবর, কবর দেওয়া। বহুবচন الحاد، لحود । لحد -কবর খনন করা, কবর দেওয়া। বাবে فتح থেকে এর ক্রিয়া রূপান্তর হয়।

يجود بنفسه- নিজেকে দান করে দিচ্ছে তথা নিজের প্রাণ চলে যাবার উপক্রম হয়েছে। বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার جود

رمى الجمار - পাথর মারা, প্রস্তর নিক্ষেপ করা, যা হজ্বের একটি আবশ্যিক কর্ম।

راجل - যে পায়ে চলে, পদব্রজে গমনকারী ব্যক্তি, পদাতিক। **বহুবচন** رجال ।

اَحَبَّ فِى الْاَوَّلِيْنَ.

وَهٰكَذَا يَنْبَغِىْ لِلْفَقِيْهِ اَنْ يَشْتَغِلَ بِهٖ فِىْ جَمِيْعِ اَوْقَاتِهٖ، فَحِيْنَئِذٍ يَجِدُ لَذَّةً عَظِيْمَةً. وَقِيْلَ رُئِىَ مُحَمَّدٌ فِى الْمَنَامِ بَعْدَ وَفَاتِهٖ فَقِيْلَ لَهٗ كَيْفَ كُنْتَ فِىْ حَالِ النَّزْعِ؟ فَقَالَ كُنْتُ مُتَأَمِّلًا فِىْ مَسْئَلَةٍ مِنْ مَسَائِلِ الْمَكَاتِبِ فَلَمْ اَشْعُرْ بِخُرُوْجِ رُوْحِىْ.

وَقِيْلَ : اِنَّهٗ قَالَ فِىْ آخِرِ عُمْرِهٖ شَغَلَتْنِىْ مَسَائِلُ الْمَكَاتِبِ عَنِ الْاِسْتِعْدَادِ لِهٰذَا الْيَوْمِ وَاِنَّمَا قَالَ ذٰلِكَ تَوَاضُعًا.

বেশী।

এভাবে ফক্বীহর উচিত, সব সময় ফিক্বাহ নিয়ে ব্যস্ত থাকা। তখনই তিনি (ফকীহ) এর মহা স্বাদ পাবেন। বলা হয়েছে, কোন লোক মৃত্যুর পর ইমাম মুহাম্মদ (রহঃ) কে স্বপ্নে দেখেন। লোকটি তাঁর প্রাণ বের হওয়ার সময় তাঁর কি অবস্থা হয়েছিল সে সম্পর্কে জিজ্ঞেস করেন। উত্তরে তিনি বললেন, আমি মুকাতাব (যে ক্রীতদাসকে মালিক বলে দিয়েছে যে, আমি মারা গেলে তুমি মুক্ত) এর মাসআলা সমূহের একটি মাসআলা সম্পর্কে চিন্তা ভাবনা করছিলাম। ফলে আমার প্রাণ কিভাবে বের হয়ে গেছে, তা আমি টেরই পাইনি। তাঁর সম্পর্কে আরো জনশ্রুতি আছে যে, তিনি বলেছেন, মুকাতাব এর মাসআলা সমুহ আমাকে মৃত্যুক্ষণের জন্য প্রস্তুত হওয়া থেকে বিরত রেখেছিল। আর তিনি এটা বলেছিলেন বিনয়বশত।

النزع - টেনে বের করা, উৎপাটন করা, খুলে ফেলা। এখানে উদ্দেশ্য প্রাণ বের করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে ضرب থেকে। কুরআনে আছে

ينزع عنهما لباسهما ليريهما سوآتهما [الأعراف:٢٧]

فَصْلٌ فِيْ وَقْتِ التَّحْصِيْلِ

قِيْلَ: وَقْتُ التَّعَلُّمِ مِنَ الْمَهْدِ اِلَى اللَّحْدِ. دَخَلَ حَسَنُ بْنُ زِيَادٍ فِي التَّفَقُّهِ وَهُوَ ابْنُ ثَمَانِيْنَ سَنَةً وَلَمْ يَبِتْ عَلَى الْفِرَاشِ اَرْبَعِيْنَ سَنَةً فَاَفْتٰى بَعْدَ ذٰلِكَ اَرْبَعِيْنَ سَنَةً.

وَاَفْضَلُ الْاَوْقَاتِ شَرْخُ الشَّبَابِ وَوَقْتُ السَّحَرِ، وَمَابَيْنَ الْعِشَائَيْنِ، وَيَنْبَغِيْ اَنْ يَسْتَغْرِقَ جَمِيْعَ اَوْقَاتِهٖ، فَاِذَا مَلَّ عَنْ عِلْمٍ يَشْتَغِلُ بِعِلْمٍ آخَرَ، وَكَانَ ابْنُ عَبَّاسٍ رَضِيَ اللّٰهُ تَعَالٰى عَنْهُمَا اِذَا مَلَّ مِنَ الْكَلَامِ يَقُوْلُ هَاتُوْا دِيْوَانُ الشُّعَرَاءِ .

অষ্টম অধ্যায় ইলম অর্জনের সময় সম্পর্কে

বলা হয়েছে, দোলনা থেকে কবর পর্যন্ত পুরোটাই ইলম অর্জনের সময়। হাসান বিন জিয়াদ আশি বছর বয়সে ফিক্বাহ অর্জন শুরু করেছিলেন। তিনি চল্লিশ বছর পর্যন্ত বিছানায় রাত যাপন করেননি। এর পর তিনি চল্লিশ বছর পর্যন্ত ফতওয়া দান করেছেন।

ইলম অর্জনের শ্রেষ্ট সময় হচ্ছে, যৌবনের সূচনাকাল, সাহারী এবং মাগরিব ও এশার মধ্যবর্তী সময়। শিক্ষার্থীর উচিত, সব সময় পড়াপড়ি নিয়ে ডুবে থাকা। যদি কোন একটি বিষয়ে বিরক্তিবোধ হয়, তখন অন্য একটি বিষয় নিয়ে ব্যস্ত হবে। আবদুল্লাহ বিন আববাস (রাঃ) যখন ইলমে কালাম (ধর্মতত্ত্ব) নিয়ে বিরক্তি বোধ করতেন, তখন বলতেন কবিগণের কাব্য সংকলন নিয়ে এসো।

শব্দ বিশ্লেষণ ঃ شرخ الشباب - যৌবনের সূচনা , প্রারম্ভ।

يستغرق - ডুবে থাকে, নিমজ্জিত থাকবে। বাবে استفعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب । মাছদার استغراق ।

ديوان - কাব্য সংকলন, তথ্য-পুস্তক, বিবরণী, দফতর, বিভাগ, বৈঠক খানা। বহুবচন دواوين ।

هاتوا - নিয়ে এসো। امر حاضر معروف এর جمع مذكر এর ছীগাহ। এট মূলতঃ ايتوا ছিল। স্বরবর্ণ হওয়ার ى কে ফেলে দিয়ে হামজার শুরুতে ه বাড়ানো হয়েছে। কুরআনে আছে قل هاتوا برهانكم ان كنتم صادقين

وَكَانَ مُحَمَّدُ بْنُ الْحَسَنِ لَا يَنَامُ اللَّيْلَ وَكَانَ يَضَعُ عِنْدَهُ دَفَاتِرَ وَكَانَ إِذَا مَلَّ مِنْ نَوْعٍ يَنْظُرُ فِيْ نَوْعٍ آخَرَ وَكَانَ يَضَعُ عِنْدَهُ الْمَاءَ وَيُزِيْلُ نَوْمَهُ بِالْمَاءِ وَكَانَ يَقُوْلُ النَّوْمُ مِنَ الْحَرَارَةِ فَلَا بُدَّ مِنْ دَفْعِهِ بِالْمَاءِ الْبَارِدِ.

ইমাম মুহাম্মদ ইবনুল হাসান (রহঃ) রাত্রে ঘুমাতেন না। তিনি তার কাছে বিভিন্ন প্রকারের ফাইল রাখতেন। যখন কোন বিষয় নিয়ে বিরক্তি বোধ করতেন, তখন অন্য একটি বিষয় দেখতেন। আর তিনি তার কাছে পানিও রাখতেন এবং নিদ্রা আসলে পানি দ্বারা দূর করতেন। তিনি বলতেন, নিদ্রা আসে উত্তাপ থেকে। তাই তাকে ঠান্ডা পানি দ্বারা দূর করাই কর্তব্য।

শব্দ বিশ্লেষণ ঃ

الدفاتر - دفتر এর বহুবচন। অর্থঃ ফাইল , খাতা, নথি পত্র, নোট বুক।

يزيل - দূর করতেন। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার ازالة ।

الحرارة - তাপ, উত্তাপ, উষ্ণতা, তাপমাত্রা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে نصر ও ضرب থেকে।

دفع - দূর করা, হটানো , দিয়ে দেওয়া। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে فتح থেকে। কুরআনে আছে [النساء:٦] فاذا دفعتم اليهم اموالهم فاشهدوا عليهم ।

فَصْلٌ فِي الشَّفَقَةِ وَالنَّصِيحَةِ

وَيَنْبَغِي اَنْ يَكُوْنَ صَاحِبُ الْعِلْمِ مُشْفِقًا نَاصِحًا غَيْرَ حَاسِدٍ، فَالْحَسَدُ يَضُرُّ وَلَا يَنْفَعُ، وَكَانَ اُسْتَاذُنَا شَيْخُ الْاِسْلَامِ بُرْهَانُ الدِّيْنِ رَحْمَةُ اللّٰهِ تَعَالٰى عَلَيْهِ يَقُوْلُ: قَالُوْا اِنَّ ابْنَ الْمُعَلِّمِ يَكُوْنُ عَالِمًا لِاَنَّ الْمُعَلِّمَ يُرِيْدُ اَنْ يَكُوْنَ تَلَامِيْذُهُ فِي الْقُرْآنِ عُلَمَاءَ، فَبِبَرَكَةِ اِعْتِقَادِهِ وَشَفَقَتِهِ يَكُوْنُ اِبْنُهُ عَالِمًا.

وَكَانَ يَحْكِيْ اَنَّ الصَّدْرَ الْاَجَلَّ بُرْهَانَ الْاَئِمَّةِ جَعَلَ وَقْتَ السَّبَقِ لِاِبْنَيْهِ الصَّدْرِ الشَّهِيْدِ حُسَامُ الدِّيْنِ وَالصَّدْرِ السَّعِيْدِ تَاجِ الدِّيْنِ وَقْتَ الضَّحْوَةِ الْكُبْرٰى بَعْدَ جَمِيْعِ الْاَسْبَاقِ.

নবম অধ্যায় সহানুভূতি ও কল্যাণ কামনা সম্পর্কে

ইলম ওয়ালা তথা আলেমের উচিত, (অপরের প্রতি) সহানুভূতিশীল ও কল্যানকামী হওয়া এবং হিংসাকারী না হওয়া। কারণ, হিংসা ক্ষতিই করে, লাভ করেনা। আমাদের উস্তাদ শায়খুল ইসলাম বুরহানুদ্দিন (রহঃ) বলতেন, ওলামায়ে কেরাম বলেছেন, শিক্ষাদানকারীর ছেলে আলেম হয়। কারণ, শিক্ষক চান তার ছাত্ররা কুরআনের জ্ঞানে জ্ঞানী হোক। ফলে তার বিশ্বাস ও দয়াপরায়ণতার বরকতে তার ছেলে আলেম হয়।

তিনি আরো বলতেন যে, মহান ইমাম বুরহানুল আইম্মাহ তার দু'ছেলে শহীদ হুসামুদ্দীন ও শহীদ তাজুদ্দীনের জন্য সবকের সময় নির্ধারণ করেছিলেন (ছাত্রদের) সকল সবকের পর তথা দুপুরের সময়।

শব্দ বিশ্লেষণ ঃ

حاسد - হিংসুক , বিদ্বেষ পোষণকারী। বাবে نصر থেকে اسم فاعل । মাছদার حسد

تلاميذ - تلميذ এর বহুবচন। অর্থ ঃ ছাত্র, শিষ্য।

الضحوة - সকাল বেলা, প্রথম প্রহর। الضحوة الكبرى - দ্বিপ্রহর, দুপুর।

الكبراء - كبير এর বহুবচন। অর্থ ঃ বড় লোক, মান্য গন্য লোক।

فَكَانَا يَقُوْلَانِ اِنَّ طَبِيْعَتَنَا تَكِلُّ وَتَمَلُّ فِيْ ذٰلِكَ الْوَقْتِ، فَقَالَ اَبُوْهُمَا : اِنَّ الْغُرَبَاءَ وَاَوْلَادَ الْكُبَرَاءِ يَأْتُوْنَنِيْ مِنْ اَقْطَارِ الْاَرْضِ، فَلَا بُدَّ مِنْ اَنْ اُقَدِّمَ اَسْبَاقَهُمْ، فَبِبَرَكَةِ شَفْقَتِهٖ فَاقَ اِبْنَاهُ عَلٰى اَكْثَرِ فُقَهَاءِ اَهْلِ الْاَرْضِ فِيْ ذٰلِكَ الْعَصْرِ فِي الْفِقْهِ.

وَيَنْبَغِيْ اَنْ لَا يُنَازِعَ اَحَدًا وَلَا يُخَاصِمَهٗ لِاَنَّهٗ يُضِيْعُ اَوْقَاتَهٗ، قِيْلَ: اَلْمُحْسِنُ سَيُجْزٰى بِاِحْسَانِهٖ وَالْمُسِيْءُ سَيَكْفِيْهِ مَسَاوِيْهِ.

আর তারা উভয়ে বলতেন, আমাদের মেযাজ সে সময় ক্লান্ত ও বিরক্ত হয়ে পড়ত। এর উত্তরে তাদের পিতা বলতেন, দূরের লোক ও বড় লোকের ছেলেরা পৃথিবীর বিভিন্ন প্রান্ত থেকে আমার কাছে আসে। তাই তাদেরকে আগে সবক দান করাই আমার কর্তব্য। (ছাত্রদের প্রতি) তার এ দয়াপরায়ণতার বরকতে তখনকার যুগে ফিক্বাহর মধ্যে তার ছেলেদ্বয় দুনিয়ার অন্যান্য ফক্বীহদের ওপর শ্রেষ্ঠত্ব অর্জন করেছিলেন।

আর শিক্ষার্থীর উচিত, কারো সাথে বিবাদ ও ঝগড়ায় লিপ্ত না হওয়া। কারণ, এসব তার সময় গুলোকে নষ্ট করে দেয়। বলা হয়েছে , অনুগ্রহকারীকে শিঘ্রই অনুগ্রহের বদলা দেয়া হবে। আর খারাপ কাজকারীর (দূরাবস্থার জন্য) তার দুস্কর্মগুলোই যথেষ্ট।

শব্দ বিশ্লেষণ ঃ

اقطار - قطر এর বহুবচন। অর্থঃ প্রান্ত, অঞ্চল, এলাকা, ভুখন্ড, দিক, কোন। কুরআনে আছে يا معشر الجن والانس ان استطعتم ان تنفذوا من اقطار السموات والارض فانفذوا [الرحمن:٣٣]

العصر - যুগ, কাল, সময়। বহুবচন عصور ।

لا ينازع - বিবাদে লিপ্ত হবেনা, ঝগড়া করবেনা। বাবে مفاعله থেকে مضارع منفى معروف এর واحد مذكر غائب । মাছদার, منازعة । কুরআনে আছে [الانفال:٤٦] ولا تنازعوا فتفشلوا و تذهب ريحكم

اَنْشَدَنِى الشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ الزَّاهِدُ الْعَارِفُ رُكْنُ الدِّيْنِ مُحَمَّدُ بْنُ اَبِى بَكْرٍ الْمَعْرُوْفُ بِاِمَامِ خَوَاهِرْ زَادَهْ الْمُفْتِى رَحْمَةُ اللّٰهِ عَلَيْهِ، قَالَ اَنْشَدَنِى سُلْطَانُ الشَّرِيْعَةِ يُوْسُفُ الْهَمْدَانِى هٰذَا الشِّعْرَ :

دَعِ الْمَرْءَ لَا تَجْزِهْ عَلٰى سُوْءِ فِعْلِهِ ۞ سَيَكْفِيْهِ مَا فِيْهِ وَمَا هُوَ فَاعِلُهْ

قِيْلَ وَمَنْ اَرَادَ اَنْ يَرْغَمَ اَنْفَ عَدُوِّهِ فَلْيُكَرِّرْ هٰذَا الشِّعْرَ :

اِذَا شِئْتَ اَنْ تَلْقِىَ عَدُوَّكَ رَاغِمًا ۞ وَتَقْتُلَهُ غَمًّا وَتُحْرِقَهُ هَمًّا

فَرُمْ لِلْعُلٰى وَازْدِدْ مِنَ الْعِلْمِ اَنَّهُ ۞ مَنِ ازْدَادَ عِلْمًا زَادَ حَاسِدُهُ غَمًّا

মহান ইমাম যাহেদে আরেফ শায়খ রুকনুদ্দীন মুহাম্মদ বিন আবু বকর যিনি ইমাম খোয়াহার জাদাহ মুফতী নামে খ্যাত আমাকে কবিতা শুনিয়েছেন এবং বলেছেন, আমাকে সুলতানুশ শরীয়াহ ইউসুফ আল হামাদানী কবিতাটি পড়ে শনিয়েছেন ঃ

☆ তুমি মানুষকে তার অবস্থার ওপর ছেড়ে দাও এবং তাকে তার মন্দকর্মের পরিণাম ফল দিতে যাবেনা। যে দুষ্টামী তার মধ্যে আছে এবং যে দুষ্টামী সে করবে, তাই তার (মন্দ পরিণামের জন্য) যথেষ্ট।

আর বলা হয়েছে যে তার শত্রু মুখে কালিমা লেপন তথা তাকে লাঞ্ছিত করতে চায় তার এ কবিতাটি বার বার পড়া উচিতঃ

১. যদি তুমি তোমার (শরীয়ত কর্তৃক স্বীকৃত) শত্রুকে লাঞ্ছিত করতে চাও বা তাকে দুঃখ দিয়ে হত্যা করতে ইচ্ছে করো অথবা দুশ্চিন্তা দিয়ে তাকে পুড়িয়ে মারতে চাও।

২. তাহলে (নিজের) উন্নতি কামনা করো এবং ইলম বৃদ্ধি করো। কারণ, যার ইলম বৃদ্ধি পায় (অর্থাৎ, বড় আলেম হয়) তার হিংসুকের দুশ্চিন্তা বেড়ে যায়।

শব্দ বিশ্লেষণ ঃ

يرغم - বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার رغم । অর্থঃ লাঞ্ছিত করা, বাধ্য করা, অপছন্দ করা, বল প্রয়োগ করা।

انف - নাক। এখানে অংশ বলে গোটা উদ্দেশ্য । বহুবচন آناف ، انوف ।

تحرق - তুমি পুড়িয়ে দিবে, জ্বালিয়ে ফেলবে। বাবে افعال থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার احراق ।

قِيْلَ: عَلَيْكَ اَنْ تَشْتَغِلَ بِمُصَالِحِ نَفْسِكَ لَا بِقَهْرِ عَدُوِّكَ، فَإِذَا قُمْتَ بِمُصَالِحِ نَفْسِكَ تَضَمَّنْ ذٰلِكَ قَهْرَ عَدُوِّكَ ، وَإِيَّاكَ وَالْمُعَادَاةَ فَإِنَّهَا تَفْضَحُكَ وَتُضِيْعُ اَوْقَاتَكَ، وَعَلَيْكَ بِالتَّحَمُّلِ لَا سِيَّمَا مِنَ السُّفَهَاءِ، قَالَ عِيْسٰى بْنُ مَرْيَمَ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ: اِحْتَمِلُوْا مِنَ السَّفِيْهِ وَاحِدَةً كَيْ تَرْبَحُوْا عَشْرًا . شِعْرٌ:

আর হে শিক্ষার্থী, তোমার উচিত নিজের কল্যাণ চিন্তায় ব্যস্ত হওয়া, শত্রুকে পরাজিত করার চিন্তায় নয়। তুমি যদি নিজের কল্যাণ চিন্তায় ব্যস্ত হও, তাহলে এটাই শত্রুর পরাজয়ের জন্য যথেষ্ট। আর (হে শিক্ষার্থী) তোমার কর্তব্য, পারস্পরিক শত্রুতা থেকে আত্মরক্ষা করে চলা। কারণ, এটা তোমাকে লাঞ্চিত করবে এবং তোমার সময়কে নষ্ট করবে। আর তোমার উচিত, সহিঞ্চুতা অবলম্বন করা। বিশেষ করে নির্বোধদের বেলায়। ঈসা বিন মারয়াম (আঃ) বলেছেন, তুমি একবার নির্বোধের (অন্যায় আচরণে) সাহিঞ্চুতা অবলম্বন করো, যাতে দশবার লাভবান হতে পারো।

শব্দ বিশ্লেষণ ঃ مصالح - مصلحة এর বহুবচন। অর্থ ঃ উপকার, কল্যাণ, লাভ, স্বার্থ।
تضمن - দায়িত্ব নেয়, গ্যারান্টি দেয়। এখানে উদ্দেশ্য যথেষ্ট হওয়া। বাবে سمع থেকে مضارع معروف এর واحد مؤنث غائب এর ছীগাহ।
قهر - পরাজিত করা, দমন করা, শক্তিবান হওয়া। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে فتح থেকে। কুরআনে আছে [الانعام:٦١] وهو القهار فوق عباده
تفضحك - তোমাকে লাঞ্চিত করবে, অসম্মানিত করবে। বাবে فتح থেকে مضارع معروف এর واحد مؤنث غائب এর ছীগাহ। মাছদার فضح ।
التحمل - সহ্য করা, সহিষ্ণুতা অবলম্বন করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে تفعل থেকে।
احتملوا - সহ্য করো, সহিষ্ণুতা অবলম্বন করো। বাবে افتعال থেকে امر حاضر معروف এর جمع مذكر এর ছীগাহ। মাছদার احتمال । বহন করা অর্থেও আসে।
السفية - নির্বোধ , বেকুব। বহুবচন سفهاء । কুরআনে আছে
الا انهم هم السفهاء ولكن لا يعلمون [البقرة :١٣]

بَلَوْتُ النَّاسَ قَرْنًا بَعْدَ قَرْنٍ　فَلَمْ أَرَ غَيْرَ خَتَّالٍ وَقَالٍ
وَلَمْ أَرَ فِي الْخُطُوبِ أَشَدَّ وَقْعًا　وَأَصْعَبَ مِنْ مُعَادَاةِ الرِّجَالِ
وَذُقْتُ مَرَارَةَ الْأَشْيَاءِ طُرًّا　وَمَا ذُقْتُ أَمَرَّ مِنَ السُّؤَالِ

কোন কবি বলেছেনঃ

১. আমি যুগ যুগ ধরে মানুষকে পরীক্ষা করে দেখেছি। এতে কেবল বিশ্বাসঘাতক ও হিংসুক ছাড়া আমি কিছু দেখতে পাইনি।

২. আমি কর্ম সমূহের মধ্যে মানুষের সাথে শত্রুতা পোষণ করার চেয়ে অধিক ও কঠিন প্রতিক্রিয়া সৃষ্টিকারী (অর্থাৎ, আঘাত জনক) কোন বিষয় দেখিনি।

৩. আমি সকল বস্তুর তিক্ততা উপভোগ করেছি। তবে আমি সুওয়াল (মানুষের কাছে হাত পাতা) থেকে অধিক তিক্ত কোন বস্তুর স্বাদ গ্রহণ করিনি।

শব্দ বিশ্লেষণ ঃ بلوت - বাবে نصر থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার بلاء । অর্থ ঃ পরীক্ষা করা, বিপদে ফেলা। কুরআনে আছে الذى خلق الموت والحياة ليبلوكم ايكم احسن عملا [الملك:٢]

قرن - যুগ, যুগের মানুষ, শতাব্দী। বহুবচন قرون । হাদীসে আছে
خير الناس قرنى ثم الذين يلونهم ثم الذين يلونهم [متفق عليه]

ختال - প্রতারক, বিশ্বাস ঘাতক। বাবে نصر ও ضرب থেকে مبالغه এর ছীগাহ। মাছদার ختل ।

قال - বিদ্বেষ পোষণকারী, হিংসুক। বাবে ضرب ও سمع থেকে اسم فاعل এর واحد مذكر এর ছীগাহ। মাছদার قلى । কুরআনে আছে
ماودعك ربك وما قلى-

الخطوب - خطب এর বহুবচন। অর্থঃ বিষয়, কাজ, অবস্থা, ঘটনা, দূর্ঘটনা।

وقع - আঘাত, ছাপ, পতন, সংঘটন।

معاداة - পারস্পরিক শত্রুতা। এটা বাবে مفاعلة এর মাছদার।

طرا - সকল, সবই, সবকিছু, সবগুলো, যাবতীয়।

مرارة - তিক্ততা, তিতা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে نصر থেকে। কুরআনে আছে
والساعة ادهى وامر [القمر:٤٦]

وَإِيَّاكَ وَأَنْ تَظُنَّ بِالْمُؤْمِنِ سُوْءٍ ، فَإِنَّهُ مَنْشَأُ الْعَدَاوَةِ وَلَا يَحِلُّ ذٰلِكَ لِقَوْلِهِ عَلَيْهِ السَّلَامُ ”ظَنُّوا بِالْمُؤْمِنِيْنَ خَيْرًا“. وَإِنَّمَا يَنْشَأُ ذٰلِكَ مِنْ خُبْثِ النِّيَّةِ وَسُوْءِ السَّرِيْرَةِ كَمَا قَالَ أَبُو الطَّيِّبِ شِعْرًا:

إِذَا سَاءَ فِعْلُ الْمَرْءِ سَاءَتْ ظُنُوْنُهُ ... وَصَدَّقَ مَا يَعْتَادُهُ مِنْ تَوَهُّمِ

وَعَادَى مُحِبِّيْهِ بِقَوْلِ عُدَاتِهِ ... وَأَصْبَحَ فِيْ لَيْلٍ مِنَ الشَّكِّ مُظْلِمِ

وَأُنْشِدْتُ لِبَعْضِهِمْ:

تَنَحَّ عَنِ الْقَبِيْحِ وَلَا تُرِدْهُ ... وَمَنْ أَوْلَيْتَهُ حُسْنًا فَزِدْهُ

আর তোমার উচিত, মু'মিনের ব্যাপারে কুধারনা থেকে বিরত থাকা। কারণ, তা শত্রুতার উৎপত্তিস্থল। আর তা জায়েযও নয়। কারণ, রাসূলুল্লাহ (সাঃ) ইরশাদ করেছেন, মুমিনদের ব্যাপারে ভাল ধারণা পোষণ করো। আর কুধারনা জন্ম নেয় নিয়তের নোংরামী ও অন্তরের নষ্টামী থেকে। যেমন আবুত্তৈয়্যিব একটি কবিতা বলেছেনঃ

১. যখন মানুষের কর্ম খারাপ হয়, তখন তার ধারণাও খারাপ হয়। ফলে স্বভাবতঃ যে সংশয় তার মাঝে সৃষ্টি হয়, তাকে সে সত্য মনে করতে থাকে।

২. আর সে তার শত্রুদের কথা শুনে তার বন্ধুদের সাথে শত্রুতা শুরু করে। ফলে সে হয়ে যায় সংশয়ের এক তিমির রাতে বিচরণকারী।

আমাকে অন্য একজনের কবিতা পড়ে শোনানো হয়েছেঃ

১. তুমি মন্দ (বিষয় বা মানুষ) থেকে দূরে থেকো এবং তার কামনাও করোনা। আর যার প্রতি তুমি অনুগ্রহ করেছো, তার প্রতি (অনুগ্রহ) আরো বেশী করো।

শব্দ বিশ্লেষণ ঃ منشأ - উৎপত্তিস্থল, উৎসভূমি। বাবে فتح থেকে اسم ظرف এর واحد مذكر। মাছদার نشأة ، نشوء। خبث - নোংরা হওয়া, কলুষিত হওয়া, দুষ্ট হওয়া, মন্দহওয়া। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে كرم থেকে। এর প্রতিশব্দ خباثة। السريرة - গোপন বিষয়, ভিতরের ব্যাপার, অন্তরের কথা। বহুবচন سرائر। عداة - عادى এর বহুবচন। অর্থঃ শত্রু, দুশমন। تنح - দুরে থেকো, সরে থাকবে। ববে تفعل থেকে امر حاضر معروف এর واحد مذكر। মাছদার تنحى। القبيح - মন্দ, খারাপ, নিকৃষ্ট, কুৎসিৎ, কদর্য, ঘৃণ্য, জঘন্য, বীভৎস। বাবে كرم থেকে اسم فاعل। মাছদার قباحة، قبح। اوليت - তুমি অনুগ্রহ করেছো। বাবে افعال থেকে ماضى معروف حاضر এর واحد مذكر। মাছদার ايلاء।

سَتَكْفِيْ مِنْ عَدُوِّكَ كُلَّ كَيْدٍ   إِذَا كَادَ الْعَدُوُّ فَلَا تَكِدْهُ

وَأُنْشِدْتُ لِلشَّيْخِ الْعَمِيْدِ أَبِيْ الْفَتْحِ الْبُسْتِيْ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى:

ذُوا الْعَقْلِ لَا يَسْلَمُ مِنْ جَاهِلٍ   يَسُوْمُهُ ظُلْمًا وَاعْنَاتًا

فَلْيَخْتَرِ السَّلْمَ عَلٰى حَرْبِهِ   وَلْيَلْزَمِ الْاِنْصَاتَ اِنْ صَاتَا.

২. আর এটা (উপরোক্ত আচরণ) তোমার শত্রুর যাবতীয় ষড়যন্ত্র (নষ্ট করে দেয়ার জন্য) যথেষ্ট। তাই শত্রু যখন তোমার বিরুদ্ধে ষড়যন্ত্র করে, তখন তুমি পাল্টা ষড়যন্ত্র করোনা তার বিরুদ্ধে।

আমাকে শায়খ আমীদ আবুল ফাতাহ আল বাস্তী রাহিমাহুল্লাহর কবিতা পড়ে শোনানো হয়েছেঃ

১. বুদ্ধিমান মুর্খের অনিষ্টতা থেকে নিরাপদ হয়না। তার ওপর সে অন্যায় ও কষ্ট চাপিয়ে দিবেই ।

২. তার এ যুদ্ধ (অর্থাৎ, অনিষ্টতার) মোকাবেলায় বুদ্ধিমানের উচিত শান্তি পূর্ণ অবস্থান গ্রহণ করা। আরো উচিত, সে চিৎকার করলে নিরবতা অবলম্বন করা।

শব্দ বিশ্লেষণ ঃ

يسوم - বাবে نصر থেকে مضارع معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার سوم । অর্থ ঃ আরোপ করা, চাপিয়ে দেওয়া, দর করা, দাম চাওয়া। কুরআনে বনী ইসরাঈল সম্পর্কে আছে, يسومونكم سوء العذاب

اعنات - কষ্ট দেওয়া, দুঃখ দেওয়া, দূরাবস্থায় ফেলা। বাবে افعال এর মাছদার ।

السلم- সন্ধি, শান্তি। কুরআনে আছে وان جنحوا للسلم فاجنح لها [الانفال:٦١]

الانصات - চুপ থাকা, নীরবতা পালন করা। বাবে افعال এর মাছদার। কুরআনে আছে واذا قرء القرآن فاستمعوا له وانصتوا لعلكم ترحمون [الاعراف:٢٠٤]

صاتا - আওয়াজ করেছে, চিৎকার করেছে।এটি মূলতঃ صات ছিল। শ্লোকের আন্ত্যমিলের জন্য صاتا করা হয়েছে। এটা বাবে نصر থেকে ماضى معروف এর واحد مذكر غائب । মাছদার صوت ।

فَصْلٌ فِى الْاِسْتِفَادَةِ

وَيَنْبَغِى اَنْ يَكُوْنَ طَالِبُ الْعِلْمِ مُسْتَفِيْدًا فِىْ كُلِّ وَقْتٍ حَتّٰى يَحْصُلَ لَهُ الْفَضْلُ . وَطَرِيْقُ الْاِسْتِفَادَةِ اَنْ يَكُوْنَ مَعَهٗ فِىْ كُلِّ وَقْتٍ مَحْبَرَةٌ حَتّٰى يَكْتُبَ مَا يَسْمَعُ مِنَ الْفَوَائِدِ الْعِلْمِيَّةِ .

قِيْلَ: مَنْ حَفِظَ فَرَّ وَمَنْ كَتَبَ شَيْئًا قَرَّ. وَقِيْلَ: اَلْعِلْمُ مَا يُؤْخَذُ مِنْ اَفْوَاهِ الرِّجَالِ لِاَنَّهُمْ يَحْفَظُوْنَ اَحْسَنَ مَا يَسْمَعُوْنَ وَيَقُوْلُوْنَ اَحْسَنَ مَا يَحْفَظُوْنَ.

দশম অধ্যায় জ্ঞান অর্জন সম্পর্কে

আর শিক্ষার্থীর উচিত, সব সময় উপকারিতা লাভ তথা জ্ঞানার্জনে ব্রতী হওয়া, যতক্ষণ পর্যন্ত না তার পূর্ণতা অর্জিত হয়। আর উপকারিতা অর্জনের পদ্ধতি হচ্ছে, তার (শিক্ষার্থীর) সাথে সব সময় একটি দোয়াত তথা লিখনী সামগ্রী রাখা। যাতে যে সব ইলম বিষয়ক উপকারী কথা বার্তা শোনা যায় , তা লিখে রাখা সহজ হয়।

বলা হয়েছে, যে, মুখস্ত করে , তার গুলো উধাও হয়ে যায়। আর যে লিখে রাখে, তার গুলো স্থির থাকে। বলা হয়েছে, বড় লোকদের মুখ থেকে যা নেওয়া হয়, তাই ইলম। কারণ, তারা যেটুকু শুনে, তার চেয়ে ভাল করে মুখস্থ করে এবং যতটুকু মুখস্ত করে তার চেয়ে ভাল করে ব্যক্ত করে।

শব্দ বিশ্লেষণ ঃ

قر - বাবে ضرب ও سمع থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার قــــرار । অর্থঃ স্থির হওয়া, স্থায়ী হওয়া, স্থিতিশীল হওয়া। অবস্থান করা।

وَسَمِعْتُ الشَّيْخَ الْأُسْتَاذَ زَيْنَ الْإِسْلَامِ الْمَعْرُوْفَ بِالْأَدِيْبِ الْمُخْتَارِ يَقُوْلُ: قَالَ هِلَالُ بْنُ يَسَارٍ: رَأَيْتُ النَّبِيَّ ﷺ يَقُوْلُ لِأَصْحَابِهِ شَيْئًا مِنَ الْعِلْمِ وَالْحِكْمَةِ، فَقُلْتُ يَارَسُوْلَ اللّٰهِ اَعِدْلِيْ مَاقُلْتَ لَهُمْ، فَقَالَ لِيْ هَلْ مَعَكَ مِحْبَرَةٌ؟ فَقُلْتُ مَا مَعِيْ مِحْبَرَةٌ، فَقَالَ النَّبِيُّ ﷺ: يَاهِلَالُ لَا تُفَارِقِ الْمِحْبَرَةَ، فَإِنَّ الْخَيْرَ فِيْهَا وَفِيْ اَهْلِهَا اِلٰى يَوْمِ الْقِيَامَةِ.

وَوَصّٰى الصَّدْرُ الشَّهِيْدُ حُسَامُ الدِّيْنِ لِابْنِهِ شَمْسِ الدِّيْنِ اَنْ يَحْفَظَ كُلَّ يَوْمٍ يَسِيْرًا مِنَ الْعِلْمِ وَالْحِكْمَةِ، فَإِنَّهُ يَسِيْرٌ وَعَنْ قَرِيْبٍ يَكُوْنُ كَثِيْرًا. وَاشْتَرٰى عِصَامُ بْنُ يُوْسُفَ قَلَمًا بِدِيْنَارٍ لِيَكْتُبَ مَاسَمِعَ فِي الْحَالِ.

আমি আদীবে মোখতার নামে খ্যাত উস্তাদ শায়খ যাইনুল ইসলামের কাছে শুনেছি, যে হযরত হিলাল বিন ইয়াসার বলেছেন, আমি নবী (সঃ) কে তার সাহাবীগণের উদ্দেশ্যে ইলম ও হিকমাত সম্পর্কে কিছুটা বলতে শুনলাম। তখন আমি বললাম, আপনি এঁদের উদ্দেশ্যে যা বলেছেন, তা আমার জন্য আবার বলুন। তখন তিনি আমাকে বললেন, তোমার নিকট দোয়াত আছে? আমি বললাম, না! তিনি বললেন, হে হিলাল ! দোয়াত থেকে তুমি বিচ্ছিন্ন (সম্পর্কহীন) হয়োনা। কারণ, দোয়াত এবং যারা দোয়াত ব্যবহার করে কেয়ামত পর্যন্ত কল্যাণ তাদের সাথে থাকবে।

আর সদর শহীদ হুসামুদ্দীন তার ছেলে শামসুদ্দীনকে অসিয়ত করেছেন , প্রতিদিন ইলম ও হিকমতের সামান্য অংশ মুখস্ত করার জন্য। কারণ, তা অবিলম্বে বেড়ে যায়। যা শুনা হয়, তা উপস্থিত সময়ে লেখার জন্য শায়খ ইসামুদ্দীন বিন ইউসুফ এক দীনার দিয়ে একটি কলম কিনেছেলেন (অর্থাৎ, তখনকার সময়ে বলম কোন দামী সামগ্রী হিসেবে বিবেচিত না হলেও তিনি লেখার গুরুত্বের প্রতি লক্ষ্য রেখে এক দীনার দিয়ে একটি কলম কিনেছিলেন। যা বর্তমানের টাকা হিসেবে হাজার টাকার চেয়েও বেশী তথা ছয় আনা স্বর্ণের সমান)।

শব্দ বিশ্লেষণ ঃ دينار - স্বর্ণ মুদ্রা। বহুবচন دنانير ।

فَالْعُمْرُ قَصِيرٌ وَالْعِلْمُ كَثِيرٌ، فَيَنْبَغِي اَنْ لاَ يُضِيعَ الْاَوْقَاتَ وَالسَّاعَاتِ وَيَغْتَنِمَ اللَّيَالِيَ وَالْخَلْوَاتِ. عَنْ يَحْيٰى بْنِ مَعَاذِ الرَّازِى "اللَّيْلُ طَوِيلٌ فَلاَ تُقَصِّرْهُ بِمَنَامِكَ وَالنَّهَارُ مُضِيئٌ فَلاَ تُكَدِّرْهُ بِاٰثَامِكَ".

وَيَنْبَغِي اَنْ يَغْتَنِمَ الشُّيُوخَ وَيَسْتَفِيدَ مِنْهُمْ وَلَيْسَ كُلُّ مَا فَاتَ يُدْرَكُ، قَالَ اُسْتَاذُنَا شَيْخُ الْاِسْلاَمِ فِي مَشْيَخَتِهِ كَمْ مِنْ شَيْخٍ كَبِيرٍ فِي الْعِلْمِ وَالْفَضْلِ اَدْرَكْتُهُ وَمَا اِسْتَخْرَقْتُ. وَاَقُولُ عَلٰى هٰذَا الْفَوْتِ مَنْشَأً هٰذَا الْبَيْتِ: شِعْرًا

হায়াত সামান্য , ইলম বেশী। তাই শিক্ষার্থীর উচিত, সময় নষ্ট না করা এবং রাত্রি ও অবসর সময়কে গনীমত (বিনা কষ্টে অর্জিত সম্পদ) মনে করা।

ইয়াহয়া বিন মুআয আল রাজী থেকে বর্ণিত, তিনি বলেছেন, রাত দীর্ঘ। অতএব, তুমি ঘুমিয়ে একে বেঁটে করোনা। আর দিন উজ্জ্বল। অতএব, তুমি একে তোমার পাপ দ্বারা নোংরা করোনা।

আর শিক্ষার্থীর উচিত, বড়দেরকে গনীমত মনে করা এবং তাদের কাছ থেকে উপকৃত হওয়া। আর যা কিছু হেরে গেছে, তার সবকিছু পাওয়া যায়না। যেমন আমাদের উস্তাদ শায়খুল ইসলাম বুরহানুদ্দীন (রহঃ) তার কিতাব 'মশীখা' তে বলেছেন, ইলম ও পূর্নতা প্রাপ্ত কত বড় বড় মনীষী আমি পেয়েছি। কিন্তু তাদের কাছ থেকে উপকৃত হতে পারিনি । এই হারানোর দুঃখে-(কবিতার) এ লাইনটি বলছিঃ

শব্দ বিশ্লেষণ ঃ

الخلوات - خلوة এর বহুবচন । অর্থ ঃ নির্জনতা, একাকীত্ব, অবসর সময়, নিভৃতস্থান।

لاتكدر - বাবে تفعيل থেকে نهى حاضر معروف এর واحد مذكر এর ছীগাহ। মাছদার تكدير । অর্থঃ কলুষিত করা, নোংরা করা, ময়লা মুক্ত করা, বিরক্ত করা।

استخرت - বাবে استفعال থেকে ماضى معروف এর واحد متكلم এর ছীগাহ। মাছদার استخارة । অর্থঃ কল্যাণ কামনা করা, কল্যান অর্জন করা।

البيت - (কবিতার) লাইন, শ্লোক। বহুবচন ابيات ।

لَهْفًا عَلٰى فَوْتِ التَّلَاقِيْ لَهْفًا   مَا كُلُّ مَا فَاتَ وَيَفْنِيْ يُلْقٰى

قَالَ عَلِيٌّ رَضِيَ اللّٰهُ تَعَالٰى عَنْهُ: اِذَا كُنْتَ فِيْ اَمْرٍ فَكُنْ فِيْهِ وَكَفٰى بِالْاِعْرَاضِ عَنْ عِلْمِ اللّٰهِ تَعَالٰى خِزْيًا وَخَسَارًا وَاسْتَعِذْ بِاللّٰهِ مِنْهُ لَيْلًا وَنَهَارًا. وَلَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنْ تَحَمُّلِ الْمُشَقَّةِ وَالْمُذَلَّةِ فِيْ طَلَبِ الْعِلْمِ.

وَالتَّمَلُّقُ مَذْمُوْمٌ اِلَّا فِيْ طَلَبِ الْعِلْمِ لِاَنَّهُ لَابُدَّ لَهُ مِنَ التَّمَلُّقِ لِلْاُسْتَاذِ وَالشُّرَكَاءِ وَغَيْرِهِمْ لِلْاِسْتِفَادَةِ مِنْهُمْ، قِيْلَ: "اَلْعِلْمُ عِزٌّلَا ذُلَّ فِيْهِ، لَا يُدْرَكُ اِلَّا بِذُلٍّ، لَا عِزَّ فِيْهِ". وَقَالَ الْقَائِلُ:

أَرٰى لَكَ نَفْسًا تَشْتَهِيْ اَنْ تُعِزَّهَا   فَلَسْتَ تَنَالُ الْعِزَّ حَتّٰى تُذِلَّهَا.

☆ (মনীষীদের পাওয়া সত্ত্বেও) সাক্ষাত লাভ না হওয়ার জন্য খুব আক্ষেপ বোধ করছি। যা হেরে যায় ও ধ্বংস হয়, তার সব কিছু পাওয়া যায়না।

হযরত আলী (রঃ) বলেছেন, যখন তুমি কোন কাজে থাকবে, তখন এতে লেগে থাকবে। আর লাঞ্ছিত ও ক্ষতিগ্রস্ত হওয়ার জন্য আল্লাহ তাআলার ইলম থেকে বিমুখ হওয়াই যথেষ্ট। রাত দিন তা থেকে আল্লাহর নিকট আশ্রয় কামনা করবে। আর শিক্ষার্থীর জন্য ইলম অর্জনের ক্ষেত্রে কষ্ট ও লাঞ্ছনা সহ্য করা ছাড়া বিকল্প কোন পথ নেই। আর তোষামোদ সর্বক্ষেত্রে নিন্দনীয় হলেও ইলম অর্জনের ক্ষেত্রে নিন্দনীয় নয়। কারণ, ইলম লাভ করার জন্য শিক্ষক, সঙ্গী ও অন্যান্যদের সাথে তোষামোদ করা ছাড়া উপায় নেই।

বলা হয়েছে, ইলম সম্মানই সম্মান। এতে লাঞ্ছনা বলতে মোটেই নেই। তবে তা লাঞ্ছনা ছাড়া পাওয়া যায়না। এতে (ইলম অর্জনে) কোন সম্মান নেই। কোন লোক বলেছেনঃ আমি তোমাকে দেখছি নিজের জন্য সম্মান কামনা করছো। কিন্তু তুমি (নিজেকে) লাঞ্ছিত করা ব্যাতীত সম্মান পাবেনা।

শব্দ বিশ্লেষণ ঃ لهفا - আফসোস, আক্ষেপ। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে سمع থেকে।

خـزى - লাঞ্ছনা, লজ্জা, অবমাননা, দুর্নাম। এর ক্রিয়া রূপন্তর হয় বাবে سمع থেকে। اخزاء -লাঞ্ছিত বা অপমানিত করা।

النهار - দিন, দিবা, দিবস। বহুবচন نهر،انهر।

فَصْلٌ فِى الْوَرَعِ فِى حَالِ التَّعَلُّمِ

رَوٰى بَعْضُهُمْ حَدِيْثًا فِى الْبَابِ عَنْ رَسُوْلِ اللّٰهِ صلى الله عليه وسلم اَنَّهٗ قَالَ: مَنْ لَمْ يَتَوَرَّعْ فِىْ تَعَلُّمِهٖ اِبْتَلَاهُ اللّٰهُ تَعَالٰى بِاَحَدِ ثَلٰثَةِ اَشْيَاءَ، اِمَّا اَنْ يُمِيْتَهٗ فِىْ شَبَابِهٖ اَوْ يُوْقِعَهٗ فِى الرَّسَاتِيْقِ اَوْ يَبْتَلِيَهٗ بِخِدْمَةِ السُّلْطَانِ. فَمَهْمَا كَانَ طَالِبُ الْعِلْمِ اَوْرَعَ كَانَ عِلْمُهٗ اَنْفَعَ وَالتَّعَلُّمُ لَهٗ اَيْسَرَ وَفَوَائِدُهٗ اَكْثَرُ.

وَمِنَ الْوَرَعِ اَنْ يَتَحَرَّزَ عَنِ الشِّبَعِ وَكَثْرَةِ النَّوْمِ وَكَثْرَةِ الْكَلَامِ فِيْمَا لَا يَنْفَعُ وَاَنْ يَحْتَرِزَ عَنْ اَكْلِ طَعَامِ السُّوْقِ اِنْ اَمْكَنَ

একাদশ অধ্যায় শিক্ষা অর্জন কালে পরহেজগারি অবলম্বন সম্পর্কে

কোন কোন আলেম এ বিষয়ে একটি হাদীস রেওয়ায়েত করেছেন, যে রাসুলুল্লাহ (সাঃ) ইরশাদ করেছেন, যে শিক্ষাকালে পরহেজগারি অবলম্বন করেনা, আল্লাহ তাকে তিনটি বিষয়ের কোন একটি দ্বারা পরীক্ষায় ফেলবেন। ১. হয়তো তাকে যৌবনে মৃত্যু দান করবেন ২. বা তাকে জঙ্গলী এলাকায় তথা মূর্খদের মাঝে নিক্ষেপ করবেন ৩. অথবা তাকে শাসকের সেবক বানিয়ে পরীক্ষায় ফেলবেন। অতএব, শিক্ষার্থী যত বেশী পরহেজগারি অবলম্বন করবে, তার ইলম তত বেশী উপকারী হবে এবং শিক্ষা অর্জন তার জন্য অধিক সহজ হবে ও সে শিক্ষার লাভ বেশী প্রাপ্ত হবে।

আর পূর্ণাঙ্গ পরহেজগারি হচ্ছে, তৃপ্তি ভরে ভোজন, অধিক নিদ্রা ও অহেতুক কথা-বার্তা থেকে আত্মরক্ষা করে চলা। আর সম্ভব হলে বাজারের তৈরি খাদ্য পরিহার করে চলবে।

শব্দ বিশ্লেষণ ঃ

الرساتيق - رستاق এর বহুবচন । অর্থঃ গ্রাম, পল্লী।

السوق - বাজার , মার্কেট। বহুবচন اسواق । কুরআনে আছে وقالوا مال هذا الرسول يأكل الطعام ويمشى فى الاسواق [الفرقان: ٧]

لِأَنَّ طَعَامَ السُّوْقِ اَقْرَبُ اِلَى النَّجَاسَةِ وَالْخُبَاثَةِ وَاَبْعَدُ عَنْ ذِكْرِ اللّٰهِ تَعَالٰى وَاَقْرَبُ اِلَى الْغَفْلَةِ. وَلِاَنَّ اَبْصَارَ الْفُقَرَاءِ تَقَعُ عَلَيْهِ وَلَا يَقْدِرُوْنَ عَلَى الشِّرَاءِ مِنْهُ فَيَتَأَذَّوْنَ بِذٰلِكَ، فَتَذْهَبُ بَرَكَتُهُ.

وَحُكِيَ اَنَّ الْاِمَامَ الشَّيْخَ الْجَلِيْلَ مُحَمَّدَ بْنَ الْفَضْلِ كَانَ فِيْ حَالِ تَعَلُّمِهٖ لَا يَأْكُلُ مِنْ طَعَامِ السُّوْقِ وَكَانَ اَبُوْهُ يَسْكُنُ فِي الرَّسْتَاقِ وَيُهَيِّئُ طَعَامَهُ وَيَدْخُلُ اِلَيْهِ يَوْمَ الْجُمْعَةِ فَرَأٰى فِيْ بَيْتِ اِبْنِهٖ خُبْزَ السُّوْقِ يَوْمًا، فَلَمْ يُكَلِّمْهُ سَاخِطًا عَلَيْهِ، فَاعْتَذَرَ اِبْنُهُ فَقَالَ مَا اشْتَرَيْتُهُ اَنَا وَلَمْ اَرْضَ بِهٖ وَلٰكِنْ اَحْضَرَهُ شَرِيْكِيْ.

কারণ, বাজারের খাদ্যে নোংরা ও নাপাক বস্তু থাকারই অধিক সম্ভাবনা এবং তা আল্লাহর স্মরণ থেকে দূরে সরিয়ে উদাসীন করে তোলে। এর কারণ, অভাবী লোকদের দৃষ্টি সেখানে পড়ে। কিন্তু তারা তা কিনে খেতে পারেনা। এতে তারা দুঃখ পায়। ফলে এর বরকত চলে যায়।

বর্ণিত আছে , মহান শায়খ ইমাম মুহাম্মদ ইবনুল ফজল তার শিক্ষা জীবনে বাজারের খাবার খেতেন না । তার আববা গ্রামে বাস করতেন এবং তার খাবার তৈরি করে প্রতি শুক্রবার তার কাছে নিয়ে আসতেন। একদিন তিনি ছেলের কাছে বাজারের রুটি দেখলেন। ফলে তিনি তার প্রতি অসন্তুষ্ট হয়ে তার সাথে কথা বলেননি। কিন্তু তার ছেলে ওযর পেশ করে বললেন, যে ওটা আমি ক্রয় করিনি এবং আমি এতে রাজীও নেই। কিন্তু তার পরও আমার এক সঙ্গী নিয়ে এসেছে।

শব্দ বিশ্লেষণ ঃ

ابصار - بصر এর বহুবচন। অর্থঃ দৃষ্টি, দৃষ্টিশক্তি, চোখ।

يتأذون- কষ্ট পায়, দুঃখ পায়। বাবে تفعل থেকে مضارع معروف এর جمع مذكر غائب এর ছীগাহ। মাছদার تأذى ।

احضر - নিয়ে এসেছে, উপস্থিত করেছে। বাবে افعال থেকে ماضى معروف এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার احضار ।

فَقَالَ اَبُوْهُ لَوْ كُنْتَ تَحْتَاطُ وَتَتَوَرَّعُ لَمْ يَجْتَرِئْ شَرِيْكُ بِذٰلِكَ، وَهٰكَذَا كَانُوْا يَتَوَرَّعُوْنَ، فَلِذٰلِكَ وُفِّقُوْا لِلْعِلْمِ وَالنَّشْرِ حَتّٰى بَقِيَ اِسْمُهُمْ اِلٰى يَوْمِ الْقِيَامَةِ.

وَوَصّٰى فَقِيْهٌ مِنْ زُهَّادِ الْفُقَهَاءِ طَالِبَ الْعِلْمِ عَلَيْكَ اَنْ تَتَحَرَّزَ عَنِ الْغِيْبَةِ وَعَنْ مَجَالِسَةِ الْمِكْثَارِ، وَقَالَ اِنَّ مَنْ يُكْثِرُ الْكَلَامَ يَسْرِقُ عُمْرَكَ وَيُضِيْعُ اَوْقَاتَكَ.

وَمِنَ الْوَرَعِ اَنْ يَتَجَنَّبَ مِنْ اَهْلِ الْفَسَادِ وَالْمَعَاصِيْ وَالتَّعْطِيْلِ، فَاِنَّ الْمُجَاوَرَةَ مُؤَثِّرَةٌ لَا مَحَالَةَ،

একথা শুনে তার আববা বললেন, তুমি যদি সতর্কতা ও পরহেজগারি অবলম্বন করতে, তাহলে তোমার সঙ্গী এটি করতে সাহস পেতনা। আগের যুগের আলেমগণ এভাবেই পরহেজ করতেন। তাই তাদেরকে ইলম শেখার ও প্রচার করার তাওফীক দান করা হয়েছে এবং এতে করে তাদের নাম কেয়ামত পর্যন্ত বাকী থাকবে।

একজন যাহেদ (দুনিয়া বিমুখ) ফকীহ এক শিক্ষার্থীকে এ বলে ওসিয়ত করেছেন যে, তোমার উচিত, গীবত এবং বাচালের সাথে ওঠা বসা থেকে আত্ম রক্ষা করা। তিনি আরো বলেছেন, যে বেশী কথা বলে , সে তোমার হায়াত চুরি করে তথা কমিয়ে ফেলে এবং তোমার সময় নষ্ট করে।

ফাসাদ সৃষ্টিকারী, পাপাচারী ও বেকারদের থেকে দুরে সরে থাকাও পরহেজগারির অন্তর্ভুক্ত। আর ভাল লোকদের সান্নিধ্যে থাকবে । কারণ, সান্নিধ্য নিঃসন্দেহে প্রভাবিতকারী।

শব্দ বিশ্লেষণ ঃ تحتاط - তুমি সতর্ক থাকবে, সতর্কতা অবলম্বন করবে। বাবে افتعال থেকে مضارع معروف এর واحد مذكر حاضر এর ছীগাহ। মাছদার احتياط ।

لم يجترئ - সাহস করতনা, দুঃসাহস দেখাতনা। বাবে افتعال থেকে نفى جحد بلم এর واحد مذكر غائب । মাছদার اجتراء ।

مجالسة - পারস্পরিক ওঠা বসা। বাবে مفاعلة এর মাছদার।

المكثار - যে বেশী কথা বলে, বাচাল। مبالغه এর ছীগাহ।

وَاَنْ يَجْلِسَ مُسْتَقْبِلَ الْقِبْلَةِ وَيَكُوْنَ مُسْتَنًّا بِسُنَّةِ النَّبِيِّ ﷺ وَيَغْتَنِمَ دَعْوَةَ اَهْلِ الْخَيْرِ وَيَتَحَرَّزَ عَنْ دَعْوَةِ الْمَظْلُوْمِيْنَ.
وَحُكِيَ اَنَّ رَجُلَيْنِ خَرَجَا فِيْ طَلَبِ الْعِلْمِ لِلْغُرْبَةِ وَكَانَا شَرِيْكَيْنِ فِي الْعِلْمِ فَرَجَعَا بَعْدَ سِنِيْنَ اِلٰى بَلَدِهِمَا وَقَدْ فَقِهَ اَحَدُهُمَا وَلَمْ يَفْقَهِ الْآخَرُ، فَتَأَمَّلَ فُقَهَاءُ الْبَلْدَةِ وَسَأَلُوْا عَنْ حَالِهِمَا وَتَكْرَارِهِمَا وَجُلُوْسِهِمَا، فَاُخْبِرُوْا اَنَّ جُلُوْسَ الَّذِيْ تَفَقَّهَ كَانَ فِيْ حَالِ التَّكْرَارِ مُسْتَقْبِلَ الْقِبْلَةِ وَالْمِصْرِ الَّذِيْ حَصَلَ الْعِلْمَ فِيْهِ، وَالْآخَرُ كَانَ مُسْتَدْبِرَ الْقِبْلَةِ وَوَجْهُهُ اِلٰى غَيْرِ الْمِصْرِ،

শিক্ষার্থীর আরো উচিত, কেবলাকে সামনে রেখে বসা এবং রাসূল (সঃ) এর সুন্নাতের অনুসরণ করা। আর (শিক্ষার্থী) ভাল লোকদের দুআকে গনীমত মনে করবে এবং মাজলুমদের বদদুআ থেকে বেঁচে থাকবে।

বর্ণিত আছে, দু'জন লোক ইলম অর্জন করার জন্য সফরে বের হয়। তারা উভয়ে এক সাথে পড়ত। কয়েক বছর পর তারা তাদের এলাকায় ফিরে আসে। তাদের একজন ফকীহ হয়, অপরজন হতে পারেনি। এলাকার ফকীহগণ তাদের এ বিষয়টা নিয়ে ভাবলেন এবং তাদের উভয়ের অবস্থা , তকরার ও ওঠাবসা সম্পর্কে জানতে চাইলেন। তাদেরকে জানানো হলো, যে লোকটি ফকীহ হয়েছেন, তিনি তকরারের সময় কেবলাকে এবং যে শহরে ইলম অর্জন করেছেন সে শহরকে সমনে রেখে বসতেন। আর অপরজন বসতেন কেবলাকে পিছ দিয়ে এবং তার মুখ শহরের দিকে থাকতনা।

শব্দ বিশ্লেষণ ঃ

مستن - বাবে افتعال থেকে اسم فاعل । অর্থাৎ, সুন্নাত ওয়ালা তথা সুন্নাত পালনকারী বা রাসুলের আদর্শে আদর্শবান। মাছদার استنان ।

مستقبل - বাবে استفعال থেকে اسم فاعل । মাছদার استقبال ।অর্থঃ সামনে নেওয়া, অভ্যার্থনা জানানো। এর বিপরীত শব্দ مستدبر ।

فَاتَّفَقَ الْعُلَمَاءُ وَالْفُقَهَاءُ اَنَّ الْفَقِيهَ فَقِهَ بِبَرَكَةِ اِسْتِقْبَالِ الْقِبْلَةِ اِذْ هُوَ السُّنَّةُ فِي الْجُلُوسِ اِلَّا عِنْدَ الضَّرُورَةِ ، وَبِبَرَكَةِ دُعَاءِ الْمُسْلِمِينَ فَاِنَّ الْمِصْرَ لَا يَخْلُوْ عَنِ الْعِبَادِ وَاَهْلِ الْخَيْرِ، فَالظَّاهِرُ اَنَّ عَابِدًا مِنَ الْعِبَادِ دَعَا لَهُ فِي اللَّيْلِ.

فَيَنْبَغِي لِطَالِبِ الْعِلْمِ أَنْ لَا يَتَهَاوَنَ بِالْآدَابِ وَالسُّنَنِ، فَاِنَّ مَنْ تَهَاوَنَ بِالْآدَابِ حُرِمَ السُّنَنُ وَمَنْ تَهَاوَنَ بِالسُّنَنِ حُرِمَ الْفَرَائِضُ وَمَنْ تَهَاوَنَ بِالْفَرَائِضِ حُرِمَ الْآخِرَةُ ، وَبَعْضُهُمْ قَالَ هٰذَا حَدِيثٌ عَنْ رَسُوْلِ اللّٰهِ ﷺ. وَيَنْبَغِي اَنْ يُكْثِرَ الصَّلٰوةَ وَ يُصَلِّيَ صَلٰوةَ الْخَاشِعِينَ، فَاِنَّ ذٰلِكَ عَوْنٌ

একথা শুনে আলেম ও ফকীহগণ এক বাক্যে একথা স্বীকার করলেন যে, ফকীহ লোকটি কেবলাকে সামনে রাখার বরকতেই ফকীহ হতে পেরেছেন। কারণ, বসার ক্ষেত্রে এটাই সুন্নাত। তবে কোন প্রয়োজন থাকলে আলাদা কথা। আর ফকীহ লোকটি ফকীহ হওয়ার দ্বিতীয় কারণ মুসলমানদের দুআ। কারণ, শহর আবেদ ও ভাল লোকদের থেকে খালি থাকেনা। এ দ্বারা স্পষ্ট বোঝা যাচ্ছে যে, কোন আবেদ তার জন্য রাত্রে দুআ করেছেন।

শিক্ষার্থীর আরো উচিত , শিষ্টাচার ভদ্রতা ও সুন্নাত নিয়ে অবহেলা না করা। কারণ, যে শিষ্টাচার ও ভদ্রতার প্রতি উদাসীনতা দেখাবে, সে সুন্নাতের অনুসরণ থেকে বঞ্চিত হবে। আর যে সুন্নাতের প্রতি উদাসীনতা দেখাবে, সে ফরয পালন করা থেকে বঞ্চিত হবে। আর যে ফরজের প্রতি উদাসীনতা দেখাবে, সে আখেরাত থেকে বঞ্চিত হবে। কোন কোন আলেম বলেছেন, এটা রাসূলুল্লাহ (সাঃ) এর হাদীস। শিক্ষার্থীর আরো উচিত, বেশী বেশী নামায পড়া এবং বিনয়ীদের ন্যায় নামায পড়া। কারণ, এটা ইলম অর্জনের ক্ষেত্রে তার

শব্দ বিশ্লেষণঃ الخاشعين - বাবে فتح থেকে اسم فاعل এর جمع مذكر । মাছদার خشوع । অর্থঃ বিনয়ী হওয়া, একাগ্র হওয়া। কুরআনে আছে
والذين هم فى صلوتهم خاشعون [المؤمنون: ٦]

لَهُ عَلَى التَّحْصِيْلِ وَالتَّعَلُّمِ، وَأُنْشِدْتُ لِلشَّيْخِ الْجَلِيْلِ الزَّاهِدِ الْحَجَّاجِ نَجْمِ الدِّيْنِ عُمَرَ بْنِ مُحَمَّدِ النَّسَفِيِّ :

كُنْ لِلْأَوَامِرِ وَالنَّوَاهِيْ حَافِظًا ۞ وَعَلَى الصَّلٰوةِ مُوَاظِبًا وَمُحَافِظًا

وَاطْلُبْ عُلُوْمَ الشَّرْعِ وَاجْهَدْ وَاسْتَعِنْ ۞ بِالطَّيِّبَاتِ تَصِرْ فَقِيْهًا حَافِظًا

وَاسْأَلْ إِلٰهَكَ حِفْظَ حِفْظِكَ رَاغِبًا ۞ فِيْ فَضْلِهِ فَاللّٰهُ خَيْرٌ حَافِظًا

জন্য সহায়ক হবে। আমাকে মহান শায়খ নজমুদ্দীন উমর বিন মুহাম্মদ আল নাসাফীর কবিতা পড়ে শোনানো হয়েছেঃ

১. তুমি সৎ কাজের আদেশ ও অসৎ কাজে নিষেধকারী এবং নামাযের প্রতি খুব যত্নবান হও।

২. শরীয়তের জ্ঞানসমূহ অর্জনে ব্রতী হও ও চেষ্টা করো এবং ভাল কাজের মাধ্যমে সাহায্য কামনা করো। তাহলে তুমি বড় ফকীহ হতে পারবে।

৩. আর তোমার মাবুদের নিকট তার অনুগ্রহের কামনাকারী হয়ে তোমার স্মৃতি শক্তির হেফাজত কামনা করো। কারণ, তিনিই সর্বত্তোম হেফাজতকারী।

শব্দ বিশ্লেষণ ঃ

الاوامر - امر এর বহুবচন। অর্থঃ আদেশ, নির্দেশ, আদেশকৃত বস্তু।

النواهى - نهى এর বহুবচন। অর্থঃ নিষেধ, নিষেধকৃত বিষয়, নিষিদ্ধ বস্তু।

اله - মাবুদ, উপাস্য। বহুবচন آلهة । কুরআনে আছে,

ولا تتخذوا إلهين اثنين.

الطيبات - طيبة এর বহুবচন। অর্থ ঃ ভাল কাজ, উৎকৃষ্ট বস্তু, পবিত্র জিনিস।

وَقَالَ:

اَطِيْعُوْا وَجِدُّوْا وَلاَ تَكْسِلُوْا   وَاَنْتُمْ اِلٰى رَبِّكُمْ تَرْجِعُوْنَ
وَلاَ تَهْجَعُوْا فَخِيَارُ الْوَرٰى   قَلِيْلاً مِنَ اللَّيْلِ مَا يَهْجَعُوْنَ

وَيَنْبَغِىْ اَنْ يَسْتَصْحِبَ دَفْتَرًا عَلٰى كُلِّ حَالٍ لِيُطَالِعَهُ، وَقِيْلَ مَنْ لَمْ يَكُنِ الدَّفْتَرُ فِىْ كُمِّهِ لَمْ تَثْبُتِ الْحِكْمَةُ فِىْ قَلْبِهِ، وَيَنْبَغِىْ اَنْ يَكُوْنَ فِى الدَّفْتَرِ بَيَاضٌ وَيَسْتَصْحِبُ الْمِحْبَرَةَ لِيَكْتُبَ مَا سَمِعَ، وَقَدْ ذَكَرْنَا حَدِيْثَ هِلاَلِ بْنِ يَسَارٍ.

তিনি আরো বলেছেনঃ

১. আনুগত্য করো, চেষ্টা করো, অলসতা করোনা। আর তোমরাতো তোমাদের পালনকর্তার নিকট ফিরে যাবে।

২. আর বেশী ঘুমাবেনা। কারণ, সৃষ্টির শ্রেষ্ঠগণ রাত্রে কমই ঘুমায়।

আর শিক্ষার্থীর উচিত, সর্বাবস্থায় একটি নোট বই অধ্যয়ন করার জন্য সাথে রাখা। বলা হয়েছে, যার আস্তীনের (অর্থাৎ, হাতে বা বগলে) কোন নোট বই থাকবেনা , হিকমাত তার অন্তরে স্থায়ী হবেনা। আর নোট বই সাদা হওয়া উচিত। আর শিক্ষার্থীর আরো উচিত, যা শুনে তা লেখার জন্য দোয়াত সাথে রাখা। এব্যাপারে হিলাল বিন ইয়াসার (রঃ) এর হাদীস পূর্বে উল্লেখ করেছি।

শব্দ বিশ্লেষণ ঃ

لا تهجعوا - বাবে فتح থেকে نهى حاضر معروف এর جمع مذكر এর ছীগাহ। মাছদার هجوع । অর্থঃ নিদ্রা যাওয়া, ঘুমানো। কুরআনে আছে

كانوا قليلا من اليل ما يهجعون [الذاريات:١٧]

خيار - خير এর বহুবচন । অর্থ ঃ ভাল, উত্তম, উৎকৃষ্ট, শ্রেষ্ঠ, শ্রেষ্ঠতর।

الورى - সৃষ্টি, সৃষ্টিজগত, নিখিল।

فَصْلٌ فِيمَا يُوْرِثُ الْحِفْظَ وَفِيمَا يُوْرِثُ النِّسْيَانَ

وَاَقْوٰى اَسْبَابِ الْحِفْظِ الْجِدُّ وَالْمُوَاظِبَةُ وَتَقْلِيْلُ الْغِذَاءِ وَصَلٰوةُ اللَّيْلِ، وَقِرَاءَةُ الْقُرْآنِ مِنْ اَسْبَابِ الْحِفْظِ. قِيْلَ: لَيْسَ شَيْءٌ أَزْيَدَ لِلْحِفْظِ مِنْ قِرَاءَةِ الْقُرْآنِ نَظْرًا.

وَقِرَاءَةُ الْقُرْآنِ نَظْرًا اَفْضَلُ لِقَوْلِهٖ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ "اَفْضَلُ اَعْمَالِ اُمَّتِيْ قِرَاءَةُ الْقُرْآنِ نَظْرًا". رَاٰى شَدَّادُ بْنُ حَكِيْمٍ بَعْضَ اِخْوَانِهٖ بَعْدَ وَفَاتِهٖ فِي الْمَنَامِ، فَقَالَ لِاَخِيْهِ اَيُّ شَيْءٍ وَجَدْتَهٗ اَنْفَعَ؟ قَالَ قِرَاءَةُ الْقُرْآنِ نَظْرًا.

দ্বাদশ অধ্যায় স্মৃতি ও বিস্মৃতি বৃদ্ধিকারী বিষয় সম্পর্কে

স্মরণ শক্তি বৃদ্ধির সবচেয়ে শক্তিশালী উপায় হচ্ছে, চেষ্টা, অধ্যবসায়, খাদ্য কম গ্রহণ ও রাত্রের নামায (তাহাজ্জুদ)। আর কুরআন তিলাওয়াতও স্মৃতি বৃদ্ধির অন্যতম উপায়। বলা হয়েছে, দেখে কুরআন পড়ার চেয়ে স্মৃতি বৃদ্ধিকারী আর কোন বস্তু নেই।

আর কুরআনে শরীফ দেখে পড়াই বেশী উত্তম। কারণ, নবী (সঃ) ইরশাদ করেছেন, আমার উম্মতের সর্বশ্রেষ্ঠ আমল হচ্ছে, দেখে কুরআন পড়া। শাদ্দাদ বিন হাকীম তার এক ভাইকে মৃত্যুর পর স্বপ্নে দেখেন। স্বপ্নে তার ভাইকে বললেন, কোন বস্তু আপনি (আখেরাতের জন্য)বেশী উপকারী পেয়েছেন? তিনি বললেন, দেখে কুরআনে পড়া।

শব্দ বিশ্লেষণ ঃ ذكر - আলোচনা, আলোচনার বস্তু, স্মরণ, উপদেশ। কুরআনে আছে

وماهو الا ذكر للعالمين

وكيع - ইমাম, মুহাদ্দিস, ফকীহ, ইমাম শাফেয়ীর উস্তাদ , তাবে তাবেয়ী।

الكندر - এক প্রকার গাছের আটা যা ইউনানী চিকিৎসা কেন্দ্র সমূহে নাকি পাওয়া যায়।

السكر - মিঠাই।

الاسقام - سقم এর বহুবচন। অর্থ ঃ রোগ, ব্যাধি। سقيم -রোগী। কুরআনে ইব্রাহীম (আঃ) সম্পর্কে আছে فقال إني سقيم

وَيَقُوْلُ عِنْدَ رَفْعِ الْكِتَابِ "بِسْمِ اللّٰهِ وَسُبْحَانَ اللّٰهِ وَالْحَمْدُ لِلّٰهِ وَلَا اِلٰهَ اِلَّا اللّٰهُ وَاللّٰهُ اَكْبَرُ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ الْعَزِيْزِ الْعَلِيْمِ عَدَدَ كُلِّ حَرْفٍ كُتِبَ وَيُكْتَبُ اَبَدَ الْآبِدِيْنَ وَدَهْرَ الدَّاهِرِيْنَ." وَيَقُوْلُ بَعْدَ كُلِّ مَكْتُوْبَةٍ "آمَنْتُ بِاللّٰهِ الْوَاحِدِ الْاَحَدِ وَحْدَهُ لَا شَرِيْكَ لَهُ وَكَفَرْتُ بِمَا سِوَاهُ" وَيُكْثِرُ الصَّلٰوةَ عَلَى النَّبِيِّ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ فَاِنَّهُ ذِكْرٌ لِلْعَالَمِيْنَ. قِيْلَ:

شَكَوْتُ اِلٰى وَكِيْعٍ سُوْءَ حِفْظِيْ ۞ فَاَرْشَدَنِيْ اِلٰى تَرْكِ الْمَعَاصِيْ

فَاِنَّ الْحِفْظَ فَضْلٌ مِنْ اِلٰهٍ ۞ وَفَضْلُ اللّٰهِ لَا يُعْطٰى لِعَاصِيْ

وَالسِّوَاكُ وَشُرْبُ الْعَسَلِ وَاَكْلُ الْكُنْدُرِ مَعَ السُّكَّرِ وَاَكْلُ اَحَدٍ وَّعِشْرِيْنَ زَبِيْبَةً حَمْرَاءَ كُلَّ يَوْمٍ عَلَى الرِّيْقِ يُوْرِثُ الْحِفْظَ وَيَشْفِيْ مِنْ كَثِيْرٍ مِنَ الْاَمْرَاضِ وَالْاَسْقَامِ.

আর শিক্ষার্থী (অধ্যয়নের পর) কিতাব তুলে রাখার সময় ‘‘বিসমিল্লাহি............’’ এবং প্রত্যেক ফরজ নামাযের পর ‘‘আমনতু বিল্লাহিল........... বিমাসিওয়াহু’’ বলবে। আর নবী করীম (সাঃ) এর ওপর বেশী বেশী দরূদ পড়বে। কারণ, তিনি বিশ্ববাসীর আলোচনার পাত্র। বলা হয়েছে ঃ

১. আমি ওয়াকীর নিকট আমার স্মৃতির দূরাবস্থা সম্পর্কে অভিযোগ জানালাম। ফলে তিনি আমাকে গুনাহ্ তথা পাপকর্ম ছেড়ে দেয়ার নির্দেশ দিলেন। ।

২. কারণ, স্মৃতি শক্তি আল্লাহর একটি নেয়ামত। আর আল্লাহর নিয়ামত পাপাচারীকে দান করা হয়না।

মিসওয়াক, মধুপান, মিঠাই দিয়ে আটা ভক্ষন এবং প্রতিদিন সকালে খালি পেটে একুশটি কিসমিস খাওয়া স্মৃতি শক্তি বৃদ্ধি করে এবং অনেক রোগ ব্যাধি থেকে সুস্থ রাখে।

وَكُلُّ مَا يُقَلِّلُ الْبَلْغَمَ وَالرَّطُوْبَاتِ يَزِيْدُ فِى الْحِفْظِ، وَكُلُّ مَا يَزِيْدُ فِى الْبَلْغَمِ يُوْرِثُ النِّسْيَانَ. وَاَمَّا مَا يُوْرِثُ النِّسْيَانَ فَالْمَعَاصِىْ وَكَثْرَةِ الذُّنُوْبِ وَالْهُمُوْمِ وَالْاَحْزَانِ فِىْ اُمُوْرِ الدُّنْيَا وَكَثْرَةُ الْاَشْغَالِ وَالْعَلَائِقِ ، وَقَدْ ذَكَرْ نَا اَنَّهُ لَا يَنْبَغِىْ لِلْعَاقِلِ اَنْ يَهْتَمَّ لِأَمْرِ الدُّنْيَا لِاَنَّهُ يَضُرُّ وَلَا يَنْفَعُ وَهُمُوْمُ الدُّنْيَا لَا تَخْلُوْ عَنِ الظُّلْمَةِ فِى الْقَلْبِ ، وَهُمُوْمُ الْآخِرَةِ لَا تَخْلُوْ عَنِ النُّوْرِ فِى الْقَلْبِ وَيَظْهَرُ اَثَرُهُ فِى الصَّلٰوةِ . فَهَمُّ الدُّنْيَا يَمْنَعُهُ عَنِ الْخَيْرِ وَهَمُّ الْآخِرَةِ يَحْمِلُهُ عَلَيْهِ.

وَالْاِشْتِغَالُ بِالصَّلٰوةِ عَلَى الْخُشُوْعِ وَتَحْصِيْلِ الْعُلُوْمِ يَنْفِىْ الْهَمَّ وَالْحُزْنَ ، كَمَا قَالَ الشَّيْخُ الْاِمَامُ نَصْرُبْنُ حَسَنٍ الْمَرْغِيَانِىْ فِىْ قَصِيْدَةٍ لَهُ:

আর যে সকল বস্তু আর্দ্রতা ও কফ দূর করে, তা স্মৃতি শক্তি বৃদ্ধি করে এবং যে সকল বস্তু আর্দ্রতা ও কফ বৃদ্ধি করে, তা বিস্মৃতি বৃদ্ধি করে। আর যে সকল বিষয় বিস্মৃতি বৃদ্ধি করে তাহল, গুণাহ ও অন্যায় কাজের আধিক্য, দুনিয়াবী ব্যাপারে দুশ্চিন্তা ও দুঃখবোধ এবং অধিক ব্যস্ততা ও পার্থিব সংশ্রব। আমরা পূর্বেও উল্লেখ করেছি, যে দুনিয়াবী ব্যাপারে দুশ্চিন্তাগ্রস্থ হওয়া বুদ্ধিমানের জন্য অশোভন। কারণ, তা কেবল ক্ষতিই করে, লাভ করেনা। আর দুনিয়াবী দুঃশ্চিন্তার কারণে অন্তর অন্ধকারাচ্ছন্ন হয়ে যায়। আর আখেরাতের চিন্তার ফলে অন্তর আলোকিত হয় এবং নামাযে এর আলামত প্রকাশ পায়। দুনিয়ার দুঃশ্চিন্তা কল্যাণ থেকে বিরত রাখে এবং আখেরাতের চিন্তা কল্যাণে প্ররোচিত করে।

আর বিনয়ের সাথে নামায পড়া এবং ইলম অর্জন দুশ্চিন্তা ও দুঃখ দূর করে। যেমন শায়খ ইমাম নসর বিন হাসান আল মুরগীনানী তার একটি দীর্ঘ কবিতায় বলেছেনঃ

اِسْتَعِنْ نَصْرُبْنُ الْحَسَنِ فِیْ كُلِّ عِلْمٍ يُخْتَزَنُ

ذٰلِکَ الَّذِیْ يَنْفِیْ الْحُزْنَ وَغَيْرُهٗ لَا يُؤْتَمَنُ

وَالشَّيْخُ الْاِمَامُ الْاَجَلُّ نَجْمُ الدِّيْنِ عُمَرُبْنُ مُحَمَّدٍ النَّسَفِیْ فِیْ اُمِّ وَلَدٍ لَهٗ :

سَلَامٌ عَلٰى مَنْ تَيَمَّتْنِیْ بِظَرْفِهَا وَلَمْعَةِ خَدَّيْهَا وَلَمْحَةِ طَرْفِهَا

১. হে নসর বিন হাসান! সঞ্চয় যোগ্য ইলমসমূহ অর্জনে (ভাল কাজ ও ভাল লোক দ্বারা) সহায়তা কামনা করো।

২. এটা (সঞ্চয় যোগ্য ইলম সমূহ) তোমার দুঃখ দূর করবে। এছাড়া অন্যান্য বিষয় অনিরাপদ ও অনির্ভরযোগ্য।

মহান শায়খ নজমুদ্দীন উমর বিন মুহাম্মদ আল-নাসাফী তার এক উম্মে ওয়ালাদ (যে দাসীর গর্ভে মনিবের সন্তান হয়েছে) সম্পর্কে বলেছেন ঃ

১. শান্তি বর্ষিত হোক তার ওপর, যে আমাকে তার বুদ্ধিমত্তা, উভয় গালের দ্বীপ্তি ও চোখের পলক দ্বারা প্রেমে আবদ্ধ করেছে।

শব্দ বিশ্লেষণ ঃ يختزن - বাবে افتعال থেকে مضارع مجهول এর واحد مذكر غائب এর ছীগাহ। মাছদার اختزان । অর্থ ঃ স্টক করা, জমা করা, সঞ্চয় করা, গুদামজাত করা।

ينفي - দূর করবে, বিতাড়িত করবে। বাবে ضرب থেকে مضارع معروف এর واحد مذكر غائب । মাছদার نفي ।

لايؤمن - আস্থা রাখা যায়না, বিশ্বাস করা যায়না তথা নিরাপদ নয় এমন। বাবে افتعال থেকে مضارع منفي مجهول এর واحد مذكر غائب । মাছদার ائتمان ।

تيمتني - বাবে تفعيل থেকে ماضي معروف এর واحد مؤنث غائب । মাছদার تتييم । অর্থঃ দাসে পরিনত হওয়া, (প্রেম) মোহাচ্ছন্ন করা, আবদ্ধ করা।

لمعة - দীপ্তি, ঔজ্জ্বল্য, চমক, ঝলক। এর প্রতিশব্দ لمعان، لمع । এর ক্রিয়া রূপান্তর হয় বাবে فتح থেকে। تلميع -দীপ্তিময় করা।

ظرف - বুদ্ধিমত্তা, চালাকি, চাতুর্য, চতুর হওয়া। এর প্রতি শব্দ ظرافة । এর ক্রিয়া রূপান্তর হয় كرم থেকে।

خد - গাল, গন্ড, গন্ডদেশ। বহুবচন خدود ।

لمحة - চোখের পলক, ক্ষণিকের দৃষ্টি, ত্বরিতদৃষ্টি। বহুবচন لمحات ।

طرف - দৃষ্টি, নজর, পলক, দৃষ্টি দেওয়া, তাকানো। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে ضرب থেকে।

سَبَتْنِي وَاَصْبَتْنِي فَتَـاةٌ مَلِيحَةٌ تَـحَيَّرَتِ الْاَوْهَامِ فِيْ كُنْهِ وَصْفِهَا

فَقُلْـتُ ذَرِيْنِي وَأَعْذِرِيْنِي فَإِنَّنِيْ شَغَفْتُ بِتَحْصِيْلِ الْعُلُوْمِ وَكَشْفِهَا

وَلِيْ فِيْ طِلَابِ الْفَضْلِ وَالْعِلْمِ وَالتُّقَى غِنَـى عَنْ غِنَاءِ الْغَانِيَاتِ وَعَرْفِهَا

وَاَمَّـا اَسْبَابُ نِسْيَانِ الْعِلْمِ فَاَكْلُ الْكُزْبُرَةِ الرَّطْبَةِ وَالتُّفَّاحِ الْحَامِضِ وَالنَّظْرُ اِلَى الْمَصْلُوْبِ وَقِرَائَةُ لَوْحِ الْقُبُوْرِ وَالْمُرُوْرُ بَيْنَ قِطَارِ الْجِمَالِ وَاِلْقَاءُ الْقُمَّلِ الْحَيِّ عَلَى الْاَرْضِ وَالْحَجَامَةِ عَلَى نُقْرَةِ الْقَفَا فَتَجْتَنِبُوْهَا، كُلُّهَا تُورِثُ النِّسْيَانَ.

২. আমাকে এমন এক লাবন্যময়ী তরুণী (প্রেমে) আবদ্ধ ও আকৃষ্ট করেছে, যার গুণের পরিমাণে মানুষের কল্পনা দিশেহারা।

৩. আমি তাকে বললাম, আমাকে ছাড় এবং অপারগ মনে কর। কারণ, আমি আসক্ত হয়েছি ইলম অর্জন ও তার অনুসন্ধানের প্রতি।

৪. শ্রেষ্ঠত্ব , ইলম ও তাক্বওয়ার সন্ধানীদের সাথে আমারও গায়িকাদের গাণ ও সুগন্ধি থেকে অমুখাপেক্ষিতা রয়েছে।

আর ইলম বিস্মৃতির কারণ সমূহের মধ্যে রয়েছে, কাঁচা ধনিয়া ও টক আপেল খাওয়া, ক্রুশবিদ্ধের দিকে তাকানো , কবরের লেখা ফলক পড়া, উটের ঝাঁকের মঝে চলাচল করা, মাটিতে জীবন্ত উকুন ফেলা এবং ঘাড়ের গর্তে শিঙ্গা লাগানো। অতএব, এসব থেকে বেঁচে থেকো। এসব কিছুই ভুলের জন্ম দেয়।

শব্দ বিশ্লেষণ ঃ سبـت - গ্রেফতার করেছে, আবদ্ধ করেছে, বন্দী বানিয়েছে। বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مؤنث غائب । মাছদার سباء، سبى । اصبت - আকৃষ্ট করেছে, প্রেমে ফেলেছে। বাবে ضرب থেকে ماضى معروف এর واحد مؤنث غائب এর ছীগাহ। মাছদার اصبات । اتيان এর ওজনে। فتاة - তরুণী, যুবতী। বহুবচন فتيات। مليحة - লাবন্যময়ী, সুন্দরী, কমনীয়। বাবে كرم থেকে اسم فاعل এর واحد مؤنث এর ছীগাহ। মাছদার ملاحة। تحيرت - দিশেহারা হয়েছে, কিংকর্তব্য বিমূঢ় হয়েছে। বাবে تفعل তেকে ماضى معروف এর واحد مؤنث غائب এর ছীগাহ। মাছদার تحير। الاوهام - وهم এর বহুবচন । অর্থঃ কল্পনা, ধারণা,

فَصْلٌ فِيْمَا يَجْلِبُ الرِّزْقَ وَمَا يَمْنَعُ الرِّزْقَ وَمَا يَزِيْدُ فِي الْعُمْرِ وَمَا يَنْقُصُ

ثُمَّ لَا بُدَّ لِطَالِبِ الْعِلْمِ مِنَ الْقُوْتِ وَمَعْرِفَةِ مَايَزِيْدُ فِيْهِ وَمَا يَزِيْدُ فِي الْعُمْرِ وَالصِّحَّةِ لِيَتَفَرَّغَ لِطَلَبِ الْعِلْمِ ، وَفِيْ كُلِّ ذٰلِكَ صَنَّفُوْا كُتُبًا. فَاَوْرَدْتُ بَعْضَهَا هُنَا عَلٰى سَبِيْلِ الْاِخْتِصَارِ.

ত্রয়োদশ অধ্যায় ঐসব বিষয় সম্পর্কে যা রিজিককে টেনে আনে ও বাধা গ্রস্ত করে এবং যা হায়াত বৃদ্ধি করে ও কমিয়ে ফেলে

অতপর শিক্ষার্থীর জন্য খাদ্য ও যে সব বস্তু খাদ্য বৃদ্ধি করে এবং যে সকল বস্তু হায়াত ও স্বাস্থ্য বৃদ্ধি করে, তার পরিচিতি লাভ করা অপরিহার্য। যাতে করে সে ইলম অর্জনের জন্য পূর্ণ মনোযোগী হতে পারে। আর এ সকল বিষয় সম্পর্কে মুরুব্বীগণ অনেক কিতাব রচনা করেছেন। ঐ খান থেকে কিছুটা আমি এখানে সংক্ষিপ্তাকারে উল্লেখ করছি।

আন্দাজ, অনুমান, খেয়াল। كنه - প্রকৃত অবস্থা, সারাংশ, বাস্তবতা, বৈশিষ্ট্য, পরিমাণ। وصف - গুণ, বিশেষণ, বৈশিষ্ট্য। বহুবচন اوصاف। اعذرى - বাবে افعال থেকে امر حاضر معروف এর واحد مؤنث । মাছদার اعذار । অর্থঃ অপারগ মনে করা, ওজর গ্রস্ত ভাবা। شغفت - আমাকে আকৃষ্ট করা হয়েছে, আসক্ত করা হয়েছে। বাবে فتح থেকে ماضى مجهول এর واحد متكلم । মাছদার شغف । কুরআনে আছে, قد شغفها حبا انا لنراها فى ضلال مبين [يوسف:٣٠] كشف. - দূর করা, ফাঁসকরা, প্রকাশ করা, অনুসন্ধান করা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে ضرب থেকে। কুরআনে আছে, ربنا اكشف عنا العذاب انا مؤمنون [الدخان:١٣] غنى - গান, সুর, সঙ্গীত, গীতি। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে تفعيل থেকে। الغانيات - غانية এর বহুবচন। অর্থ ঃ গায়িকা। عرف - সুগন্ধ, সুবাস, সৌরভ, ঘ্রাণ, গন্ধ। المصلوب - ক্রুশবিদ্ধ, শুলে চড়ানো হয়েছে এমন লোক। বাবে ضرب থেকে اسم مفعول । মাছদার صلب । الحجامة - শিঙ্গা লাগানো। এর প্রতিশব্দ حجم । এর ক্রিয়া রূপান্তর হয় বাবে نصر থেকে। نقرة - গর্ত, আঘাত, তুড়ি, টোকা, ঠোকর। বহুবচন نقرات । قفا - ঘাড়ের পশ্চাৎ দিক, পিঠ। বহুবচন اقفية، اقفاء.

قَالَ رَسُوْلُ اللهِ صلى الله عليه وسلم: لَا يَرُدُّ الْقَدْرَ اِلَّا الدُّعَاءُ وَلَايَزِيْدُ فِى الْعُمْرِ اِلَّا الْبِرُّ وَاِنَّ الرَّجُلَ لَيُحْرَمُ الرِّزْقَ بِالذَّنْبِ يُصِيْبُهُ. ثَبَتَ بِهٰذَا الْحَدِيْثِ اَنَّ اِرْتِكَابَ الذَّنْبِ سَبَبُ حِرْمَانِ الرِّزْقِ خُصُوْصًا اَلْكِذْبُ يُوْرِثُ الْفَقْرَ وَقَدْ وَرَدَ فِيْهِ حَدِيْثٌ خَاصٌّ ، وَكَذَا نَوْمُ الصُّبْحَةِ يَمْنَعُ الرِّزْقَ وَ كَثْرَةُ النَّوْمِ تُوْرِثُ الْفَقْرَ وَفَقْرَ الْعِلْمِ اَيْضًا.

وَقَالَ الْقَائِلُ :

سُرُوْرُ النَّاسِ فِىْ لُبْسِ اللِّبَاسِ ۞ وَجَمْعُ الْعِلْمِ فِىْ تَرْكِ النُّعَاسِ

وَقَالَ:

اَلَيْسَ مِنَ الْخُسْرَانِ اَنَّ لَيَالِيًا ۞ تَمُرُّ بِلَا نَفْعٍ وَتُحْسَبُ مِنَ الْعُمْرِ

وَقَالَ آخَرُ:

রাসুলুল্লাহ (সঃ) ইরশাদ করেছেন, ‘‘তকদীরকে দুআ ব্যাতীত কোন কিছুই পরিবর্তন করতে পারেনা এবং সৎকর্ম ছাড়া আর কিছুই হায়াত বৃদ্ধি করতে পারেনা। আর গুনাহ করার কারণে মানুষকে রিযিক থেকে বঞ্চিত করা হয়’’। এ হাদীস থেকে প্রমাণিত হয় যে, পাপ কর্মে জড়িয়ে পড়া রিযিক থেকে বঞ্চিত হওয়ার অন্যতম কারণ।

বিশেষতঃ মিথ্যা দরিদ্রতা তথা অভাব সৃষ্টি করে। এব্যাপারে একটি পৃথক হাদীস বর্ণিত হয়েছে। এভাবে ভোরবেলার ঘুমও রিযিককে বাধাগ্রস্ত করে এবং অধিক ঘুম ও অভাব সৃষ্টি করে। আর এতে ইলমের অভাব ও অন্তর্ভুক্ত।

কেউ বলেছেন,☆ মানুষের আনন্দ পোশাক পারিধানের মধ্যে। আর ইলম অর্জন করতে হয় ঘুম ত্যাগ করে।

আর এক কবি বলেছেনঃ☆ এটা ক্ষতির অন্তর্ভুক্ত নয় কি, যে অনেক রাত কোন লাভ ছাড়া চলে যাবে। অথচ তা গন্য হবে হায়াত হিসেবে।

আরেকজন কবি বলেছেনঃ

শব্দ বিশ্লেষণ ঃ

النعاس তন্দ্রা। এখানে উদ্দেশ্য নিদ্রা।

قُمِ اللَّيْلَ يَا هٰذَا لَعَلَّكَ تَرْشُدَ   اِلٰى كَمْ تَنَامُ اللَّيْلَ وَالْعُمْرُ يَنْفَدُ

وَالنَّوْمُ عُرْيَانًا وَالْبَوْلُ عُرْيَانًا وَالْاَكْلُ جُنُبًا وَمُتَّكِئًا عَلٰى جَنْبٍ وَالتَّهَاوُنُ بِسُقَاطِ الْمَائِدَةِ. وَحَرْقُ قِشْرِ الْبَصَلِ وَالثَّوْمِ وَكَنْسُ الْبَيْتِ بِالْمِنْدِيْلِ وَكَنْسُ الْبَيْتِ بِاللَّيْلِ وَتَرْكُ الْقُمَامَةِ فِي الْبَيْتِ وَالْمَشْيُ قُدَّامَ الْمَشَائِخِ وَنِدَاءُ الْأَبَوَيْنِ بِاسْمِهِمَا وَالْخِلَالُ بِكُلِّ خَشْبَةٍ وَغَسْلُ الْيَدِ بِالطِّيْنِ وَالتُّرَابِ وَالْجُلُوْسُ عَلَى الْعَتَبَةِ وَالْاِتِّكَاءُ عَلٰى اَحَدِ زَوْجَيِ الْبَابِ وَالتَّوَضُّؤُ فِي الْمَبْرَزِ وَخِيَاطَةُ الثَّوْبِ عَلٰى بَدَنِهٖ وَتَجْفِيْفُ الْوَجْهِ بِالثَّوْبِ وَتَرْكُ بَيْتِ الْعَنْكَبُوْتِ فِي الْبَيْتِ وَالتَّهَاوُنُ بِالصَّلٰوةِ وَاِسْرَاعُ الْخُرُوْجِ مِنَ الْمَسْجِدِ بَعْدَ صَلٰوةِ الْفَجْرِ. وَالْاِبْتِكَارُ فِيْ

☆ হে! রাত্রে জাগ্রত হও, হতে পারে তুমি হিদায়াত পাবে। তুমি রাত্রে কত ঘুমাবে, হায়াত তো শেষ হয়ে যাচ্ছে।

আর উলঙ্গ হয়ে ঘুমানো, উলঙ্গ হয়ে মুত্র ত্যাগ করা, স্ত্রী সহাবাসের পর পবিত্র না হয়ে ও এক দিকে হেলান দিয়ে আহার করা, দস্তরখানায় পড়ে যাওয়া খাদ্যকে তুচ্ছ-তাচ্ছিল্য করা, পিয়াজ এবং রসুনের ছাল পুড়ে ফেলা, রুমাল দিয়ে রাত্রে ঝাড়ু দেয়া, ঘরে ময়লা রেখে দেওয়া, বড়দের আগে চলা, মাতা-পিতার নাম ধরে ডাকা, যে কোন কাঠের টুকরা দিয়ে (দাঁত) খিলাল করা, কাদামাটি ও মাটি দিয়ে হাত ধোয়া, চৌকাটের ওপর বসা, দরজার কোন এক পার্শ্বে হেলান দেয়া, পায়খানা (বা এজাতীয় অন্য কোন স্থানে) অজু করা, কাপড় শরীরে থাকাবস্থায় সেলাই করা, (পরিধানের) কাপড় দিয়ে ভেজা মুখ মুছা, মাকড়সার বাসা ঘরে রেখে দেয়া, নামায নিয়ে অলসতা করা, মাসজিদ থেকে ফজরের নামাজের পর তাড়াতাড়ি বের হয়ে যাওয়া, বাজারে সকালে

শব্দ বিশ্লেষণ ঃ

سقاط - পতিত বস্তু, যা খাওয়ার সময় পড়ে যায়।

اَلذِّهَابِ اِلَى السُّوْقِ وَالْاِبْطَاءُ فِى الرُّجُوْعِ مِنْهُ وَشِرَاءُ كُسَيْرَاتِ الْخُبْزِ مِنَ الْفُقَرَاءِ السَّائِلِيْنَ وَدُعَاءُ الشَّرِّ عَلَى الْوَلَدِ ، وَتَرْكُ تَخْمِيْرِ الْاَوَانِىْ وَاِطْفَاءُ السِّرَاجِ بِالنَّفَسِ، كُلُّ ذٰلِكَ يُوْرِثُ الْفَقْرَ، عُرِفَ ذٰلِكَ بِالْآثَارِ، وَكَذَا الْكِتَابَةُ بِقَلَمٍ مَعْقُوْدٍ وَالْاِمْتِشَاطُ بِمُشْطٍ مُنْكَسِرٍ وَتَرْكُ الدُّعَاءِ بِالْخَيْرِ لِلْوَالِدَيْنِ وَالتَّعَمُّمُ قَاعِدًا وَالتَّسَرْوُلُ قَائِمًا وَالْبُخْلُ وَالتَّقْتِيْرُ وَالْاِسْرَافُ وَالْكَسَلُ وَالتَّوَانِىْ وَالتَّهَاوُنُ فِى الْاُمُوْرِ، كُلُّ ذٰلِكَ يُوْرِثُ الْفَقْرَ .

قَالَ رَسُوْلُ اللّٰهِ ﷺ : اِسْتَنْزِلُوا الرِّزْقَ بِالصَّدَقَةِ.

চলে যাওয়া এবং সেখান থেকে চলে আসাতে দেরী করা, ভিক্ষুক-ফকীরদের কাছ থেকে রুটির টুকরা ক্রয় করা, সন্তানের জন্য বদদুআ করা, বাসন-পাত্র ঢেকে না রাখা, ফুঁৎকার দিয়ে চেরাগ নিভানো ইত্যাদি সব কিছু অভাব সৃষ্টি করে। এসব কিছু হাদীছ ও সাহাবা - তাবেয়ীনে কেরামের বাণী থেকে সংগৃহিত। অনুরূপ ভাবে ভাঙ্গা কলম বেঁধে লেখা, ভাঙ্গ চিরুনী দিয়ে আঁচড়ানো, মা- বাপের জন্য কল্যানের দুআ না করা, বসে পাগড়ী বাঁধা, দাঁড়িয়ে পাজামা পরিধান করা, কার্পণ্য করা, প্রয়োজনের কম ও প্রয়োজনের অধিক খরচ করা, কাজে অলসতা, ধীরতা ও অবহেলা করা ইত্যাদি সব কিছুও অভাবের সৃষ্টি করে। রাসূলুল্লাহ (সঃ) ইরশাদ করেছেন “দান করে আল্লাহর পক্ষ থেকে রিযিক অবতীর্ণ করো”।

শব্দ বিশ্লেষণ ঃ

كسيرات - كسيرة এর বহুবচন। অর্থ ঃ খন্ড, টুকরো, ভাঙ্গা টুকরো।

تخمير - ঢেকে রাখা। এর ক্রিয়া রূপান্তর হয় বাবে تفعيل থেকে।

الاثار - أثر এর বহুবচন। অর্থ ঃ নিদর্শন, ছাপ, চিহ্ন, হাদীস, বাণী।

مشط منكسر - ভাঙ্গা চিরুনী। مشط - এর বহুবচন امشاط ।

وَالْبُكُوْرُ مُبَارَكٌ يَزِيْدُ فِيْ جَمِيْعِ النِّعَمِ خُصُوْصًا فِى الرِّزْقِ، وَحُسْنُ الْخَطِّ مِنْ مَفَاتِيْحِ الرِّزْقِ وَبَسْطُ الْوَجْهِ وَطِيْبُ الْكَلَامِ يَزِيْدُ فِى الرِّزْقِ، وَعَنِ الْحَسَنِ بْنِ عَلِيٍّ رَضِىَ اللّٰهُ تَعَالٰى عَنْهُمَا "كَنْسُ الْفِنَاءِ وَغَسْلُ الْاِنَاءِ مَجْلَبَةٌ لِلْغِنٰى".

وَاَقْوَى الْاَسْبَابِ الْجَالِبَةِ الْمُحَصِّلَةِ لِلرِّزْقِ اِقَامَةُ الصَّلٰوةِ بِالتَّعْظِيْمِ وَالْخُشُوْعِ وَتَعْدِيْلِ الْاَرْكَانِ وَسَائِرِ وَاجِبَاتِهَا وَسُنَنِهَا وَآدَابِهَا، وَصَلٰوةُ الضُّحٰى فِى ذٰلِكَ مَعْرُوْفَةٌ وَمَشْهُوْرَةٌ، وَقِرَاءَةُ سُوْرَةِ الْوَاقِعَةِ خُصُوْصًا بِاللَّيْلِ وَقْتَ النَّوْمِ وَقِرَاءَةُ سُوْرَةِ الْمُلْكِ وَالْمُزَّمِّلِ وَاللَّيْلِ اِذَا يَغْشٰى وَاَلَمْ نَشْرَحْ لَكَ وَحُضُوْرُ الْمَسْجِدِ قَبْلَ الْاَذَانِ وَالْمُدَاوَمَةِ عَلَى الطَّهَارَةِ وَاَدَاءِ سُنَّةِ الْفَجْرِ وَالْوِتْرِ فِى الْبَيْتِ وَاَنْ لَا يَتَكَلَّمَ بِكَلَامِ الدُّنْيَا بَعْدَ

ভোরে উঠে যাওয়া বরকতময় কাজ এবং যাবতীয় নেয়ামত বৃদ্ধি করে। বিশেষতঃ রিযিক। আর সুন্দর লিখনী রিযিক অর্জনের চাবি স্বরূপ। হাসি মুখে থাকা ও ভাল কথাও রিযিক বৃদ্ধি করে।

হযরত হাসান বিন আলী (রাঃ) থেকে বর্ণিত, "আঙ্গিনা ঝাড়ু দেওয়া ও বাসন-পাত্র ধোয়া প্রাচুর্য টেনে আনে"।

আর রিযিক অর্জনের সবচেয়ে কার্যকর উপায় হচ্ছে, সম্মান, বিনয় এবং যাবতীয় ফরজ ওয়াজিব, সুন্নাত ও মুস্তাহাব সঠিক ভাবে পালন করে নামায আদায় করা। আর এ ব্যাপারে চাস্তের নামায তো সবার পরিচিত ও প্রসিদ্ধ। আর সূরা ওয়াকিয়া পড়া, বিশেষ করে রাত্রে ঘুমানোর সময় সূরা মলক, মুযযাম্মিল, ওয়াল্লাইলি ইযা ইয়াগশা ও আলাম নাসরাহ লাকা পড়া, আযানের আগে মসজিদে হাযির হওয়া, সবসময় পবিত্রতা (অজু) অবস্থায় থাকা, ফজরের সুন্নাত ও বিতর ঘরে আদায় করা, বিতরের পর দুনিয়াবী কোন কথা না বলা, দুনিয়া ও দ্বীনের জন্য উপকারী নয় এমন কথা না বলা ইত্যাদি

الْوِتْرِ وَلَا يَكْثُرُ مُجَالِسَةِ النِّسَاءِ اِلَّا عِنْدَ الْحَاجَةِ وَاَنْ لَا يَتَكَلَّمَ بِكَلَامٍ لَغْوٍ غَيْرِ مُفِيْدٍ لِدِيْنِهِ وَدُنْيَاه . وَقِيْلَ : مَنِ اشْتَغَلَ بِمَا لَا يَعْنِيْهِ ، يَفُوْتَهُ مَا يَعْنِيْهِ . قَالَ بِزَرْجَمْهَرَ : اِذَارَأَيْتُ الرَّجُلَ يَكْثُرُ الْكَلَامَ فَاسْتَيْقِنْ بِجُنُوْنِهِ. قَالَ عَلِيٌّ رَضِىَ اللّٰهُ عَنْهُ : "اِذَا تَمَّ الْعَقْلُ نَقَصَ الْكَلَامُ". قَالَ الْمُصَنِّفُ رَحِمَهُ اللّٰهُ تَعَالٰى اِتَّفَقَ لِىْ فِىْ هٰذَا الْمَعْنٰى شِعْرٌ:

اِذَا تَمَّ عَقْلُ الْمَرْءِ قَلَّ كَلَامُهُ ۝ وَاَيْقِنْ بِحُمْقِ الْمَرْءِ اِنْ كَانَ مُكْثِرًا

وَقَالَ آخَرُ:

اَلنُّطْقُ زَيْنٌ وَالسُّكُوْتُ سَلَامَةٌ ۝ فَاِذَا نَطَقْتَ فَلَا تَكُنْ مُكْثِرًا

مَا اِنْ نَدَمْتُ عَلٰى سُكُوْتٍ مَرَّةً ۝ وَلَقَدْ نَدَمْتُ عَلَى الْكَلَامِ مِرَارًا

সবকিছুও রিযিক বৃদ্ধি করে। বলা হয়েছে, যে অপ্রয়োজনী কাজ নিয়ে ব্যস্ত হবে , তার প্রয়োজনীয় কাজ ছুটে যাবে। হাকীম বিজর জামহার বলেছেন, যদি তুমি কোন মানুষকে বেশী কথা বলতে দেখ, তাহলে নিশ্চিত হও যে, সে পাগল। হযরত আলী (রাঃ) বলেছেন, যখন বুদ্ধি পূর্ণ হয় তখন (মানুষের) কথা কমে যায়। লেখক বলেছেন এ ব্যাপারে আমার একটি কবিতা বলার সুযোগ হয়ঃ

☆ মানুষের বুদ্ধি যখন পূর্ন হয়, তখন তার কথা কমে যায়। যদি সে বেশী কথা বলে, তাহলে জেনে রাখো সে নির্বোধ।

অন্য একজন কবি বলেছেনঃ

১. কথা হচ্ছে সৌন্দর্য এবং নীরবতা হচ্ছে নিরাপত্তা। তাই যখন কথা বলবে তখন বাচাল হয়োনা।

২. তুমি তো নীরব থাকার কারণে কখনো লজ্জিত হওনি। আর কথার কারণে তো অনেকবার লজ্জিত হয়েছো।

وَمِمَّا يَزِيْدُ فِى الرِّزْقِ اَنْ يَقُوْلَ كُلَّ يَوْمٍ بَعْدَ اِنْشِقَاقِ الْفَجْرِ إِلٰى وَقْتِ الصَّلٰوةِ "سُبْحَانَ اللّٰهِ الْعَظِيْمِ ، سُبْحَانَ اللّٰهِ وَبِحَمْدِهٖ اَسْتَغْفِرُ اللّٰهَ وَاَتُوْبُ اِلَيْهِ" مِأَةَ مَرَّةٍ وَاَنْ يَقُوْلَ "لَا اِلٰهَ اِلَّا اللّٰهُ الْمَلِكُ الْحَقُّ الْمُبِيْنُ" كُلَّ يَوْمٍ صَبَاحًا وَمَسَاءً مِأَةَ مَرَّةٍ .

وَاَنْ يَقُوْلَ بَعْدَ الْفَجْرِ كُلَّ يَوْمٍ "اَلْحَمْدُ لِلّٰهِ وَسُبْحَانَ اللّٰهِ وَلَا اِلٰهَ اِلَّا اللّٰهُ" ثَلَاثًا وَّثَلَاثِيْنَ مَرَّةً وَبَعْدَ صَلٰوةِ الْمَغْرِبِ اَيْضًا، وَيَسْتَغْفِرُ اللّٰهَ تَعَالٰى سَبْعِيْنَ مَرَّةً بَعْدَ صَلٰوةِ الْفَجْرِ وَيُكْثِرُ مِنْ قَوْلِ "لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللّٰهِ الْعَلِيِّ الْعَظِيْمِ" وَالصَّلٰوةُ عَلَى النَّبِيِّ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ وَيَقُوْلُ يَوْمَ الْجُمْعَةِ سَبْعِيْنَ مَرَّةً "اَللّٰهُمَّ اَغْنِنِىْ بِحَلَالِكَ عَنْ حَرَامِكَ وَاَكْفِنِىْ بِفَضْلِكَ عَمَّنْ سِوَاكَ".

আর নিম্ন লিখিত কাজ গুলিও রিযিক বৃদ্ধি করে।

১। ফজর শুরু হওয়ার পর নামায পড়ার আগে একশ'বার "সুবহানাল্লাহি........... ওয়াআতুবু ইলাইহি" পড়বে।

২। 'লাইলাহা .... আলমুবীন' প্রতিদিন সকাল ও সন্ধ্যায় একশ'বার পড়বে।

৩। প্রতিদিন ফজরের নামাযের পর "আলহামদুল্লাহি ..... ইল্লাল্লাহ" তেত্রিশবার পড়বে। আর এটা মাগরিবের পরও পড়বে।

৪। ফজরের নামাযের পর সত্তবার ইস্তিগফার পড়বে।

৫। "লা হাওলা ...." বেশী করে পড়বে।

৬। নবী করীম (সঃ) এর প্রতি বেশী করে দরূদ পড়বে।

৭। জুমাবারে সত্তরবার "আল্লাহুম্মা .... সিওয়াকা" বলা।

وَيَقُوْلُ هٰذَا الثَّنَاءَ كُلَّ يَوْمٍ وَلَيْلَةٍ "اَنْتَ اللّٰهُ الْعَزِيْزُ الْحَكِيْمُ، اَنْتَ اللّٰهُ الْمَلِكُ الْقُدُّوْسُ، اَنْتَ اللّٰهُ الْحَلِيْمُ الْكَرِيْمُ ، وَاَنْتَ اللّٰهُ الْخَالِقُ الْخَيْرِ وَالشَّرِّ، اَنْتَ اللّٰهُ خَالِقُ الْجَنَّةِ وَالنَّارِ عَالِمُ الْغَيْبِ وَالشَّهَادَةِ عَالِمُ السِّرِّ وَاَخْفٰى، اَنْتَ اللّٰهُ الْكَبِيْرُ الْمُتَعَالُ، اَنْتَ اللّٰهُ خَالِقُ كُلِّ شَيْءٍ وَاِلَيْهِ يَعُوْدُ كُلُّ شَيْءٍ اَنْتَ اللّٰهُ دَيَّانُ يَوْمِ الدِّيْنِ، لَمْ تَزَلْ وَلَا تَزَالُ اَنْتَ اللّٰهُ لَا اِلٰهَ اِلَّا اَنْتَ، اَنْتَ اللّٰهُ الْاَحَدُ الصَّمَدُ لَمْ يَلِدْ وَلَمْ يُوْلَدْ وَلَمْ يَكُنْ لَّهٗ كُفُوًا اَحَدٌ ، اَنْتَ اللّٰهُ لَا اِلٰهَ اِلَّا اَنْتَ الرَّحْمٰنُ الرَّحِيْمُ، اَنْتَ اللّٰهُ لَا اِلٰهَ اِلَّا اَنْتَ الْمَلِكُ الْقُدُّوْسُ السَّلَامُ الْمُؤْمِنُ الْمُهَيْمِنُ الْعَزِيْزُ الْجَبَّارُ الْمُتَكَبِّرُ، لَا اِلٰهَ اِلَّا اَنْتَ اللّٰهُ الْخَالِقُ الْبَارِئُ الْمُصَوِّرُ لَهُ الْاَسْمَاءُ الْحُسْنٰى يُسَبِّحُ لَهٗ مَا فِى السَّمٰوَاتِ وَالْاَرْضِ وَهُوَ الْعَزِيْزُ الْحَكِيْمُ".

وَمِمَّا يَزِيْدُ فِى الْعُمْرِ الْبِرُّ وَتَرْكُ الْأَذٰى وَتَوْقِيْرُ الشُّيُوْخِ وَصِلَةُ الرَّحِمِ وَاَنْ يَقُوْلَ حِيْنَ يُصْبِحُ وَيُمْسِى كُلَّ يَوْمٍ ثَلٰثَ مَرَّاتٍ "سُبْحَانَ اللّٰهِ مِلْءَ الْمِيْزَانِ وَمُنْتَهَى الْعِلْمِ وَمَبْلَغَ الرِّضَاءَ وَزِنَةَ الْعَرْشِ وَلَا اِلٰهَ اِلَّا اللّٰهُ اَكْبَرُ.

৮। দিন ও রাতে এ প্রশংসা বাণীটা পড়বে "আংতাল্লাহুল .... ওয়াহুআল আজীজুল হাকীম"।

আর ভাল কাজ করা এবং কাউকে কষ্ট না দেয়া, বৃদ্ধদের সম্মান করা, আত্মীয়তার সম্পর্ক বজায় রাখা, প্রতিদিন সকাল ও সন্ধ্যায় তিনবার করে "সুবহানাল্লাহি............ ওয়াজিনাতা আরশিহী" বলা।

وَاَنْ يَحْتَرِزَ عَنْ قَطْعِ الْاَشْجَارِ الرَّطْبَةِ اِلَّا عِنْدَ الضَّرُوْرَةِ وَاِسْبَاغِ الْوُضُوْءِ وَالصَّلٰوةِ بِالتَّعْظِيْمِ وَالْقُرْاٰنُ بَيْنَ الْحَجِّ وَالْعُمْرَةِ وَحِفْظِ الصِّحَّةِ . وَلَا بُدَّ اَنْ يَتَعَلَّمَ شَيْئًا مِنَ الطِّبِّ وَيَتَبَرَّكَ بِالْاٰثَارِ الْوَارِدَةِ فِي الطِّبِّ الَّذِىْ جَمَعَهُ الشَّيْخُ الْاِمَامُ اَبُوْ الْعَبَّاسِ الْمُسْتَغْفِرِىُّ فِىْ كِتَابِهِ الْمُسَمّٰى بِطِبِّ النَّبِيِّ عَلَيْهِ الصَّلٰوةُ وَالسَّلَامُ، يَجِدُهُ مَنْ يَّطْلُبُهُ .

وَالْحَمْدُ لِلّٰهِ عَلٰى التَّمَامِ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى سَيِّدِنَا مُحَمَّدٍ اَفْضَلِ الرُّسُلِ الْكِرَامِ وَآلِهِ وَأَصْحَابِهِ الْأَئِمَّةِ الْأَعْلَامِ عَلٰى مَمَرِّ الدُّهُوْرِ وَتَعَاقُبِ الْأَيَّامِ . آمِيْن.

—— • تَمَّتْ بِالْخَيْرِ • ——

কাঁচা গাছ না কাটা, ভাল ভাবে অজু করা, সম্মানের সহিত নমায পড়া, হজ্জে কেরান করা, স্বাস্থ্যের যত্ন নেওয়া ইত্যাদি বিষয়ও হায়াত বৃদ্ধি করে। আর শিক্ষার্থীর জন্য কিছুটা চিকিৎসা বিদ্যা অর্জন করা খুবই জরুরী। আর চিকিৎসা ক্ষেত্রে শায়খ ইমাম আবুল আব্বাস আল মুস্তাগফিরী সংকলিত তিব্বুননবী (সঃ) নামে খ্যাত কিতাবটিতে বর্ণিত হাদীস সমূহ দ্বারাও উপকার হাসিল করবে। কিতাবটি তালাশ করলে পাওয়া যাবে। কিতাবটি সম্পন্ন হওয়ার জন্য যাবতীয় প্রশংসার যোগ্য একমাত্র আল্লাহ। আল্লাহ তাআলা আমাদের নেতা সম্মানিত রসূল গণের সর্বশ্রেষ্ঠ রাসূল মুহাম্মদ, তাঁর পরিবার ও সাহাবায়ে কেরামের প্রতি যুগ যুগ ধরে ও দিনের পর দিন রহমত বর্ষণ করুন। আমীন।

শব্দ বিশ্লেষণ ঃ

القرا ن بين الحج والعمرة - হজ্জে কিরান তথা একই ইহরামে হজ্জ ও উমরা সাথে করা। تعاقب الايام - দিনের পর দিন আসা।